জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত

# Teachers' Edition
# ENGLISH FOR TODAY
## Class 5




**লেখক ও সম্পাদক**

শাহীন মাহবুবা কবির
এ.এম.এম. হামিদুর রহমান
ইয়াসমিন বানু
মরিয়ম বেগম

**পরিমার্জন**

চৌধুরী মুসাররাত হোসেন জুবেরী
মোঃ সাইদুজ্জামান
মোঃ বাবুল আকতার
আবু হেনা মাশুকুর রহমান


জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০
কর্তৃক প্রকাশিত।

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

প্রথম মুদ্রণ : আগস্ট, ২০১৬

ডিজাইন
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণে:হুনান তিয়ানওয়েন জিনহুয়া প্রিন্টিং কো. লি. হুনান প্রভিন্স, চায়না

# প্রসঙ্গ-কথা

প্রাথমিক স্তরের যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে ১৯৯২ সালে প্রবর্তন করা হয়। শিক্ষাক্রম উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। এই পরিপ্রেক্ষিতে ২০০২ সালে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রথম বারের মতো পরিমার্জন করা হয়। পরবর্তিতে 'জাতীয় শিক্ষানীতি ২০১০' প্রণীত হওয়ার পর ২০১১ সালে প্রাথমিক শিক্ষাক্রম পুনরায় পরিমার্জন করা হয়। প্রাথমিক শিক্ষার লক্ষ্য, উদ্দেশ্য ও প্রান্তিক যোগ্যতা থেকে শুরু করে বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা ও শিখনফল নতুনভাবে নির্ধারণ করা হয়। শিক্ষার্থীর পরিপূর্ণ বিকাশের বিষয়টিকে এক্ষেত্রে সর্বোচ্চ গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হয়েছে। পরিমার্জিত নতুন শিক্ষাক্রমের আলোকে ২০১৩ সালে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত সারা দেশে নতুন পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। শিখন-শেখানো কার্যক্রমের আধুনিকায়নের লক্ষ্যে পাঠ্যপুস্তকের বিষয়বস্তু নির্বাচন ও উপস্থাপনে এতদ্বসংক্রান্ত সাম্প্রতিক আন্তর্জাতিক পদ্ধতি ও কৌশল অনুসরণ করা হয়েছে। শিক্ষাক্রমের সফল বাস্তবায়নের লক্ষ্যে একই সঙ্গে যেসব বিষয়ের জন্য পাঠ্যপুস্তক রয়েছে সেগুলোর জন্য শিক্ষক সংস্করণ, যেসব বিষয়ে শিক্ষার্থীদের জন্য কোনো পাঠ্যপুস্তক নেই সেগুলোর জন্য শিক্ষক নির্দেশিকা এবং প্রথম ও দ্বিতীয় শ্রেণির পরিবেশ পরিচিতি (সমাজ ও বিজ্ঞান সমন্বিত) বিষয়ের জন্য শিক্ষক সহায়িকা প্রণয়ন করা হয়।

**ইংরেজি বিষয়ের শিক্ষক সংস্করণে** (Teacher's Edition) পাঠের অর্জন উপযোগী যোগ্যতা, পাঠ সংশ্লিষ্ট শিখনফল, উপকরণ, পাঠের আলোচ্য বিষয় ও শিখন-শেখানো কার্যাবলি বিধৃত রয়েছে। উল্লেখ্য যে, প্রতিটি পাঠে মূল্যায়ন ও নিরাময়মূলক ব্যবস্থা আলাদাভাবে না দিয়ে শিখন-শেখানো কার্যাবলির মধ্যেই উল্লেখ করা হয়েছে। শিক্ষকদের নিজস্ব শিক্ষণ পদ্ধতি ও শ্রেণিতে পাঠ উপস্থাপনের পরিকল্পনা ও কৌশল প্রয়োগে ভিন্নতা রয়েছে। তাঁদের নিজস্ব চিন্তা ভাবনা, শিক্ষণ পদ্ধতি শিক্ষক সংস্করণে প্রদত্ত নির্দেশনা বিশ্লেষণ করে কার্যকর শিখন-শেখানো কার্যাবলির পরিকল্পনা প্রণয়ন ও তা আয়ত্ত করে শ্রেণিতে প্রয়োগ করবেন। প্রাথমিক স্তরে ইংরেজি বিদেশি ভাষা হিসেবে একটি গুরুত্বপূর্ণ বিষয়। আশা করব প্রথম থেকে পঞ্চম শ্রেণির সকল শিক্ষার্থী বিশেষ করে মাতৃভাষা বাংলার পাশাপাশি ইংরেজি বিষয়টি যাতে পুরোপুরি আয়ত্ত করতে পারে তা শিক্ষকগণ অবশ্যই নিশ্চিত করবেন।

উল্লেখ্য, শিক্ষক সংস্করণসমূহ শ্রেণিকক্ষে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার জন্য উপযোগী হয়েছে কি না তা যাচাই করার জন্য ২০১৩ শিক্ষাবর্ষে দেশের সাতটি বিভাগের মোট ৩২টি প্রাথমিক বিদ্যালয়ে ট্রাই আউট করা হয়। ট্রাই আউট থেকে প্রাপ্ত ফলাফল ও বিশেষজ্ঞ দ্বারা Critical review এর ভিত্তিতে শিক্ষক সংস্করণসমূহ পরিমার্জন করা হয়। সমগ্র কার্যক্রমটি বেশ জটিল এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রক্রিয়াটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিভিন্ন পর্যায়ে জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞগণের সহযোগিতা নেওয়া হয়েছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রাথমিক শিক্ষাক্রম উইং এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে শিক্ষক সংস্করণটি প্রণীত হয়েছে। এটি রচনা, সম্পাদনা, যৌক্তিক মূল্যায়ন ও পরিমার্জন থেকে মুদ্রণ পর্যন্ত যাঁরা মেধা এবং শ্রম দিয়েছেন তাঁদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ। যাঁদের জন্য এটি প্রণীত ও প্রকাশিত হলো, অর্থাৎ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ শ্রেণিকক্ষে এর যথাযথ ব্যবহার নিশ্চিত করলে দেশের প্রাথমিক স্তরের শিক্ষার্থীরা উপকৃত হবে এবং আমাদের এই উদ্যোগ ও প্রয়াস সফল হবে। এর ফলে দেশের প্রাথমিক স্তরে শিক্ষার গুণগত মানও বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। শিখন-শেখানো কার্যক্রমের এই মহৎ আয়োজনে সবার সহযোগিতা কামনা করছি।

**প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা**
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

## শিক্ষক সংস্করণের ভূমিকা এবং শিক্ষকের জন্য সাধারণ নির্দেশনা

আমাদের শিক্ষাব্যবস্থায় প্রাথমিক স্তরের শুরু থেকেই স্কুলে ইংরেজি শেখানো হচ্ছে এই উদ্দেশ্যে যেন ছোটবেলা থেকেই শিক্ষার্থীরা শ্রেণিকক্ষে অনবরত ইংরেজি ভাষা চর্চার মাধ্যমে ক্রমান্বয়ে এই ভাষার চারটি দক্ষতা অর্থাৎ ইংরেজি শুনে বুঝতে, বলতে, পড়তে ও লিখতে পারা ফলপ্রসূভাবে আয়ত্ত করতে পারে। তারা যেন ভবিষ্যতে বিশ্বায়নের এই যুগে বিভিন্ন পরিস্থিতিতে সহজ ও সাবলীলভাবে ইংরেজি ভাষা ব্যবহার করে অপরের সঙ্গে ভাব বিনিময় করতে সক্ষম হয়।

উপরে উল্লিখিত লক্ষ্য মনে রেখেই English for Today পাঠ্যপুস্তক লেখা হয়েছে। প্রতি শ্রেণির জন্য নির্ধারিত EfT পাঠ্যপুস্তকের জন্য নির্দিষ্ট শিক্ষক সংস্করণ প্রণয়ন করা হলো এই উদ্দেশ্যে যে, শিক্ষক যেন ভাষা শিক্ষার আধুনিক ধ্যান-ধারণার আলোকে EfT পাঠ্যপুস্তকটি শ্রেণিকক্ষে ফলপ্রসূভাবে ব্যবহার করতে পারেন।

শিক্ষক সংস্করণে প্রত্যেকটি Lesson বা পাঠ Curriculum-এ উল্লিখিত কোন দক্ষতার কোন অর্জন উপযোগী যোগ্যতার সঙ্গে সম্পর্কিত তা উল্লেখ করা হয়েছে। প্রত্যেকটি Lesson সম্ভাব্য কয়টি Period বা পাঠে পড়াতে হবে এর Learning outcomes বা শিখন শেখানো কার্যাবলি পর্যায়ক্রমে কী হবে, পাঠ চলাকালীন শিক্ষক কখন কী Monitor করবেন, ধারাবাহিক এবং পাঠ শেষে মূল্যায়ন কীভাবে হতে পারে এ সম্পর্কে সুস্পষ্ট ধারণা দেয়া হয়েছে।

উপরে উল্লিখিত বিষয়গুলোর বাইরে শিক্ষক সংস্করণে আরও কয়েকটি বিষয়ে শিক্ষকের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করা হলো:

1. আমাদের মনে রাখতে হবে যে, ছোট শিক্ষার্থীরা সেই ভাষাটিই আয়ত্ত করবে যা তারা সারাক্ষণ তাদের চারপাশে শোনে। সেই কারণেই ইংরেজি শিখতে হলে একজন শিক্ষার্থীর জন্য প্রচুর ইংরেজি শোনা এবং বলা বেশ জরুরি। বাংলাদেশের বাস্তবতার প্রেক্ষাপটে শ্রেণিকক্ষে নিজে ইংরেজি ব্যবহার করা এবং শিক্ষার্থীদেব বেশি করে ইংরেজি বলায় উৎসাহিত করার মাধ্যমে একজন শিক্ষকই পারেন শিক্ষার্থীদের জন্য এই সুযোগটি নিশ্চিত করতে।

2. শিক্ষক নিত্যদিনের প্রয়োজনীয় কিছু অভিব্যক্তি যেমনঃ Greetings, Farewell, Command, Instructions ইত্যাদির ব্যবহার শ্রেণিকক্ষে অনবরত ইংরেজি ভাষায় করবেন এবং তার মাধ্যমে শিক্ষার্থীদের সেই সব ইংরেজি শোনা এবং বলার চর্চার সুযোগ করে দেবেন।

3. পাঠ্যপুস্তকের ছড়া, কবিতা, গল্প, কথোপকথন ও অন্যান্য বেশিরভাগ Text-ই শিক্ষক প্রথমে জোরে স্পষ্ট ও শুদ্ধ উচ্চারণে কণ্ঠস্বরের সঠিক ওঠানামা (intonation) ব্যবহার করে পড়ে শোনাবেন, যেন শিক্ষককে অনুসরণ করে বলার মাধ্যমে শিক্ষার্থীরা উল্লিখিত বিষয়গুলো আয়ত্ত করতে পারে। এক্ষেত্রে সম্ভব হলে অডিও ব্যবহারের মাধ্যমেও কাজটি করতে পারেন।

4. যেহেতু যে কারও চাইতে শিক্ষকের ইংরেজিই শিক্ষার্থীরা বেশি শুনবে, সেহেতু শিক্ষকের উচ্চারণ এবং বাচন ভঙ্গিই তারা অনুকরণ করে আয়ত্ত করবে। সেই কারণে শিক্ষককে যতদূর সম্ভব সহজ স্বাভাবিকভাবে শুদ্ধ ইংরেজি বলতে সচেষ্ট হতে হবে। শিক্ষক সংস্করণের সাথে সম্পূরক Audio, Video material (CD, DVD) এবং সংযুক্ত 'ডিজিটাল উপকরণ ব্যবহার নির্দেশিকা' এ ব্যাপারে বিশেষ সহায়ক হবে।

   ইংরেজি বিষয়ের Curriculum-এ পাঠ্যপুস্তকের সঙ্গে সঙ্গে Audio, Video aid-এর ব্যবহার অবশ্য প্রয়োজনীয় বলে উল্লেখ করা হয়েছে। এগুলো সংগ্রহ ও ব্যবহারের ক্ষেত্রে শিক্ষককে সচেষ্ট হতে হবে।

5. EFT পাঠ্যপুস্তকের Lesson ভিত্তিক শিখন শেখানো কার্যাবলি শ্রেণিকক্ষে কার্যকর করার সময় শিক্ষার্থীরা যেন পরস্পর বিভিন্নভাবে Interact করতে পারে, শিক্ষক তা অবশ্যই নিশ্চিত করবেন। এই উদ্দেশ্যে শিক্ষক শিক্ষার্থীদের দিয়ে Pair work, Group work, Chain drill, Role play ইত্যাদি করাবেন।

6. Communicative Language Teaching (CLT) Approach এ Grammar-এর খুঁটিনাটি নিয়ম মুখস্থ ও আয়ত্ত করার ওপর নয়, বরং সরাসরি পরস্পরের সঙ্গে ভাষা ব্যবহারের ওপর জোর দেয়া হয়। তার মানে এই

নয় যে, grammar কে এখানে অবহেলা করা হয়েছে। শিক্ষক লক্ষ করুন যে, EfT পাঠ্যপুস্তকের বিভিন্ন Lesson এর presentation, Input বা Practice পর্যায়ে বিভিন্ন Grammar items, যেমন- Tense-এর বিভিন্ন রূপ, WH question, Yes-no question, Modals, Parts of speech এমনভাবে একটি গল্প বা ঘটনা বা কথোপকথনের মধ্য দিয়ে উপস্থাপন করা হয়েছে যার ফলে grammar এই বিষয়গুলো নিছক নীরস rules বা Definition-এ সীমাবদ্ধ না থেকে ছোট ছেলে মেয়েদের ভাব প্রকাশের জন্য অর্থবহ হয়ে ওঠে। তারা Pair work, Group work, Role play ইত্যাদি করার সময় পরস্পরের সঙ্গে ইংরেজিতে কথোপকথনের মাধ্যমে এবং Substitution table, matching, Gap filling ইত্যাদি Exercise করার মধ্য দিয়ে Grammar-এর নিয়মকানুন মেনে সঠিক বাক্য গঠন শিখে নেবে।

7. অনেক সময় শিক্ষকের মনে প্রশ্ন জাগে যে, ক্লাসে কতখানি বাংলা ব্যবহার করা যাবে। শিক্ষক মনে রাখবেন যে, শিক্ষক শ্রেণিকক্ষে যত বেশি ইংরেজি বলবেন, শিক্ষার্থীরা তত বেশি ইংরেজি শুনবে এবং তা আয়ত্ত করবে। তবে অনেক সময় দেখা যায় শিক্ষকের ইংরেজিতে বলা Instruction শিক্ষার্থীরা বুঝতে পারছে না। তবে শিক্ষক instruction টি একবার বাংলায় পরিষ্কারভাবে বুঝিয়ে দেবেন এবং তারপর সঙ্গে সঙ্গে একই Instruction অবশ্যই আবার ইংরেজিতে পুনরাবৃত্তি করবেন। তার ফলে বাংলায় যা বলা হলো সেটিকে ইংরেজিতে যে ওভাবে বলা যায় তা শিক্ষার্থীরা নিজের অজান্তেই বুঝতে শিখবে।

8. পাঠ্যপুস্তকের শেষে সংযোজিত শব্দভান্ডারের ব্যবহার নিশ্চিত করতে শিক্ষক পাঠ চলাকালীন পাঠ-সংশ্লিষ্ট শব্দ শিক্ষার্থীদের দিয়ে বলাবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে শব্দ দিয়ে ছোট ছোট সহজ বাক্য বলতে সাহায্যে করবেন।

9. নতুন শব্দ শেখানোর ক্ষেত্রে শিক্ষকের কয়েকটি বিষয় মনে রাখা প্রয়োজন:

- একটি নতুন ইংরেজি শব্দের অর্থ বোঝাবার জন্য পরিচিত ইংরেজি সহজ শব্দ অথবা Synonym/ Antonym ব্যবহার করে অল্প কথায় তা ব্যবহার করুন।
- যখনই সম্ভব Visual aid/ছবি, ফ্লাশকার্ড, পোস্টার, বাস্তব জিনিস, অভিনয় ইত্যাদি ব্যবহার করুন।
- নতুন শব্দের অর্থ প্রথমেই ব্যাখ্যা করার আগে শিক্ষার্থীদের প্রশ্ন করে দেখুন সেই শব্দটি কেউ জানে কি না। পুরোপুরি না জানলেও কাছাকাছি অর্থ তারা অনুমান করতে পারে।
- প্রশ্ন করে শিক্ষার্থীকে সঠিক অর্থের কাছাকাছি নিয়ে যাওয়াকে অথবা তাদের কাছ থেকে উত্তর বের করে আনাকে Elicitation বলে। Elicitation-এর ক্ষেত্রে যে ধরনের প্রশ্ন করা যেতে পারে তা হলো: What's this? What am I doing? What's the girl in the picture doing? Is she reading a book? What's the word in English? ইত্যাদি।

তবে মনে রাখবেন, কোনো শব্দেব অর্থ যখন context বা অঙ্গভঙ্গি বা ছবিব মাধ্যমে সহজে বোঝানো যাচ্ছে না, অথচ বাংলা প্রতিশব্দ অথবা বাংলা ব্যাখ্যা দিয়ে সহজেই বোঝানো যায়, সেক্ষেত্রে বাংলা ব্যবহার করা অপরাধ নয়।

10. **ডিজিটাল উপকরণের ব্যবহার:** শিক্ষক সংস্করণে পাঠ অনুযায়ী English in Action কর্তৃক প্রস্তুতকৃত English for Today ভিত্তিক অডিও ফাইল নির্দিষ্ট করে দেয়া আছে। শ্রেণিকক্ষে CD/Audio বাজানোর সুবিধা থাকলে আপনি তা বাজাতে পারেন। পাশাপাশি এই CD-তে পেশাগত দক্ষতা উন্নয়ন সম্পর্কিত বেশ কিছু ভিডিও এবং নিজের ইংরেজি ভাষা দক্ষতা উন্নয়ন সম্পর্কিত অডিও অ্যাক্টিভিটি পাবেন। পেশাগত দক্ষতা উন্নয়ন, নিজের ইংরেজি ভাষা দক্ষতা উন্নয়ন এবং ক্লাসরুম অডিও সম্পর্কে বিস্তারিত নির্দেশনার জন্য শিক্ষক সংস্করণে সংযুক্ত 'ডিজিটাল উপকরণ ব্যবহার নির্দেশিকা' দেখুন।

11. ক্লাসকে আনন্দময় করতে পোস্টার ও ফ্লাশকার্ডের ব্যবহার। যেমন:

**ফ্লাশকার্ড:** আপনার কাছে যদি ফ্লাশকার্ড না থাকে তবে ছোট ছোট মোটা কাগজে ফ্লাশকার্ড তৈরি করে এর ধরন অনুযায়ী আকর্ষণীয়ভাবে শ্রেণিকক্ষে উপস্থাপন করতে পারেন। যেমন: Letter card, Word card, Number card ইত্যাদি সুতা দিয়ে শুকনো গাছের ডালে ঝুলিয়ে উপস্থাপন করা ।

**পোস্টার:** এক্ষেত্রে পাঠ্যপুস্তকের ছবির অনুরূপ ছবির পোস্টার, অথবা বিভিন্ন বিষয় সংবলিত পোস্টার ব্যবহার করা যেতে পারে। সৃজনশীল Grammar exercise করা, গেম খেলা, নতুন শব্দ শেখানো, পাঠের সম্পর্কে ধারণা দেয়া ইত্যাদি কাজ করা যেতে পারে।

12. মনে রাখবেন একজন ভালো ভাষা শিক্ষকের যেসব গুণ থাকা দরকার তা হলো ধৈর্য, সহনশীলতা ও আন্তরিকতা। শিক্ষার্থীরা কোনো কিছু বুঝতে না পারলে বা ভুল করলে এমনকি বার বার একই ভুল করলেও শিক্ষকের রাগ বা বিরক্ত হওয়া চলবে না। মনে রাখবেন ভয়, লজ্জা বা গ্লানিবোধ ভাষা শেখার ক্ষেত্রে বিশেষভাবে একটি বড় বাধা হয়ে দাঁড়ায়। ছোট শিক্ষার্থীদের প্রতি সহজভাবেই আন্তরিক হোন। অপেক্ষাকৃত দুর্বল শিক্ষার্থীদের এড়িয়ে না গিয়ে তাদের প্রতি বেশি নজর দিন।

পরিশেষে শিক্ষক মনে রাখবেন যে, প্রতিটি পাঠ ফলপ্রসূ করার জন্য পূর্ব প্রস্তুতির কোনো বিকল্প নেই। প্রতিটি Lesson এর আগে শিক্ষককে অবশ্যই সেই পাঠটি ভালোভাবে পড়ে জেনে নিতে হবে। সেই সঙ্গে অবশ্যই শিক্ষক সংস্করণটি পড়ুন এবং এটির সাহায্য নিন।

## মূল্যায়ন পদ্ধতি

ইংরেজি বিষয়ে শোনা, বলা, পড়া ও লেখা এই চারটি ভাষাদক্ষতা শ্রেণি কার্যক্রম চলাকালীন শিক্ষক সংস্করণের সংশ্লিষ্ট পাঠ বা পাঠ্যাংশে উল্লিখিত ভাষাদক্ষতার শিখনফল শিক্ষক মূল্যায়ন (ধারাবাহিক মূল্যায়ন) করবেন। উল্লেখ্য যে, শিক্ষক শ্রেণি কার্যক্রম পরিচালনা ও মূল্যায়নের জন্য পাঠ-সংশ্লিষ্ট অডিও বা ভিডিও ব্যবহার করতে পারেন বিশেষ করে শোনাদক্ষতা ও বলাদক্ষতা মূল্যায়নের জন্য । পাঠ চলাকালীন ও পাঠ শেষে শিক্ষক নিজে বা প্রয়োজনে শিক্ষার্থীকে দিয়ে নিচের বিভিন্ন মূল্যায়ন পদ্ধতি ব্যবহার করে পাঠ-সংশ্লিষ্ট শিখনফল মূল্যায়ন করতে পারেন।

| শোনা | বলা | পড়া | লেখা |
|---|---|---|---|
| • শিক্ষক নিজে / শিক্ষার্থীকে দিয়ে সরবে (with proper sounds, stress and intonation) পাঠ্যাংশটি পড়ার পর সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বলতে দিয়ে বা শূন্যস্থান পূরণ করতে বলে।<br>• শিক্ষার্থীদের জোড়ায় বা দলে কথোপকথন বা অভিনয় করতে দিয়ে।<br>• বিভিন্ন নির্দেশ বা প্রশ্ন (যেমন- Look, say, do, match, recite, point, etc.) করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর প্রতিক্রিয়া পর্যবেক্ষণ করে ।<br>• বিভিন্ন নির্দেশ বা প্রশ্ন (simple commands and instructions, wh/ yes/ no questions, requests and to respond etc.) সংশ্লিষ্ট শিক্ষার্থীকে অনুসরণ করতে বা লিখতে বা আঁকতে দিয়ে। | • শিক্ষক নিজে বা শিক্ষার্থীকে দিয়ে সরবে (with proper sounds, stress and intonation) পাঠ্যাংশটি পড়ার পর সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বলতে দিয়ে।<br>• শিক্ষার্থীদের জোড়ায় বা দলে কথোপকথন বা অভিনয় করতে দিয়ে।<br>• বিভিন্ন নির্দেশ বা প্রশ্ন (যেমন- Look, say, do, match, recite, point, etc) করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর বলার স্বক্ষমতা শুনে।<br>• বিভিন্ন নির্দেশ বা প্রশ্নের (simple commands and instructions, wh/ yes/ no questions, requests and to respond etc.) উত্তর সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বলতে দিয়ে।<br>• বিভিন্ন নির্দেশ বা প্রশ্ন (simple commands and instructions, questions, make requests, etc) অন্য শিক্ষার্থীকে বলতে/ করতে পারার সক্ষমতা পর্যবেক্ষণ করে।<br>• People, objects, events, চিত্র/ ছবি ইত্যাদি সম্পর্কে কিছু বলতে দিয়ে। | • শিক্ষক নিজে বা শিক্ষার্থীকে দিয়ে সরবে (with proper sounds, stress and intonation) পাঠ্যাংশটি পড়ার পর সংশ্লিষ্ট শিক্ষার্থীকে পড়তে দিয়ে।<br>• বিভিন্ন নির্দেশ বা প্রশ্ন (simple commands and instructions, wh/ yes/ no questions, requests, etc) বোর্ডে বা খাতায় লিখে দিয়ে তার উত্তর শিক্ষার্থীদের বলতে/লিখতে/ করতে দিয়ে।<br>• শিক্ষার্থীকে নির্দিষ্ট বিষয়বস্তু/ অনুচ্ছেদ/ গল্প (seen/unseen) নিরবে পড়তে দিয়ে তার ওপর ভিত্তি করে শূন্যস্থান পূরণ, বহুনির্বাচনী প্রশ্ন, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ইত্যাদির উত্তর বলতে/ লিখতে দিয়ে।<br>• শূন্যস্থান, মিলকরণ ও বহুনির্বাচনী প্রশ্ন সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন, রচনামূলক প্রশ্ন বোর্ডে বা খাতায় লিখে দিয়ে তার উত্তর শিক্ষার্থীদের বলতে/লিখতে দিয়ে। | • শিক্ষার্থীকে নির্দিষ্ট বিষয়বস্তু/ অনুচ্ছেদ/গল্প (seen/unseen) নীরবে পড়তে দিয়ে তার ওপর ভিত্তি করে শূন্যস্থান পূরণ, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন ইত্যাদির উত্তর লিখতে দিয়ে।<br>• বিভিন্ন নির্দেশ বা প্রশ্নের (wh/ yes/ no questions, conversation) উত্তর শিক্ষার্থীদের লিখতে দিয়ে।<br>• শূন্যস্থান, সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন, রচনামূলক প্রশ্ন ইত্যাদি বোর্ডে বা খাতায় লিখে দিয়ে তার উত্তর শিক্ষার্থীদের লিখতে দিয়ে।<br>• Paragraph, composition, letter লিখতে এবং form পূরণ করতে দিয়ে।<br>• চিত্র/ ছবি সম্পর্কে কিছু লিখতে দিয়ে। |

**ডিজিটাল উপকরণ ব্যবহার নির্দেশিকা**

ডিজিটাল উপকরণ শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে সহায়তা করার পাশাপাশি শিখন শেখানো কার্যক্রমকে আরো কার্যকর করতেও সহায়তা করে। এই শিক্ষক সংস্করণের সাথে সরবরাহকৃত ডিজিটাল উপকরণগুলো English in Action (EIA) কর্তৃক উন্নয়ন করা হয়েছে। এই উপকরণগুলো Communicative Language Teaching (CLT)-এর বিভিন্ন টেকনিক-এর উপর ভিত্তি করে তৈরি করা। *English for Today*'র পাঠের মধ্য দিয়েই এই উপকরণগুলোর সাহায্যে শিক্ষার্থীদের ইংরেজি শিখন ত্বরান্বিত করা সম্ভব।

## English in Action digital materials

সরবরাহকৃত English in Action-এর ডিজিটাল উপকরণগুলো এসডি কার্ড/সিডি থেকে আপনি মোবাইল ফোন বা কম্পিউটারের মাধ্যমে ব্যবহার করতে পারেন। এই এসডি কার্ড/সিডিতে মোট তিনটি মূল ফোল্ডার রয়েছে:

**1. Classroom:** এই ফোল্ডারটি ক্লাসে শিক্ষার্থীদের অডিও শোনানোর জন্য।

- এখানে শ্রেণিকক্ষে ব্যবহারের জন্য ১ম থেকে ৫ম শ্রেণির প্রতিটি পাঠের জন্য dialogue, story, rhyme, song ইত্যাদির অডিও রয়েছে;
- অডিও ফাইলের নাম *English for Today*'র পাঠের সাথে মিল করে রাখা হয়েছে। যেমন: Class 5, Unit 21, Lesson 1-2, Audio A'র ফাইলের C5 U21 L1-2 A.
- Extra ফোল্ডারে অনেকগুলো Song রয়েছে যা শ্রেণিতে ব্যাকরণ (grammatical structure) শেখানোর জন্য ব্যবহার করতে পারেন।
- এই ফোল্ডারে এক সেট ডিজিটাল পোস্টারও রয়েছে। স্কুলে যদি প্রজেক্টরের ব্যবস্থা থাকে তবে এই পোস্টারগুলো আপনি শ্রেণিতে ব্যবহার করতে পারবেন।

**2. Teacher:** এই ফোল্ডারটি শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে সহায়তা করার জন্য।

এখানে ভিডিও এবং অডিওর সমন্বয়ে তৈরি ১২টি ইউনিটে বিভক্ত ২টি সিরিজের সাব-ফোল্ডার রয়েছে। Series 1-এ ইংরেজি শিক্ষাদানের বিভিন্ন কৌশলগুলোকে প্রাথমিকভাবে পরিচয় করানো হয়েছে। আর Series 2-তে কৌশলগুলোকে আরো বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে।

- এই ভিডিওগুলোতে শ্রেণিতে ইংরেজি পড়ানোর বিভিন্ন কার্যকর পদ্ধতির অনেকগুলো উদাহরণ দেখতে পাবেন। পাশাপাশি, English in Action-এর নির্দিষ্ট কৌশল ব্যবহারের ক্ষেত্রে কয়েকজন অভিজ্ঞ শিক্ষকের অভিজ্ঞতাও শুনতে পাবেন।
- সবগুলো ভিডিওতেই *English for Today*'র লেসন ব্যবহার করা হয়েছে এবং বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের শিক্ষক ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেছেন।
- ভিডিওগুলোতে একজন English in Action গাইড টেকনিকগুলো বর্ণনার সাথে সাথে কীভাবে এই টেকনিকগুলো শ্রেণিতে ব্যবহার করা যায়, সে বিষয়েও পরামর্শ দেবেন।
- Supplementary ফোল্ডারে Communicative Language Teaching-এর বিভিন্ন টেকনিকের ভিডিও এবং Extra ফোল্ডারে কিছু ক্লাসরুম অ্যাক্টিভিটি রয়েছে যা আপনি বিভিন্ন লেসন পরিচালনায় ব্যবহার করতে পারেন।
- Phrases নামে আরেকটি ফোল্ডারে অ্যাক্টিভিটি ভিত্তিক Classroom instruction এবং Phrase-এর অডিও রয়েছে যা আপনি সরাসরি শ্রেণিতে ব্যবহার করতে পারবেন।

**3. EL4T (English Language for Teacher):** এই ফোল্ডারটি শিক্ষকদের ইংরেজি ভাষা-দক্ষতা উন্নয়নের জন্য self-study উপকরণ।

- **PLAs:** এই ফোল্ডারে শিক্ষকদের ইংরেজি শোনা, বলা, পড়া ও লেখার দক্ষতা উন্নয়নের জন্য ৩০টি Primary Learning Activity বা (PLA) লেসন রয়েছে।

- **Extra:** এই ফোল্ডারে রয়েছে BBC Pron এবং BBC Vocab নামে দুটো ফোল্ডার। BBC Pron ফোল্ডারে রয়েছে Pronunciation প্র্যাকটিসের জন্য ২৫টি অডিও ফাইল। আর BBC Vocab ফোল্ডারে রয়েছে ইংরেজি Vocabulary প্র্যাকটিসের জন্য ৩৮টি অডিও ফাইল।

## Use of digital materials

**শ্রেণিকক্ষে অডিও ব্যবহার**

- শ্রেণিতে অডিও বাজানোর আগে অডিওটি কখন শোনাবেন, কোথায় *Pause* দেবেন বা শিক্ষার্থীদের নিয়ে কীভাবে অনুশীলন করবেন তা আগে থেকে ঠিক করে রাখা ভালো। সব ক্ষেত্রেই অডিও বাজানোর আগে অডিওর বর্ণনা বা অডিওর সঙ্গে সম্পর্কিত পাঠ্যপুস্তকের চিত্র/ছবি নিয়ে আলোচনা করে অথবা অডিওতে ব্যবহৃত শব্দগুলোর অর্থ বোঝানোর মাধ্যমে শিক্ষার্থীদের অডিও শোনার জন্য প্রস্তুত করে নিন।

- শ্রেণিতে অডিও ব্যবহারের সময় যে বিষয়গুলো খেয়াল রাখতে হবে:

  - ছোট আকারের অডিওগুলো একটানা বাজিয়ে শোনাতে পারেন। আর বড় আকারের অডিওগুলোতে কিছুক্ষণ পর পর Pause (বিরতি) দিয়ে বাজানোই ভালো। তবে বাজানোর পর শিক্ষার্থীরা তা বুঝতে পারল কি না তা অবশ্যই যাচাই করে নিন। প্রয়োজনে অডিওটি একাধিকবার বাজান।

  - Song বা Rhyme-এর ক্ষেত্রে প্রতিটি লাইন প্রথমে নিজে বলে দিয়ে শিক্ষার্থীদের দিয়ে গাওয়াতে পারেন। আবার কোনো কোনো ক্ষেত্রে Song ও Rhyme-এর সাথে অঙ্গভঙ্গির ব্যবহারও (Gesture) বেশ কার্যকর।

**পেশাগত দক্ষতা উন্নয়নে ভিডিওর ব্যবহার:**

- ভিডিওর টেকনিকগুলো শ্রেণিতে অনুশীলন করার জন্য Series 1, Unit 1 থেকে পর্যায়ক্রমে শুরু করুন; এরপর Series 2 দেখুন।
- প্রতিটি ভিডিও কয়েকবার দেখুন এবং ভিডিও গাইড যে আলোচনা ও প্রশ্নগুলো করছেন সেগুলো নিয়ে ভাবুন;
- প্রতিটি ইউনিটের টেকনিকগুলো ক্লাসে কতদিন অনুশীলন করবেন তা নির্ভর করে সংশ্লিষ্ট ইউনিটের পরিসর ও প্রকৃতির উপর। তবে সবচেয়ে ভালো হয় যদি এক একটি ইউনিট কমপক্ষে এক থেকে দুই মাস অনুশীলন করেন;

**ইংরেজি দক্ষতা উন্নয়নের জন্য EL4T চর্চা:**

- পাঠগুলো পর্যায়ক্রমে শুরু করা ভালো, কারণ এগুলো সহজ থেকে ধীরে ধীরে কঠিনের দিকে যাবে।

**কার্যকর ফলাফলের জন্য সহকর্মীর সঙ্গে কাজ করা**

- English in Action উপকরণগুলো Self-study উপকরণ হলেও আমরা আশা করি আপনি নিয়মিতভাবে একজন সহকর্মী বা পার্টনারের সাথে কাজ করবেন; এক্ষেত্রে একসঙ্গে বসে ভিডিওগুলো দেখা, আলোচনা করা, পাঠ পরিকল্পনা করা এবং সম্ভব হলে একে অপরের শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম পর্যবেক্ষণ করা খুবই কার্যকর উপায়।

**INDEX: Teachers Professional Development Materials ('TEACHER' folder)**

| UNITS | SERIES 1 | | UNITS | SERIES 2 |
|---|---|---|---|---|
| UNIT 01 | **Use English to teach English:** Introducing the course and emphasis on using English as much as possible in the classroom | | UNIT 01 | **Make the lesson fun for everybody:** Using classroom instructions and games for teaching in a relaxed and friendly way. |
| UNIT 02 | **Make the pupils do the work:** Reducing teachers' talk time and increasing pupils' talk time through engaging pupils to communicate with each other | | UNIT 02 | **Let pupils talk more:** Getting pupils to participate in deciding the content of an activity and help them in communicating more with each other |
| UNIT 03 | **Teach new words by showing and doing:** Ways to teach new vocabularies and their uses in sentences | | UNIT 03 | **Ask questions to teach new words:** Using questions and answers in English to teach new vocabulary to enhance pupils' understanding and pronunciation |
| UNIT 04 | **Pupils talk to pupils :** Different types of pair-work, miming and role plays | | UNIT 04 | **More ways to get pupils communicating:** More ways to get pupils asking and answering questions and role play activities |
| UNIT 05 | **Let's sing together :** Using songs with actions to increase pupils' understanding | | UNIT 05 | **Work together in small groups:** Assessing pupils' problems with English as well as correcting pupils' errors |
| UNIT 06 | **Grammar for communication:** Teaching new grammar structures in communicative ways | | UNIT 06 | **More ways to teach new grammar:** More ways to teach new grammar in the textbook using Communicative Language Teaching |
| UNIT 07 | **Let's start reading:** Starting to read whole words through saying and joining the sounds of letters with games and other activities | | UNIT 07 | **Developing reading skills:** Scanning a text to find information and use of audio recordings with reading tasks |
| UNIT 08 | **What are we reading and why are we reading it?** Teaching new words before reading a text and checking comprehension of the text | | UNIT 08 | **More ways to use reading texts:** Activities based on finding information in the reading text and also listening and reading at the same time with class 3 to 5 |

| UNITS | SERIES 1 | UNITS | SERIES 2 |
|---|---|---|---|
| UNIT 09 | **First steps in writing :** Forming letters in the correct way following to start writing the whole words and short sentences | UNIT 09 | **More ways to make writing and reading fun:** Engaging pupils in writing and reading activity with fun and enjoyment |
| UNIT 10 | **Understanding what we write:** Making sure pupils understand what they are writing, and why they are writing it along with helping them to compose their own sentences | UNIT 10 | **Writing for communication:** An activity based on pupils choosing and writing single words as well as short compositions |
| UNIT 11 | **Different types of listening:** Activities based on listening for the main points and gradually listening for details | UNIT 11 | **Listening and pronunciation:** Pronunciation activities based on words with similar sound<br>Why teaching pronunciation is so important |
| UNIT 12 | **Revision with posters and flashcards:** Revision activities with posters and flashcards | UNIT 12 | **A revision lesson:** A series of activity formats from this course combined to make a revision lesson |

**INDEX: English Language for Teachers Materials ('EL4T' folder)**

| Activity | Topic of the Activity | Activity | Topic of the Activity |
|---|---|---|---|
| Activity 1 | Greetings and introduction | Activity 16 | Stories 2 |
| Activity 2 | Family and friends | Activity 17 | Talking about people |
| Activity 3 | Food and meals | Activity 18 | Health |
| Activity 4 | Numbers | Activity 19 | Local places |
| Activity 5 | Telling the time | Activity 20 | Birds and animals |
| Activity 6 | Your routines | Activity 21 | Stories 3 |
| Activity 7 | Classroom instruction | Activity 22 | Festivals |
| Activity 8 | Pictures and posters | Activity 23 | Visiting Dhaka 1 |
| Activity 9 | Daily routine | Activity 24 | Visiting Dhaka 2 |
| Activity 10 | Shopping | Activity 25 | Travelling around Bangladesh |
| Activity 11 | Stories 1 | Activity 26 | Relationships |
| Activity 12 | My country | Activity 27 | Technologies |
| Activity 13 | Countries and Nationalities | Activity 28 | Helping your family |
| Activity 14 | Jobs | Activity 29 | Ordinal numbers |
| Activity 15 | Work routines | Activity 30 | Stories 4 |

# Contents




| Unit | | Page |
|---|---|---|
| 1 | Hello! | 1 |
| 2 | See you!, Sound practice 1 | 9 |
| 3 | Saikat's family, Sound practice 2 | 19 |
| 4 | Leisure time, Sound practice 3 | 29 |
| 5 | Days in a calendar, Stressed syllables 1 | 40 |
| 6 | Eat healthy | 50 |
| 7 | Be healthy, Stressed syllables 2 | 60 |
| 8 | Write to me soon! | 72 |
| 9 | Occupations | 83 |
| 10 | My home district, Sound practice 4 | 95 |
| 11 | Where's the library? | 107 |
| 12 | How far is St. Martin's? | 118 |
| 13 | Telling the time | 129 |
| 14 | Story: The hare and the tortoise | 139 |

| Unit | | Page |
|---|---|---|
| 15 | Happy Birthday | 148 |
| 16 | May I come in?, Birds on Strings | 159 |
| 17 | Sport | 170 |
| 18 | City and country, I meant to do my work | 180 |
| 19 | The Liberation War Museum | 191 |
| 20 | Life is beautiful! | 201 |
| 21 | It was a great day! | 212 |
| 22 | Completing forms | 221 |
| 23 | Stay safe! | 230 |
| 24 | Cyclone Aila | 241 |
| 25 | Story: Why does the frog croak? | 251 |






A. Read and say.




Sima: Hello! May I introduce myself? I'm Sima.
Jessica: Hi! I'm Jessica.
Sima: Where are you going, Jessica?
Jessica: I'm going to Chittagong. I'm on holiday with my father.
Sima: Really? Where are you from?
Jessica: I'm from the United Kingdom. Are you from Dhaka?
Sima: No, I'm from Sylhet. That's where we're going. Our train is leaving in 10 minutes.
Jessica: Have a good journey.
Sima: Thank you. Nice meeting you, Jessica. Have fun in Chittagong.
Jessica: Thanks. Nice meeting you, too, Sima.

## Attainable Competencies (Unit 1) : Students will be able

**Listening:**

| | |
|---|---|
| 1.3 | to recognize which words in a sentence are stressed. |
| 1.4 | to recognize and use intonation patterns for Wh- and Yes/No questions, greetings and statements. |
| 3.2 | to understand questions about family and friends of students. |
| 3.4 | to understand statements made by the teacher and students. |

**Speaking:**

| | |
|---|---|
| 1.1 | to say words, phrases and sentences with proper sounds, stress and intonation . |
| 2.1 | to exchange greetings, farewells and make introductions. How do you do? Nice to meet you. etc. |
| 3.1 | to ask and answer Wh- and Yes / No questions. |
| 8.1 | to take part in conversations on appropriate topics |

**Reading:**

| | |
|---|---|
| 1.5 | to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| 1.6 | to recognize and read statements, commands, greetings, questions and answers. |
| 1.7 | to read paragraphs, dialogues, stories, letters and other texts. |
| 5.1 | to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials. |

**পাঠ বিভাজন :** এই ইউনিটটি পড়তে ৭টি পিরিয়ডের প্রয়োজন হবে।

| | |
|---|---|
| **পিরিয়ড :** ১ **পাঠ্যাংশ :** A<br>**পৃষ্ঠা :** ২ | **বিষয়বস্তু :** Read and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপারে পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

| | |
|---|---|
| 1.3.1 | recognize which words in a sentence are stressed. |
| 1.4.1 | recognize and use intonation patterns for Yes/No and Wh questions. |
| 1.4.2 | recognize and use intonation patterns for greetings and statements. |
| 3.2.1 | understand questions about family and friends of students. |
| 3.4.1 | understand statements made by the teacher and students. |

**Speaking:**

| | |
|---|---|
| 1.1.1 | say words, phrases and sentences with proper sounds and stress. |
| 1.1.2 | say sentences with proper intonation. |
| 2.1.1 | exchange greetings and farewells |
| 2.1.2 | make introductions. |
| 3.1.1 | ask and answer Wh questions. |
| 3.1.2 | ask and answer Yes/No questions. |
| 8.1.1 | take part in conversations on appropriate topics. |

**Reading:**

| | |
|---|---|
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| 1.6.1 | recognize and read statements, com mands, greetings, questions and answers. |
| 1.7.1 | read paragraphs, dialogues stories, letters and other texts. |

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের

"Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে বাজিয়ে শোনাবেন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।

- শিক্ষার্থীদের কাছে নিজের পরিচয় দিন। বলুন "My name is …………I'm your English teacher."
- শিক্ষার্থীদের তাদের পাঠ্যপুস্তক খুলতে বলুন। তাদের cover page দেখিয়ে প্রশ্ন করুন 'What is this?" এরপর বলুন, "This is our 'English for Today' textbook."। শিক্ষার্থীদেরও বলতে উৎসাহিত করুন।
- মূল পাঠ শুরুর আগে *introduce, really, holiday, meeting, leaving* - শব্দগুলোর অর্থ বুঝিয়ে বলুন। প্রথমে শিক্ষার্থীদের কাছ থেকে জানার চেষ্টা করুন, প্রয়োজনে এগুলোর বাংলা অর্থ বলে দিন যেমন -*introduce* (পরিচয় করানো), *really* (সত্যি!), *holiday* (ছুটি), *meeting* (দেখা হওয়া), *leaving* (ছেড়ে যাবে)।
- পাঠ্যপুস্তক খুলে পৃষ্ঠা ২ বের করুন এবং শিক্ষার্থীদের section A এর ছবিটি দেখান। তাদের ছবি বর্ণনা করতে অর্থাৎ ছবির দৃশ্য, পরিস্থিতি এবং মানুষেরা কে কী করছে তা বর্ণনা করতে বলুন।
- ছবির নিচের সংলাপটি কণ্ঠস্বরের ওঠানামা ঠিক রেখে, যথাস্থানে জোর দিয়ে এবং সঠিকভাবে উচ্চারণ করে পড়ুন/ অডিও ফাইল : C5U01L1A প্লে করুন এবং শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- সংলাপটি পড়া বা অডিও শোনার সাথে সাথে শিক্ষার্থীদেরও সংলাপগুলো উচ্চারণ করতে বলুন।
- শিক্ষার্থীদের এবার সংলাপগুলো নীরবে পড়তে বলুন।
- শিক্ষার্থীদের সংলাপগুলো পড়া শেষ হলে কয়েকটি প্রশ্ন করুন। যেমনঃ Where is Jessica going? Where is Sima from?
- শিক্ষার্থীদের এবার পাঠটি জোড়ায় পড়তে বলুন (একজন Sima এবং অপরজন Jessica)। পড়া চলাকালে ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- যেকোনো একজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিন এবং তাকে নিজের সম্পর্কে বলুন- "Hi! I'm ………./ Hello! I'm…… and I am from ……"। এরপর শিক্ষার্থীকে জবাব দিতে সহায়তা করুন- "Hi!/ Hello! I'm…… and I am from……."। এভাবে অন্য শিক্ষার্থীদেরও তাদের দেশ/এলাকা সম্পর্কে বলতে সহায়তা করুন।
- কয়েকটি জুটিকে সকলের সামনে এনে চর্চা করান।
- আমরা কারো কাছ থেকে বিদায় নিতে Nice meeting you, Take care, See you এ ধরনের কথা বলি তা বুঝিয়ে বলুন।
- যেকোনো একজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিন এবং তাকে বলুন "Bye! Nice meeting you."। এরপর শিক্ষার্থীকে এর জবাব দিতে সহায়তা করুন "Bye! Nice meeting you, too."।
- শিক্ষার্থীরা সম্ভাষণ জানাতে এবং আলাপ চলাতে ("Hi! I'm ………./ Hello! I'm…… . 'and' Nice meeting you/Bye! 'Bye! See you.') পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে যাচাই করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে,"We've learnt how to introduce myself, greet people and take leave of someone."




**B.** Pairwork. Ask and answer the questions.

1 Where is Jessica going?
2 Why is Jessica going there?
3 Where is Jessica from?
4 Is Sima from Dhaka?
5 Where is Sima going?
6 When is Sima's train leaving?
7 Where are Sima and Jessica?

## Language Focus

**C.** *Useful expressions*

| | |
|---|---|
| At the beginning of a conversation | May I introduce myself? I'm... |
| At the end of a conversation | Nice meeting you.<br>See you.<br>See you later. |

**D.** Pairwork. Introduce yourself. Use the useful expressions.

| পিরিয়ড : ২ পাঠ্যাংশ : B | বিষয়বস্তু : Pairwork. Ask and answer the questions. |
|---|---|
| পৃষ্ঠা : ৩ | উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপারে পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.
3.1.1 understand questionsasked by the teacher about them.
3.2.1 understand questions about family and friends of students.

**Speaking:**

1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.
3.1.2 ask and answer Yes/No questions.

**Reading:**

1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
5.1.3 read silently with understanding dialogues.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের পৃষ্ঠা ৪ বের এর ছবিটি দেখতে বলুন এবং আগের পাঠ পর্যালোচনার জন্য প্রশ্ন করুন: *Who are there in the picture? Where are they? How can the new person help them?*
- এক বা দুইজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিন এবং section A-এর পাঠটি সরবে পড়তে বলুন। প্রয়োজনে সহায়তা করুন। বাকি শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- বোর্ডে কতগুলো প্রশ্নবোধক শব্দ যেমন: Who (a person), Where (a place), How (in what way or manner), What (which thing or action), Why (reason, cause) etc… লিখুন এবং এগুলোর সাহায্যে আমরা কী জানতে চাই তা শিক্ষার্থীদের কাছ থেকে জানার চেষ্টা করুন।
- এবার তাদের section A নীরবে পড়তে বলুন। পড়া শেষে section B-এর প্রশ্নগুলো করুন অডিও ফাইল C5U01L2-3B প্লে করুন এবং তাদের উত্তর দিতে উৎসাহিত করুন। ইংরেজিতে উত্তর করতে প্রয়োজনীয় সহায়তা করুন।
- কয়েক জোড়া শিক্ষার্থীকে সামনে ডেকে প্রশ্নোত্তর চর্চা করতে বলুন। এক জন প্রশ্ন করবে অপরজন উত্তর দেবে।
- নিজ নিজ জায়গায় বসে জোড়ায় চর্চা করতে বলুন। শিক্ষার্থীরা একে অপরকে প্রশ্ন করতে এবং উত্তর করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে যাচাই করুন। ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- শ্রেণিকক্ষের বিভিন্ন অংশ থেকে কয়েকজন শিক্ষার্থীকে প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। তাদের উত্তরগুলো নিয়ে আলোচনা করুন, পারগ শিক্ষার্থীদেরকে তারা পাঠের যে স্থানে উত্তরগুলো খুঁজে পেয়েছে সেগুলো নির্দেশ করে দেখাতে বা উত্তরগুলো কীভাবে জেনেছে তা বলতে বলুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt how to ask and answer questions with When, Why, Where, Who and How."

| পিরিয়ড : ৩ পাঠ্যাংশ : C & D<br>পৃষ্ঠা : ৩ | বিষয়বস্তু : (C )Useful expressions. (D) Pairwork. Introduce yourself. Use the useful expressions.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.

**Speaking:**

2.1.1 exchange greetings and farewells
2.1.2 make introductions.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- তাদেরকে পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৩ খুলতে বলুন এবং Language Focus Box দেখতে বলুন।
- Useful expressions - কথাটির অর্থ বুঝিয়ে বলুন। এরপর বলুন যে, বিভিন্ন পরিস্থিতিতে আমরা কিছু phrase বা বাক্যাংশ ব্যবহার করে থাকি যেগুলো মানুষে মানুষে ভাবের আদান-প্রদানে বেশ সহায়ক ভূমিকা রাখে।
- শিক্ষার্থীদের সংলাপটির দিকে নজর দিতে বলুন এবং Language Focus Box-এ যে Language-এর কথা উল্লেখ আছে, তা সংলাপটিতে খুঁজে বের করতে দিন।
- একজন একজন করে শিক্ষার্থীকে প্রশ্ন করুন - "How do we introduce ourselves? (Hi! / Hello! May I introduce myself? I am ……..)".
- দুজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিন, তাদের কীভাবে নিজেদের পরিচয় দিতে হয় তা দেখাতে বলুন (Hi! / Hello! May I introduce myself? I am ……..) এবং প্রয়োজনে সহায়তা করুন।
- আরও ২/৪ জন শিক্ষার্থীকে কীভাবে নিজেদের পরিচয় দিতে হয় তা দেখাতে বলুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- সকল শিক্ষার্থীকে নিজ নিজ জায়গায় বসে চর্চা করতে বলুন।
- ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- কয়েকজনকে প্রশ্ন করুন: What do we say at the end of a conversation or at the time of leaving?
- দুজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিন, তাদের কথোপকথনের শেষে কীভাবে বিদায় নিতে হয় তা দেখাতে বলুন (Nice meeting you. See you, take care) এবং প্রয়োজনে সহায়তা করুন।
- কথোপকথনের শেষে কীভবে বিদায় নিতে হয় তা নিজ নিজ জায়গায় বসে জোড়ায় চর্চা করতে বলুন এবং প্রয়োজনে সহায়তা করুন ।
- শিক্ষার্থীরা নিজেদের পরিচয় দিতে এবং কথোপকথনের শেষে কীভাবে বিদায় নিতে হয় তা পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে যাচাই করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদেরকে বলতে উৎসাহিত করুন যে, "We've learnt how to greet people and take leave of someone."

E. Read and say.



Sima and Tamal are in the Town Hall Language Club. They come to the club to practise speaking English. They listen to CDs and watch DVDs in English, or speak English with friends. Today there is a new person in the club. He is a young man. He is reading a book about Bangladesh.

Sima: Look, Tamal! Who's that gentleman? Do you know him?
Tamal: Yes. That's Andy Smith. He's working with an NGO here. I met him yesterday at the bookshop.
Sima: Maybe we can practise our English with him.
Tamal: Good idea. I'll introduce you to him. Come with me.

F. Pairwork. Ask and answer the questions.

1 Where are Sima and Tamal?
2 Why do they go there?
3 Who is the new person there?
4 What is he reading?
5 Where did Tamal meet the new person?
6 Why does Sima want to meet the new person?

| পিরিয়ড : ৪ পাঠ্যাংশ : E | বিষয়বস্তু : Read and say. |
| --- | --- |
| পৃষ্ঠা : ৪ | উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপারে পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.
3.1.1 understand questionsasked by the teacher about them.
3.2.1 understand questions about family and friends of students.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.
3.1.2 ask and answer Yes/No questions.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7.1 read paragraphs, dialogues, stories, letters and other texts.
5.1.1 read silently with understanding paragraph .
5.1.3 read silently with understanding dialogues.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদেরকে পাঠ্যপুস্তক খুলে পৃষ্ঠা ৪ বের করে section E -এর ছবিটি দেখতে বলুন। তাদের ছবি বর্ণনা করতে অর্থাৎ ছবির দৃশ্য, পরিস্থিতি এবং মানুষেরা কে কী করছে তা বর্ণনা করতে বলুন।
- শিক্ষার্থীরা *Town Hall, Language Club, new person, young man, gentleman, NGO শব্দগুলোর অর্থ জানে কি না তা সংক্ষেপে জেনে নিন* এবং প্রয়োজনে এগুলোর বাংলা অর্থ বলে দিন।
- পাঠটি সরবে পড়ুন/অডিও ফাইল বাজান এবং শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- অপরিচিত কোনো শব্দ আছে কি না তা শিক্ষার্থীদের কাছ থেকে জানুন।
- পাঠটি পুনরায় পড়ুন/ অডিও ফাইল C5U01L4-5E প্লে করুন এবং শিক্ষার্থীদের অনুসরণ করে পড়তে বলুন।
- এবার তাদের পাঠটি নীরবে পড়তে বলুন।
- শিক্ষার্থীরা সঠিকভাবে পড়তে পাড়ছে কিনা তা পর্যবেক্ষণের মাধ্যমে যাচাই করুন।
- শিক্ষার্থীরা কতটুকু বুঝেছে তা যাচাই করতে প্রশ্ন করুন। যেমন: *What is a Language Club?* What can we do in a *Language Club? Any of you belong to a language club? If any student is a member of language club then ask him or her what do you do there?*
- দুইজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিন এবং পাঠটি সরবে পড়তে বলুন। হাতে সময় থাকলে সকল শিক্ষার্থীকে নিজ নিজ আসনে বসে একসাথে পাঠটি সরবে পড়তে বলুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about a Language Club today."

| পিরিয়ড : ৫ পাঠ্যাংশ : F<br>পৃষ্ঠা : ৪ | বিষয়বস্তু : Pairwork. Ask and answer the questions.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.
3.1.1 understand questionsasked by the teacher about them.
3.2.1 understand questions about family and friends of students.

**Speaking:**

3.1.1 ask and answer Wh questions.

**Reading:**

1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
5.1.1 read silently with understanding paragraph .
5.1.3 read silently with understanding dialogues.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের পৃষ্ঠা ৪ বের করে এর ছবিটি দেখতে বলুন এবং আগের পাঠ পর্যালোচনার জন্য প্রশ্ন করুন: *Who are there in the picture? Where are they? How can the new person help them?*
- এক বা দুইজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিন এবং section E-এর পাঠটি সরবে পড়তে বলুন। প্রয়োজনে সহায়তা করুন। বাকি শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- বোর্ডে কত গুলো প্রশ্নবোধক শব্দ যেমন: Who (a person), Where (a place), How (in what way or manner), What (which thing or action), Why (reason, cause) etc… লিখুন এবং এগুলোর সাহায্যে আমরা কী জানতে চাই তা শিক্ষার্থীদের কাছ থেকে জানার চেষ্টা করুন।
- এবার তাদের section E নীরবে পড়তে বলুন। পড়া শেষে section F-এর প্রশ্নগুলো করুন অথবা অডিও ফাইল C5U01L4-5F প্লে করুন এবং তাদের উত্তর দিতে উৎসাহিত করুন। ইংরেজিতে উত্তর করতে প্রয়োজনীয় সহায়তা করুন।
- কয়েক জোড়া শিক্ষার্থীকে সামনে ডেকে প্রশ্নোত্তর চর্চা করতে বলুন। এক জন প্রশ্ন করবে অপরজন উত্তর দেবে।
- নিজ নিজ জায়গায় বসে জোড়ায় চর্চা করতে বলুন। শিক্ষার্থীরা একে অপরকে প্রশ্ন করতে এবং উত্তর করতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে যাচাই করুন। ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- শ্রেণিকক্ষের বিভিন্ন অংশ থেকে কয়েকজন শিক্ষার্থীকে প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। তাদের উত্তরগুলো নিয়ে আলোচনা করুন, পারগ শিক্ষার্থীদেরকে তারা পাঠের যে স্থানে উত্তরগুলো খুঁজে পেয়েছে সেগুলো নির্দেশ করে দেখাতে বা উত্তরগুলো কীভাবে জেনেছে তা বলতে বলুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদেরকে বলতে উৎসাহিত করুন যে "We've learnt how to ask and answer questions with When, Why, Where, Who and How."




**G.** Read and say.



| | |
|---|---|
| Tamal: | Hello, Andy! |
| Andy: | Hi, Tamal! How are you? |
| Tamal: | Fine, thanks. Andy, meet my friend, Sima Zaman. And Sima, this is Andy. Andy Smith. |
| Sima: | Hello, Mr. Smith. |
| Andy: | Hello! Please call me Andy. And can I call you Sima? |
| Sima: | Sure! |
| Andy: | Please, sit down. Let's chat. |

## Language Focus

**H.** *Useful expressions*

Meet my friend / cousin / classmate, etc.

Please call me Andy / Sima, etc.

**I.** Pairwork. Introduce a friend. Use the useful expressions.

## Learning outcomes : Students will be able to

**Listening:**

| | |
|---|---|
| 1.3.1 | recognize which words in a sentence are stressed. |
| 1.4.2 | recognize and use intonation patterns for greetings and statements. |
| 3.2.1 | understand questions about family and friends of students. |
| 3.4.1 | understand statements made by the teacher and students. |

**Speaking:**

| | |
|---|---|
| 1.1.1 | say words, phrases and sentences with proper sounds and stress. |
| 1.1.2 | say sentences with proper intonation. |
| 2.1.1 | exchange greetings and farewells. |
| 3.1.1 | ask and answer Wh questions. |
| 8.1.1 | take part in conversations on appropriate topics. |

**Reading:**

| | |
|---|---|
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| 1.6.1 | recognize and read statements, commands, greetings, questions and answers. |
| 1.7.1 | read paragraphs, dialogues stories, letters and other texts. |

| | |
|---|---|
| **পিরিয়ড : ৬ পাঠ্যাংশ :** G<br>**পৃষ্ঠা : ৫** | **বিষয়বস্তু :** Read and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপারে পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- পূর্বের পাঠ পর্যালোচনা করুন। কয়েকজন শিক্ষার্থীকে প্রশ্ন করুন: *"Where are Sima and Tamal? Who is the new person in the club? Why does Sima want to meet the new person?"*
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক খুলে পৃষ্ঠা ৫ বের করে section G-এর ছবিটি দেখতে বলুন। তাদের ছবির দৃশ্য, পরিস্থিতি এবং মানুষেরা কে কী করছে তা বর্ণনা করতে বলুন।
- ছবির নিচের সংলাপটি সরবে পড়ুন/অডিও ফাইল C5U01L6-7G প্লে করুন এবং সবাইকে মনোযোগ দিয়ে শুনতে বলুন। প্রয়োজনে পাঠটির বাংলা অর্থ বুঝিয়ে বলুন।
- সংলাপটি পুনরায় পড়ে/অডিও প্লে করুন এবং শিক্ষার্থীদেরও সাথে সাথে text টি পড়তে বলুন।
- এবার শিক্ষার্থীদের text টি পুনরায় পড়তে বলুন এবং Andy-এর নামের শেষ অংশটি খুঁজে বের করতে বলুন। তারা text টি ঠিকভাবে পড়তে এবং প্রশ্নের উত্তর করতে পারছে কি না তা পর্যবেক্ষণ করুন। তারা Andy-এর নামের শেষে যে Smith আছে তা যদি বলতে পারে, তাহলে প্রশ্ন করুন তারা এটা কীভাবে জানতে পেরেছে (Tamal introduces him as Andy and then he says 'Andy Smith.')। প্রয়োজনে তাদের সহায়তা করুন।
- একজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিন এবং তার সাথে সংলাপটি চর্চা করুন।
- এবার শিক্ষার্থীদের ৩ জন করে নিয়ে ছোট দল গঠন করে সংলাপটি চর্চা করতে বলুন। তাদের Sima, Andy and Tamal-এর ভূমিকায় অভিনয় করতে বলুন।
- ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- এক বা দুইটি দলকে পুরো ক্লাসের সামনে সংলাপটি অভিনয় করে দেখাতে বলুন। শেষে করতালির মাধ্যমে প্রশংসা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt how to address a person."

| পিরিয়ড : ৭ পাঠ্যাংশ : H, I<br>পৃষ্ঠা : ৫ | বিষয়বস্তু : (H) Useful expressions. (I) Pairwork. Introduce a friend. Use the useful expressions.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.

**Speaking:**

2.1.1 exchange greetings and farewells

2.1.2 make introductions.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- আগের পাঠ পর্যালোচনা করতে কিছু প্রশ্ন করুন, যেমনঃ For example: Who is Jessica? Where is she from? Who is Andy? etc.
- বোর্ডে Activity H এর words/phrases গুলো লিখুন। শিক্ষার্থীদের কাছ থেকে এগুলোর ব্যবহারের কিছু উদাহরণ জানতে চেষ্টা করুন। প্রয়োজনে তাদেরকে সহায়তা করুন।
- তাদের বুঝিয়ে বলুন যে, আমরা আমাদের friends, cousin or classmate -দেরকে অন্য কারো সাথে পরিচয় করিয়ে দিতে "Meet my friend/cousin/classmate……" বলে থাকি।
- বুঝিয়ে বলুন যে, নতুন পরিচিত কাউকে সম্বোধন করতে আমরা সাধারণত নামের প্রথম অংশটি যেমন Sima Zaman কে শুধু Sima বলে ডেকে থাকি। এক্ষেত্রে যিনি নতুন পরিচিত তিনি বলবেন "Please call me……"
- উল্লেখ করুন যে অনেকেরই nickname বা ডাকনাম থাকে। *Nickname* শব্দটি বোর্ডে লিখুন। এবার শিক্ষার্থীদের কাছ থেকে জানতে চেষ্টা করুন যে, অনেকেই তাদের পুরো নাম সবসময় ব্যবহার না করে অন্য কোনো সংক্ষিপ্ত নামে (ডাক নাম) স্বাচ্ছন্দ্য বোধ করে। যেমন ধরা যাক Rabeya Khan Rubi-এর nickname Rubi।
- যেকোনো ২ বা ৩ জন শিক্ষার্থীকে সামনে ডেকে নিন এবং তাদেরকে দেখাতে বলুন "How do you introduce your friend? (Meet my friend……..) and how to tell someone to address you? (Please call me ……..)". প্রয়োজনে তাদেরকে সহায়তা করুন।
- এরপর ২/৩ জোড়া শিক্ষার্থীকে পুরো ক্লাসের সামনে পাঠটি পড়তে এবং dialogue টি অভিনয় করে দেখাতে বলুন। শেষে করতালির মাধ্যমে প্রশংসা করুন। প্রয়োজনে তাদের সহায়তা করুন।
- শিক্ষার্থীদের নিজ নিজ জায়গায় বসে সহপাঠীর সাথে dialogue টি চর্চা করতে বলুন। ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন। শিক্ষার্থীরা নিজেদের বন্ধুকে অপরের সাথে পরিচয় করিয়ে দিতে এবং অন্যদের নামের প্রথম অংশ ধরে সম্বোধন করতে পারে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে যাচাই করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt how to introduce a friend/cousin/classmate." শেষে শিক্ষার্থীদের তাদের nickname সম্পর্কে প্রশ্ন করে nickname-এর ধারণাটি পরিষ্কার করুন।






**A.** Read and say.



Andy: Hello, Tamal! How are you?
Tamal: Hello, Andy! I'm fine, thanks. And you?
Andy: Fine, thanks. Listen. I'm going to the Book Fair. Would you like to come?
Tamal: I'm sorry. I can't right now. I have to take this medicine to my grandmother. But I can meet you in an hour.
Andy: OK. Great! I'll see you at the Book Fair.
Tamal: Right. See you later. Bye!
Andy: See you!

**B.** Pairwork. Ask and answer the questions.

1 Where is Andy going?
2 Where is Tamal going? Why?
3 When can Tamal meet Andy?
4 How does Andy say goodbye to Tamal?

**C.** Pairwork. Practise saying the dialogue in Activity A.

## Attainable Competencies (Unit 2) : Students will be able

**Listening:**

1.1 to recognize sound differences in the context of words.
1.2 to recognize which syllable in a word is stressed.
1.3 to recognize which words in a sentence are stressed.
1.4 to recognize and use intonation patterns for Wh- and Yes / No questions, greetings and statements.
3.2 to understand questions about family and friends of students.
3.4 to understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation .
2.1 to exchange greetings, farewells and make introductions. How do you do? Nice to meet you .etc.
3.1 to ask and answer Wh- and Yes / No questions.
8.1 to take part in conversations on appropriate topics

**Reading:**

1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6 to recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7 to read paragraphs, dialogues, stories, letters and other texts.
5.1 to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials.

**Writing**

3.1.1 to write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 to write, words, phrases and sentences using non-cursive small letters.

**পাঠ বিভাজন : এই ইউনিটটি পড়তে ৭টি পিরিয়ডের প্রয়োজন হবে।**

| | |
|---|---|
| **পিরিয়ড : ১ পাঠ্যাংশ :** A<br>**পৃষ্ঠা : ৬** | **বিষয়বস্তু :** Read and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপারে পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.
1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.
3.2.1 understand questions about family and friends of students.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
2.1.1 exchange greetings and farewells.
3.1.1 ask and answer Wh questions.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে বাজিয়ে শোনাবেন)
  শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালোচনা করুন। কয়েকজন শিক্ষার্থীকে জোড়ায় সামনে ডেকে নিজের এবং পার্টনারের পরিচয় দিতে বলুন।
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৬ বের করে section A-এর ছবিটি দেখতে বলুন। তারা ছবিটিতে কাদের দেখতে পাচ্ছে তা প্রশ্ন করে জানুন। তাদের কাছ থেকে ছবির মানুষগুলোর নাম জানতে চেষ্টা করুন (Tamal এবং Andy)। শেষে উল্লেখ করুন যে তারা এদের সাথে ইতিপূর্বে পরিচিত হয়েছে।
- Dialogue টি কীভাবে সংগঠিত শিক্ষার্থীরা যেন বুঝতে পারে তা নিশ্চিত করুন। তাদের প্রশ্ন করুন: Who is speaking? How do they know? Who speaks first? etc.
- Dialogue টি পড়ে শোনান/অডিও থাকলে প্লে করুন, শিক্ষার্থীদের বইএর সাথে মেলাতে বলুন। প্রথম বার কোথাও থামবেন না। এরপর পুনরায় dialogue টি পড়ে শোনান/অডিও থাকলে প্লে করুন। এক্ষেত্রে প্রতিটি উক্তির পর থামবেন যাতে শিক্ষার্থীরা তাল ঠিক রাখতে পারে।
- শিক্ষার্থীদের কোনো শব্দের অর্থ অজানা আছে কি না তা প্রশ্ন করে জানুন। তারা বিভিন্ন শব্দের যেমন *book fair* (বই মেলা), right now (এই মুহূর্তে) *medicine* (ওষুধ), *grandmother* (দাদি/নানি), *in an hour* (এক ঘণ্টার মধ্যে), *great* (খুব ভালো), later (পরে) অর্থ জানে কি না তা যাচাই করুন। প্রয়োজনে বাংলা অর্থ বলুন।
- শিক্ষার্থীদের dialogueটি সরবে পড়তে বলুন।
- Dialogueটি একবার থেমে থেমে পড়ে শোনান/অডিও ফাইল C5U02L1-2A প্লে করুন যাতে শিক্ষার্থীরাও অনুসরণ করে পড়তে পারে।
- এবারে শিক্ষার্থীদের dialogueটি আবার সরবে পড়তে বলুন। তারা পাঠটি বুঝতে পেরেছে কি না যাচাইয়ের জন্য dialogueটি থেকে কিছু প্রশ্ন করতে পারেন তবে এ পর্যায়ে Activity B অংশ থেকে প্রশ্ন করা থেকে বিরত থাকুন, যেমন Who is going to the Book Fair? Who needs medicine? etc.।
- সহজ প্রশ্ন করে বা তাদের কাছ থেকে নিজেদের মতো করে ব্যাখ্যা শুনে তারা dialogueটির মূল কথাগুলো বুঝতে পেরেছে কি না তা যাচাই করুন। তাদের বলুন যে, Andy is going to the book fair and he is proposing Tamal to go with him. But Tamal is busy at that moment as he has to give the medicine to his grandmother. So, Tamal says he will join/ meet Andy in an hour.
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন "*How did Andy and Tamal take leave of each other?*" তাদের "See you later. Bye!" বলতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের dialogueটি জোড়ায় চর্চা করতে বলুন। একজন Andy এবং অপরজন Tamal-এর ভূমিকায় অভিনয় করবে। ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন এবং তাদেরকে সহায়তা করুন।
- কয়েক জোড়া শিক্ষার্থীকে সামনে এসে dialogueটি অভিনয় করে দেখাতে বলুন।
- আরও অনুশীলনের জন্য তাদেরকে চরিত্র বদল করে অভিনয় করতে বলুন।
- শিক্ষার্থীদেরকে প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt how to greet people and take leave of someone."

| পিরিয়ড : ২ পাঠ্যাংশ : B & C<br>পৃষ্ঠা : ৬ | বিষয়বস্তু : (B) Pairwork. Ask and answer the questions. (C) Pairwork Practice saying the dialogue in Activity A.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio. |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.
1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.
3.2.1 understand questions about family and friends of students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
3.1.1 ask and answer Wh questions.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
5.1.3 read silently with understanding dialogues.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের কী কী মনে আছে তা প্রশ্ন করে জানার মাধ্যমে Activity A-এর dialogueটি নিয়ে পুনরালোচনা করুন। এক জোড়া শিক্ষার্থীকে সামনে এসে সংলাপটি অভিনয় করে দেখাতে বলুন।
- শিক্ষার্থীদের Section A নীরবে মনোযোগ দিয়ে পড়তে বলুন।
- এবার Activity B-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। প্রথম প্রশ্নটি সরবে পড়ে শোনান বা অডিও ফাইল C5U02L1-2B প্লে করুন। কোনো একজন শিক্ষার্থীকে প্রশ্নটির উত্তর দিতে বলুন। তাকে dialogueটির কোন অংশে উত্তরটি খুঁজে পেল তা নির্দেশ করতে বলুন। এরপর বাকি প্রশ্নগুলোও সরবে পড়ুন, কিন্তু এগুলোর উত্তর বলবেন না। এখানে তাদের কোনো শব্দ নিয়ে কিছু জানার বা কোনো প্রশ্ন আছে কিনা তা জানতে চান।
- প্রশ্ন-উত্তর অনুশীলনের জন্য শিক্ষার্থীদের নিয়ে জোড় গঠন করুন।
- ঘুরে ঘুরে দেখবেন তারা প্রশ্নোত্তর অনুশীলন করছে কি না। উচ্চারণ ও ভাষার ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা করুন।
- কয়েক জোড়া শিক্ষার্থীকে যেকোনো একটি প্রশ্ন করে সঠিক উত্তর করতে পারছে কি না তা যাচাই করুন। এরপর অন্যদের কাছ থেকে সঠিক উত্তর নিশ্চিত করুন বা তাদের সঠিক উত্তরটি দিতে বলুন।
- এবার Dialogue-এর পটভূমি এবং Activity B-এর প্রশ্ন-উত্তরগুলো পুনরালোচনা করুন।
- শিক্ষার্থীদের Section C এর নির্দেশনা অনুসারে জোড়ায় dialogueটি অনুশীলন করতে বলুন।
- শিক্ষার্থীরা dialogueটি সঠিকভাবে বলতে পারছে কি না তা ঘুরে ঘুরে দেখুন।
- শিক্ষার্থীদের আর একবার dialogueটি পড়তে বলুন। এক্ষেত্রে তাদের Tamal-এর বইমেলায় না যাওয়ার অন্য কোনো কারণ ভেবে বের করতে বলুন। তারা কী কী ভেবেছে তা জেনে নিন, যেমন I have to help my father; I have to buy some vegetables; I have to do my homework etc.
- এরপর তাদের নিজেদের মতো করে dialogueটি বলতে বলুন।




D. Read and say.




Andy: Hello, Tamal! How is your grandmother?

Tamal: Hi! She's fine, thanks.

Andy: Come, let me introduce my colleagues. Hi, everybody. This is Tamal. And Tamal, meet Mr. Saha and Mrs. Haider. And this is Ms. Smith. She's a new English teacher here.

Ms. Smith: Hello, Tamal. Nice to meet you.

Tamal: Hello, everybody! Nice meeting you, too.

## Language Focus

E. *Useful expressions*

| | |
|---|---|
| To say goodbye: | Bye! |
| | See you later. |
| | See you! |

F. Roleplay. Introduce one friend to another. Then say "goodbye." Use the useful expressions.

| পিরিয়ড : ৩ পাঠ্যাংশ : D<br>পৃষ্ঠা : ৭ | বিষয়বস্তু : Read and Say.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপারে পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.
1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.
3.2.1 understand questions about family and friends of students.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
2.1.1 exchange greetings and farewells
2.1.2 make introductions.
3.1.1 ask and answer Wh questions.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7.1 read paragraphs, dialogues, stories, letters and other texts.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- দুইজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিয়ে একে অন্যকে কীভাবে সম্ভাষণ ও নিজের পরিচয় দিতে হয় তা দেখাতে বলবেন।
- তারা পৃষ্ঠা ৭-এর ছবিটিতে কাকে দেখতে পাচ্ছে তা বলতে বলুন। তাদের কাছ থেকে ছবিটি সম্পর্কে/প্রশ্নের উত্তর জানতে চেষ্টা করুন, যেমন: Which people can they recognize (Tamal and Andy)? Where are they (book fair)? How do you know?
- 'Colleague' শব্দটি বোর্ডে লিখুন। শিক্ষার্থীদের কাছ থেকে এর অর্থ এবং উচ্চারণ জানার চেষ্টা করুন। তাদের জানা থাকলে আপনার সহকর্মী অন্যান্য শিক্ষকদের নাম বলতে বলুন। বিষয়টি আরো ভালোভাবে বুঝাতে বলুন যে, এই বিদ্যালয়ের সকল শিক্ষক আপনার colleague হন।
- Dialogueটি পড়ে শোনান/অডিও ফাইল C5U02L3-4D প্লে করুন, শিক্ষার্থীদের বই-এর সাথে মেলাতে বলুন। এক্ষেত্রে প্রতিটি উক্তির পর থামুন যাতে শিক্ষার্থীরা তাল ঠিক রাখতে পারে।
- এবারে শিক্ষার্থীদের dialogueটি নীরবে পড়তে বলুন।
- শিক্ষার্থীদের পড়া শেষ হলে তারা কী বুঝেছে তা জানতে কিছু প্রশ্ন করুন। যেমন: Who are the other people (Mr.Saha, Mrs. Haider and Ms. Smith) with Tamal and Andy? Who is the new English teacher (Ms. Smith)? উত্তর করতে না পারলে সহায়তা করুন।
- আপনি যে পুনরায় পড়তে বা অডিও শোনাতে যাচ্ছেন তা বলুন।
- তাদের কাছে colleagues কথাটির অর্থ কী তা জানতে চান (They are people. They are working with Andy)।
- এবার dialogueটি পড়ে শোনান/ অডিও থাকলে প্লে করুন। প্রতিটি উক্তির পর থামুন যাতে শিক্ষার্থীরা পুনরাবৃত্তি করতে পারে।

- সকলকে dialogueটি আবার পড়তে বলুন। ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন এবং সহায়তা করুন।
- তিনজন শিক্ষার্থীকে dialogue টি অভিনয় করে দেখাতে বলুন।
- শিক্ষার্থীদেরকে প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt how to introduce colleagues and friends."

| | |
|---|---|
| **পিরিয়ড : ৪ পাঠ্যাংশ :** E & F<br>**পৃষ্ঠা :** ৭ | **বিষয়বস্তু :** (E) Useful expressions. (F) Roleplay. Introduce one friend to another. Then say "goodbye".<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.

**Speaking:**

2.1.1 exchange greetings and farewells.

2.1.2 make introductions.

**Reading:**

1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.

### শিখন-শেখানো কার্যাবলি

**E. Useful expressions.**

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের পৃষ্ঠা ৬ এর dialogueটিতে ফিরে যেতে বলুন। এবার Andy ও Tamal একে অপরকে কীভাবে 'goodbye' জানিয়েছিল তা জানতে চেষ্টা করুন। তাদের অভিব্যক্তিগুলো একে একে বোর্ডে লিখুন। লিখিত অভিব্যক্তিগুলোকে নির্দেশ করে পড়ে শোনান। এরপর কয়েকজন শিক্ষার্থীকে বোর্ড দেখে বলতে বলুন। শিক্ষার্থীদের পাঠ্যবইয়ে মনোযোগ দিতে বলুন। তাদের অভিব্যক্তিগুলো language focus box-এ আছে কি না তা দেখতে বলুন।
- 'See you later'-এর প্রতি নির্দেশ করে বলুন যে, এর মানে হচ্ছে একে অপরের কাছ থেকে বিদায় নেওয়া ব্যক্তিদের মধ্যে পরে যে কোনো সময়ে বা আজকের দিনেই আবার দেখা হতে পারে।

**F: Roleplay. Introduce one friend to another. Then say "goodbye". Use the useful expressions.**

- শিক্ষার্থীদের বলুন যে, আজ তারা কী করে এক বন্ধুকে অপর আরেক বন্ধুর সাথে পরিচয় করিয়ে দিতে হয় এবং 'goodbye' বলতে হয় তা অভিনয় করে দেখাবে। শিক্ষার্থীদের তাদের জানা পরিচয় করানোর সময়ের অভিব্যক্তিগুলো বলতে বলুন। তারা মনে করতে না পারলে Activity D-এর dialogue এ Andy কী-ভাবে করেছিল তা শুনতে চান (Let me introduce my colleague. This is Mr. Saha,.......)।
- দুইজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিয়ে তাদের নিয়ে একটি অভিনয় করুন। Andy, Tamal এবং Mr. Smith-এর মতো তিনটি চরিত্র থাকবে। অন্য শিক্ষার্থীদের অভিনয়টিতে এক বন্ধুকে অপর আরেক বন্ধুর সাথে পরিচয় করিয়ে দিতে এবং 'goodbye' বলতে ব্যবহৃত অভিব্যক্তিগুলো চিহ্নিত করতে বলুন।
- অপর এক দল শিক্ষার্থীকে সামনে এনে নিজেদের মতো করে অভিনয় করতে বলুন।
- এবার ৩ জনের ছোট দল করে দিয়ে শিক্ষার্থীদের নিজেদের মধ্যে অভিনয় করতে দিন এবং কী করতে হবে তা তারা বুঝেছে কি না সেদিকে লক্ষ রাখুন।
- ঘুরে ঘুরে খেয়াল করুন শিক্ষার্থীরা ঠিকভাবে অভিব্যক্তিগুলো ব্যবহার করতে পারছে কি না এবং প্রয়োজনে সহায়তা করুন।
- কয়েকটি ছোট দলকে সামনে এনে অভিনয়টি করতে দিন।

## Language Focus

### G. *Titles with names*

For men, use Mr. with the full name, or just with the last name.

For married women, use Mrs. and add the husband's last name.

For all women, you can also use Ms. (pronounced Miz)
Ms. does not tell you if a woman is married or not.

### H. Read and match.



1 What's your full name?

2 How do you spell your first name?

3 What's your last name again?

4 Do you have a nickname?

A Yes, It's Andy.

B Smith.

C Andrew Smith.

D A-N-D-R-E-W

### I. Groupwork. Ask and answer the questions in Activity H. Write your friend's information below.

| Full name | Nickname |
|---|---|
| 1 | |
| 2 | |
| 3 | |
| 4 | |

| পিরিয়ড : ৫ পাঠ্যাংশ : G | বিষয়বস্তু : Titels with names. |
| --- | --- |
| পৃষ্ঠা : ৮ | উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.

**Speaking:**

2.1.1 exchange greetings and farewells

2.1.2 make introductions.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.

1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- বোর্ডে প্রথমে Mr./Mrs. লিখে আপনার নামটি লিখুন এবং শিক্ষার্থীদের কাছে জানতে চান: "Am I a man/woman? এবার তারা Mr./Mrs.-এর ব্যবহার জানে কি না তা জানতে চান। তাদের সঠিকভাবে জানা না থাকলেও উত্তর দিতে উৎসাহিত করুন।
- শিক্ষার্থীদের কাছে পৃষ্ঠা ৭ এর dialogue এ যেসব ব্যক্তির কথা আছে তাদের নাম জানতে চান। তাদের কাছ থেকে শুনে একে একে নামগুলো বোর্ডে লিখুন।
- Mr. Saha নামটি নির্দেশ করুন। এবার জানতে চান - এ নামের ব্যক্তি পুরুষ না মহিলা। তারা কীভাবে বুঝল তা জানতে চান (use of Mr.)। এরপর একই উপায়ে Mrs. Haider এবং Ms. Smith (women)-এর পরিচয় জানুন।
- শিক্ষার্থীদের বলুন যে,নামের আগে যে পদবী থাকে সেটি দেখে নারী বা পুরুষ পরিচয় বুঝা যায়, তবে নারীদের পদবি থেকে আরো অনেক তথ্য পাওয়া যায়। বোর্ডে 'married' শব্দটি লিখুন এবং তাদের আপনার সাথে শব্দটি বলতে বলুন। তারা শব্দটির বাংলা অর্থ জানে কি না তা যাচাই করুন। এরপর উল্লেখ করুন যে Mr. শুধু পুরুষদের ক্ষেত্রে বসে তবে এর থেকে তারা বিবাহিত কি না তা জানা যায় না।
- বোর্ডে 'Mrs' শব্দটি লিখুন এবং এর নিচে দাগ টেনে দিন। শিক্ষার্থীদের কাছ থেকে এটির ব্যবহার সম্পর্কে জানতে চেষ্টা করুন এবং এটি যে বিবাহিত মহিলার ক্ষেত্রে বসে তা বুঝিয়ে বলুন।
- বোর্ডে 'Ms' শব্দটি লিখুন এবং এর নিচে দাগ টেনে দিন। শিক্ষার্থীদের কাছ থেকে এটির ব্যবহার সম্পর্কে জানতে চেষ্টা করুন এবং এটি যেসব মহিলাদের বেলায় বসে তা বুঝিয়ে বলুন। কোনো মহিলার বৈবাহিক অবস্থা না জানা থাকলে সাধারণ ভদ্রতার খাতিরে এটি ব্যবহার করা হয়ে থাকে। আরো বলুন যে অনেক মহিলারা যারা নিজেদের বৈবাহিক অবস্থা না জানাতে চান তারা এটি ব্যবহার করতে চান।
- বোর্ডে 'Miss' শব্দটি লিখুন এবং এর নীচে দাগ টেনে দিন। এর ব্যবহার সম্পর্কে জানতে চেষ্টা করুন এবং এটি যে অবিবাহিত মহিলাদের বেলায় বসে তা বুঝিয়ে বলুন।
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকে মনোযোগ দিতে বলে language Focus Box টি পড়ুন। সম্ভব হলে অডিও ফাইল C5U02L5-6H প্লে করুন। এরপর বলুন যে, ইংরেজিতে ব্যক্তির ক্ষেত্রে পদবির সাথে নামের প্রথম অংশ ব্যবহার করা হয় না। বুঝিয়ে বলুন যে ইংরেজিতে কোনো ব্যক্তিকে সম্বোধন করতে পদবির সাথে তার

নামের শেষ অংশ বলাই গ্রহণযোগ্য বলে ধরা হয়।

- Language Focus Box থেকে নিয়ে পুরো নামগুলো বোর্ডে লিখে শিক্ষার্থীদের নামগুলোর প্রথম ও শেষ অংশ চিহ্নিত করতে দিয়ে বিষয়টি বুঝিয়ে দিন। প্রয়োজনে তাদের সহায়তা করুন।
- যেকোনো একজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিয়ে তার পুরো নামটি বোর্ডে লিখতে বলুন। এরপর তার নামের আগে Mr./Ms./Mrs./Miss বসাতে বলুন এবং তার কাছ থেকে জানুন যে, সে কেন এই পদবিটি ব্যবহার করেছে। হাতে সময় থাকলে আরো কয়েকজনকে দিয়ে অনুশীলন করাতে পারেন।
- কয়েকজন শিক্ষার্থীকে তাদের নামের প্রথম ও শেষ অংশ বলতে বলুন। কেউ বলতে ব্যর্থ হলে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt how to address men and women. As well as how to address married and unmarried women."

| | |
|---|---|
| **পিরিয়ড : ৬ পাঠ্যাংশ :** H, I<br>**পৃষ্ঠা : ৮** | **বিষয়বস্তু :** (H) Read and Match. (I) Groupwork. Ask and answer questions in activity H. Write your friends information.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.

**Speaking:**

1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.
3.1.2 ask and answer Yes/No questions.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.

**Writing:**

3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের তাদের নিজেদের বা তাদের পরিবারের অন্য সদস্যদের ও বন্ধুদের nickname-গুলো জানাতে বলে তাদের কাছ থেকে nickname-এর অর্থ জানার চেষ্টা করুন।
- বোর্ডে আপনার পুরো নাম, প্রথম অংশ, শেষ অংশ এবং ডাকনাম লিখুন। এগুলোর পাশে বন্ধনীর মধ্যে পুরো নাম, প্রথম অংশ, শেষ অংশ এবং ডাকনাম – এ কথাগুলো লিখে রাখুন।
- এবার বোর্ডে পুরো নাম, প্রথম অংশ, শেষ অংশ এবং ডাকনাম – এ কথাগুলো লিখুন। শিক্ষার্থীরা যে এগুলো বুঝতে পেরেছে তা যাচাই করতে তাদের নিজ নিজ নামের সব অংশগুলো বলতে বলুন।
- এবার শিক্ষার্থীদের মনোযোগ পাঠ্যপুস্তকে নিয়ে আসুন এবং পৃষ্ঠায় কার ছবি আছে তা জানুন (Andy's)।
- বলুন যে আমরা Andy-এর সম্পর্কে আরো তথ্য জানবো। এবার প্রথম প্রশ্নটি পড়ে শোনান এবং তাদের বই

অনুসরণ করতে বলুন।

- শিক্ষার্থীদের উত্তর জানা থাকলে বলতে বলুন। তারা না পারলে বলে দিন। তাদের Andrew Smith" উত্তরটি কোন Letter-এ আছে তা খুঁজে বের করতে বলুন (second column -Letter C) ।
- শিক্ষার্থীদের তাদের পাঠ্যপুস্তকে প্রশ্ন থেকে উত্তর পর্যন্ত দাগ টেনে যুক্ত করতে বলুন।
- বাকি প্রশ্নগুলোর অর্থ বলে দিন এবং তাদের উত্তর দেওয়া থেকে বিরত রাখুন। এবার জোড় গঠন করে দিয়ে প্রশ্নের সাথে উত্তর মেলাতে দিন।
- ১ বা ২ জোড়া শিক্ষার্থীকে সামনে এনে প্রশ্নের উত্তর বলতে এবং অন্যদের সাথে সাথে মিলাতে বলবেন। ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- সব শেষে শিক্ষার্থীদের কাছ থেকে একে একে প্রতিটি প্রশ্নের সঠিক উত্তর শুনুন। শিক্ষার্থীদের সঠিক উচ্চারণের মাধ্যমে উত্তরগুলো উপস্থাপন করতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন। সঠিক উত্তর হলো 1-C, 2-D, 3-B, 4-A
- পুরো নাম, নামের প্রথম অংশ, শেষ অংশ এবং ডাকনাম - এগুলো নিয়ে একটি ball game খেলতে পারেন। প্রথমে একজন শিক্ষার্থীর উদ্দেশ্যে বল ছুড়ে দিন। শিক্ষার্থীকে নিজের পুরো নাম, নামের প্রথম অংশ, শেষ অংশ এবং ডাকনাম বলে বলটি অপর কোনো শিক্ষার্থীর উদ্দেশে ছুড়ে দিতে বলুন। এরপর সে অন্য কারো দিকে ছুড়ে দেবে। বেশ কয়েকজন শিক্ষার্থী অংশগ্রহণ করা পর্যন্ত খেলা চালিয়ে যাবেন। শিক্ষার্থীদেরকে যেভাবে বাক্য বলতে হবে তার কিছু নমুনা বোর্ডে তুলে দেবেন, যেমন- My name is 'Rubina Akther Mita'. First name Rubina, Last name Akther and nickname Mita.
- শিক্ষার্থীদের বুঝিয়ে বলুন যে Activity I এর ছকটি complete করতে তাদের ছোট দলে Activity H এর প্রশ্নোত্তরগুলো করতে হবে।
- Activity I এর টেবিলটি বোর্ডে আঁকুন।
- শিক্ষার্থীদের দলগুলোকে বুঝিয়ে বলুন যে তাদের দলের চার জন সদস্যের full names and nicknames গুলো বইতে লিখতে হবে।
- এক জন শিক্ষার্থীকে সামনে এসে কাজটি করে দেখাতে বলুন। তাকে Activity H-এর প্রশ্নগুলো করুন এবং তার করা উত্তরগুলো chart এ তুলুন।
- Point out that "How do you spell your first name?" is a useful question for last names as well as nicknames, and students need not only use that as part of the second question. (I am not sure what it means….Joy)"
- তাদের বলে দিন যে, যদি কারো নামের প্রথম অংশের বানান জানা থাকে তাহলে আর নতুন করে জানতে চাওয়ার প্রয়োজন নেই। কাউকে তার নামের শেষ অংশের বানান জানতে চেয়ে প্রশ্ন করে দেখান, প্রথম অংশের বানান নয়।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে দিয়ে কাজটি করতে দিন। দলগুলোর কাজ পর্যবেক্ষণ করুন এবং দরকার হলে সহায়তা করুন।
- কয়েকটি দলকে তাদের দলের সদস্যদের full names এবং nicknames উপস্থাপন করতে বলুন।
- দরকার হলে তাদের nickname এবং last name চিহ্নিত করতে সহায়তা করুন। তাদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং সহায়তা করুন।
- শিক্ষার্থীদের কাছে তাদের full names and nicknames জানতে চেয়ে যাচাই করুন।




J. Look, listen and say.

f, f, f, f is for fan.

v, v, v, v is for van.

The fan is on the van.





Vine, vine, vine.

Grapes on a vine.

Fine, fine, fine.

I feel fine!

I like grapes from the vine!



K. Circle the pictures that have the sound f. Underline the pictures that have the sound v.






পিরিয়ড : ৭ পাঠ্যাংশ : J & K

পৃষ্ঠা : ৯

বিষয়বস্তু : (J) Look, listen and say. (K) Circle the pictures that have the sound f. Underline the pictures that have the sound v.

উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, Flash card, পোস্টার পেপারে পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.1.1 recognize sound differences in the context of words.

1.2.1 recognize which syllable in a word is stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.

### শিখন-শেখানো কার্যাবলি

### J: Sound practice.

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা প্রথম ছবিটিতে কী দেখতে পাচ্ছে (fan on a van) এবং তারা fan, van শব্দগুলোর অর্থ জানে কি না। Fan এবং van এর flashcard থাকলে তা কাজে লাগাতে পারেন। না থাকলে এগুলো সহজভাবে বোর্ডে এঁকে দেখাতে পারেন।
- শব্দ দুটিতে যে অন্ত্যমিল রয়েছে তা নির্দেশ করুন। শব্দ দুটিতে ১ম দুটি বর্ণ ভিন্ন অর্থ্যাৎ Sound/ধ্বনি ভিন্ন (f Sound এবং v Sound )। শব্দ দুটিতে ১ম ধ্বনি ছাড়া বাকিটুকুর উচ্চারণ এক। তাই এদুটি শব্দ minimal pair।
- এবার প্রতিটি ছবি নির্দেশ করে শব্দগুলো পড়ুন। শিক্ষার্থীদেরও পড়তে বলুন। Fan এবং van-এর ছবির নিচে যথাক্রমে f এবং v অক্ষর দুটি লিখুন। এবার f এবং v অক্ষর দুটি নির্দেশ করে শুধু এ দুটির ধ্বনি উচ্চারণ করুন।
- শিক্ষার্থীদের বলুন ইংরেজি /f/ ধ্বনি বাংলা /ফ/ ধ্বনির মতো নয়। বাংলা /ফ/ ধ্বনির উচ্চারণে দুই ঠোঁট একসাথে বন্ধ করার পর হঠাৎ ছেড়ে দিতে হয়। ইংরেজি /f/ ধ্বনি উচ্চারণ করতে ওপরের দাঁতগুলো নিচের ঠোঁটের সাথে সংযুক্ত হবার পর হঠাৎ বিযুক্ত হয়। কিন্তু এটি একটি অঘোষ ধ্বনি। অর্থাৎ এই ধ্বনি উচ্চারণে স্বরতন্ত্রী কম্পিত হয় না। ইংরেজি /v/ ধ্বনিও /f/ ধ্বনির মতো। কিন্তু ইংরেজি /v/ ধ্বনি একটি ঘোষ ধ্বনি। অর্থাৎ এই ধ্বনি উচ্চারণে স্বরতন্ত্রী কম্পিত হয়।
- প্রথম ৩ লাইন পড়ুন বা অডিও ফাইল C5U02L7J প্লে করুন। অক্ষরের নাম না বলে শুধু ধ্বনি উচ্চারণ করুন। প্রতিটি লাইন শেষে বিরতি দিন যাতে শিক্ষার্থীরা অনুসরণ করতে পারে। এরপর তাদের প্রথমে একসাথে/দলীয়ভাবে এবং পরে এককভাবে পড়তে দিন। তারা f এবং v এর ধ্বনি উচ্চারণ সঠিকভাবে করতে পারছে কি না তা যাচাই করুন।
- এরপরের ২টি ছবি এবং এর সাথের text-এর বেলায় আগের প্রক্রিয়া অনুসরণ করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা f এবং v দিয়ে আর কোন শব্দ জানে কি না।
- তাদেরকে f এবং v-এর ধ্বনি কেমন তা আর একবার মনে করিয়ে দিন।

### K: Circle the pictures that have the sound f. Underline the pictures that have the sound v.

- শিক্ষার্থীদের f এবং v বর্ণ দিয়ে বিভিন্ন পরিচিত জিনিস খুঁজে বের করতে বলুন (e.g. fan, flower, floor, fruit, vase, veranda, village class five)। তাদের বলা শব্দগুলো বোর্ডে লিখুন এবং f এবং v ধ্বনি যুক্ত কিছু শব্দ বলুন (van, fine, van, fan, fat, vote etc. শব্দগুলো বলবেন)। তাদেরকে নির্দেশ দিন যে তারা f ধ্বনিটি শুনলে এক আঙুল আর v ধ্বনিটি শুনলে দুই আঙুল তুলে ধরবে।

- বলুন যে তাদের এই ধ্বনিগুলো শুধু শব্দের শুরুতেই নয় শেষেও আছে কি না তা খেয়াল করতে হবে।
- এবার তাদের বইয়ের ছবি দেখতে বলুন। তাদের ছবি নির্দেশ করে শব্দগুলো বলতে বলুন। তাদের বুঝিয়ে দিন যে ছবিতে তারা f sound শুনবে সেটিকে ঘিরে বৃত্ত আঁকবে আর যে ছবিতে তারা v sound শুনবে সেটির নিচে দাগ টেনে দেবে। উদাহরণ হিসেবে একটি করে দেখান।
- শিক্ষার্থীদের একে অন্যের বই মিলিয়ে দেখতে বলুন।
- তাদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং সহায়তা করুন।



A. Talk about the picture.



B. Listen and read.

Saikat Islam lives with his parents in a flat in Bogra. His father Mr. Rashidul Islam is a banker. But in his free time Mr. Islam writes stories and listens to music. Saikat's mother is Mrs. Monwara Islam. She is a housewife. In her free time she enjoys sewing. She makes dresses. She often gets orders from her friends and neighbours.

Saikat is in Class 5. He is a good student. He wants to improve his English, so he watches cartoons on TV everyday. He also reads English books. He likes books about animals, especially tigers and lions.

C. Pairwork. Ask and answer the questions.

1 What is Saikat's father's name?
2 What is Saikat's mother's name?
3 What do his parents do in their free time?
4 What does Saikat do in his free time?
5 What kind of books does Saikat like?

## Attainable Competencies (Unit 3) : Students will be able

**Listening:**

1.2 to recognize which syllable in a word is stressed.
1.3 to recognize which words in a sentence are stressed.
1.4 to recognize and use intonation patterns for Wh and Yes/No questions, greetings and statements
3.1 to understand questions asked by the teacher about the students.
3.2 to understand questions about family and friends of students.
3.4 to understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation .
3.1 to ask and answer Wh- and Yes / No questions.
6.1 to say what the speaker is doing and what others are doing.
6.2 to talk about people, objects, events etc.
8.1 to take part in conversations on appropriate topics

**Reading:**

1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6 to recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7 to read paragraphs, dialogues, stories, letters and other texts.
5.1 to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials.

**Writing:**

8.1 to make sentences using words and phrases, following instructions.

**পাঠ বিভাজন :** এই ইউনিটটি পড়তে ৮টি পিরিয়ডের প্রয়োজন হবে।

| | |
|---|---|
| **পিরিয়ড :** ১ **পাঠ্যাংশ :** A&B<br>**পৃষ্ঠা :** ১০ | **বিষয়বস্তু :** (A) Talk about the picture. (B) Listen and read.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপারে পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.2.1 recognize which syllable in a word is stressed.
1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.
3.1.1 understand questions asked by the teacher about them.
3.2.1 understand questions about family and friends of students.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
6.1.1 say what the speaker is doing .
6.1.2 say what others are doing.
6.2.1 talk about people, objects, events, etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

## A. Talk about the picture.

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে বাজিয়ে শোনাবেন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- আগের পাঠ পুনরালোচনার জন্য প্রশ্ন করুনঃ *What title do we use to address a man?, (Mr.) What title do we use to address a married woman?, (Mrs.) How will you address me?, What title we use to address both married and unmarried women?(Ms.).*
- পাঠ্যপুস্তক খুলে পৃষ্ঠা ১০ বের করুন এবং শিক্ষার্থীদের section A এর ছবিটি দেখান। তাদের জোড়ায় ছবিটি নিয়ে আলোচনা করতে বলুন। এরপর কয়েক জোড়া শিক্ষার্থীকে প্রশ্ন করুন তারা ছবিটিতে কাদের দেখতে পাচ্ছে। ছবিটিতে মানুষেরা কে কী করছে তা অনুমান করে বলতে বলুন।
- ছবিটির মানুষদের কর্মকাণ্ড বর্ণনা করে বোর্ডে কিছু বাক্য লিখুন, যেমনঃ The woman is sitting on the sofa. The woman is sewing etc. এরপর শিক্ষার্থীদের বোর্ডে এরকম কিছু বাক্য লিখতে বলুন বা তাদের বলা বাক্যগুলো আপনি বোর্ডে লিখুন।
- এবার ছবির মানুষদের নাম বলুন (Saikat এবং his parents)।

## B. Listen and read.

- শিক্ষার্থীদের বলুন তারা এখন পাঠটি শুনবে। পাঠটি শুনে তারা কয়েকটি প্রশ্নের উত্তর খুঁজে বের করবেঃ
  - What does Saikat's father do?
  - Why does Saikat watch TV?
- ছবির নিচের পাঠটি কণ্ঠস্বরের ওঠানামা ঠিক রেখে, যথাস্থানে জোর দিয়ে এবং সঠিকভাবে উচ্চারণ করে পড়ুন অথবা অডিও ফাইল C5U03L1-2B প্লে করুন এবং শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- এবার শিক্ষার্থীদের আপনার দেয়া প্রশ্নগুলোর উত্তর দিতে বলুন।
- শিক্ষার্থীদের কোনো শব্দের অর্থ অজানা আছে কিনা তা জানুন। কিছু শব্দের অর্থ শিক্ষার্থীরা জানে কি না তা যাচাই করুন, যেমনঃ *parents* (মাতাপিতা), *banker* (ব্যাংকার), *stories* (গল্প), *music* (গান), *housewife* (গৃহবধূ), *sewing*(সেলাই), *clothes*(জামা কাপড়), *improve*(উন্নতি), *animals* (পশু-পাখি)
- এবার শিক্ষার্থীদের পাঠটি জোড়ায় পড়তে বলুন। ঘুরে ঘুরে তাদের পড়া শুনুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- কয়েকজন শিক্ষার্থীকে সামনে এসে পাঠটির বিভিন্ন অংশ ধারাবাহিকভাবে একে একে সরবে পড়তে বলুন।
- শিক্ষার্থীদের নিজে নিজে পাঠটি সরবে পড়তে বলুন।
- পর্যবেক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা পাঠটি সঠিকভাবে বিরতি দিয়ে, যথাস্থানে জোর দিয়ে এবং কণ্ঠস্বরের ওঠানামা ঠিক রেখে পড়তে পারছে কিনা তা যাচাই করুন।
- ঘুরে ঘুরে তাদের পড়া দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- তাদের কিছু প্রশ্ন করুন, যেমনঃ What is Saikat's parents occupation?, What do his parents do in their free time?,What does Saikat do in his free time? এ ধরনের প্রশ্নোত্তর শিক্ষার্থীদের পাঠে অংশগ্রহণ বাড়িয়ে তুলবে, তারা কতটা বুঝেছে এবং তাদের প্রকাশ করার দক্ষতা সম্পর্কে ধারণা পাওয়া যাবে।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt what people do in their free

| পিরিয়ড : ২ পাঠ্যাংশ : C<br>পৃষ্ঠা : ১০ | বিষয়বস্তু : Pairwork. Ask and answer the questions.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4 .1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.

**Reading:**

1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
5.1.1 read silently with understanding paragraph .

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের কী কী মনে আছে তা জানতে চেয়ে Activity B-এর পাঠটি পুনরালোচনা করুন এবং নীরবে পড়তে দিন। তাদের কিছু প্রশ্ন করুন যেমন: "Who is Saikat?, Where does he live?, What is his parents' occupation?
- শিক্ষার্থীদের Activity C-এর প্রতি মনোযোগ দিতে বলুন। প্রথম প্রশ্নটি পড়ে শোনান বা অডিও ফাইল C5U03L1-2C প্লে করুন। যেকোনো একজনকে উত্তর দিতে বলুন। এরপর সে পাঠের কোন অংশে উত্তরটি পেয়েছে তা নির্দেশ করতে বলুন। এবার অন্য প্রশ্নগুলো সরবে পড়ে শোনান কিন্তু উত্তর বলা থেকে বিরত থাকুন। কোনো শব্দ সম্পর্কে তাদের কোনো প্রশ্ন আছে কি না তা জানুন।
- শিক্ষার্থীদের জোড় গঠন করে দিয়ে প্রশ্নোত্তর অনুশীলন করতে বলুন।
- ঘুরে ঘুরে দেখুন তারা ঠিকভাবে প্রশ্নোত্তর করতে পারছে কি না। প্রয়োজনে উচ্চারণ ও ভাষার সমস্যা থাকলে সহায়তা করুন।
- কয়েক জোড়া শিক্ষার্থীকে সামনে এনে তাদের উত্তর যাচাই করুন।
- অন্য শিক্ষার্থীদের উত্তরগুলো সঠিক কিনা তা নিশ্চিত করতে অথবা সঠিক উত্তর দিতে বলুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদেরকে বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about Saikat's family."




**D.** Read and say.

| Name | 6 p.m. | 8 p.m. | 9 p.m. | 10 p.m. | 11 p.m. |
|---|---|---|---|---|---|
| Saikat | study | watch TV | eat dinner | help mum | go to bed |
| Mother | cook | sew | eat dinner | wash dishes | watch TV |
| Father | read | watch TV | eat dinner | help his wife | write |

**E.** Pairwork. Ask and answer questions about the table in Activity D.

*Examples:*

*What does Saikat do at 6 o'clock?* *He studies.*

*Who sews at 8 o'clock?* *Saikat's mother.*

*When does Saikat's father read?* *At 6 o'clock.*

**F.** Pairwork. Answer the questions. Use the present continuous.

*Example:* It's 6 o'clock. What is Saikat's mother doing?
*At 6 o'clock Saikat's mother is cooking.*

1 It's 8 o'clock. What are Saikat and his father doing?
2 It's 11 o'clock. Who is watching TV?
3 It's 10 o'clock. What is Saikat doing?
4 It's 9 o'clock. What are the family doing?

## Language Focus

**G.** *Past continuous*

We use the past continuous to talk about actions happening at a specific time in the past.

**Yesterday** at 7 o'clock, I **was walking** to school.

**Yesterday** at 8 o'clock, my friends and I **were sitting** in our classroom.

| পিরিয়ড : ৩ পাঠ্যাংশ : D & E<br>পৃষ্ঠা : ১১ | বিষয়বস্তু : (D) Read and Say. Pairwork. (E) Ask and answer questions about the table in Activity D.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio. |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.
6.1.2 say what others are doing.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
5.1.1 read silently with understanding paragraph.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- Activity B-এর পাঠটি পুনরালোচনা করতে নিরবে পড়তে দিন এবং প্রয়োজনে কিছু প্রশ্ন করুন যেমন: What does Saikat do in his free time?, What do his parents do in their free time? etc
- শিক্ষার্থীদের Activity D-এর প্রতি মনোযোগ দিতে বলুন। Tableটি সরবে পড়ে শোনান এবং এটি বোর্ডে লিখুন।
- এবার টেবিলটি নীরবে পড়তে বলুন।
- শিক্ষার্থীরা tableটি কীভাবে পড়তে হবে তা বুঝেছে কি না তা যাচাই করতে প্রশ্ন করুন, যেমন: Whom the first row in the table is about? (Saikat), Third rows activities are related with whom? (Saikat's mother)
- শিক্ষার্থীদের বলুন, "Generally from 6.00 p.m. to 11 pm Saikat studies, watches TV, eats dinner, helps mom in cleaning and finally goes to the bed."

**E. Pairwork. Ask and answer questions about the table in Activity D.**

- এক জোড়া শিক্ষার্থীকে বোর্ডের সামনে এনে Activity E-এর প্রশ্নগুলো করুন। প্রশ্নগুলো বোর্ডে তুলুন এবং এগুলোর tense নির্দেশক বৈশিষ্ট্যগুলো বিশেষভাবে চিহ্নিত করুন, যেমন: What <u>does</u> Saikat <u>do</u> at 6 o'clock?, When <u>do</u> Saikat and his family eat dinner?('do' এবং plural subject যুক্ত প্রশ্ন) এরপর does এবং do-এর মধ্যকার পার্থক্যগুলো উল্লেখ করুন।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় পাঠ্যপুস্তকের প্রশ্নোত্তরগুলো এবং এর বাইরের কিছু প্রশ্ন যেমন: *What does Saikat do at 10 o'clock?( He helps his mother., Who cooks dinner at 6 o'clock? (Saikat's mother.), When does Saikat's father write? (At 11 o'clock.) , When do they eat dinner together? (At 9 o'clock.)* অনুশীলন করতে বলুন।
- সকল শিক্ষার্থীর উদ্দেশে প্রশ্ন করে সঠিক উত্তরগুলো যাচাই করুন।
- পর্যবেক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা table থেকে উত্তরগুলো খুঁজে বের করতে পারছে কি না তা যাচাই করুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about Saikat's and his parents evening activities."

| | |
|---|---|
| পিরিয়ড : ৪ পাঠ্যাংশ : F & G<br>পৃষ্ঠা : ১১ | বিষয়বস্তু : (F) Pairwork. Answer the questions. Use the present continuous.<br>(G) Past continuous.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio |

## Learning outcomes : Students will be able to

| | |
|---|---|
| **Listening:** | |
| 1.4.1 | recognize and use intonation patterns for Yes/No and Wh questions. |
| **Speaking:** | |
| 1.1.1 | say words, phrases and sentences with proper sounds and stress. |
| 1.1.2 | say sentences with proper intonation. |
| 3.1.1 | ask and answer Wh questions. |
| 6.1.2 | say what others are doing. |
| **Reading:** | |
| 1.6.1 | recognize and read statements, commands, greetings, questions and answers. |
| 5.1.4 | read silently with understanding personal letters and other texts materials. |

### শিখন-শেখানো কার্যাবলি

**F. Pairwork. Answer the questions. Use the present continuous.**

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- Activity D-এর table থেকে কিছু প্রশ্ন করে আগের পাঠটি পুনরালোচনা করুন।
- শিক্ষার্থীদের Activity F-এর প্রতি মনোযোগ দিতে বলুন। প্রথম প্রশ্নটি পড়ে শোনান বা অডিও প্লে করুন। যে কোনো একজনকে উত্তর দিতে বলুন। এরপর সে পাঠের কোন অংশে উত্তরটি পেয়েছে তা নির্দেশ করতে বলুন।
- বাকি প্রশ্নগুলোর উত্তর শিক্ষার্থীদের জোড়ায় আলোচনা করে বের করতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন।
- Present continuous tense সম্পর্কে ধারণা দিন। তাদের বলুন যে, বর্তমানে কিছু সময় ধরে হচ্ছে এমন কাজ সম্পর্কে বলতে গিয়ে আমরা present continuous tense ব্যবহার করি।
- Present continuous tense-এর আরো কিছু উদাহরণ দিন যেমন: am eating, is washing, are writing, am reading, are helping, is cooking etc.

**G. Past continuous**

- শিক্ষার্থীদেরকে Language Focus: past continuous-এর প্রতি মনোযোগ দিতে বলুন। আমরা কখন past continuous ব্যবহার করি তা বুঝিয়ে বলুন। তাদের বলুন যে, অতীতকালে কিছু সময় ধরে চলমান ছিল এমন কাজ সম্পর্কে বলতে গিয়ে আমরা past continuous tense ব্যবহার করি।
- পাঠ্যপুস্তক থেকে কিছু উদাহরণ বোর্ডে লিখুন, যেমন: "was walking, were sitting, was eating, was cooking, were watching". এরপর তাদের বলুন যে অতীতকাল নির্দেশক শব্দ এবং was/were with the –ing form of the verb ব্যবহার করে past continuous করতে হয়।
- শিক্ষার্থীদের জোড়ায় আলোচনা করে present ও past continuous-এর উদাহরণ বের করতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন।
- একজন শিক্ষার্থীকে জিজ্ঞেস করুন, "*What were you doing at 8 p.m. yesterday evening?*" তাকে past continuous এ উত্তর দিতে বলুন। এভাবে আরও একজনকে প্রশ্ন করুন। এরপর সময় পরিবর্তন করে দুই-একজনকে প্রশ্ন করুন।
- বোর্ডে কয়েকটি সময় লিখুন, যেমন, *7 a.m. today, 3 p.m. last Friday, 6 p.m. yesterday etc.*
- শিক্ষার্থীদের জোড়ায় বোর্ডে লেখা সময়ের উপর ভিত্তি করে প্রশ্ন করতে এবং past continuous past continuous-এ উত্তর দিতে বলুন। যেমন, *What were you doing at 7 a.m today? (I was walking to school.)*
- ঘুরে ঘুরে পর্যবেক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা উদাহরণ বের করতে পারছে কি না তা যাচাই করুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about present and past continuous sentence."

H. Look at the table in Activity D. Ask and answer the questions.

1 What was Saikat doing at 6 o'clock yesterday?
2 Who was reading at 6 o'clock yesterday?
3 What were Saikat and his father doing at 8 o'clock yesterday?
4 Who was helping his mother at 10 o'clock yesterday?
5 Who was watching TV at 10 o'clock yesterday?

I. Pairwork. Talk about what you were doing yesterday. Use the past continuous.

## Language Focus

J. *while with the past continuous*

We sometimes use ***while*** with the past continuous

**Yesterday** at 7 o'clock, **I was walking** to school ***while*** my friends **were riding** in a rickshaw.

**Yesterday** at 8 o'clock, my friends and I **were sitting** in our classroom ***while*** Miss Khan **was teaching**.

K. Look at the table in Activity D. Complete the sentences.

1 Mother was watching TV while Saikat was going to bed.

2 Saikat and his father ______________ while mother was sewing.

3 Father ______________ while mother was watching TV.

4 Father was reading while Saikat ______________.

| | |
|---|---|
| **পিরিয়ড : ৫ পাঠ্যাংশ :** H & I<br>**পৃষ্ঠা : ১২** | **বিষয়বস্তু :** (H) Look at the table in Activity D. Ask and answer the questions. (I) Pairwork. Talk about what you were doing yesterday. Use the past continuous.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.
6.1.2 say what others are doing.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

### শিখন-শেখানো কার্যাবলি

**H. Look at the table in Activity D. Ask and answer the questions.**

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালোচনা করুন। আগের ক্লাসের past-continuous-এর জোড়ায় কাজটি ভিন্ন সময় দিয়ে অনুশীলন করুন। যেমন, *6.00 a.m. today, 11 a.m. yesterday, 9 p.m. last Saturday etc.*
- কয়েকজন শিক্ষর্থীকে সামনে ডেকে নিয়ে present continuous ও past continuous এর বাক্যের উদাহরণ দিতে বলুন। প্রয়োজনে Activity D-এর table থেকে সহায়তা নিতে পারেন। সম্ভব হলে অডিও ফাইল C5U03L5-6H প্লে করতে পারেন।
- শিক্ষার্থীদের Activity D-এর tableটির প্রতি মনোযোগ দিতে বলুন। তাদের table অনুসরণ করে প্রথম প্রশ্নটির উত্তর past-continuous-এ করতে নির্দেশনা দিন। *What was Saikat doing at 6 o'clock yesterday evening?* তারা পাঠটির কোন স্থানে উত্তরটি পেয়েছে তা বলতে বলুন।
- বাকি প্রশ্নগুলোর উত্তর শিক্ষার্থীদেরকে জোড়ায় আলোচনা করে বের করতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন।
- এরপর উল্লেখ করুন যে, সবগুলো প্রশ্নই past continuous sentence। তাদের পুনরায় বুঝিয়ে বলুন, "We use past continuous to talk about actions happening at a specific time in the past."

**I. Pairwork. Talk about what you were doing yesterday. Use the past continuous.**

- শিক্ষার্থীদের নিয়ে জোড় গঠন করুন। গতকাল বিদ্যালয় থেকে বাসায় ফেরার পর তারা কী কী করেছিল তা বলতে বলুন। তাদের yesterday, was/were and the word (verb + ing) ব্যবহার করতে ইঙ্গিত করুন।
- ঘুরে ঘুরে পর্যবেক্ষণের করুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- এক/দুই জোড়া শিক্ষার্থীদের সামনে এনে Conversation টি করে দেখাতে বলুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about present and past continuous sentence."

| পিরিয়ড : ৬ পাঠ্যাংশ : J & K<br>পৃষ্ঠা : ১২ | বিষয়বস্তু : (J) While with past continuous. (K) Look at the chart in Activity D. Complete the sentences.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
6.1.2 say what others are doing.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

**Writing:**

8.1.1 make sentences using words and phrases given in the textbook.

### শিখন-শেখানো কার্যাবলি

### J. While with past continuous

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালোচনা করুন। কয়েকজন শিক্ষর্থীকে সামনে ডেকে নিয়ে তারা গতকাল একটি নির্দিষ্ট সময়ে কী করছিল সে সম্পর্কে বলতে বলুন।
- শিক্ষার্থীদের পৃষ্ঠা ১২ Activity J-এর প্রতি মনোযোগ দিতে বলুন।
- পাঠটি সরবে পড়ুন এবং তাদেরকে অনুসরণ করে পড়তে বলুন।
- Language Focus-এর bold word শব্দগুলো বোর্ডে তুলুন। এবার বুঝিয়ে বলুন যে, past continuous-এ একই সাথে দুটি কাজ হচ্ছে এমনটি নির্দেশ করতে while ব্যবহার করা হয়। বিষয়টি স্পষ্ট করতে দুইজন শিক্ষার্থীকে সামনে ডেকে নিন। এবার তাদের একজনকে দাঁড়িয়ে থাকতে এবং অপরজনকে তার নিজের জায়গায় দিকে দৌড়ে যেতে বলুন। এরপর দুইজনকে নিজেদের জায়গায় গিয়ে বসতে বলুন। এতক্ষণ তারা দুইজন যা করেছে সে সম্পর্কে ইংরেজিতে বলুন - "Mita was standing while Sobuz was running." প্রয়োজনে বাংলায় ব্যাখ্যা করুন।
- শিক্ষার্থীদের জোড়ায় এরকম কিছু উদাহরণ তৈরি করতে বলুন এবং সহায়তা করুন।

### K. Look at the chart in Activity D. Complete the sentences.

- শিক্ষার্থীদেরকে Activity K-এর কাজটি করার জন্য Activity D-এর প্রতি মনোযোগ দিতে বলুন।
- পাঠের উদাহরণগুলো বুঝিয়ে বলুন।
- শিক্ষার্থীদের জোড়ায় আলোচনা করে বাক্যগুলো মুখে মুখে সম্পূর্ণ করতে বলুন।
- এবার তাদের textbook-এর কাজটি করতে বলুন।
- ঘুরে ঘুরে তাদের সহায়তা করুন। উত্তর: 2-were watching TV, 3-was writing, 4-was studying.
- তাদের জুটির সাথে খাতা বিনিময় করে উত্তরগুলো যাচাই করতে বলুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about the use of while and past continuous sentence."




L. Look, listen and say.



s, s, s, s is for Sue.

z, z, z, z is for zoo.

sh, sh, sh, sh is for shoe.

Sue is at the zoo, but she's got only one shoe!

Silly Sue has lost her shoe! What is she going to do?

M. Look, listen and say.

sz, sz, sz, sz as in treasure.

sz, sz, sz, sz as in measure.

sz, sz, sz, sz as in leisure.

Measure, measure, measure.

Treasure, treasure, treasure.

Measure your treasure in

your leisure.



N. Circle the pictures that have the sound s. Underline the pictures that have the sound sh. Do nothing to the pictures that have the sound z.


















| পিরিয়ড : ৭ পাঠ্যাংশ : L<br>পৃষ্ঠা : ১৩ | বিষয়বস্তু : Look, listen and say.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, Flash card, পোস্টার পেপারে পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.1.1 recognize sound differences in the context of words.
1.2.1 recognize which syllable in a word is stressed.
1.3.1 recognize which words in a sentence are stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- Activity L-এর ছবিটি তাদের দেখতে বলুন। তাদের ছবি দেখিয়ে প্রশ্ন করুন তারা এতে কী কী দেখতে পাচ্ছে (zebra, zoo, and shoe)। তাদের ছবি সম্পর্কে বলতে উৎসাহিত করুন এবং তারা shoe, zoo এর অর্থ জানে কি না তা শুনুন। ছবির মেয়েটির দিকে নির্দেশ করে বলুন যে মেয়েটি Sue.
- উল্লেখ করুন যে shoe, zoo and Sue গুলোর মধ্যে অন্ত্যমিল আছে। প্রথম স্বরটি ছাড়া এদের বাকি sound এক। Shoe, zoo এর flashcard থাকলে সেগুলো ব্যবহার করতে পারেন। না থাকলে বোর্ডে সহজভাবে আঁকুন। এবার ছবিগুলো নির্দেশ করে শব্দগুলো বলুন এবং শিক্ষার্থীদের বলতে বলুন। Sue শব্দটির নীচে 's', shoe শব্দটির নিচে 'sh' এবং zoo শব্দটির নিচে 'z' লিখুন।
- প্রতিটি অক্ষর নির্দেশ করে শুধু এগুলোর sound উচ্চারণ করুন।
- প্রথম ৩ লাইন পড়ুন বা অডিও ফাইল C5U03L7-8L প্লে করুন। অক্ষরের নাম না বলে শুধু sound উচ্চারণ করুন। প্রতিটি লাইন শেষে বিরতি দিন যাতে শিক্ষার্থীরা অনুসরণ করতে পারে। এরপর তাদের প্রথমে একসাথে এবং পরে এককভাবে পড়তে দিন। তারা 's', 'sh' এবং 'z' এর উচ্চারণ সঠিকভাবে করতে পারছে কি না তা যাচাই করুন।
- পাঠটির পরবর্তী দুই লাইনের বেলায় একই উপায় অনুসরণ করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা 's' , 'sh' এবং 'z' দিয়ে আর কোনো শব্দ জানে কি না। তারা না পারলে কিছু উদাহরণ দিন , যেমন: sea, sun, shop, shirt , zebra.
- এবারে শিক্ষার্থীদের সাথে 's', 'sh' এবং 'z' এর উচ্চারণ কেমন তা নিয়ে বিশদভাবে আলোচনা করুন।
- শিক্ষার্থীদের বলুন ইংরেজি /s/ ধ্বনির মতোই। জিহ্বার আগা দুই দাঁতের মাঝে রেখে আস্তে আস্তে বাতাস বের করলে এই ধ্বনি পাওয়া যায়, যা অনেকটা সাপের হিস হিস.... শব্দ করার মতো। শিক্ষক নিজে তাঁর ডান হাতখানা সাপের ফনার মতো করে দেখিয়ে এই শব্দ করবেন এবং শিক্ষার্থীদের তা করতে বলবেন - যেমন: hiss .......... hiss ......... hiss. s s s, s is for Sue. /s/ একটি অঘোষ ধ্বনি।
- অন্যদিক /z/ ধ্বনি একইভাবে উচ্চারিত হয়, কিন্তু এটি একটি ঘোষ ধ্বনি। s s s এই অঘোষ ধ্বনিটি কিভাবে স্বরতন্ত্রী কম্পিত হয়ে z z z ধ্বনিতে রূপান্তরিত হয় তা একটি মৌমাছির গুঞ্জন ধ্বনি করে বোঝানো যায়। s.... s.... s.... z.... z.... z.
- আবার /s/ = sh, এই ধ্বনি shoe বা sugar শব্দের প্রথম ধ্বনি। এই ধ্বনি উচ্চারণে জিহ্বা কিছুটা শক্ত

তালুর দিকে যায় এবং বাতাস জিহ্বার পাশ দিয়ে বের হয়ে যায়। তবে এটি অঘোষ ধ্বনি। অন্যদিক /z/ ধ্বনিটি একইভাবে উচ্চারিত হয়, তবে এটি একটি ঘোষ ধ্বনি। pleasure, treasure, measure প্রভৃতি শব্দের s বর্ণে এই ধ্বনিটি আছে।

- শিক্ষক শব্দ ও বাক্যগুলো ধীরে ধীরে ছন্দ মিলিয়ে পড়বেন, শিক্ষার্থীরাও তাই করবে। পড়ার সময় ইংরেজি /s/ ও /z/ ধ্বনির উচ্চারণের দিকে খেয়াল রাখবেন, শিক্ষার্থীরাও যাতে সঠিকভাবে এই ধ্বনিগুলো উচ্চারণ করতে পারে সেদিকে খেয়াল রাখবেন। তেমনিভাবে /s/ ও /z/ ধ্বনিগুলো শিক্ষার্থীরাও যাতে সঠিকভাবে উচ্চারণ করতে পারে সেদিকে লক্ষ্য করবেন।
- শিক্ষার্থীদের Activity L নিজেদের পড়তে বলুন। তারা পাঠটি সঠিকভাবে বিরতি দিয়ে, যথাস্থানে জোর দিয়ে এবং কণ্ঠস্বরের ওঠানামা ঠিক রেখে পড়তে পারছে কি না তা ঘুরে ঘুরে যাচাই করুন। প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "the proper pronunciation of 's', 'sh', and 'z'."

| | |
|---|---|
| **পিরিয়ড : ৮ পাঠ্যাংশ :** M & N<br>**পৃষ্ঠা : ১৩** | **বিষয়বস্তু :** (M) Look, listen and say. (N) Circle the pictures that have the sound s. Underline the pictures that have the sound sh. Do nothing to the pictures that have thesound z .<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, Flash card, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.1.1 recognize sound differences in the context of words.
1.2.1 recognize which syllable in a word is stressed.
1.3.1 recognize which words in a sentence are stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.

### শিখন-শেখানো কার্যাবলি

### M. Look, listen and say.

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- ছবির প্রতি নির্দেশ করে নতুন কিছু শব্দের সাথে - treasure, measure and leisure পরিচিত করুন। শিক্ষার্থীদের আপনার মতো করে শব্দগুলো উচ্চারণ করতে বলুন।
- দ্বিতীয় ৩ লাইন পড়ে অথবা অডিও ফাইল C5U03L7-8M প্লে করুন। অক্ষরের নাম না বলে শুধু এগুলোর উচ্চারণ (sound) করুন। প্রতিটি লাইন শেষে থামুন যাতে শিক্ষার্থীরা অনুসরণ করতে পারে। এরপর তাদেরকে প্রথমে সকলকে একসাথে এবং পরে এককভাবে পড়তে বলুন। লক্ষ করুন তারা treasure, measure and leisure শব্দ ৩ টি ঠিকভাবে উচ্চারণ করতে পারছে কি না। তাদের দ্বিতীয় ৩ লাইন পড়তে বলুন। পর্যবেক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা পাঠটি সঠিকভাবে বিরতি দিয়ে, যথাস্থানে

জোর দিয়ে এবং কণ্ঠস্বরের ওঠানামা ঠিক রেখে পড়তে পারছে কি না তা যাচাই করুন। প্রয়োজনে সহায়তা করুন।

**N. Circle the pictures that have the sound s. Underline the pictures that have the sound sh. Do nothing to the pictures that have the sound z.**

- এবার তাদের বইয়ের ছবিগুলো দেখতে বলুন। তাদের ছবি দেখে শব্দগুলো বলতে বলুন। তাদের বুঝিয়ে দিন, যে ছবিতে তারা 's' sound শুনবে সেটিকে ঘিরে বৃত্ত আঁকবে আর যে ছবিতে তারা 'sh' sound শুনবে সেটির নীচে দাগ টেনে দেবে। উদাহরণ হিসেবে একটি করে দেখান।
- শিক্ষার্থীদের একে অন্যের সাথে বই মিলিয়ে দেখতে বলুন। সম্ভব হলে, অডিও ফাইল C5U03L7-8N প্লে করুন।
- তাদের কাজ ঘুরে ঘুরে দেখুন এবং সহায়তা করুন।
- সময় থাকলে শিক্ষার্থীদের নিয়ে নিচের খেলাটি খেলতে পারেন:
  খেলা: শিক্ষার্থীদের বলুন 's', 'sh', and 'z' দিয়ে একটি করে শব্দ বলতে বলুন। প্রয়োজনে তারা পাঠ্যপুস্তকের সাহায্য নিতে পারে। তাদের বলা শব্দগুলো বোর্ডে লিখুন। শিক্ষার্থীদের বলুন বোর্ডে লেখা শব্দগুলো থেকে যেকোনো ৬টি শব্দ খাতায় লিখতে। এরপর শিক্ষার্থীরা পালা করে একটি করে শব্দ বলবে, অন্য কোনো শিক্ষার্থী একই শব্দ লিখে থাকলে তা কেটে দেবে।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "the proper pronunciation of's', 'sh', and 'z'."






**A.** Read and say.



| | |
|---|---|
| Tamal: | Hi, my friend! Nasreen and I are reporters for the English Club Magazine. Would you mind answering some questions? |
| Sima: | Sure. No problem. It's my pleasure. |
| Tamal: | Could you tell me your name and which class you are in? |
| Sima: | I'm Sima. I'm in Class 5. |
| Tamal: | How do you spend your leisure time, Sima? |
| Sima: | Well, I like to walk in the park. I also like to sing. My cousin lives in the UK. Sometimes, I talk to her and her friends on the internet. |
| Nasreen: | So, talking on the internet keeps you connected. |
| Sima: | That's right. |
| Tamal: | (to Biju) Hello! Can I ask you the same questions? |
| Biju: | My name's Biju and I'm in Class 5, too. I love swimming. It keeps me fit. I also like painting. I'm not very good, but painting makes me happy. |
| Tamal: | What about reading? Do either of you like reading? |
| Biju: | I do. I often read magazines in my free time. I like magazines about sports, especially football and cricket. |
| Sima: | Oh, I like to read, too. I love reading funny stories, especially stories of Nasiruddin Hojja. |

## Attainable Competencies (Unit 4) : Students will be able

**Listening:**

1.1 to recognize sound differences in the context of words.
1.2 to recognize which syllable in a word is stressed.
1.3 to recognize which words in a sentence are stressed.
1.4 to recognize and use intonation patterns for Wh and Yes/No questions, greetings and statements
2.3 to comply with requests. e.g. Can you….? Could/Would you…..?
3.1 to understand questions asked by the teacher about the students.
3.2 to understand questions about family and friends of students.

**Speaking:**

1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation .
3.1 to ask and answer Wh- and Yes / No questions.
6.1 to say what the speaker is doing and what others are doing.
6.2 to talk about people, objects, events, etc.
7.2 to make requests and to respond. Giving short answers Could you…? Yes, sure. No, Sorry, thanks. You are welcome. No problem. That's ok, etc.
8.1 to take part in conversations on appropriate topics

**Reading:**

1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6 to recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7 to read paragraphs, dialogues, stories, letters and other texts.
5.1 to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials.
6.1 to read instructions and carry them out.

**Writing:**

8.1 to make sentences using words and phrases, following instructions.

**পাঠ বিভাজন :** এই ইউনিটটি পড়তে ৭টি পিরিয়ডের প্রয়োজন হবে।

| | |
|---|---|
| **পিরিয়ড :** ১ **পাঠ্যাংশ :** A (প্রথম ১২ লাইন)<br>**পৃষ্ঠা :** ১৪ | **বিষয়বস্তু :** Read and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 Recognize which words in a sentence are stressed.
1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.
2.3.1 comply with requests.
3.2.1 understand questions about family and friends of students.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে বাজিয়ে শোনাবেন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- পূর্বের পাঠ পুনরালোচনার জন্য প্রশ্ন করুন, যেমন: *What do you do in your free time? When do you come to school? What were you doing yesterday evening? What was your mother doing while you were studying last evening?*
- একজন শিক্ষার্থীকে সামনে ডাকুন। তাকে কানে কানে বলুন swimming মূকাভিনয় করে দেখাতে। অন্যরা তাকে দেখে বলবে সে কী করছে। এভাবে আরও কয়েকজন শিক্ষার্থীকে সামনে ডেকে *reading, drawing, singing, listening to music* and *using the internet* মূকাভিনয় করে দেখাতে বলুন।
- পাঠ্যপুস্তক খুলে পৃষ্ঠা ১৪ বের করুন এবং শিক্ষার্থীদের section A-এর ছবিটি দেখান। তাদের প্রশ্ন করুন তারা ছবিটিতে কাদের দেখতে পাচ্ছে। তাদের কাছ থেকে আগের পরিচিত মানুষদের নাম জানুন (Tamal এবং Sima)।
- Dialogueটি পড়ে শোনান/ অডিও ফাইল C5U04L1-2A প্লে করুন, সাথে সাথে শিক্ষার্থীদের বই মেলাতে বলুন (first 12 lines stop before Nasreen's dialogue)। প্রথম বার কোথাও থামবেন না। এরপর পুনরায় dialogueটি পড়ে শোনান/অডিও প্লে করুন। এক্ষেত্রে প্রতিটি উক্তির পর থামবেন যাতে শিক্ষার্থীরা তাল ঠিক রাখতে পারে।
- শিক্ষার্থীদের কোনো শব্দের অর্থ অজানা আছে কি না তা প্রশ্ন করে জানুন। তারা বিভিন্ন শব্দের যেমন reporters (প্রতিবেদক, সংবাদদাতা), mind (কিছু মনে করা) problem ( সমস্যা), pleasure ( আনন্দ), leisure time (অবসর সময়), cousin (চাচাতো/মামাতো/খালাতো ভাই বা বোন), UK (United Kingdom; যুক্তরাজ্য), and internet (ইন্টারনেট) অর্থ জানে কি না তা যাচাই করুন। প্রয়োজনে বাংলা অর্থ বলুন।
- Dialogueটি একবার থেমে থেমে পড়ে শোনান/অডিও প্লে করুন যাতে শিক্ষার্থীরা অনুসরণ করে পড়তে পারে। এরপর শিক্ষার্থীদের সরবে পড়তে দিন। প্রয়োজনে সাহায্য করুন। শিক্ষার্থীরা কী বুঝেছে তা যাচাইয়ের জন্য dialogueটি থেকে কিছু প্রশ্ন করতে পারেন তবে এ পর্যায়ে Activity B অংশ থেকে প্রশ্ন করা থেকে বিরত থাকুন, যেমন: In which class do Sima and Biju read? (*Class 5*) Where does Sima's cousin live? (*in the UK*)
- তারা dialogueটির মূল কথাগুলো বুঝতে পেরেছে কি না তা সহজ কিছু প্রশ্ন করে জানুন। Tamal এবং Nasreen English Club Magazine এর সাংবাদিক। এবার বোর্ডে "Would you and Biju mind answering some questions?" প্রশ্নটি লিখুন এবং শিক্ষার্থীদের তাদের পাঠ্যপুস্তকে প্রশ্নবোধক বাক্যটির নিচে দাগ টানতে বলুন। এর মাধ্যমে তারা পাঠের মূল কথাটি জানতে পারবে। সংবাদ সংগ্রহের প্রয়োজনে তারা Sima এবং Biju-কে কিছু প্রশ্ন করবে যদি তাদের কোনো আপত্তি না থাকে। Sima এবং Biju সানন্দে রাজি হয়। Tamal তাদের প্রশ্ন করে - Which class they are now and how do they spend their leisure time? তার জবাবে Sima বলে She likes to walk in the park and meet people of other countries.
- কয়েক জোড়া শিক্ষার্থীকে সামনে এসে dialogueটি অভিনয় করে দেখাতে বলুন।

- শিক্ষার্থীদের ৪ জনের ছোট দলে অনুশীলন করতে বলুন।
- ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন এবং তাদের সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন, "We've learnt how to take permission to ask questions."
  শিক্ষার্থীদের প্রশ্ন করুন, "What phrase the reporters used to ask Sima and Biju their permission to interview them?"

| | |
|---|---|
| **পিরিয়ড :** ২ **পাঠ্যাংশ :** A (অবশিষ্ট অংশ)<br>**পৃষ্ঠা :** ১৪ | **বিষয়বস্তু :** Read and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.
2.3.1 comply with requests.
3.2.1 understand questions about family and friends of students.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে বাজিয়ে শোনাবেন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- আগের পাঠ পুনরালোচনার জন্য প্রশ্ন করুন, যেমনঃ Who are in the picture/dialogue (in Page 14 section A)? What are they doing? এরপর Do you mind if… প্রশ্নটি করুন। শিক্ষার্থীদের উত্তর শুনুন, যেমন, "Do you mind if I ask you some questions about your day yesterday?"
- পাঠ্যপুস্তক খুলে পৃষ্ঠা ১৪ বের করুন। Dialogueটি পড়ে শুনান/অডিও ফাইল C5U04L1-2A প্লে করুন, সাথে সাথে শিক্ষার্থীদের বই মেলাতে বলুন (start from Nasreen's dialogue)। প্রথম বার কোথাও থামবেন না। এরপর পুনরায় dialogueটি পড়ে শোনান/অডিও প্লে করুন। এক্ষেত্রে প্রতিটি উক্তির পর থামবেন যাতে শিক্ষার্থীরা তাল ঠিক রাখতে পারে।

- শিক্ষার্থীদের কোনো শব্দের অর্থ অজানা আছে কিনা তা প্রশ্ন করে জানুন। তারা বিভিন্ন শব্দের যেমন connected (সংযুক্ত) swimming (সাঁতার কাটা), fit ( উপযুক্ত/মানানসই), painting/ drawing (ছবি আঁকা), singing (গান গাওয়া), sports (খেলাধুলা), music (গান বাজনা) অর্থ জানে কি না তাদের কাছ থেকে প্রথমে জানুন। অভিনয় করে swimming, painting, drawing, singing শব্দগুলোর অর্থের প্রতি ইঙ্গিত করুন। প্রয়োজনে বাংলা অর্থ বলুন।
- Dialogueটি একবার থেমে থেমে পড়ে শোনান/অডিও প্লে করুন যাতে শিক্ষার্থীরা অনুসরণ করে পড়তে পারে। এরপর তাদের সরবে পড়তে দিন। প্রয়োজনে সাহায্য করুন। শিক্ষার্থীরা পাঠটি কেমন বুঝেছে তা যাচাইয়ের জন্য dialogueটি থেকে কিছু প্রশ্ন করতে পারেন, তবে এ পর্যায়ে Activity B অংশ থেকে প্রশ্ন করা থেকে বিরত থাকুন, যেমনঃ Why does Biju like to swim? Who likes sports? Who always does reading for school?
- Dialogueটির মূল কথাটি বুঝিয়ে বলুন। নাসরিন বলে যে, ইন্টারনেট আমাদের সকলের সাথে যুক্ত রাখে। বিজু ম্যাগাজিন পড়তে পছন্দ করে। ইংলিশ ফুটবল তার বিশেষ পছন্দ। যদিও সীমা সব রকম পড়ার গুরুত্ব সম্পর্কে জানে সে শুধুই স্কুলের পড়া করে। সে আঁকতে, গান গাইতে বা গান শুনতে পছন্দ করে। (Nasreen says that internet keeps us connected. Biju likes reading magazine. Biju especially likes English football. But Sima only reads for school though she knows that reading is very important. She likes drawing, singing or listening to music.)
- চারজন শিক্ষার্থী সামনে এসে dialogueটি অভিনয় করে দেখাতে বলুন।
- শিক্ষার্থীদের ৪ জনের ছোট দলে অনুশীলন করতে বলুন।
- ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন এবং তাদেরকে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন, “We’ve learnt how people spend their leisure/ free time”

**B.** Pairwork. Ask and answer the questions.



1 Who are the reporters?
2 Which magazine are they reporting for?
3 Who are answering the reporters' questions?
4 What does Sima do in her leisure time?
5 What does Biju do in his leisure time?
6 What kind of magazines does Biju like? Why?
7 What is another way to say leisure time?

**C.** Complete the sentences.

*Example:* *My sister reads in her free time.*
*It makes her happy.*

1 I run in my free time. It keeps me fit.

2 I paint in my free time. ____ gives ____ pleasure.

3 I talk to my family in other countries in my free time. ____ keeps ____ connected.

4 I listen to music in my free time. ____ makes ____ happy.

5 My grandmother exercises in her free time. ____ keeps ____ healthy.

6 My father writes poetry in his free time. ____ gives ____ pleasure.

**D.** Pairwork. Say what you do in your free time and why you do it.

*Example:* *I sing in my free time. It makes me happy.*

| পিরিয়ড : ৩ পাঠ্যাংশ : B<br>পৃষ্ঠা : ১৫ | বিষয়বস্তু : Pairwork. Ask and answer the questions.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.

**Speaking:**

1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.

**Reading:**

1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
5.1.3 read silently with understanding dialogues.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- Activity A-এর পাঠটি নিয়ে পুনরালোচনা করার জন্য শিক্ষার্থীদের Tamal, Sima, Biju এবং Nasreen-এর মধ্যেকার dialogue টি থেকে কী কী মনে আছে তা প্রশ্ন করে জানুন, যেমন: How does Sima spend her free time?, Who lives in the UK? , How does internet help us? etc.
- Activity A-এর পাঠটি নীরবে পড়তে বলুন।
- এবার Activity B-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। প্রথম প্রশ্নটি সরবে পড়ে শোনান বা অডিও ফাইল C5U04L3-4B প্লে করুন। কোনো একজন শিক্ষার্থীকে প্রশ্নটির উত্তর দিতে বলুন। তাকে পাঠটির কোন অংশে উত্তরটি খুঁজে পেল তা নির্দেশ করতে বলুন। এরপর বাকি প্রশ্নগুলোও সরবে পড়ুন, কিন্তু এগুলোর উত্তর বলবেন না। এরপর তাদের প্রশ্নগুলোর উত্তর দিতে উৎসাহিত করুন।
- এখানে তাদের কোনো শব্দ নিয়ে কিছু জানার বা কোনো প্রশ্ন আছে কি না তা জানুন।
- প্রশ্নের উত্তর করার জন্য শিক্ষার্থীদের নিয়ে জোড় গঠন করুন।
- ঘুরে ঘুরে দেখবেন তারা প্রশ্নোত্তর স্বরের ওঠানামা করে করছে কি না। উচ্চারণ ও ভাষার ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা করুন।
- কয়েক জোড়া শিক্ষার্থীকে যেকোনো একটি প্রশ্ন করে সঠিক উত্তর করতে পারছে কি না তা যাচাই করুন। এরপর অন্যদের কাছ থেকে সঠিক উত্তর নিশ্চিত করুন বা তাদের সঠিক উত্তরটি দিতে বলুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about spending leisure time."

| পিরিয়ড : ৪ পাঠ্যাংশ : C&D<br>পৃষ্ঠা : ১৫ | বিষয়বস্তু : (C) Complete the sentences. (D) Pairwork. Say what you do in your free time and why you do it.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio |
|---|---|

## Learning outcomes : Students will be able to

| Listening: | |
| --- | --- |
| 1.3.1 | recognize which words in a sentence are stressed. |
| 1.4.1 | recognize and use intonation patterns for Yes/No and Wh questions. |
| 3.1.1 | understand questions asked by the teacher about them. |
| 3.2.1 | understand questions about family and friends of students. |
| **Speaking:** | |
| 1.1.1 | say words, phrases and sentences with proper sounds and stress. |
| 1.1.2 | say sentences with proper intonation. |
| 8.1.1 | take part in conversations on appropriate topics. |
| **Reading:** | |
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| **Writing:** | |
| 8.1.1 | make sentences using words and phrases given in the textbook. |

## শিখন-শেখানো কার্যাবলি

### C. Complete the sentences.

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের কিছু প্রশ্ন করে Activity A-এর পাঠটি পুনরালোচনা করুন, যেমনঃ *Who are the reporters? What does Sima do in her leisure time? What is another way to say leisure time?*
- এবার Activity C-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। প্রথম বাক্যটি সরবে পড়ে শোনান এবং বোর্ডে লিখুন। এবার বাক্যটি ভালোভাবে বুঝান। বাক্যগুলোতে অবসর সময় আনন্দ করে কাটানোর যেমন- ছবি আঁকা, গান শোনার কথা বলা আছে।
- পাঠের উদাহরণটি থেকে বুঝিয়ে বলুন।
- পাঠ্যপুস্তকের প্রতিটি বাক্যের প্রতি নির্দেশ করুন এবং শিক্ষার্থীদের শূন্যস্থানে বসবে এমন শব্দগুলো বলতে বলুন।
- শিক্ষার্থীদের জোড়া গঠন করে দিন এবং বাক্যগুলো মৌখিকভাবে সম্পূর্ণ করতে বলুন।
- এবার তাদের পাঠ্যপুস্তকে বা খাতায় লিখিত কাজটি শেষ করতে বলুন।
- ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে বাক্যগুলো সম্পূর্ণ করতে সহায়তা করুন।
- কয়েকজন শিক্ষার্থীর কাছ থেকে সঠিক উত্তর জানুন। সঠিক উত্তর হলো 2-it, me, 3-it, me, 4-it, me.

### D. Pairwork. Say what you do in your free time and why you do it.

- কয়েকজন শিক্ষার্থীকে সামনে ডেকে তারা অবসর সময়ে কী করে তেমন একটি কাজ মূকাভিনয় করে দেখাতে বলুন। অন্যরা অভিনয় দেখে কাজটি অনুমান করে বলবে। এভাবে শিক্ষার্থীরা ছোট দলে মূকাভিনয় করবে।
- আরও কয়েকজন শিক্ষার্থীদের প্রশ্ন করুন- What they do in their leisure time?। তাদের উত্তর দিতে উৎসাহিত করুন।
- শিক্ষার্থীদের জোড়ায় বসে What do they do in their leisure time?, Why do they do it? - প্রশ্নগুলো ও এর উত্তর নিয়ে আলোচনা করতে বলুন।
- ঘুরে ঘুরে দেখবেন তারা প্রশ্নোত্তর করছে কি না। তাদের শব্দ, উচ্চারণ ও ভাষার ক্ষেত্রে প্রয়োজনে সহায়তা করুন।
- কয়েকজন শিক্ষার্থীকে প্রশ্ন করুন- Which character from the dialogue is most like them and why. Or, which character is the least like them and why. এ ধরনের ব্যক্তিগত প্রশ্ন তাদের বিষয়টি নিয়ে কথা বলতে আগ্রহী করে তুলবে।

E. Look, listen and say.



fashion



travel



health



business



sports



wildlife

F. Complete the sentences with words from Activity E.

1 A magazine about sports is a ___sports magazine___.

2 A magazine about clothes is a ______________________.

3 A magazine about money and banking is a______________ ______________.

4 A magazine about animals is a ______________________.

5 A magazine about going on holiday or going to other cities or countries is a ______________________.

6 A magazine about keeping fit and healthy is a ______________ ______________.

G. Pairwork. Talk about magazines that you like. If you don't read magazines, talk about the topics you are interested in.

*Examples:* I like sports magazines.
I love cricket and kabadi!

| | |
|---|---|
| **পিরিয়ড : ৫ পাঠ্যাংশ :** E, F & G<br>**পৃষ্ঠা : ১৬** | **বিষয়বস্তু :** (E) Look, listen and say. (F) Complete the sentences with words from Activity E. (G) Pairwork. Talk about magazines that you like. If you don't read magazines, talk about the topics you are interested in.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি, Flash card |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.2.1 recognize which syllable in a word is stressed.
1.3.1 recognize which words in a sentence are stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.
6.1.2 say what others are doing.
6.2.1 talk about people, objects, events, etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
6.1.1 read instructions and carry them out.

**Writing:**

8.1.1 make sentences using words and phrases given in the textbook.

### শিখন-শেখানো কার্যাবলি

**E. Look, listen and say.**

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালোচনা করতে প্রশ্ন করুন: What you do in your free time and why you do it?
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ছবিগুলো দেখতে বলুন অথবা flash card থাকলে প্রদর্শন করুন। তাদের ছবিগুলোর প্রতি নির্দেশ করে শব্দগুলো বলতে বলুন।
- কিছু magazine প্রদর্শন করে সেগুলো নিয়ে আলোচনা করুন। শিক্ষার্থীদের পছন্দের magazine সম্পর্কে জানুন।
- শিক্ষার্থীদের কোনো শব্দের অর্থ অজানা আছে কি না তা প্রশ্ন করে জানুন। তারা বিভিন্ন শব্দের যেমন: *fashion* (ফ্যাশন, চল/ধারা, চলিত ধারা), *travel* (ভ্রমণ), health (স্বাস্থ্য), *business* (ব্যবসা), sports (খেলাধুলা), wildlife (বন্যপ্রাণী) অর্থ জানে কি না তা যাচাই করুন। প্রয়োজনে বাংলা অর্থ বলুন।
- শব্দ বা ছবিগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করুন। সম্ভব হলে, অডিও ফাইল C5U04L5E প্লে করুন। বলুন যে *fashion* বলতে মানুষের পোশাক-পরিচ্ছদের ধরন, চুলের কায়দা, সাজ-গোজ ইত্যাদিকে বুঝায়। এরপর *Travel*-এর মানে হলো কোনো এক স্থান থেকে দূরের কোনো স্থানে পায়ে হেঁটে, সাইকেলে চেপে,

মোটরগাড়িতে, ট্রেনে, নৌকাযোগে, উড়োজাহাজে চেপে অথবা অন্য কোনো উপায়ে যাওয়া। *Health* কথাটির মানে হলো মানুষের শারীরিক ও মানসিক অবস্থা। আর *Business*-এর মানে হলো অর্থের বিনিময়ে পণ্য বা সেবা বিক্রয় করে।

- *Sports* বিষয়টি প্রতিযোগিতা এবং জয়লাভের সাথে সম্পর্কিত। *Wildlife*-এর দ্বারা জল এবং স্থলে বসবাসরত সকল প্রাণী ও উদ্ভিদকুলকে বুঝানো হয়।

**F. Complete the sentences with words from Activity E.**

- শিক্ষার্থীদের Activity F-এ মনোযোগ দিতে বলুন। প্রথম বাক্যটি সরবে পড়ুন এবং বোর্ডে লিখুন। বাক্যটি বুঝিয়ে বলুন।
- তাদের বলুন যে, মানুষের বিভিন্ন বিষয়ে আগ্রহের কথা বিবেচনা করে নানা ধরনের magazine প্রকাশিত হয়ে বাজারে আসে। এখানে সবগুলো বাক্যই magazine সম্পর্কিত। তাদের Activity E-এর কথা স্মরণ করতে বলুন।
- এবার প্রতিটি বাক্যের প্রতি নির্দেশ করে তাদের শূন্যস্থান পূরণের জন্য শব্দ বলতে বলুন।
- শিক্ষার্থীদের জোড়া গঠন করে দিয়ে তাদের পাঠ্যপুস্তক বা খাতায় activityটি করতে বলুন। ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- কয়েক জোড়া শিক্ষার্থীর কাছ থেকে সঠিক উত্তর জানুন। অন্যদের সঠিক উত্তরগুলো মিলিয়ে নিতে বলুন। সঠিক উত্তর হলো 1-sports magazine, 2-fashion magazine, 3 - business magazine, 4- wildlife magazine, 5- travel magazine, 6- health magazine.

**G. Pairwork. Talk about magazines that you like. If you don’t readmagazines, talk about the topics you are interested in.**

- শিক্ষার্থীদের জোড়া গঠন করে দিয়ে তাদের সর্বাপেক্ষা প্রিয় magazine টি সম্পর্কে বলতে বলুন। যেমন- the name of the magazine, the kind of magazine it is and why they like it (e.g. I like fashion, I like clothes or I can sew.)
- যে কখনোও magazine পড়ে নি সে নিজের কোনো একটি প্রিয় বিষয় যেমন cricket, football, TV show, favorite player/actor actress নিয়ে কথা বলবে।
- শিক্ষার্থীরা তাদের প্রিয় বিষয়টি সম্পর্কে যথাস্থানে জোর দিয়ে, কণ্ঠস্বরের ওঠানামা ঠিক রেখে এবং সঠিক উচ্চারণে বলতে পারছে কি না তা দেখুন।
- প্রয়োজনে সহায়তা করুন।
- সময় থাকলে নীচের কাজটি করাতে পারেন:
  এক জোড়া শিক্ষার্থীকে সামনে ডাকুন। তাদের বুঝিয়ে বলুন যে তাদের মধ্যে একজন জনপ্রিয় অভিনেতা এবং অপরজন TVএর সাক্ষাৎকার গ্রহণকারী। সাক্ষাৎকার গ্রহণকারী অভিনেতাকে প্রশ্ন করবে, Which magazines and which leisure activities do you like? তাদের প্রয়োজনে সহায়তা করুন। এরপর একইভাবে সকল শিক্ষার্থীকে জোড়ায় নিজেদের মতো করে অভিনয় করতে বলুন।

## Language Focus

**H.** *Making requests*

We make requests with *Would you / Could you...?*

We respond with *Sure / Of course ...* or *Sorry, I can't.*

If we say no to a request, it is polite to give a reason.

**I.** Pairwork. Make requests and respond to them.

*Example:* A: Could you lend me your book?

B: Sure. OR Sorry, I can't. It's at home.

1 You want someone to open the door.
2 You want someone to close the window.
3 You want someone to answer a question.
4 You want someone to tell you a story.
5 You want someone to give you their phone number.

**J.** Look, listen and say.



th, th, th,
th as in three.

Number three is above the trees.

Think, think, think,
Three and thirty-three.

3 & 33

| পিরিয়ড : ৬ পাঠ্যাংশ : H & I | বিষয়বস্তু : (H) Making requests. (I) Look, listen and say. |
|---|---|
| পৃষ্ঠা : ১৭ | উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.1.1 recognize sound differences in the context of words.
1.3.1 recognize which words in a sentence are stressed.
2.3.1 comply with requests.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
7.2.1 make requests and respond.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

### শিখন-শেখানো কার্যাবলি

### H. Making requests

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদেরকে পৃষ্ঠা ১৪ এর dialogueটির দিকে মনোযোগ দিতে বলুন। অন্যকে কীভাবে অনুরোধ করতে হয় তা জানুন। তাদের বলা অভিব্যক্তিগুলো বোর্ডে লিখুন। এবার প্রতিটিকে নির্দেশ করে পড়ে শোনান। এরপর তাদের পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১৭ তে মনোযোগ দিতে বলুন। তাদের Language Focus box -এ এই অভিব্যক্তিগুলো আছে কি না তা দেখতে বলুন।
- উল্লেখ করুন যে, কারো অনুরোধের বেলায় না করতে হলে আমাদের একটি কারণ বলতে হয়। যেমন কেউ যদি তোমাকে বলে যে Could you please give me your mobile number? আর তোমার যদি মোবাইল ফোন না থাকে তোমাকে বলতে হবে Sorry I can't because I don't have any mobile.
- দুইজন শিক্ষার্থীকে সামনে এসে dialogue টি অনুশীলন করতে বলুন।
- শিক্ষার্থীদের জোড়ায় অনুরোধ করা এবং অনুরোধের উত্তর দেওয়া অনুশীলন করতে বলুন।
- তারা অনুরোধ করতে এবং অনুরোধের উত্তর দিতে পারছে কি না তা যাচাই করুন। প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about how to make a request and how to respond to it."

### I. Pairwork. Make requests and respond to them.

- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠ পুনরালোচনার জন্য প্রশ্ন করুন। দুই জোড়া শিক্ষার্থীকে সামনে ডেকে নিয়ে তাদের এক এক করে Activity A-এর পাঠটিতে একটি অনুরোধ ও তার উত্তর খুঁজে বের করতে বলুন।
- পাঠ্যপুস্তকের উদাহরণটির প্রতি দৃষ্টি আকর্ষণ করুন এবং এটি সম্পর্কে তাদের প্রশ্ন থাকলে করতে বলুন। প্রয়োজনে পুনরায় বুঝিয়ে বলুন যে, কারো অনুরোধের বেলায় না করতে হলে আমাদের একটি কারণ বলতে হয়।

- জোড়া গঠন করে দিয়ে তাদের পাঠ্যপুস্তকের নির্দেশনা অনুযায়ী অনুরোধ করা এবং অনুরোধের উত্তর দেওয়া অনুশীলন করতে বলুন। প্রতি জোড়া শিক্ষার্থীকে একটি অনুরোধ করতে এবং সেই অনুরোধের উত্তর দিতে বলুন।
- তারা পাঠ্যপুস্তকের নির্দেশনা অনুযায়ী অনুরোধ করতে এবং অনুরোধের উত্তর দিতে পারছে কি না তা যাচাই করুন। সঠিক অনুরোধ এবং অনুরোধের উত্তরগুলো হলো: 1-Could you please open the door? Sure/ Sorry, I can't my hands are dirty.2-Could you please close the window? Sure/ Sorry, I can't because I am busy. 3 - Would you answer my question? Sure/ Sorry, I can't, I am in a hurry. 4- Could you tell me the story? Sure/ Sorry, I can't, I don't know about it. 5-Would/Could you please give me your phone number? Sure/ Sorry, I can't. I don't have any phone.

| | |
|---|---|
| **পিরিয়ড : ৭ পাঠ্যাংশ :** J | **বিষয়বস্তু :** Listen and say. |
| **পৃষ্ঠা : ১৭** | **উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, Flash card. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.1.1 recognize sound differences in the context of words.
1.2.1 recognize which syllable in a word is stressed.
1.3.1 recognize which words in a sentence are stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.

### শিখন-শেখানো কার্যাবলি

**J. Look, listen and say.**

- Activity J-এর ছবিটি শিক্ষার্থীদের দেখতে বলুন। তাদের ছবি (flash card) দেখিয়ে প্রশ্ন করুন তারা এতে কী কী দেখতে পাচ্ছে (Tree এবং three)। তাদের ছবি সম্পর্কে বলতে উৎসাহিত করুন এবং তারা tree এবং three এর অর্থ জানে কি না তা শুনুন।
- পাঁচ লাইন পড়ুন বা অডিও ফাইল C5U04L6-7J প্লে করুন। অক্ষরের নাম না বলে শুধু soundটি উচ্চারণ করুন। প্রতিটি লাইন শেষে বিরতি দিন যাতে শিক্ষার্থীরা অনুসরণ করতে পারে। এরপর তাদেরকে প্রথমে একসাথে এবং পরে এককভাবে পড়তে দিন। তারা *three, think* and *thirty three* এ শব্দগুলোর উচ্চারণ সঠিকভাবে করতে পারছে কি না তা যাচাই করুন।
- শিক্ষার্থীদের বলুন /θ/ sound বাংলায় থ soundটি উচ্চারণের সময় জিহ্বার ডগা আলতোভাবে দাঁতের

দুই পাটির মাঝখানটা স্পর্শ করবে। প্রয়োজনে করে দেখান।

- উল্লেখ করুন যে three, think and thirty three শব্দগুলোর sound একই রকম। *three, and thirty three* এর flash card থাকলে সেগুলো ব্যবহার করতে পারেন। না থাকলে বোর্ডে সহজভাবে আঁকুন। এবার ছবিগুলো নির্দেশ করে শব্দগুলো বলুন এবং শিক্ষার্থীদের বলতে বলুন। *think, three, and thirty three* র নীচে 'th' লিখুন। প্রতিটি অক্ষর নির্দেশ করে শুধু এগুলোর sound উচ্চারণ করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা 'th' দিয়ে আর কোনো শব্দ জানে কি না। তারা না পারলে কিছু উদাহরণ দিন , যেমনঃ thana, thin, thumb.
- শিক্ষার্থীদের লাইনগুলো পুনরায় পড়তে বলুন। তারা যথাস্থানে জোর দিয়ে এবং কণ্ঠস্বরের ওঠানামা ঠিক রেখে এবং সঠিক উচ্চারণে পড়তে পারছে কি না তা ঘুরে ঘুরে যাচাই করুন। প্রয়োজনে সহায়তা করুন।
  শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন, "We've learnt about the proper pronunciation of 'th'."
- খেলাঃ
  সকল শিক্ষার্থীকে *th* দিয়ে শব্দ বলতে বলুন। *th* এর উভয় sound দিয়ে তারা শব্দ বলবে, যেমন, ( *thanks*)।
  প্রয়োজনে তারা পাঠ্যপুস্তক থেকেও সাহায্য নিতে পারে। তাদের বলা অন্তত ২৫টি শব্দ বোর্ডে লিখুন। এরপর প্রত্যেক শিক্ষার্থীকে এর থেকে ৬ টি শব্দ বেছে নিয়ে খাতায় লিখতে বলুন। এরপর প্রত্যেকে পালা করে ১টি শব্দ বলবে। যদি একজনের লেখা কোনো শব্দ অন্য কেউ বলে থাকে তবে সে সেই শব্দটি কেটে দেবে।

## A. Read and say.



### CALENDAR 2016

**January**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | 1 |
| 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
| 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 |
| 23 | 24 | 25 | 26 | 27 | 28 | 29 |
| 30 | 31 | | | | | |

**February**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | | 1 | 2 | 3 | 4 | 5 |
| 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |
| 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 |
| 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 |
| 27 | 28 | 29 | | | | |

**March**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | | | 1 | 2 | 3 | 4 |
| 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 |
| 26 | 27 | 28 | 29 | 30 | 31 | |

**April**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | 1 |
| 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
| 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 |
| 23 | 24 | 25 | 26 | 27 | 28 | 29 |
| 30 | | | | | | |

**May**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 |
| 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 |
| 21 | 22 | 23 | 24 | 25 | 26 | 27 |
| 28 | 29 | 30 | 31 | | | |

**June**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | | | | 1 | 2 | 3 |
| 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 |
| 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 |
| 18 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 |
| 25 | 26 | 27 | 28 | 29 | 30 | |

**July**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | 1 |
| 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
| 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 |
| 23 | 24 | 25 | 26 | 27 | 28 | 29 |
| 30 | 31 | | | | | |

**August**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | | 1 | 2 | 3 | 4 | 5 |
| 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 |
| 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 |
| 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 |
| 27 | 28 | 29 | 30 | 31 | | |

**September**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | | | | | 1 | 2 |
| 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 |
| 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 |
| 24 | 25 | 26 | 27 | 28 | 29 | 30 |

**October**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 |
| 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 |
| 22 | 23 | 24 | 25 | 26 | 27 | 28 |
| 29 | 30 | 31 | | | | |

**November**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | | | 1 | 2 | 3 | 4 |
| 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 |
| 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 |
| 26 | 27 | 28 | 29 | 30 | | |

**December**

| Sat | Sun | Mon | Tue | Wed | Thu | Fri |
|---|---|---|---|---|---|---|
| | | | | | 1 | 2 |
| 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 |
| 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 |
| 24 | 25 | 26 | 27 | 28 | 29 | 30 |
| 31 | | | | | | |

There are 60 seconds in a minute.
There are 60 minutes in an hour.
There are 24 hours in a day.
There are 7 days in a week.
There are 12 months in a year.
There are 365 days in a year.
There are 366 days in a Leap Year.

## B. Pairwork. Say the days of the week.

Sunday Thursday Tuesday Saturday

Monday Friday Wednesday

## Attainable Competencies (Unit 5) : Students will be able

**Listening:**

1.1 to recognize sound differences in the context of words.
1.2 to recognize which syllable in a word is stressed.
1.3 to recognize which words in a sentence are stressed.
1.4 to recognize and use intonation patterns for Wh and Yes/No questions, greetings and statements.
4.3 to enjoy and understand simple poems.

**Speaking:**

1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation .
3.1 to ask and answer Wh- and Yes / No questions.
4.1 to recite poems.

**Reading:**

1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6 to recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7 to read paragraphs, dialogues, stories, letters and other texts.
2.2 to recognize and read ordinal numbers up to 20th
3.1 to recognize and study the calendar.
4.1 to read aloud poems with proper sounds, stress and intonation.
5.1 to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials.

**Writing:**

4.2 to write ordinal numbers up to 20th both in figures and in words.
8.1 to make sentences using words and phrases, following instructions.

**পাঠ বিভাজন : এই ইউনিটটি পড়তে ৯টি পিরিয়ডের প্রয়োজন হবে।**

| | |
|---|---|
| **পিরিয়ড : ১ পাঠ্যাংশ :** A | **বিষয়বস্তু :** Read and say. |
| **পৃষ্ঠা : ১৮** | **উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, ক্যালেন্ডার |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
3.1.1 recognize and study the calendar.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে বাজিয়ে শোনাবেন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- পূর্বের পাঠ পুনরালোচনার জন্য প্রশ্ন করুন, যেমনঃ What kind of magazine talk about health and fitness? How to make a request to your friend for borrowing a pen? How to respond to this request?
- পাঠ্যপুস্তক খুলে পৃষ্ঠা ১৮ বের করুন এবং শিক্ষার্থীদের section A-এর calendar (in poster paper) দেখান। তাদের প্রশ্ন করুনঃ What is this poster all about? What is there in a calendar? তাদের কাছ থেকে বছরের ১২ মাসের নাম জানুন।
- শিক্ষার্থীদের বলুন, Calendar-এর পাতার উপরের দিকে সাধারণত মাসের নাম এবং নিচে সপ্তাহের সাত দিনের নাম আর তার নিচে তারিখ দেওয়া থাকে।
- পাঠটি পড়ে শোনান/অডিও ফাইল C5U05L1-2A প্লে করুন, সাথে সাথে শিক্ষার্থীদের বই মেলাতে বলুন (8 lines)। প্রথম বার কোথাও থামবেন না। এরপর পুনরায় পাঠটি পড়ে শোনান/অডিও প্লে করুন। এক্ষেত্রে প্রতিটি লাইনের পর থামবেন যাতে শিক্ষার্থীরা তাল ঠিক রাখতে পারে।
- শিক্ষার্থীরা পাঠটি পড়ে কী বুঝেছে তা বলতে বলুন। তারা চাইলে বাংলায় বলতে পারবে।
- পাঠটি একবার থেমে থেমে পড়ে শোনান/ অডিও প্লে করুন যাতে শিক্ষার্থীরা অনুসরণ করে পড়তে পারে। এরপর পাঠটি নীরবে পড়তে দিন। তারা পাঠটি বুঝতে পেরেছে কি না তা যাচাইয়ের জন্য কিছু প্রশ্ন করতে পারেন যেমনঃ How many seconds are in a minute? How many minutes are in an hour? How many hours are in a day? How many days a week has? How many weeks are in a month? How many months are in a year? How many days are in a year? How many days are in a Leap Year? তাদের পাঠটি থেকে উত্তর করতে উৎসাহিত করুন।
- শিক্ষার্থীদের বলুন তোমরা ৪র্থ শ্রেণিতে Leap Year সম্পর্কে জেনেছ । তাদের মনে আছে কি না জানুন।
- তাদের বলুন যে Leap Year বছরে ১ দিন অতিরিক্ত যুক্ত হয়। আমরা স্বাভাবিকভাবে ৩৬৫ দিনের বছর দেখে থাকি কিন্তু Leap Year-এর ক্ষেত্রে ফেব্রুয়ারি মাস ১ দিন বেড়ে যাওয়ার ফলে ৩৬৬ দিনে বছর হয়। প্রয়োজনে ব্যাখ্যা দিন কেন হয়। আমরা জানি পৃথিবী সূর্যের চারদিকে একবার ঘুরে আসতে প্রকৃতপক্ষে সময় লাগে প্রায় ৩৬৫ দিন ৬ ঘণ্টা। তাই আমরা প্রতি চার বছরে ৬x৪ ঘণ্টা = ২৪ ঘণ্টা বা ১ দিন অতিরিক্ত পেয়ে থাকি যা ফেব্রুয়ারি মাসের সাথে যোগ হয়ে ২৯ দিন করা হয়।
- শিক্ষার্থীদের ছোট দলে উপরের প্রশ্নগুলোর উত্তর অনুশীলন করতে বলুন।
- ঘুরে ঘুরে তাদের দলীয় কাজ পর্যবেক্ষণ করুন এবং তাদেরকে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন, "We've learnt about calendar"

| পিরিয়ড : ২ পাঠ্যাংশ : B | বিষয়বস্তু : Pairwork. Say the days of the week. |
|---|---|
| পৃষ্ঠা : ১৮ | উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, ক্যালেন্ডার |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.2.1 recognize which syllable in a word is stressed.
1.3.1 recognize which words in a sentence are stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
3.1.1 recognize and study the calendar.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

### শিখন-শেখানো কার্যাবলি

**B. Pairwork. Say the days of the week.**

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে বাজিয়ে শোনাবেন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- পূর্বের পাঠ পুনরালোচনা করে প্রয়োজনে নিরবে পড়তে দিন এবং প্রশ্ন করুন, যেমন: How many minutes are in a hour? How many hours are in a day? How many months are in a year? How many days are in a year?
- কিছু প্রশ্ন করতে পারেন যেমন: How many days are there in a week and name them? তাদের উত্তর দিতে উৎসাহিত করুন। তারা চাইলে বাংলায় বলতে পারবে।
- এবার Activity B-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন (Page 18)। Box-এ উল্লিখিত বারের নামগুলো পড়ে শোনান/অডিও বাজান। পুনরায় পড়ে শোনান। প্রতিটি বারের নাম পড়ে মাঝে বিরতি দিন যাতে শিক্ষার্থীরা তাল মেলাতে পারে।
- তারা বারগুলোর বাংলা নাম জানে কি না তা যাচাই করুন- Sunday (রবিবার), Monday (সোমবার) Tuesday (মঙ্গলবার), Wednesday (বুধবার), Thursday (বৃহস্পতিবার), Friday (শুক্রবার), and Saturday (শনিবার). কয়েক জোড়া শিক্ষার্থীকে সামনে ডেকে নিয়ে সাত দিনের নাম বলতে। লক্ষ করুন শিক্ষার্থীদের সঠিক উচ্চারণ করে বলতে পারছে কি না প্রয়োজনে সাহায্য করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt the names of the days and months."




**C.** Listen, read and say.




**D.** Listen, read and say.

January, February, March,
April, May, June,
July, August, September,
October, November, December.
These are the twelve months of the year.
Now sing them together so we can all hear.
How many months are there in a year?
There are twelve months in a year!
We know them all!
Let's give a cheer!



**E.** Pairwork. Ask and answer the questions. Then make your own questions about the months.

1 What month is it now?
2 What is the first month of the year?
3 What is the last month of the year?
4 What month is after May?
5 What month is before October?

| পিরিয়ড : ৩ পাঠ্যাংশ : C & D<br>পৃষ্ঠা : ১৯ | বিষয়বস্তু : (C) Listen, read and say. (D) Listen, read and say.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, Calendar. |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.2.1 recognize which syllable in a word is stressed.
1.3.1 recognize which words in a sentence are stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
3.1.1 recognize and study the calendar.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের কাছ থেকে ১২ মাসের নাম জানতে প্রশ্ন করুন। না পারলে বলতে সহায়তা করুন।
- তাদেরকে পাঠের puzzle টি দেখান এবং বোর্ডে আঁকুন।
- মাসের নামগুলোর প্রতি আঙুল নির্দেশ করে ক্রমানুযায়ী পড়ে শোনান অথবা অডিও ফাইল C5U05L3-4C প্লে করুন। পুনরায় পড়ে শোনান। প্রতিটি মাসের নাম পড়ে মাঝে বিরতি দিন যাতে শিক্ষার্থীরা তাল মেলাতে পারে।
- একেকজন শিক্ষার্থীকে একটি করে মাসের নাম বলতে বলুন। তাদের বলুন তার যেন ইতিপূর্বে বলা নামগুলোর পুনরাবৃত্তি না করে।
- তাদের মাসের নামগুলো পড়তে বলুন। তারা মাসের নামগুলো সঠিক ক্রমানুযায়ী পড়তে পারছে কি না তা ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন এবং তাদের সহায়তা করুন।
- এবার Activity D-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। সঠিকভাবে উচ্চারণ ও যথাস্থানে জোর দিয়ে পড়ুন/অডিও ফাইল C5U05L3-4D প্লে করুন এবং সবাইকে মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- পুনরায় অডিও প্লে করুন এবং শিক্ষার্থীদের সমবেতভাবে গলা মিলিয়ে বলতে বলুন।
- কয়েকজন শিক্ষার্থীকে এককভাবে সামনে ডেকে বলতে বলুন এবং মনোযোগ দিয়ে শুনুন; তাদের উচ্চারণ, যথাস্থানে জোর দেয়া এবং কণ্ঠস্বরের ওঠানামা সম্পর্কে মতামত দিন যাতে সকল শিক্ষার্থীরা উপকৃত হয়।
- শিক্ষার্থীদের কোনো শব্দ সম্পর্কে প্রশ্ন থাকলে করতে বলুন।
- তারা সঠিকভাবে উচ্চারণ করে, যথাস্থানে জোর দিয়ে এবং কণ্ঠস্বরের ওঠানামা ঠিক রেখে পড়তে পারছে কি না তা যাচাই করুন। প্রয়োজনে উচ্চারণ ও ভাষার ক্ষেত্রে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt the names of the days and months."

| পিরিয়ড : ৪ পাঠ্যাংশ : E<br>পৃষ্ঠা : ১৯ | বিষয়বস্তু : Pairwork. Ask and answer the questions. Then make your own questions about the months.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, Calendar. |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.

**Reading:**

1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- Activity D পুনরালোচনা করুন। শিক্ষার্থীদের পাঠটি নীরবে পড়তে বলুন। এরপর কিছু প্রশ্ন করুন, যেমন: *How many months are there in a year? Mention the names of twelve months.*
- এবার Activity E-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। প্রথম প্রশ্নটি সরবে পড়ে শোনান বা অডিও ফাইল C5U05L3-4E প্লে করুন। একজন শিক্ষার্থীকে প্রশ্নটির উত্তর দিতে বলুন। তাকে পাঠটির কোন অংশে উত্তরটি খুঁজে পেল তা নির্দেশ করতে বলুন।
- এরপর বাকি প্রশ্নগুলোও সরবে পড়ুন, কিন্তু এগুলোর উত্তর বলবেন না। প্রশ্নগুলোর কোনো শব্দ নিয়ে তাদের কিছু জানার আছে কি না তা জানুন।
- প্রশ্নের উত্তর করার জন্য শিক্ষার্থীদের নিয়ে জোড় গঠন করুন। ঘুরে ঘুরে দেখুন তারা সঠিকভাবে প্রশ্নোত্তর করছে কিনা। প্রয়োজনে Calendar-এর সাহায্য নিতে বলুন।
- কয়েকজন শিক্ষার্থীর কাছ থেকে সঠিক উত্তর জানুন। সঠিক উত্তর হলো 1- name the existing month, 2- January, 3- December, 4- June, 5-September.
- শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করুন এবং তাদের মাসগুলো সম্পর্কে নিজেদের মতো করে প্রশ্ন তৈরি করতে বলুন। প্রয়োজন হলে তাদের প্রশ্ন তৈরি করতে সহায়তা করুন। শিক্ষার্থীদের Activity C দেখতে বলুন।
- কয়েকটি দলকে সকলের সামনে প্রশ্ন উপস্থাপন করতে উৎসাহিত করুন। অন্য দলগুলোকে উত্তর দিতে উৎসাহিত করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about different months of the year."

F. Look, read and say. Complete the sentences from the calendar.

**January 2016**

| Saturday | Sunday | Monday | Tuesday | Wednesday | Thursday | Friday |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | 1 |
| 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
| 16 | 17 | 18 | 19 | 20 | 21 | 22 |
| 23 | 24 | 25 | 26 | 27 | 28 | 29 |
| 30 | 31 | | | | | |

The calendar shows the month of ________________. The first day of the year 2016 is a ________________. The first Thursday of the month is ________________. There are four Mondays, Tuesdays, Wednesdays and ________________ in the month. But there are five Fridays, Saturdays and ________________ in this month.

G. Pairwork. Look at the calendar. Ask and answer the questions.

1 What day is the 10$^{th}$ of January?
2 What is the date of the first Saturday of the month?
3 What day is the 20$^{th}$ of January?
4 What is the date of the last Friday of the month?
5 How many weekends are there in the month?

H. Pairwork. Ask and answer the questions.

1 What day is it today? What is today's date?
2 What day was it yesterday? What was yesterday's date?
3 What day is it tomorrow? What is tomorrow's date?

| | |
|---|---|
| **পিরিয়ড : ৫ পাঠ্যাংশ :** F<br>**পৃষ্ঠা : ২০** | **বিষয়বস্তু :** Look, read and say. Complete the sentences with a word from the calendar.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, Calendar. |

## Learning outcomes : Students will be able to

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
2.2.1 recognize and read ordinal numbers up to $20^{th}$
3.1.1 recognize and study the calendar.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

**Writing:**

4.2.1. write ordinal numbers up to 20th in figures and in words.
8.1.1 make sentences using words and phrases given in the textbook.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালোচনা করতে প্রশ্ন করুন: How many months are there in a month? What is the second month of the year? What month is after April? What is the last month of the year?
- শিক্ষার্থীদের তাদের পাঠ্যপুস্তকের calendar এ January-র পাতাটি/পৃষ্ঠাটি বা January 2016 পোস্টারটি দেখতে বলুন। এরপর কিছু প্রশ্ন করুন: Which year's calendar is this? How many Fridays are there in this month? How many days are there in this month?
- তাদেরকে calendar দেখে পড়তে ও বলতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের মনোযোগ পরবর্তী কাজের প্রতি নিয়ে আসুন। প্রথম বাক্যটি সরবে পড়ুন অথবা অডিও ফাইল C5U05L5-7F প্লে করুন এবং বোর্ডে লিখুন। এবার শূন্যস্থানে কোন শব্দটি বসবে তা প্রশ্ন করে জানুন। সংকেতের জন্য তাদের উপরের calendarটির প্রতি দৃষ্টি দিতে বলুন।
- এরপর প্রতিটি বাক্যের প্রতি নির্দেশ করুন এবং শিক্ষার্থীদের শূন্যস্থানের শব্দগুলো বলতে বলুন।
- শিক্ষার্থীদের প্রথমে পাঠটি নীরবে পড়তে বলুন এবং পরে দলে আলোচনা করে কাজটি তাদের পাঠ্যপুস্তকে খাতায় সম্পন্ন করতে বলুন। প্রয়োজনে তাদের সহায়তা করুন।
- কয়েকটি দলের কাছ থেকে সঠিক উত্তরগুলো শুনুন। সঠিক উত্তর হলো 1- January, 2- Friday, 3 - $7^{th}$ January, 4- Thursday, 5-Sunday.
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about how to find out different days and dates of the month from the calendar."

| | |
|---|---|
| **পিরিয়ড : ৬ পাঠ্যাংশ : G**<br>**পৃষ্ঠা : ২০** | **বিষয়বস্তু :** Pairwork. Look at the calendar. Ask and answer the questions.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, Calendar. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
2.2.1 recognize and read ordinal numbers up to 20th
3.1.1 recognize and study the calendar.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালোচনা করতে প্রশ্ন করুন: Which month is the first month of the year? How many days are in the month of January?
- Calendar pageটি টাঙ্গিয়ে দিন।
- শিক্ষার্থীদের নিয়ে জোড় গঠন করে তাদেরকে Activity G-এর প্রতি মনোযোগ দিতে বলুন। প্রথম প্রশ্নটি সরবে পড়ুন অথবা অডিও ফাইল C5U05L5-7G প্লে করুন এবং এর উত্তর বোর্ডে লিখুন।
- এক জোড়া শিক্ষার্থীকে পরবর্তী প্রশ্নটি পড়তে বলুন। কোনো শব্দ সম্পর্কে তাদের প্রশ্ন থাকলে প্রয়োজনীয় ব্যাখ্যা করুন যেমন- weekend বলতে সপ্তাহের শেষে বিশ্রাম নেবার দিনকে বুঝায়। আমাদের দেশে শুক্রবার হলো weekend। বেশিরভাগ মানুষেরা weekend-এ কাজে যায় না বা স্কুলে যায় না।
- তাদেরকে calendar টি থেকে উত্তর খুঁজে বের করতে বলুন।
- কয়েক জোড়া শিক্ষার্থীকে সামনে এসে প্রশ্নগুলোর উত্তর করতে বলুন। বাকিদের উত্তরগুলো যাচাই করতে বলুন। সঠিক উত্তর হলো 1- Sunday, 2- 2nd January, 3 -Thursday, 4- 29 January, 5- 5 weekends.
- এবার জোড়ায় জোড়ায় সকল শিক্ষার্থীকে G-এর প্রশ্নোত্তর করতে বলুন এবং ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন। প্রয়োজনে সাহায্য করুন।
- একজন শিক্ষার্থীকে প্রশ্ন করুন, "When is your birthday?" তাকে উত্তর দিতে উৎসাহিত করুন, "My birthday is on the ___ of ___." এরপর সেই শিক্ষার্থী অন্য আর একজনকে প্রশ্ন করবে। এভাবে সকল শিক্ষার্থীরা একে অপরকে প্রশ্ন করবে এবং উত্তর দেবে। (যদি আপনি মনে করেন যে কোনো কোনো শিক্ষার্থীরা তাদের জন্মদিন নাও জানতে পারে তাহলে আপনি বোর্ডে কয়েকটি মানুষের ছবি আঁকুন এবং শিক্ষার্থীদের বলুন প্রতিটি মানুষের একটি করে জন্মদিন ঠিক করে দিতে। এবার শিক্ষার্থীরা নিজেদের এই ছবির মানুষগুলো ধরে নিয়ে প্রশ্ন-উত্তরের কাজটি অনুশীলন করবে।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about how to find out different days and dates of the month from the calendar."

| পিরিয়ড : ৭ পাঠ্যাংশ : H<br>পৃষ্ঠা : ২০ | বিষয়বস্তু : Pairwork. Ask and answer the questions.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, Calendar. |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
3.1.1 recognize and study the calendar.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালোচনা করতে প্রশ্ন করুন: Our new class started from which date? Now we are at the month of ......? Which is the shortest month of the year according to days?
- শিক্ষার্থীদের নিয়ে জোড়া গঠন করে তাদের প্রশ্নগুলোর উত্তর খুঁজতে বলুন। প্রয়োজনে তাদের সহায়তা করুন ও Calendar Use করুন।
- কয়েক জোড়া শিক্ষার্থীকে সামনে এসে প্রশ্নগুলোর উত্তর দিতে বলুন। বাকিদের উত্তরগুলো যাচাই করতে বলুন।
- এবার জোড়ায় জোড়ায় সকল শিক্ষার্থীকে H এর প্রশ্নোত্তর করতে বলুন এবং ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন। প্রয়োজনে সাহায্য করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে।



## Language Focus

I. *Stressed syllables*

English has its rhythm. Clap your hands when you say the stressed syllables.

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| pen | | hen | | cat | | hat |
| a pen | | a hen | | a cat | | a hat |
| a pen | and | a hen | and | a cat | and | a hat |

J. Look, listen and say.

Jump! Clap!
Bend your knees!
Go forward!
Go back!
Do it again, please!

Jump! Clap!
Nod your head!
Turn left!
Turn right!
Touch something red!

Jump! Clap!
Sit on the floor!
Arms up!
Arms down!
Open the door!



K. Say the rhyme in Activity J again. Clap when you say the stressed words or parts of words.

| পিরিয়ড : ৮ পাঠ্যাংশ : I | বিষয়বস্তু : Stressed Syllables. |
|---|---|
| পৃষ্ঠা : ২১ | উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.1.1 recognize sound differences in the context of words.

1.2.1 recognize which syllable in a word is stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.

### শিখন-শেখানো কার্যাবলি

- Language Focus word গুলো পড়ে শোনান। এক্ষেত্রে প্রতিটি শব্দ উচ্চারণ করার পর থামবেন যাতে শিক্ষার্থীরা ঠিকমতো পুনরাবৃত্তি করতে পারে। তাদের প্রথমে সমস্বরে এবং পরে এককভাবে পুনরাবৃত্তি করতে বলুন। তারা pen, hen, cat, hat শব্দগুলো ঠিকভাবে উচ্চারণ করতে পারছে কি না তা যাচাই করুন।
- Language Focus-এর তৃতীয় লাইনটি বোর্ডে লিখুন এবং pen, hen, cat, hat শব্দগুলোর নিচে দাগ টানুন। শব্দগুলোর প্রতি নির্দেশ করে বলুন যে এগুলোর উচ্চারণের ক্ষেত্র stresse দিতে হবে।
- শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করে তাদের বোর্ডের শব্দগুলো পড়তে বলুন। তাদের stressed syllable উচ্চারণের সময় হাত তালি দিতে বলুন। তারা pen, hen, cat, hat শব্দগুলোর (রং করা) উচ্চারণের সময় stress দিচ্ছে, না কি "a" sound/vowel টির বেলায় দিচ্ছে সেদিকে নজর রাখুন। উল্লেখ করুন যে "a" sound/vowel টির বেলায় stress কম দিতে হবে।
- তাদেরকে প্রশ্ন করুন তাদের 'en' এবং 'at' যুক্ত আরোও শব্দ জানা আছে কি না। তারা এধরনের শব্দের উদাহরণ দিতে না পারলে নিজে থেকে কিছু উদাহরণ দিন, যেমন- men, ten, bat, sat, mat.
- তাদেরকে শব্দগুলো পুনরায় পড়তে বলুন। তারা সঠিকভাবে উচ্চারণ করে, যথাস্থানে stress দিয়ে পড়তে পারছে কি না তা যাচাই করুন। প্রয়োজনে সহায়তা করুন।
- শিক্ষার্থীদেরকে প্রশ্ন করুন যে তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "how to give stress on the proper syllable in a word."

| পিরিয়ড : ৯ পাঠ্যাংশ : J & K | বিষয়বস্তু : (J)Look, listen and say. (K) Say the rhyme in Activity J again. Clap when you say the stressed words or parts of words. |
|---|---|
| পৃষ্ঠা : ২১ | উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

| | |
|---|---|
| 1.2.1 | recognize which syllable in a word is stressed. |
| 1.3.1 | recognize which words in a sentence are stressed. |
| 4.3.1 | understand and enjoy simple poems. |

**Speaking:**

| | |
|---|---|
| 1.1.1 | say words, phrases and sentences with proper sounds and stress. |
| 1.1.2 | say sentences with proper intonation. |
| 4.1.1 | recite poems. |

**Reading:**

| | |
|---|---|
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| 4.1.1 | read aloud poems with proper sounds, stress and intonation. |

### শিখন-শেখানো কার্যাবলি

**J. look, listen and Say.**

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালোচনা করুন।
- এবার Activity J এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। সঠিকভাবে উচ্চারণ ও যথাস্থানে জোর দিয়ে আবৃত্তি করুন অথবা অডিও ফাইল C5U05L8-9J প্লে করুন এবং সবাইকে মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- কবিতাটির অডিও থাকলে পুনরায় প্লে করুন বা আবৃত্তি করুন এবং শিক্ষার্থীদের সমবেতভাবে গলা মিলেয়ে আবৃত্তি করতে বলুন।
- কয়েকজন শিক্ষার্থীকে এককভাবে সামনে ডেকে অভিনয় সহকারে আবৃত্তি করতে বলুন। তাদের আবৃত্তি মনোযোগ দিয়ে শুনুন; তাদের উচ্চারণ, যথাস্থানে জোর দেয়া এবং কণ্ঠস্বরের ওঠানামা সম্পর্কে মতামত দিন যাতে সকল শিক্ষার্থীরা উপকৃত হয়।
- শিক্ষার্থীদেরকে শব্দ সম্পর্কে প্রশ্ন থাকলে করতে বলুন, যেমন- Jump, bend, knees, forward, nod, touch.
- তাদের জোড়া গঠন করে দিয়ে অভিনয়সহকারে আবৃত্তি করতে বলুন।
- ঘুরে ঘুরে দেখুন তারা সঠিকভাবে উচ্চারণ করে, যথাস্থানে জোর দিয়ে এবং কণ্ঠস্বরের ওঠানামা ঠিক রেখে কবিতা আবৃত্তি করতে পারছে কি না তা যাচাই করুন। প্রয়োজনে উচ্চারণ ও ভাষার ক্ষেত্রে সহায়তা করুন।

**K. Say the rhyme in Activity J again. Clap when you say the stressed words or parts of words.**

- পুনরায় কবিতাটির অডিও প্লে করুন বা আবৃত্তি করুন এবং শিক্ষার্থীদের stressed words বা parts of words শুনলে হাততালি দিতে বলুন।
- **বর্ধিত কাজ:**
- শিক্ষার্থীরা তাদের পড়া পাঠগুলো থেকে কিছু দীর্ঘতর শব্দ বেছে নিয়ে stressed syllables বলা অনুশীলন করবে। তারা stressed syllables এ হাততালি দেবে। যেমনঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| December | **Sa**turday | **Jan**uary | maga**zine** | Oc**to**ber | **yes**terday |
| **Tue**sday | to**geth**er | **A**pril | to**mor**row | Sep**tem**ber | **in**ternet |

- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন, "We've learnt how to recite a poem with proper stress."






A. Look, listen and say.


oranges


ice-cream


egg


chips


carrots


papaya


milk


fries


fish


lettuce


chocolate


rice

B. Underline the foods you like. Circle the foods you think are healthy.

C. Pairwork. Talk about your responses to Activity B.

## Attainable Competencies (Unit 6) : Students will be able

**Listening:**

1.3 to recognize which words in a sentence are stressed.
1.4 to recognize and use intonation patterns for Whand Yes/No questions, greetings and statements.
3.3 to understand questions about objects around them.
3.4 to understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation .
6.2 to talk about people, objects, events, etc.
8.1 to take part in conversations on appropriate topics

**Reading:**

1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6 to recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7 to read paragraphs, dialogues, stories, letters and other texts.
5.1 to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials.
7.1 to recognize punctuation marks and read accordingly. e g. full stop, comma, question mark, quotation marks and exclamation mark.

**Writing:**

3.1 to write sentences using non- cursive and cursive capital and small letters.
8.1 to make sentences using words and phrases, following instructions.

**পাঠ বিভাজন : এই ইউনিটটি পরতে ৭টি পিরিয়ডের প্রয়োজন হবে।**

| | |
|---|---|
| **পিরিয়ড : ১ পাঠ্যাংশ :** A, B & C<br>**পৃষ্ঠা : ২২** | **বিষয়বস্তু :** (A) Look, listen and say. (B) Underline the foods you like. Circle the foods you think are healthy. (C) Pairwork. Talk about your responses to Activity B.<br><br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, flash card. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

3.3.1 understand questions about objects around them.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
6.2.1 talk about people, objects, events, etc.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.

## A. Look, listen and say.

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন “Good morning/afternoon” এবং তাদের “Good morning/afternoon” বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে বাজিয়ে শোনাবেন) শিক্ষার্থীদের নিয়ে একটি “Greeting song” করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন: *What do you usually have for breakfast/ lunch? What food you like most? Do you like fruits? Vegetables?*
- তাদেরকে পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ২২-এর পাঠ “Eat healthy” খুলতে বলুন। তাদের Activty A-এর ছবিগুলো দেখান। এবার ছবির খাদ্যগুলোর দিকে নির্দেশ করে একে একে খাদ্যগুলোর নাম বলুন অথবা অডিও ফাইল C5U06L1A প্লে করুন। সবাইকে মনোযোগ দিয়ে শুনতে বলুন।
- তাদেরকে খাদ্যদ্রব্যের flash card গুলো একে একে দেখান। তাদের flash card দেখে খাদ্যদ্রব্য গুলোর নাম বলতে বলুন। বলতে না পারলে তাদের সহায়তা করুন।
- একজন শিক্ষার্থীকে উঠে দাঁড়িয়ে কিছু খাওয়ার অভিনয় করে দেখাতে বলুন এবং অন্যরা অনুমান করে বলবে সে কী করছে। এভাবে আরও কয়েকজন শিক্ষার্থীকে দিয়ে মূকাভিনয় করান।
- এবার শিক্ষার্থীদের নিয়ে একটি খেলা করবেন যাতে আপনি বোর্ডে একটি খাদ্যদ্রব্য জাতীয় শব্দের অক্ষরগুলো এক এক করে লিখবেন। খেলাটির কাঠিন্যের মাত্রা বাড়াতে চাইলে আপনি শব্দের শুরুর অক্ষরগুলো থেকে না লিখে মাঝের কোনো অক্ষর দিয়ে শুরু করতে পারেন যেমন- ‘fries’ শব্দটি ‘i’দিয়ে শুরু করে তারপর ‘e’, ‘r’, ‘s’ এবং সবশেষে ‘f’ লিখবেন। এক্ষেত্রে তাদেরকে কিছুটা সমস্যা মোকাবেলা করতে হবে কারণ তাদেরকে শব্দের বানান নিয়ে ভাবতে হবে।
- চাইলে আপনি খেলাটিতে কয়েকজন শিক্ষার্থীকে দিয়েও বোর্ডে শব্দ লেখাতে পারেন।

## B. Underline the foods you like. Circle the foods you think are healthy.

- এবার Activity B-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। তারা যে খাবারাগুলো পছন্দ করে সেগুলোর নিচে দাগ টানতে বলুন। এরপর যেসব খাবারকে তারা স্বাস্থ্যসম্মত মনে করে সেগুলোকে ঘিরে বৃত্ত আঁকতে বলুন।
- উল্লেখ করুন যে দুটি প্রশ্নের উত্তরে মিল থাকতে হবে এমন নয়। শিক্ষার্থীরা স্বাস্থ্যসম্মত নয় এমন খাবারও পছন্দ করতে পারে আবার তারা কোনো একটি স্বাস্থ্যসম্মত খাবার পছন্দ নাও করতে পারে। তবে এটি গুরুত্বপূর্ণ যে আমরা যত বেশি সম্ভব স্বাস্থ্যসম্মত খাবার খাবো এবং স্বাস্থ্যসম্মত নয় এমন খাবার কম খাবো।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন তারা কোনো একটি খাবারকে কেন স্বাস্থ্যসম্মত বা স্বাস্থ্যসম্মত নয় মনে করে। তারা চাইলে এর উত্তর বাংলায় দিতে পারবে।
- শিক্ষার্থীদের বাংলায় বলা শব্দগুলো (এমন যা তাদের পরবর্তী পাঠে আছে) ইংরেজিতে বোর্ডে লিখুন। যেমন ধরুন একজন বাংলায় বলেছে, “Oranges and papayas are fruit and fruit is healthy.” এক্ষেত্রে আপনি ‘fruit’ শব্দটি বোর্ডে লিখুন।

## C. Pairwork. Talk about your responses to Activity B.

- একজন শিক্ষার্থীকে সামনে এসে আপনার সাথে সাথে Activity C-এর কাজটি করতে বলুন। প্রথমে আপনি বলুন - I like oranges. এরপর শিক্ষার্থীকে বলতে বলুন, “I like them, too.” or “I don’t like them.” এরপর শিক্ষার্থীকে বলতে বলুন সে কী পছন্দ করে। আপনিও একইভাবে

একমত বা দ্বিমত পোষণ করতে পারেন। এরপর দ্বিতীয় প্রশ্নটি অভিনয় করুন “I think oranges are healthy.” শিক্ষার্থীকে বলতে বলুন, “I think so too.” or “I don’t think so. I think they are unhealthy.” এক্ষেত্রে তারা কারণগুলো ইংরেজিতে ঠিকভাবে প্রকাশ নাও করতে পারে। তাদের পক্ষে সহপাঠীর মতামত বুঝতে পারা এবং নিজেদেরটা জানাতে পারাটাই যথেষ্ট।

- শিক্ষার্থীদের জোড় গঠন করে দিয়ে উপরের মতো করে কাজটি অনুশীলন করতে বলুন।
- তারা সহপাঠীর মতামত বুঝতে এবং নিজেদেরটা জানাতে পারছে কি না তা ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন এবং তাদেরকে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, “We’ve learnt about healthy and unhealthy food”




D. Look, read and say.




## The Food Pyramid

E. Copy the headings in your exercise book. Write the name of foods from Activity A in the correct list. Add two items of your own to each list.

fat, oil | fish, meat, dairy, beans, lentils | fruits

vegetables | grains

| পিরিয়ড : ২ পাঠ্যাংশ : D<br>পৃষ্ঠা : ২৩ | বিষয়বস্তু : Look, read and say.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, পোষ্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি, flash card. |
|---|---|

## Learning outcomes : Students will be able to

| | |
|---|---|
| **Listening:** | |
| 3.3.1 | understand questions about objects around them. |
| **Speaking:** | |
| 1.1.1 | say words, phrases and sentences with proper sounds and stress. |
| 6.2.1 | talk about people, objects, events etc. |
| **Reading:** | |
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- পূর্বের পাঠ পুনরালোচনার জন্য প্রশ্ন করুন, যেমন: *What food you like most? Tell the name of some unhealthy food? Why do you think these are unhealthy food?*
- খাদ্যদ্রব্যের ছবি ব্যবহার করে বোর্ডে pyramid এর ছবিটি লাগান। এক্ষেত্রে Activity A-এর জন্য তৈরি করা flash card গুলো ব্যবহার করতে পারেন।
- এবার Activity D-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। তাদের food pyramidটি সরবে পড়তে বলুন। ঘুরে ঘুরে দেখুন তারা সঠিক উচ্চারণ করে পড়ছে কি না। প্রয়োজনে সাহায্য করুন।
- তাদের কাছ থেকে pyramidটি সম্পর্কে জানতে কিছু প্রশ্ন করুন, যেমন: *What foods are on the top of the Pyramid? What foods are at the bottom of the Pyramid? What foods are in the second step of the Pyramid (bottom to top)? What foods are in the third step of the Pyramid?*
- কয়েকজনকে সামনে ডেকে এককভাবে pyramid-এর প্রতিটি ধাপকে বর্ণনা করতে বলুন। অন্যদের মনোযোগ দিয়ে শুনতে বলুন। প্রয়োজনে সহায়তা করুন এবং বলুন একজন মানুষের নিচের স্তরের খাদ্যদ্রব্য বেশি খাওয়া প্রয়োজন। তারপর নিচ থেকে ৩য় ও ২য় স্তরের খাবার খাওয়ার প্রয়োজন। সবচেয়ে কম খাওয়া প্রয়োজন ১ম স্তরের খাবার অর্থাৎ fat এবং oil।
- শিক্ষার্থীদের ছোট দলে Pyramid এর ধাপগুলো নিয়ে আলোচনা করতে বলুন।
- তারা Pyramid-এর ধাপগুলো বর্ণনা করতে পারছে কি না তা ঘুরে ঘুরে যাচাই করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, “We’ve learnt about Food Pyramid.”

| | |
|---|---|
| **পিরিয়ড : ৩ পাঠ্যাংশ :** E<br>**পৃষ্ঠা : ২৩** | **বিষয়বস্তু :** Copy the headings in your exercise book. Write the foods from Activity A in the correct list. Add two items of your own to each list.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পাঠ্যপুস্তকের বড় ছবি। |

## Learning outcomes : Students will be able to

**Reading:**

1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

**Writing:**

3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.

3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- আগের পাঠ পুনরালোচনা করুন। এবং একটি food pyramid-এর ছবি টাঙ্গিয়ে দিন।
- Activity E-এ উল্লিখিত category গুলো বোর্ডে লিখুন। কয়েকজনকে সামনে এসে তালিকায় একটি করে শব্দ লিখতে বলুন। এটি তাদের জন্য একটি উদাহরণ হবে।
- শিক্ষার্থীদের নিয়ে ছোট দল গঠন করুন। তাদের exercise book-এ heading গুলো তুলতে বলুন। এরপর তাদের Activity A-এর খাদ্যবস্তুগুলোর নাম সঠিক তালিকায় লিখতে বলুন। তাদের নিজে থেকে প্রতিটি তালিকায় দুটি করে উদাহরণ যুক্ত করতে বলুন। যেমন fat and oil-এর তালিকায় শিক্ষার্থীরা butter/ghee, mustard oil প্রভৃতি যুক্ত করবে।
- প্রতিটি দলকে সামনে এসে নিজেদের করা তালিকাগুলো উপস্থাপন করতে বলুন। প্রয়োজনে তালিকা তৈরি করতে সহায়তা করুন এবং বলুন যে grain থেকে carbohydrate, fruits, vegetable থেকে vitamin ও mineral, fish, meat ও lentils থেকে protein এবং fat ও oil থেকে তেল ও চর্বি জাতীয় খাদ্য উপাদান আমরা পাই।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about different types of food."

F. Listen and read.



What food is good food?
Sometimes the food we like to eat isn't the healthiest food for us. The Food Pyramid helps us to understand the different food groups, and it tells us how much of each food group we should eat.

Look at the picture of the Food Pyramid. We eat more of the foods at the bottom of the pyramid. What foods do you see at the bottom? These are things made from grain, for example, rice, ruti and bread. Potatoes are not grains, but they are similar. Grains give us energy.

Fruit and vegetables are in the next level of the pyramid. These are also very important for us. They have vitamins. They help our eyes and our health.

On the next level, there are fish, meat, dairy products, beans and lentils. Meat, fish and chicken have protein. Beans and lentils do, too!

Dairy products are things like milk and eggs. They help our teeth and bones. Protein and dairy make us strong.

Fat and oil are at the top of the Food Pyramid. These make food delicious, but our body does not need very much of them.

Sometimes we can't get food from all the different food groups. But when we have choices about food, we need to make good choices.

| পিরিয়ড : ৪ পাঠ্যাংশ : F (What food ......... .... our health পর্যন্ত।) পৃষ্ঠা : ২৪ | বিষয়বস্তু : Listen and read. উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.
3.3.1 understand questions about objects around them.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.1 read silently with understanding paragraph .
7.1.1 recognize punctuation marks and read accordingly. e g. .full stop, comma, question mark, quotation marks and exclamation mark.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- আগের পাঠ পুনরালোচনার জন্য প্রশ্ন করুন, যেমন: *Tell the name of some vegetable items? Which foods come under grains? Tell the name of some fruits?*
- শিক্ষার্থীদের তাদের পছন্দের খাবার এবং তারা যেসব খাবারকে স্বাস্থ্যসম্মত মনে করে সেগুলোর নাম বলতে বলুন। খাবারগুলোর নাম বোর্ডে লিখুন। এসব খাবার তারা কেন স্বাস্থ্যসম্মত মনে করে তা তাদের বাংলায় ব্যাখ্যা করতে বলুন।
- Key word গুলোর ইংরেজি বোর্ডে লিখুন। পাঠে আছে এমন শব্দ যেমন vitamins, energy, sugar, lentils, beans, protein, eyes, teeth, bones etc. -এর বাংলা অর্থ বলে দিন।
- এবার Activity F-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। পাঠটির প্রথম ৩টি অনুচ্ছেদ পড়ুন/ অডিও ফাইল C5U06L4-5F প্লে করুন। পুনরায় পড়ুন এবং শিক্ষার্থীদের অনুসরণ করে শুদ্ধ উচ্চারণে পড়তে বলুন।
- তাদের পাঠটি জোড়ায় পড়তে বলুন এবং Punctuation mark যথাযথভাবে পড়তে পারছে কি না তা পর্যবেক্ষণ করুন।
- এবার পাঠটি শিক্ষার্থীদের নীরবে বুঝে পড়তে বলুন এবং ঘুরে ঘুরে পর্যেবেক্ষণ করুন।
- শিক্ষার্থীদের তাদের পাঠ্যপুস্তক বন্ধ করতে বলে নিচের প্রশ্নগুলো করুন:
    1. What does the food pyramid help us to understand?
    2. What foods are made of grain?
    3. Why are fruit and vegetables important?

  এবার ১ম অনুচ্ছেদের মূল ভাবটি জানতে চান। একইভাবে ২য় ও ৩য় অনুচ্ছেদের মূল ভাবটি জানতে চান। এরপর শিক্ষার্থীদের পুনরায় তাদের পাঠ্যপুস্তক খুলতে বলুন এবং অনুচ্ছেদগুলো আবার পড়ুন যেন শিক্ষার্থীরা প্রশ্নের উত্তরগুলো মনে করতে পারে এবং যাচাই করে নিতে পারে।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about what food is good for us."

| পিরিয়ড : ৫ পাঠ্যাংশ : F (অবশিষ্ঠ অংশ) পৃষ্ঠা : ২৪ | বিষয়বস্তু : Listen and read. উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, পোষ্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.
3.3.1 understand questions about objects around them.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.1 read silently with understanding paragraph .
7.1.1 recognize punctuation marks and read accordingly. e g. .full stop, comma, question mark, quotation marks and exclamation mark.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- আগের পাঠ পুনরালোচনার জন্য প্রশ্ন করুন, যেমন: *Which foods are made from grains? Which food gives us energy? Which foods have vitamins? Which foods help our eyes and health?*
- এবার Activity F-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। পাঠটির বাকি অংশ পড়ুন এবং অডিও ফাইল C5U06L4-5F প্লে করুন। পুনরায় পড়ুন এবং শিক্ষার্থীদের অনুসরণ করে শুদ্ধ উচ্চারণে পড়তে বলুন।
- কোনো শব্দ সম্পর্কে শিক্ষার্থীদের প্রশ্ন থাকলে প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করুন।
- তাদেরকে পাঠটি জোড়ায় পড়তে বলুন এবং Punctuation mark যথাযথভাবে পড়তে পারছে কি না তা পর্যবেক্ষণ করুন।
- এবার পাঠটি শিক্ষার্থীদের নিরবে বুঝে পড়তে বলুন এবং ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন।
- শিক্ষার্থীদেরকে তাদের পাঠ্যপুস্তক বন্ধ করতে বলে নিচের প্রশ্নগুলো করুন:
    - What foods have protein?
    - Why are fat and oil at the top of the pyramid?

  এবার অবশিষ্ট পাঠের ১ম অনুচ্ছেদের মূল ভাবটি জানতে চান। একইভাবে ২য়, ৩য় ও ৪র্থ অনুচ্ছেদের মূল ভাবটি জানতে চান। এরপর শিক্ষার্থীদের পুনরায় তাদের পাঠ্যপুস্তক খুলতে বলুন এবং অনুচ্ছেদগুলো আবার পড়ুন যেন শিক্ষার্থীরা প্রশ্নের উত্তরগুলো মনে করতে পারে এবং যাচাই করে নিতে পারে।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We have learnt about what food is good for us."

**G.** Read again. Write T for True or F for False.

1 There are four levels in the Food Pyramid. _____

2 The bottom level of the Pyramid has food from protein and dairy. _____

3 Foods made of grain give us energy. _____

4 Eggs help our eyes. _____

5 Milk helps to make us strong. _____

6 Our bodies need a lot of fat and oil. _____

**H.** Correct the False sentences. Rewrite them in your exercise book.

**I.** Groupwork. Find the mistakes in the Food Pyramid below.



**J.** Look at the shape of the Food Pyramid. How does it tell us how much of each food group we should eat?

| | |
|---|---|
| পিরিয়ড : ৬ পাঠ্যাংশ : G & H<br>পৃষ্ঠা : ২৫ | বিষয়বস্তু : (G) Read again. Write T for True or F for False. (H) Correct the False sentences. Rewrite them in your exercise book.<br><br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, Flash card, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Reading:**

1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.1 read silently with understanding paragraph

**Writing:**

3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.
8.1.1 make sentences using words and phrases given in the textbook.

### শিখন-শেখানো কার্যাবলি

### G. Read again. Write T for True or F for False.

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- আগের পাঠ পুনরালোচনার জন্য প্রশ্ন করুন, যেমন: *What food is good food? How many types of food are there in the Food Pyramid? Which foods help our teeth and bones?*
- শিক্ষার্থীদের Activity A-এর পাঠটি নীরবে বা সরবে পড়তে বলুন। সম্ভব হলে, অডিও ফাইল C5U06L6-7G প্লে করুন।
- এবার Activity G-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। তাদের প্রশ্ন করে জানুন যে, প্রথম বাক্যটি true না false। বোর্ডে বাক্যটি লিখুন এবং বলুন যে এটি true।
- তাদেরকে জোড়ায় কাজ করে বাক্যগুলোর true or false নির্ধারণ করতে বলুন।
- কয়েক জোড়া শিক্ষার্থীকে তাদের উত্তর সকলের সামনে উপস্থাপন করতে বলুন। অন্যদের তাদের উত্তরগুলো যাচাই করতে বলুন।
- তারা পাঠের কোন স্থানে উত্তরগুলো খুঁজে পেয়েছে তা দেখাতে বলুন।
- সঠিক উত্তর: 1-T, 2-F, 3-T, 4-F, 5-T, 6-F.

### H. Correct the False sentences. Rewrite them in your exercise book.

- একটি false sentence বোর্ডে লিখুন এবং সেটি পড়ে শোনান। এরপর শিক্ষার্থীদের সঠিক উত্তরটি বলতে বলুন।
- তাদের সঠিক উত্তরটি নিজেদের খাতায় লিখতে বলুন।
- কয়েকজনকে সামনে এসে বোর্ডে sentence গুলো লিখতে বলুন। বাক্যগুলো যাতে শুদ্ধ হয় তা নিশ্চিত করুন। যারা লিখেছে প্রথমে তাদের ঠিক করার সুযোগ দিন, এরপর বাকি শিক্ষার্থীদের এবং সবশেষে নিজে প্রয়োজনীয় সংশোধন করুন।
- False sentence গুলোর উত্তর: *2- The bottom level of the Pyramid has food from grains. 4- fruits and vegetables (Vitamins) help our eyes, 6-Our bodies do not need a lot of fat and oil.*
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about what food is good for us."

| | |
|---|---|
| **পিরিয়ড : ৭ পাঠ্যাংশ :** I & J<br>**পৃষ্ঠা : ২৫** | **বিষয়বস্তু :** (I) Groupwork. Find the mistakes in the Food Pyramid below. (J) Look at the shape of the Food Pyramid. How does the shape of the Food Pyramid tell us how much of each food group we should eat?<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, Flash card, পোস্টার পেপার এ পাঠ্য পুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

3.3.1 understand questions about objects around them.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.

6.2.1 talk about people, objects, events, etc.

**Reading:**

5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

### শিখন-শেখানো কার্যাবলি

### I. Groupwork. Find the mistakes in the Food Pyramid below.

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন।
- পূর্বের পাঠ পুনরালোচনার জন্য প্রশ্ন করুন, যেমনঃ Which food helps to make us strong? What do foods made of grain gives us? What foods are there on the top level of the pyramid?
- Section I এবং incorrect food pyramid টি বোর্ডে ঝুলিয়ে রাখুন। এবার তাদেরকে প্রশ্ন করুন যে pyramid টি ঠিক না ভুল।
- শিক্ষার্থীদের নিয়ে ছোট দল গঠন করুন। বিভিন্ন দল থেকে কয়েকজনকে সামনে এসে খাদ্যদ্রব্যগুলোর মধ্যে যেগুলো ভুলস্তরে রাখা হয়েছে সেগুলো কোন স্তরে যাবে তা বলতে বলুন। এবার সঠিক pyramidটি বোর্ডে রাখুন যাতে এটি দেখে সকল শিক্ষার্থীরা নিজেদের পাঠ্যপুস্তকে ঠিক করে নিতে পারে। প্রয়োজনে একটি দেখিয়ে দিন। যেমন– কলা রাখা হয়েছে নিচের স্তরে কিন্তু এটি হবে ৩য় স্তরে।
- শিক্ষার্থীদের কাছ থেকে pyramidটির খাদ্যগুলোর নাম জানুন এবং বোর্ডে লিখে দিন। এরপর তাদেরকে দলে কাজ করতে বলুন এবং শেষে সকলে মিলে নামগুলো যাচাই করুন।

### J. Look at the shape of the Food Pyramid. How does the shape of the Food Pyramid tell us how much of each food group we should eat?

- এবার Activity F এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। তাদেরকে প্রশ্ন করুন "H*ow does the shape of the Food Pyramid tell us how much of each food group we should eat?"*
- তাদেরকে নিজেদের মধ্যে আলোচনা করে উত্তরগুলো নিজেদের খাতায় লিখতে বলুন।
- কয়েকটি দলকে তাদের উত্তর উপস্থাপন করতে বলুন। সঠিক উত্তর হবেঃ The Food Pyramid helps us to understand the different food groups, and it tells us how much of each

food group we should eat. We eat more of the foods at the bottom of the pyramid. We eat less of the foods at the top of the pyramid.

- হাতে সময় থাকলে নিচের খেলাটি শিক্ষার্থীদের নিয়ে খেলতে পারেন:
  প্রত্যেক শিক্ষার্থী একটি ৪ স্তরের Food Pyramid আঁকবে। প্রত্যেক স্তরে সে চারটি খাদ্যদ্রব্য আঁকবে এবং তার নাম লিখবে। এরপর তারা এটিকে নিয়ে bingo game খেলবে। শিক্ষার্থীরা পালা করে এক এক জন তাদের লেখা একটি করে খাবারের নাম বলবে। অন্য কেউ যদি একই খাদ্যদ্রব্যর নাম লিখে থাকে তবে সে সেটি কেটে দেবে।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন যে, "We've learnt about Food Pyramid."

**A.** Look, listen and say. Read.



Sima: What are you doing, Nasreen?

Nasreen: I'm putting some chocolate on my ice-cream. Ice-cream is delicious with chocolate.

Sima: Well, it looks good, but you shouldn't eat a lot of chocolate or ice-cream.

Nasreen: Of course! I don't eat them regularly.

Sima: What kind of food do you eat regularly?

Nasreen: Oh, fruits and vegetables. I love pineapples and bananas. They are my favourites. I eat cucumbers and lettuce a lot, too.

Sima: I eat fruits and vegetables everyday. Carrots and tomatoes are my favourites, but I also like strawberries and bananas.

Nasreen: Would you like to try some of my ice-cream with chocolate? We should eat it quickly. It will melt soon in this hot weather.

Sima: OK! Thanks.

**B.** Underline the foods in the dialogue in Activity A.

## Attainable Competencies (Unit 7) : Students will be able

**Listening:**

1.1 to recognize sound differences in the context of words.
1.2 to recognize which syllable in a word is stressed.
1.3 to recognize which words in a sentence are stressed.
1.4 to recognize and use intonation patterns for Wh and Yes/No questions, greetings and statements.
2.1 to carry out simple commands and instructions.
3.1 to understand questions asked by the teacher about the students.
3.2 to understand questions about family and friends of students.
3.4 to understand statements made by the teacher and students.
4.3 to enjoy and understand simple poems.

**Speaking:**

1.1 to say words, phrases and sentences with proper sounds, stress andintonation .
3.1 to ask and answer Wh and Yes/No questions.
4.1 to recite poems.
7.1 to give instructions and commands.
8.1 to take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6 to recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7 to read paragraphs, dialogues, stories, letters and other texts.
4.1 to read aloud poems with proper sounds, stress and intonation.
5.1 to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials.
6.1 to read instructions and carry them out.

**Writing:**

3.1 to write sentences using non- cursive and cursive capital and small letters.
5.1 to use full stop, comma, question mark and exclamation mark.
6.1 to use capital letters for sentence beginnings, proper nouns and for beginnings within quotation marks.
8.1 to make sentences using words and phrases, following instructions.
10.2 to write short compositions on familiar objects, people, places and events.

**পাঠ বিভাজন :** এই ইউনিটটি পড়তে ৮টি পিরিয়ড প্রয়োজন হবে।

| | |
|---|---|
| **পিরিয়ড :** ১ **পাঠ্যাংশ :** A<br>**পৃষ্ঠা :** ২৬ | **বিষয়বস্তু :** Look, listen and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোষ্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি, Flash card. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.2.1 recognize which syllable in a word is stressed.
1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.2 recognize and use intonation patterns for greetings and statements.
3.1.1 understand questions asked by the teacher about them.
3.2.1 understand questions about family and friends of students.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7.1 read paragraphs, dialogues, stories, letters and other texts.
5.1.3 read silently with understanding dialogues.

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালাচনা করতে কিছু প্রশ্ন করুন, যেমন: Tell the name of some unhealthy food? Why do you think these foods are unhealthy?, Which food gives us energy? Which foods have vitamins?
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ২৬ বের করে section A-এর ছবিটি দেখতে বলুন। তারা ছবিটিতে কাদের দেখতে পাচ্ছে তা প্রশ্ন করে জানুন। তাদের কাছ থেকে ইতিপূর্বে পরিচিত মানুষগুলোর নাম জানতে চেষ্টা করুন (Sima এবং Nasreen)। তাদের প্রশ্ন করুন: What is in Nasreen's hand? What is she doing? তারা কী বিষয়ে কথা বলছে তা অনুমান করতে বলুন।
- "Be healthy" titleটি বোর্ডে লিখুন।
- Dialogueটি পড়ে শোনান/অডিও ফাইল C5U07L1-2A প্লে করুন, সাথে সাথে শিক্ষার্থীদের বই মেলাতে বলুন। প্রথম বার কোথাও থামবেন না। এরপর পুনরায় dialogueটি পড়ে শোনান/ অডিও প্লে করুন। এক্ষেত্রে প্রতিটি উক্তির পর থামবেন যাতে শিক্ষার্থীরা তাল ঠিক রাখতে পারে।
- শিক্ষার্থীদের কোনো শব্দের অর্থ অজানা আছে কি না তা প্রশ্ন করে জানুন। তারা বিভিন্ন শব্দের যেমন: delicious (সুস্বাদু), pineapple (আনারস), Cucumber (শশা), Lettuce (লেটুসপাতা), strawberries অর্থ জানে কি না তা যাচাই করুন।
- সম্ভব হলে তাদের খাদ্যদ্রব্যের flash card গুলো একে একে দেখান। তাদের flash card দেখে খাদ্যদ্রব্যগুলোর নাম বলতে বলুন। বলতে না পারলে সহায়তা করুন।
- শিক্ষার্থীরা dialogueটি পড়ে কী বুঝতে পেরেছে তা বলতে বলুন। তাদের ইংরেজিতে বলতে উৎসাহিত করুন। তবে একান্ত প্রয়োজনে তারা বাংলায় বলতে পারবে।
- Dialogueটি একবার থেমে থেমে পড়ে শোনান/অডিও প্লে করুন যাতে শিক্ষার্থীরা অনুসরণ করে সরবে পড়তে পারে। তারা বুঝতে পেরেছে কি না তা যাচাইয়ের জন্য dialogueটি থেকে কিছু প্রশ্ন করতে পারেন তবে এ পর্যায়ে Activity C থেকে প্রশ্ন করা থেকে বিরত থাকুন, যেমন: Which food does Nasreen eat regularly? (fruits and vegetables), Which foods does Sima eat regularly? (fruits and vegetables), Which food melts quickly in hot weather? (Ice-cream).
- Dialogueটি শিক্ষার্থীদের নীরবে বুঝে পড়তে বলুন।
- সহজ প্রশ্ন করে তাদের কাছ থেকে dialogueটির মূল কথাগুলো জেনে নিন। যেমন- After meeting with Nasreen, Sima asks her what she is doing. Nasreen replies that she is mixing chocolate with the icecream. She melted the chocolate by keeping it in

the sun for few hours. Because icecream with chocolate is delicious. Sima thinks that too much chocolate and icecream is not good for health. Sima and Nasreen both like fruits and vegetables. Nasreen offers icecream to Sima.

- শিক্ষার্থীদের dialogueটি জোড়ায় অনুশীলন করতে বলুন।
- ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন এবং প্রয়োজনে তাদের সহায়তা করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন, "We've learnt about different foods." কয়েকজন শিক্ষার্থীকে dialogueটিতে উল্লিখিত কয়েকটি খাদ্যের নাম বলতে বলুন।

| | |
|---|---|
| **পিরিয়ড : ২ পাঠ্যাংশ : B** | **বিষয়বস্তু :** Underline the foods in the dialogue in Activity A. |
| **পৃষ্ঠা : ২৬** | **উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.3 read silently with understanding dialogues.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালাচনা করতে কিছু প্রশ্ন করুন, যেমন: *Who were talking about ice cream? Who was eating the ice-cream? Which food melts quickly?*
- শিক্ষার্থীদের Dialogueটি সরবে বা নীরবে পড়তে দিন এবং ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন। প্রয়োজনে সাহায্য করুন।
- এবার Activity B-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। কয়েকজন শিক্ষার্থীকে Activity A-তে উল্লিখিত কয়েকটি খাদ্যের নাম বলতে বলুন।
- শিক্ষার্থীদের Activity A-এর dialogueটিতে উল্লিখিত খাদ্যগুলোর নিচে দাগ টানতে বলুন। কাজটি তারা নিজেদের জায়গায় বসে করবে।
- শিক্ষার্থীদের নিকটস্থ সহপাঠীর সাথে পাঠ্যপুস্তক বিনিময় করে কাজটি যাচাই এবং সংশোধন করতে বলুন।
- তারা ঠিকভাবে কাজ করতে এবং সহপাঠীর কাজ সংশোধন করতে পারছে কি না তা ঘুরে ঘুরে যাচাই করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন, "We've learnt about different food."




C. Pairwork. Ask and answer questions about Activity A.

1 What is Nasreen putting chocolate on?
2 Why doesn't Nasreen eat chocolate regularly?
3 What does Nasreen say about ice-cream with chocolate?
4 What are Nasreen's favourite foods? Are these healthy foods?
5 What are Sima's favourite foods? Are these healthy foods?

D. Write a short composition about a healthy meal you ate. Use the following words:

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| vegetables | lentils | fruit | healthy | dairy | unhealthy | oil |

## Language Focus

E. *Adverbs*

Adverbs say how an action is done.
The adverb usually comes after the verb.
Tamal is talking **quietly** to Biju.



F. Read the dialogue in Activity A again. Underline the adverbs carefully.

G. Groupwork. Choose an action from Row 1 and an adverb from Row 2. Mime the action in that way.

| | | | | |
|---|---|---|---|---|
| 1: | run | write | sing | draw |
| 2: | quickly | slowly | loudly | quietly |

| পিরিয়ড : ৩ পাঠ্যাংশ : C<br>পৃষ্ঠা : ২৭ | বিষয়বস্তু : (C) Pairwork. Ask and answer questions about Activity A.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio. |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.
3.1.1 understand questions asked by the teacher about them.
3.2.1 understand questions about family and friends of students.

**Speaking:**

3.1.1 ask and answer Wh questions.

**Reading:**

5.1.3 read silently with understanding dialogues.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালোচনা করতে কিছু প্রশ্ন করুন, *How ice-cream taste with chocolate? What happens to chocolate in the sun? Tell the name of some fruits mention in the dialogue.*
- এবার Activity C-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন।
- শিক্ষার্থীদেরকে অডিও শোনার সাথে সাথে Activity A-এর dialogueটি নীরবে পড়তে বলুন।
- প্রথম প্রশ্নটি সরবে পড়ে শোনান। কোনো একজন শিক্ষার্থীকে প্রশ্নটির উত্তর দিতে বলুন। তাকে dialogueটির কোন অংশে উত্তরটি খুঁজে পেল তা নির্দেশ করতে বলুন। এরপর বাকি প্রশ্নগুলোও সরবে পড়ুন অথবা অডিও ফাইল C5U07L3-5C প্লে করুন, কিন্তু এগুলোর উত্তর বলবেন না। তাদের প্রশ্নগুলোর উত্তর বলতে উৎসাহিত করুন ।
- তাদেরকে নিজের জায়গায় বসে পাশের জনের সাথে জোড়ায় প্রশ্নোত্তর অনুশীলন করতে বলুন। একজন প্রশ্ন করবে অপরজন উত্তর দেবে।
- শিক্ষার্থীরা একে অপরকে প্রশ্ন করতে এবং উত্তর দিতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে যাচাই করুন। ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।

পিরিয়ড : ৪ পাঠ্যাংশ : D

পৃষ্ঠা : ২৭

বিষয়বস্তু : Read again. Write T for True or F for False. Correct the False sentences. Rewrite them in your exercise book.

উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio.

## Learning outcomes : Students will be able to

**Reading:**

5.1.3 read silently with understanding dialogues.

5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

**Writing:**

5.1.1 use full stop, comma, question mark and exclamation mark.

6.1.1 use capital letters for sentence beginnings.

8.1.1 make sentences using words and phrases given in the textbook.

10.2.1 write short and simple composition on familiar objects such as people, place and events.

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদের Section A নীরবে একবার পড়তে বলুন।
- এবার Activity D-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। তাদের কী করতে হবে তা বুঝিয়ে বলুন। তাদের Activity D-এর শব্দগুলো দিয়ে sentence বলতে বলুন। নিজে থেকেও কিছু sentence যুক্ত করতে পারেন। এগুলো বোর্ডে লিখুন- Every morning, I eat food made from grain, like bread. I eat rice with lentils, vegetables and fish at lunch and dinner. Sometimes, I also eat meat at dinner. I like to eat fruits especially mango, grape, lichi and guava.
- তাদের Activity D-এর কাজটি নিজে নিজে করতে বলুন। তারা কাজটি খাতায় করতে পারছে কি না তা ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন। প্রয়োজনে সহায়তা করুন।
- কয়েকজন শিক্ষার্থীকে সামনে এসে তার *composition about a healthy meal you ate* টি উপস্থাপন করতে বলুন। প্রয়োজনে তাকে সহায়তা করুন।
- এরপর সময় বিবেচনা করে শিক্ষার্থীদের লেখা composition টি মূল্যায়ন করুন। লক্ষ্য করুন তারা পাঠ্যপুস্তকের শব্দগুলো ও Punctuation marks যথাযথ ভাবে ব্যবহার করেছে কিনা। প্রয়োজনে Feedback লিখে দিন ও সকলের সাথে আলাপ করুন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন, "We've learnt about how to write a short composition."

| | |
|---|---|
| পিরিয়ড : ৫ পাঠ্যাংশ : E, F & G<br>পৃষ্ঠা : ২৭ | **বিষয়বস্তু :** (E) Adverbs. (F) Read the dialogue in Activity A again. Underline the adverbs carefully. (G) Groupwork. Choose an action from row 1 and an adverb from row 2. Mime the action in that way.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
2.1.1 carry out simple commands and instructions.

**Speaking:**

7.1.1 give instructions and commands.

**Reading:**

5.1.3 read silently with understanding dialogues.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

### শিখন-শেখানো কার্যাবলি

**E. Adverbs.**

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালাচনা করতে কিছু প্রশ্ন করুন: Which food you like most? Is it healthy? Name some dairy products? Do you eat lentils every day?
- Adverbs এর ধারণা উপস্থাপন করুন। বলুন: *Adverbs say how an action is done. The adverb usually comes after the verb.* পাঠ্যপুস্তক থেকে এবং আরও কিছু *adverb* এর উদাহরণ বোর্ডে লিখুন, যেমন- *Tamal is talking quietly to Biju. The boy is running quickly. The girl is singing the song beautifully. The man is walking slowly. She is doing the task happily. He is injured badly.* প্রয়োজনে *adverb* বাংলায় বুঝিয়ে দিন।
- কয়েকজন শিক্ষার্থীকে বোর্ডে এনে sentence এর মধ্যে *adverb* গুলোর নিচে দাগ টানতে বলুন। তাদের আরও কিছু *adverb*-এর উদাহরণ দিতে বলুন। কেন এগুলো *adverb* তার ব্যাখ্যা দিন।

**F. Read the dialogue in Activity A again. Underline the adverbs carefully.**

- শিক্ষার্থীদের নিয়ে ছোট দল গঠন করুন। তাদের Activity A-এর dialogueটি নীরবে পড়তে বলুন ও আলোচনা করে adverb খুঁজে বের করতে বলুন।
- এক বা দুইজন শিক্ষার্থীকে সামনে এনে Activity A এর dialogueটি থেকে একটি করে adverb খুঁজে বের করে বলতে বলুন।
- এবার শিক্ষার্থীদের dialogueটির adverb গুলোর নিচে দাগ টানতে বলুন।
- তারা কাজটি ঠিকভাবে করতে পারছে কি না তা ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন। প্রয়োজনে সহায়তা করুন।
- প্রতিটি দলকে সামনে এসে adverb-এর তালিকা উপস্থাপন করতে বলুন। প্রয়োজনে তাদের তালিকা তৈরি করতে সহায়তা করুন। যেমন- quickly, regularly, everyday।

**G. Groupwork. Choose an action from Row 1 and an adverb from Row 2. Mine the action in that way.**

- এবার Activity G এর ঘরগুলো বোর্ডে লিখুন।

- এরপর তাদের প্রশ্ন করুন - Which rows have adverbs? তাদের উত্তর করতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের নিয়ে ছোট দল গঠন করুন। তাদের row 1থেকে একটি action এবং row 2 থেকে একটি adverb বেছে নিতে বলুন। এরপর প্রতিটি দলকে তাদের বেছে নেওয়া actionটি সামনে এসে অভিনয় করে দেখাতে বলুন। উদাহরণ স্বরুপ যে run quickly - actionটি বাছাই করেছে তাকে অভিনয় করে দেখাতে হবে যে *he /she is running quickly* । প্রয়োজনে আপনি নিজে বা CD/Audio বাজিয়ে Instruction ও Comment উল্লিখিত শব্দ দিয়ে গঠন করে বলুন/শোনান।
- প্রয়োজনে তাদের অভিনয় করতে সহায়তা করুন এবং adverb গুলো বলে দিন।
- শিক্ষার্থীদের প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন, "We've learnt about adverbs."

## Language Focus

### H. *Should* and *shouldn't*

We use **should** and shouldn't to give advice.

You shouldn't **eat** a lot of sweets. You shouldn't **eat** them regularly.

You **should eat** a lot of fruits and vegetables. You **should eat** them regularly.

### I. Make sentences. Use a word or words from each column.

| 1 | 2 | 3 | 4 |
|---|---|---|---|
| You should | eat | the road | politely. |
| | cross | your teacher | carefully. |
| You shouldn't | answer | in class | regularly. |
| | talk | your homework | loudly. |
| | do | vegetables | carelessly. |

| | |
|---|---|
| **পিরিয়ড : ৬ পাঠ্যাংশ :** H & I<br>**পৃষ্ঠা : ২৮** | **বিষয়বস্তু :** (H) Should and shouldn't. (I) Make sentences. Use a word or words from each column.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Reading:**

| | |
|---|---|
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| 1.7.1 | read paragraphs, dialogues stories, letters and other texts. |
| 5.1.4 | read silently with understanding personal letters and other texts materials. |
| 6.1.1 | read instructions and carry them out. |

**Writing:**

| | |
|---|---|
| 3.1.1 | write words, phrases and sentences using non-cursive capital letters. |
| 3.1.2 | write, words, phrases and sentences using non-cursive small letters. |
| 8.1.1 | make sentences using words and phrases given in the textbook. |

### শিখন-শেখানো কার্যাবলি

**H. Should and shouldn't.**

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- পূর্বের পাঠটি পুনরালাচনা করতে শিক্ষার্থীদের নিয়ে একটি গেম খেলুন। কাগজের টুকরায় কতগুলো adverb এবং verb লিখে আপনার ডেস্কে দুটি স্তূপ তৈরি করুন। এরপর শিক্ষার্থীদের একে একে প্রতিটি স্তূপ থেকে একটি করে কাগজের টুকরা তুলে সেগুলোতে যে action এর কথা লেখা আছে তা অভিনয় করে দেখাতে বলুন। উদাহরণস্বরূপ যে "walk" এবং "slowly," বাছাই করেছে সে walk slowly around the room অভিনয় করে দেখাবে। তার অভিনয় দেখে অন্যদের adverb এবং verb দুটি অনুমান করে বলতে হবে এবং কাগজের টুকরা দুটি দেখিয়ে তাদের অনুমান ঠিক না ভুল তা জানাবেন।
- তাদেরকে Language Focus: Should and shouldn't এর দিকে মনোযোগ দিতে বলুন। আমরা কখন Should এবং shouldn't ব্যবহার করি তা বুঝিয়ে বলুন। তাদের বলুন যে আমরা উপদেশ দিতে এ দুটি ব্যবহার করে থাকি।
- পাঠ্যপুস্তক থেকে উদাহরণ বোর্ড লিখুন, যেমন- You shouldn't eat a lot of sweets. You shouldn't eat them regularly. You should eat a lot of fruits and vegetables. You should eat them regularly. অথবা CD/Audio ব্যবহার করুন।
- আরোও কিছু উদাহরণ দিন, যেমন- You should do your homework regularly. You shouldn't eat oily food regularly. You should do some exercise every day. You shouldn't eat too much chocolate.
- তাদেরকে জোড়ায় আলোচনা করে Should এবং shouldn't এর উদাহরণ বের করে খাতায় লিখতে বলুন এবং কয়েক জোড়াকে সকলের সামনে উপস্থাপন করতে বলুন। প্রয়োজনে সাহায্য করুন।

**I. Make sentences. Use a word or words from each column.**

- এবার Activity I এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন।
- শিক্ষার্থীদের জোড় গঠন করুন। তাদেরকে প্রতিটি column থেকে এক বা একাধিক শব্দ নিয়ে sentence তৈরি করে খাতায় লিখতে বলুন।

- বোর্ডে একটি উদাহরণ লিখুন যেমনঃ You should cross the road carefully. You shouldn't talk in class loudly.
- তারা ঠিকভাবে sentence তৈরি করতে পারছে কি না তা ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন। প্রয়োজনে সহায়তা করুন।
- কয়েকে জোড়া শিক্ষার্থীকে সামনে এসে sentenceগুলো উপস্থাপন করতে বলুন। বাকি শিক্ষার্থীদের সেগুলো সঠিক কি না তা যাচাই করতে এবং প্রয়োজনীয় সংশোধন করতে বলুন।
- শিক্ষার্থীদেরকে প্রশ্ন করুন যে, তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদের বলতে উৎসাহিত করুন, "We've learnt about the use of should and shouldn't."




## Language Focus

**J.** *Stressed syllables*

Clap your hands when you say the stressed syllables.





fish dish frog dog

a fish a dish a frog a dog

a fish on a dish and a frog with a dog

**K.** Look, listen and say.



3, 6, 9
Are you fine?
Clap with me.
We'll have a good time.

6, 8, 10
Clap again.
Let's have some fun,
With our friends.

**L.** Say the rhyme in Activity K again. Clap when you say the stressed syllables.

| | |
|---|---|
| পিরিয়ড : ৭ পাঠ্যাংশ : J<br>পৃষ্ঠা : ২৯ | **বিষয়বস্তু :** Stressed syllables.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, Flash card, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.1.1 recognize sound differences in the context of words.
1.2.1 recognize which syllable in a word is stressed.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালাচনা করুন। দুই বা তিন জনকে should এবং shouldn't ব্যবহার করে sentence তৈরি করতে বলুন।
- Language Focus-এর প্রথম লাইনের শব্দগুলো পড়ে অথবা অডিও ফাইল C5U07L7-8K প্লে করুন। প্রতিটি শব্দের শেষে থামুন যাতে শিক্ষার্থীরা পুনরাবৃত্তি করতে পারে। এরপর তাদেরকে প্রথমে সকলে একসাথে এবং পরে এককভাবে পড়তে বলুন। লক্ষ করুন তারা fish, dish, frog, dog শব্দগুলো ঠিকভাবে উচ্চারণ করতে পারছে কিনা। Language Focusএর দ্বিতীয় লাইনের শব্দগুলো পড়ে অথবা অডিও প্লে করুন। শিক্ষার্থীদেরকে প্রথমে সকলে একসাথে এবং পরে এককভাবে পড়তে বলুন। এবার stressed wordsগুলো পড়ার সময় হাততালি দিয়ে দেখিয়ে দিন কীভাবে stress দিয়ে উচ্চারণ করতে হবে। শিক্ষার্থীরা আপনাকে অনুসরণ করবে। এবার তৃতীয় লাইনটি বোর্ডে লিখুন এবং fish, dish, frog, dog শব্দগুলো নির্দেশ করে বলুন যে এগুলোর উচ্চারণের ক্ষেত্র stress দিতে হবে কিন্তু on, and, with উচ্চারণের ক্ষেত্রে stress দিতে হবে না। শব্দগুলো পড়ে অথবা অডিও প্লে করুন। শিক্ষার্থীদের প্রথমে সকলে একসাথে এবং পরে এককভাবে পড়তে বলুন। এবার stressed wordsগুলো পড়ার সময় হাততালি দিয়ে দেখিয়ে দিন কীভাবে stress দিয়ে উচ্চারণ করতে হবে। শিক্ষার্থীরা আপনাকে অনুসরণ করবে।
- শিক্ষার্থীদের নিয়ে দল গঠন করুন এবং তাদের বোর্ডের লেখা পড়তে বলুন। তাদের stressed syllable উচ্চারণের সময় হাত তালি দিতে বলুন। তারা fish, dish, frog, dog শব্দগুলোর (রং করা) উচ্চারণের সময় stress দিচ্ছে, না "a" এর বেলায় দিচ্ছে সেদিকে নজর রাখুন। উল্লেখ করুন যে "a" এর বেলায় stress দিতে হবে না। একইভাবে on, and, with এর বেলায়ও stress দিতে হবে না।
- তাদেরকে এ ধরনের শব্দের উদাহরণ দিতে বলুন না পারলে নিজে থেকে কিছু উদাহরণ দিন, যেমন- rush, mug, fog, jug.
- তাদেরকে লাইনগুলো পুনরায় পড়তে বলুন। ঘুরে ঘুরে দেখুন তারা সঠিকভাবে উচ্চারণ করে, যথাস্থানে stress দিয়ে পড়তে পারছে কিনা। প্রয়োজনে সহায়তা করুন।
- **বর্ধিত কাজঃ**
  শিক্ষার্থীরা তাদের পড়া পাঠগুলো থেকে কিছু দীর্ঘতর শব্দ বেছে নিয়ে stressed syllables বলা অনুশীলন করবে। তারা stressed syllables এ হাততালি দেবে। যেমনঃ

| | | | | |
|---|---|---|---|---|
| <u>**or**</u>anges pa<u>**pa**</u>ya | <u>**choc**</u>olate | <u>**veg**</u>etables | po<u>**ta**</u>toes | <u>**py**</u>ramid |
| de<u>**lic**</u>ious <u>**cu**</u>cumber | to<u>**ma**</u>toes | compo<u>**si**</u>tion | under<u>**line**</u> | <u>**reg**</u>ularly |

- শিক্ষার্থীদেরকে প্রশ্ন করুন যে তারা আজকের পাঠে কী কী শিখেছে। তাদেরকে বলতে উৎসাহিত করুন, "How to give stress on the proper syllable in a word."

| পিরিয়ড : ৮ পাঠ্যাংশ : K & L<br>পৃষ্ঠা : ২৯ | বিষয়বস্তু : (K) Look, listen and say. (L) Say the rhyme in Activity J again. Clap when you say the stressed syllables.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, Flash card, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.2.1 recognize which syllable in a word is stressed.
1.3.1 recognize which words in a sentence are stressed.
4.3.1 understand and enjoy simple poems.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
4.1.1 recite poems.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
4.1.1 read aloud poems with proper sounds, stress and intonation.

### শিখন-শেখানো কার্যাবলি

**K. Look, listen and say.**

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.1 read silently with understanding paragraph .

- ছাত্র-ছাত্রীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। ছাত্র-ছাত্রীদের বলুন, "Good morning/afternoon" এবং আপনাকে "Good morning/afternoon" বলতে তাদের সাহায্য করুন।
- পাঠ প্রস্তুতির জন্য ছাত্র-ছাত্রীদের জিজ্ঞাসা করুন, –*'Do all of you know when your birthday is? What do you do on that day? Do you know when your family members' birthdays are? Do you know when your friends' birthdays are? What do you do on your friend's birthday?* আগ্রহী কাউকে তার অভিজ্ঞতা শ্রেণিতে বলতে বলুন। তাদের মধ্যে কারও যদি জন্মদিন এবং জন্মদিন উদযাপন (in rural context) সম্পর্কে ধারণা না থাকে, সহজ ভাষায় তাদের জন্য ব্যাখ্যা করুন। একটি জন্মদিনের অনুষ্ঠানের ভিডিও দেখান (সম্ভব হলে)।
- ঘোষণা করুন যে আজ তারা জন্মদিন সম্পর্কে পড়তে যাচ্ছে। আজকের পাঠের শিরোনাম ছাত্র-ছাত্রীদের বলুন এবং ব্ল্যাকবোর্ডে তা লিখুন। আপনাকে অনুসরণ করে ছাত্র-ছাত্রীদের পাঠের শিরোনাম পুনরায় বলতে দিন।
- শিরোনাম ঘোষণার পর, ছাত্র-ছাত্রীদের বইয়ের ৫৮ নং পৃষ্ঠা খুলতে বলুন। এখন ছবিগুলো দেখান। যদি সম্ভব হয় তবে পাঠ্যবইয়ের মতো ছবি বড় আকারে দেখান।
- একটি একটি করে ছবিগুলো দেখান এবং প্রশ্ন করার মাধ্যমে আলোচনা করুন। এটি ছবির গল্প সম্পর্কে তাদেরকে একটা ধারণা দেবে। ছবি নিয়ে আলোচনার সময় লিখিত অংশ ঢেকে রাখার চেষ্টা করুন যেন আলোচনাটা শুধু ছবির ওপর জোর দিয়ে হয়। যদি সম্ভব হয় তবে পাঠ্যবইয়ের মতো বড় আকারের ছবি দেখান।

  -প্রথম ছবিটি দেখিয়ে এ ধরনের প্রশ্ন করতে পারেন;

  *What can you see in the picture?*
  *What is happening in the picture?*
  *Who are there in the picture?*
  *What are they doing?*
  *What is written on the top of the picture?*
  *How many candles can you see on the cake? etc.*

  -এখন দ্বিতীয় ছবিতে তাদের মনোযোগ আকর্ষণ করুন এবং এ ধরনের প্রশ্ন করুন;

  *What do these packets look like?*
  *What do we do with these packets?*
  *When do we present these to others?*

এখন নতুন শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। যদি তারা না বলতে পারে, তাদেরকে ক্লু ধরিয়ে দিন। পাঠ্য বই থেকে শব্দগুলোর অর্থ খুঁজে বের করতে বলুন। কখনও কখনও এটা ছবিতেও থাকতে পারে, সুতরাং তাদের ছবিগুলো দেখতে বলুন।

- *birthday, special, born, celebrate, cake, candle, blow out, gift, wrap, enjoy, spend* ইত্যাদি শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। মুকাভিনয়ের মাধ্যমে *celebrate, blow out, wrap, and enjoy* শব্দগুলোর অর্থ প্রকাশ করার চেষ্টা করুন। বোর্ডে শব্দগুলো বাংলা অর্থসহ লিখুন।
- গল্পটি থেকে কিছু নতুন শব্দ ও বার বার ব্যবহৃত শব্দ নিয়ে একটি চার্ট পেপারে হাতে লিখুন এবং Activity A পড়ার সময় চার্টটি ঝুলিয়ে রাখুন।
- এবার Activity A ধীরে ধীরে পড়ে শুনান/অডিও ফাইল C5U15L1A প্লে করুন। শিক্ষার্থীদের আপনার/Audio এর সাথে সাথে মিলিয়ে মিলিয়ে পড়তে বলুন।
- বোর্ডে নিচের প্রশ্নগুলো লিখুন:
  – *Do people around the world celebrate birthday in the same way?*

- *How do people celebrate birthday in most of the country?*
- *How many candles are put on the cake and why?*
- *What do people bring to a birthday party?*

- এখন ছাত্র-ছাত্রীদের গল্পটি নীরবে পড়তে বলুন এবং প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করতে বলুন। কোনো সমস্যা হলে সাহায্য নিতে বলুন।
- শ্রেণিকক্ষের ঘুরে দেখুন এবং ছাত্র-ছাত্রীরা সঠিকভাবে পড়ছে কি না তা পর্যবেক্ষণ করুন।
- শিখনফল যাচাই করার জন্য ৫/৬ জন শিক্ষার্থীকে সামনে ডেকে সরবে পড়তে বলুন। তাদের উচ্চারণ, বিরাম এবং স্বরভঙ্গির উপর ফিডব্যাক দিন।
- ছাত্র-ছাত্রীদের জিজ্ঞেস করুন, "*What did you learn from the lesson?*" নিজের ভাষায় তাদের শিখন প্রকাশের জন্য উৎসাহিত করুন।

**B.** Read the sentences. Write *T* for True or *F* for False.

1 A birthday is the date when a person was born. ______

2 People celebrate birthdays in the same way around the world. ______

3 On a birthday cake, there is one candle for each year of a child's age. ______

4 The friends and family blow out the candles on a birthday cake. ______

5 Children in some countries have a party for their birthday. ______

6 Gifts are the most important thing for celebrating a birthday. ______

**C.** Listen and sing.

Happy Birthday to you.
Happy Birthday to you.
Happy Birthday, dear Nafis.
Happy Birthday to you!



**D.** Sing the Happy Birthday song using the names below. Then count the candles on the cake and say how old each person is.



Zakir



Aparna



Robin



Ashoka

| | |
|---|---|
| পিরিয়ড : ২ পাঠ্যাংশ : B, C & D<br>পৃষ্ঠা : ৫৯ | বিষয়বস্তু : (B) Read the sentences. Write T for True of F for Fal. (C) Listen and sing. (D) Sing the Happy Birthday song using the names below. Then count the candles on the cake and say how old each person is.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.1 read silently with understanding paragraph .

### শিখন-শেখানো কার্যাবলি

**B. Read the sentences. Write T for True of F for False.**

- ছাত্র-ছাত্রীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। ছাত্র-ছাত্রীদের বলুন, "Good morning/afternoon" এবং আপনাকে "Good morning/afternoon" বলতে তাদের সাহায্য করুন।
- কিছু প্রশ্নের করার মাধ্যমে আগের পাঠের পর্যালোচনা করুন। উদাহরণস্বরূপ আপনি তাদের জিজ্ঞেস করতে পারেন- *'Usually what do you do on your birthday?'*, *'What do you do on your friend's birthday?'* etc. (যদি শিক্ষার্থীরা গ্রামের হয় তবে জন্মদিন উদযাপনের জন্য শহরে সাধারণত কী করা হয় তাদের বুঝিয়ে বলুন। আর তাদের কাছে থেকে জানুন গ্রামে কীভাবে জন্মদিন উদযাপন করা হয়।)
- ছাত্র-ছাত্রীদেরকে বইয়ের ৫৯ পৃষ্ঠা খুলতে বলুন এবং অ্যাকটিভিটি B তে মনোযোগ দিতে বলুন।
- ছাত্র-ছাত্রীদের উদ্দেশে বাক্যগুলো সরবে পড়ুন অথবা অডিও ফাইল C5U15L2B প্লে করুন।
- এখন তাদেরকে নীরবে পড়তে বলুন এবং প্রত্যেক বাক্যের জন্য সত্য হলে T for True এবং মিথ্যা হলে and F for False লিখতে বলুন। ছাত্র-ছাত্রীরা বাক্যের পাশের ফাঁকা জায়গা ব্যবহার করতে পারে। প্রয়োজনে Activity A নীরবে পড়তে বলুন।
- ক্লাসের চারদিকে ঘুরে দেখুন এবং পর্যবেক্ষণ করুন।
- মূল্যায়নের জন্য শিক্ষার্থীদের তার পাশের জনের সাথে বই বিনিময় করে তাদের উত্তরগুলো যাচাই করতে বলুন।
- এখন সঠিক উত্তরগুলো বোর্ডে লিখুন যেন সবাই তাদের উত্তরের সাথে মিলাতে পারে।

**C. Listen and sing**

- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, *'What do you do when you cut your birthday cake?'* আরও জিজ্ঞেস করুন, *'What do others do?'* তাদের জন্মদিনের গানের একটি ক্লু দিন। আপনিও গানটি

গাইতে পারেন।

- সম্ভব হলে গানটির অডিও ফাইল C5U15L2C প্লে করুন। প্রথমে শিক্ষার্থীদের শুনতে বলুন। এখন নিজে জন্মদিনের গানটি গেয়ে শোনান এবং ক্লাসের সবাইকে তা অনুসরণ করতে বলুন।
- এখন গানের পাশের ছবিটি দেখান। জিজ্ঞাসা করুন, *'How old is Ahmed?"* কেকের উপরের মোমবাতি গণনার ক্লু দিন, তারা উত্তরটি খুঁজে বের করতে পারবে।
- প্রথমে আপনি আহমেদের জন্মদিনের গান গাইবেন। তারপর শিক্ষার্থীদের পুনরায় গাইতে বলবেন।
- শিক্ষার্থীদের জন্মদিনের কেকের দিকে তাকাতে বলুন।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় জোড়ায় বসিয়ে তাদের নাম দিয়ে একটি করে জন্মদিনের কেক আঁকতে বলুন এবং দু-জনকে একটি জন্মদিনের গান গেয়ে শোনাতে বলুন। যখন শিক্ষার্থীরা গাইবে তখন তাদের উচ্চারণ শুনুন এবং প্রয়োজনে ফিডব্যাক দিন।
- সম্ভব হলে একের অধিক জোড়াকে এক সাথে জন্মদিনের গান গাইতে দিন।
- মূল্যায়নের জন্য গান গাওয়া সঠিকভাবে হচ্ছে কি না তা পর্যবেক্ষণ করুন।

**D. Sing the Happy Birthday song using the names below. Then count the candles on the cake and say how old each person is.**

- Activity D -এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করুন এখানে দেয়া birthday কেকের ছবিগুলো দেখতে বলুন ।
- কেকের নিচে নাম এবং উপরে কয়টি করে মোমবাতি আছে খেয়াল করতে বলুন। শিক্ষার্থীদের বুঝিয়ে বলুন যার যত বয়স, তার কেকের উপর ততগুলো মোমবাতি জ্বালানো হয়।
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন যাকির, অপর্ণা, রবিন এবং অশোকার বয়স কত। পুরো ক্লাস একসঙ্গে উত্তর দেবে।
- তারপর পুরো ক্লাসকে আগের মতো birthday song গাইতে বলুন। এবার তারা কেকের নিচে যাদের নাম আছে তাদের জন্য birthday song গাইবে। আপনিও তাদের সঙ্গে গান।
- মূল্যায়নের জন্য খেয়াল করুন শিক্ষার্থীরা বইয়ে দেয়া নাম দিয়ে birthday song গাইতে পারে কি না ।

**E.** Listen, read and say.

To write a date, we write the day, the month and the year:

1.1.16 = 1st January, 2016

We say:

The first of January, 2016.

**F.** Complete the sentences. Say and write today's date.

The month is __________________.

The day is _____________________.

The year is ____________________.

Today's date is_________________.

**G.** Read and say.



Shaheed Minar

The 21st of February, 1952 is the Language Martyrs' Day. On this day in 1952, students in Dhaka gave their lives for their mother language. The day is now called International Mother Language Day.

পিরিয়ড : ৩ পাঠ্যাংশ : E & F

পৃষ্ঠা : ৬০

বিষয়বস্তু : (E) Listen, read and say. (F) Complete the sentences. Say and write today's date.

উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio.

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
2.2.1 recognize and read ordinal numbers up to 20th.
7.1.1 recognize punctuation marks and read accordingly.

**Writing:**

2.1.1 write cardinal numbers 1-500 in figures.
2.2.1 write ordinal numbers up to 20th.
4.1.1 write cardinal numbers up to 100 in figures and in words.
4.2.1 write ordinal numbers up to 10th both in figures and in words.
5.1.1 use full stop, comma, question mark and exclamation mark.

### শিখন-শেখানো কার্যাবলি

## E. Listen, read and say.

- ছাত্র-ছাত্রীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। ছাত্র-ছাত্রীদের বলুন, "Good morning/afternoon"এবং আপনাকে "Good morning/afternoon"বলতে তাদের সাহায্য করুন।
- আমরা কীভাবে পূরণবাচক ও ক্রমবাচক সংখ্যা (cardinal and ordinal numbers) বলি তা পর্যালোচনা করুন। 1-10 পর্যন্ত cardinal numbers বোর্ডে লিখুন। একজন শিক্ষার্থীকে ডেকে 1st-10th পর্যন্ত ordinal numbers বলতে বলুন এবং এরপর বোর্ডে লিখতে বলুন। যদি শিক্ষার্থীরা স্মরণ করতে না পারে/করতে না পারে, নিজে করার পর শিক্ষার্থীদের পুনরায় করতে বলুন এবং সংখ্যাগুলো নিজের মতো করে বোর্ডে লিখুন এখন ছাত্র-ছাত্রীদের পৃষ্ঠা ৬০ খুলতে বলুন এবং অ্যাকটিভিটি D তে মনোযোগ দিতে বলুন। ছাত্র-ছাত্রীদের বলুন যে আজকের বিষয়বস্তু হচ্ছে- *how to write and say a date*।
- কীভাবে তারিখ লিখতে হয় তা ব্যাখ্যা করুন। প্রথমে আমরা দিন, তারপর মাস এবং সবশেষে বছর লিখি। এটা দুইভাবে লেখা যায়- cardinal and ordinal number অনুসরণ করে, যেমন 16.12.2015 = 16$^{th}$December, 2015। আরও উদাহরণ দিয়ে লিখুন। ছাত্র-ছাত্রীদের কাছ থেকে পূরণবাচক ও ক্রমবাচক সংখ্যা নিয়ে এগুলো প্রকাশ করুন। যদি তারা ধারণাটা বুঝতে না পারে তবে উদাহরণের সাহায্যে আলোচনা করুন।
- এখন বোর্ডের কাছে যান এবং তারিখগুলো লিখে দেখান। পূরণবাচক ও ক্রমবাচক সংখ্যা ব্যবহার করে

পুনরায় তারিখগুলো লিখুন, যেমন 26.3. 2016 = 26th March, 2016, লেখার পর, তারিখটি বলুন- the twenty sixth of March, two thousand sixteen। একইভাবে বোর্ডে লেখা সবগুলো তারিখ মুখে বলুন। প্রয়োজনে কমার ব্যবহার ব্যাখ্যা করুন।

- আপনার বলার পর ছাত্র-ছাত্রীদেরকে বলতে বলুন।

## F. Complete the sentences. Say and write today's date.

- ছাত্র-ছাত্রীদের জিজ্ঞাসা করুন- What date is today?
- তাদের মনোযোগ অ্যাকটিভিটি **F** এ মনোযোগ দিতে বলুন।
- ছাত্র-ছাত্রীদেরকে জিজ্ঞাসা করুন, *'Which month is it?* আবার জিজ্ঞাসা করুন, *'What is today's date?'* তাদেরকে চলতি বছর কত সাল তাও বলতে বলুন।
- এখন তাদেরকে বলতে বলুন, *'What is today's date?'*
- আজকের তারিখ তাদের বইতে লিখতে বলুন। লক্ষ করুন কমা ঠিক করে লিখছে কিনা।
- ছাত্র-ছাত্রীরা সঠিকভাবে লিখছে কিনা তা পর্যবেক্ষণ করার জন্য শ্রেণির চারপাশে ঘুরে দেখুন এখন বোর্ডের কাছে যান, পূরণবাচক ও ক্রমবাচক সংখ্যা (cardinal and ordinal numbers) ব্যবহার করে তারিখগুলো লিখুন এবং উচ্চৈঃস্বরে বলুন। আপনার বলার পর ছাত্র-ছাত্রীদের বলতে বলুন।
- কয়েকজন ছাত্র-ছাত্রীর বই দেখে মূল্যায়ন করুন এবং প্রয়োজনে ফিডব্যাক দিন।

| | |
|---|---|
| **পিরিয়ড : ৪ পাঠ্যাংশ :** G<br>**পৃষ্ঠা : ৬০** | **বিষয়বস্তু :** Read and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |

## Learning outcomes : Students will be able to

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

### শিখন-শেখানো কার্যাবলি

- ছাত্র-ছাত্রীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। ছাত্র-ছাত্রীদের বলুন, "Good morning/afternoon" এবং আপনাকে "Good morning/afternoon" বলতে তাদের সাহায্য করুন।
- পাঠ প্রস্তুতির জন্য ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট তারিখের উপর ভিত্তি করে একটা বাংলা গান চিন্তা করতে বলুন। আলোচনা ও মনে করার জন্য কিছু সময় দিন। যদি তারা উপযুক্ত কোনো গান মনে করতে না পারে তবে তাদেরকে ক্লু ধরিয়ে দিন যেমন- মাসটির নাম হলো ফেব্রুয়ারি। তারপর শহিদ দিবসের গানটির নাম বলুন- 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি?' গানের দুই লাইন গেয়ে শোনান এবং সবাইকে সমস্বরে গাইতে বলুন। সম্ভব হলে গানটির অডিও বাজিয়ে শোনান।

- ছাত্র-ছাত্রীদের বইয়ের ৬০ পৃষ্ঠা খুলে অ্যাকটিভিটি **G** দেখতে বলুন।
- সম্ভব হলে বইয়ের মতো একটি বড় ছবি দেখান। ছবি সম্পর্কে তাদের কিছু বলতে বলুন, যেমন- *"What is it? Why was it built? When do we go there?"* ইত্যাদি।
- এবার তাদের জানিয়ে দিন যে তারা এখন *'International Mother Language Day'* সম্পর্কে পড়বে।
- এখন ৬০ পৃষ্ঠার লিখিত অংশটি উচ্চৈঃস্বরে পড়ুন অথবা অডিও ফাইল C5U15L4-5G প্লে করুন।
- *honour, mother language, language martyr*, ইত্যাদি শব্দগুলোর অর্থ জিজ্ঞাসা করুন। ছাত্র-ছাত্রীদের থেকে *honour*, *martyr* শব্দ দুটির অর্থ বের করার চেষ্টা করুন। শব্দগুলো বোর্ডে বাংলা অর্থসহ লিখুন।
- ছবি দেখিয়ে টেক্সটি পুনরায় পড়ুন অথবা অডিওটি আবার বাজান।
- প্রত্যেক শিক্ষার্থী একটি করে বাক্য পড়বে। তারা তাদের আসনে থেকে পড়বে এবং এভাবে শ্রেণির চারদিকের সবাই একটি করে বাক্য পড়বে। তাদের সবাইকে অংশগ্রহণ করতে হবে এবং সতর্কতা অনুসরণ করতে হবে।
- শিক্ষার্থীরা সঠিকভাবে পড়তে পারছে কি না তা ঘুরে ঘুরে দেখুন।
- তাদের উচ্চারণ, বিরাম ও স্বরভঙ্গির জন্য ফিডব্যাক দিন।

**H.** Say the dates.

| | | | |
|---|---|---|---|
| A | 17 March | D | 1 May |
| B | 26 March | E | 20 November |
| C | 14 April | F | 16 December |

**I.** Why are the dates in Activity H important? Write the letter of the date next to the correct holiday.

_____ Birthday of Bangabandhu Sheikh Mujibur Rahman, the Father of the Nation

_____ Independence Day of Bangladesh

_____ Bangla New Year

_____ Victory Day of Bangladesh

_____ International Workers' Day

_____ International Children's Day

**J.** Write the following dates in words and say them.

| | | |
|---|---|---|
| 31 January, 1995 | 5 February, 1996 | 9 August, 1997 |
| 22 July, 2000 | 21 October, 2009 | 23 May, 2015 |

**K.** Write your birthday in numbers and words.

______________________________________________

______________________________________________

______________________________________________

| | |
|---|---|
| **পিরিয়ড : ৫ পাঠ্যাংশ :** H & I<br>**পৃষ্ঠা : ৬১** | **বিষয়বস্তু :** (H) Say the dates. (I) Why are the dates in Activity H important? Write the letter of the date next to the correct holiday.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

**Writing:**

2.1.1 write cardinal numbers 1-500 in figures.
3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.

### শিখন-শেখানো কার্যাবলি

### H. Say the dates.

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। শিক্ষার্থীদের বলুন, "Good morning/afternoon" এবং আপনাকে "Good morning/afternoon" বলতে তাদের সাহায্য করুন।
- পর্যালোচনার জন্য, International Mother Language Day (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস) সম্পর্কে কথা বলতে বলুন। কোন তারিখে আমরা এটা অনুষ্ঠিত হতে দেখি তা বলতে বলুন। যখন তারা উত্তর দিবে 21 February, তারিখটি সঠিক উপায়ে বলতে বলুন, *the twenty first of February* মতো করে।
- শিক্ষার্থীদের বইয়ের ৬১ পৃষ্ঠা খুলে অ্যাকটিভিটি **H** এ মনোযোগ দিতে বলুন।
- বইয়ের তারিখগুলো বোর্ডে লিখতে বলুন। তারিখগুলো বলুন, যেমন- *17 March*।
- কয়েকজন শিক্ষার্থীদেরকে বোর্ডের কাছে আসতে বলুন এবং তারিখগুলো অন্যভাবে লিখতে বলুন। যেমন- *The seventeenth of March, 1 May – The first of May* অন্যান্য তারিখগুলো সঠিক উচ্চারণে বলতে এবং বোর্ডে লিখতে সহযোগিতা করুন।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে দিন। প্রত্যেক দলকে বর্ষপঞ্জির একটি পৃষ্ঠা এবং নির্দেশনা দিন। তাদের দলের একজনকে একটি গুরুত্বপূর্ণ তারিখ বলতে বলুন অন্যরা সেটা বর্ষপঞ্জি খুঁজে বের করবে এবং সঠিকভাবে বলবে। সম্ভব হলে একের অধিক তারিখ খুঁজতে বলুন এবং দলের সবাইকে বলার সুযোগ দিন।
- প্রত্যেক দলের কাছে গিয়ে দেখুন যে তারা সঠিকভাবে তারিখ বলতে পারছে কি না। সম্ভব হলে এই অনুশীলনীর তারিখগুলো সকল শিক্ষার্থীদের শোনানোর উদ্দেশে অডিও ফাইল C5U15L5-6H প্লে করুন।

### I. Why are the dates in Activity H important? Write the letter of the date next to the correct holiday.

- শিক্ষার্থীদের সঠিকভাবে তারিখটি বলতে বলুন। বোর্ডের কাছে যান এবং আগে যে তারিখটি লিখেছিলেন

সেটিকে নির্দেশ করে বলুন, *'Do you have any idea why are these dates important?'* তারিখগুলোর গুরুত্ব শিক্ষার্থীদের কাছ থেকে জানার চেষ্টা করুন। *'When do we observe Independence Day? 'When do we observe our Victory Day? etc.*

- ছাত্র-ছাত্রীদেরকে অ্যাকটিভিটি I তে মনোযোগ দিতে বলুন। শিক্ষার্থীদের জন্য এখানে যে অ্যাকটিভিটি আছে তা উচ্চৈঃস্বরে পড়ুন।
- এখন ছুটির দিনের তালিকা শিক্ষার্থীদের পড়তে বলুন। অ্যাকটিভিটি H-এর তারিখগুলোকে গুরুত্ব অনুযায়ী অ্যাকটিভিটি I তে উল্লিখিত তারিখগুলোর সাথে সম্পর্কিত করতে বলুন।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে বসান। পরবর্তী জাতীয় ছুটির সঠিক তারিখটির বর্ণগুলো বইতে লিখতে বলুন।
- এখন একজন শিক্ষার্থীকে বোর্ডের কাছে ডাকুন এবং প্রথমটি করে দেখান।
- শিক্ষার্থীদেরকে নিজের মতো করে কাজটি বইতে করতে বলুন।
- শিক্ষার্থীরা সঠিকভাবে করতে পারছে কি না তা শ্রেণিতে ঘুরে ঘুরে দেখুন।
- কাজটি শেষ হলে শিক্ষকের নির্দেশমতো একজন অন্যজনের সাথে বই বিনিময় করে যাচাই করবে।
- এখন সঠিক উত্তরগুলো বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের কারও ভুল হলে সঠিকটা লিখতে বলুন।
- যারা সবগুলো তারিখ সঠিকভাবে লিখেছে তাদের হাত তুলতে বলুন এবং শ্রেণিতে উচ্চৈঃস্বরে পড়তে বলুন।

**পিরিয়ড : ৬ পাঠ্যাংশ :** J & K

**পৃষ্ঠা : ৬১**

**বিষয়বস্তু :** (J) Write the following dates in words and say them.
(K) Write your birthday in numbers and words.

**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি।

## Learning outcomes : Students will be able to

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.

**Reading:**

1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

**Writing:**

2.1.1 write cardinal numbers 1-500 in figures.
2.2.1 write ordinal numbers up to 20th.
3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.
4.2.1 write ordinal numbers up to 20th in figures and in words.

## J. Write the following dates in words and say them.

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। শিক্ষার্থীদের বলুন, "Good morning/afternoon" এবং আপনাকে "Good morning/afternoon" বলতে তাদের সাহায্য করুন।
- শিক্ষার্থীদের আজকের তারিখ বলতে বলুন। এটিকে সংখ্যায় এবং কথায় বলতে বলুন, যেমন- $1^{st}$ *January, 2016 – First January, 2016.*
- শিক্ষার্থীদের বইয়ের ৬১ পৃষ্ঠা খুলে অ্যাকটিভিটি O তে মনোযোগ দিতে বলুন।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে বসান। বইয়ে লিখিত তারিখগুলো একজন অন্যজনকে বলতে বলুন। তারপর তারিখগুলো তাদের খাতায় লিখতে বলুন।
- শিক্ষার্থীরা সঠিকভাবে লিখতে পারছে কি না তা শ্রেণিতে ঘুরে দেখুন।
- এখন সঠিক উত্তরগুলো বোর্ডে লিখুন এবং নির্দেশমতো একজন অন্যজনের সাথে বই বিনিমিয় করে যাচাই করতে বলুন।
- মূল্যায়নের জন্য কয়েকজন ছাত্র-ছাত্রীকে তারিখগুলো কথায় বলতে বলুন।
- যদি সময় থাকে তবে আরও ২/৩ টি তারিখ লিখে কথায় বলতে বলুন। এটি সমগ্র ক্লাসের অ্যাকটিভিটি হবে।

## K. Write your birthday in numbers and words.

- পর্যায়ক্রমে মাসের নামগুলো বলুন এবং শিক্ষার্থীদেরকে মাসের নামগুলো বোর্ডে লিখতে বলুন। বানানগুলোর সঠিকতা যাচাই করুন।
- দলের সবাইকে তাদের খাতায় তাদের জন্মদিন সংখ্যায় ও কথায় লিখতে বলুন।
- প্রত্যেক শিক্ষার্থীকে তাদের জন্ম তারিখ পূরণবাচক ও ক্রমবাচক সংখ্যায় (cardinal and ordinal numbers) তাদের খাতায় লিখতে বলুন।
- এই প্রক্রিয়াটি শিক্ষার্থীরা কতটুকু বুঝতে পারল তা জানার জন্য কয়েকজন শিক্ষার্থীকে তাদের জন্ম তারিখ বলতে বলুন।
- তারা শেষ করলে, তাদের পাশের জনের সাথে এটি শেয়ার করতে বলুন। যেমন- একজন জিজ্ঞেস করবে, *'When is your birthday?'* অন্যজন তার জন্মদিন কথায় বলবে।
- তাদের লেখা ও শেয়ারিং কেমন হচ্ছে তা চারদিকে ঘুরে পর্যবেক্ষণ করুন। কেউ সাহায্য চাইলে তাকে সহযোগিতা করুন।
- মূল্যায়নের জন্য কয়েকজন শিক্ষার্থীকে ডেকে তাদের জন্ম তারিখ শেয়ার করতে বলুন।



**A.** Listen and read.

Sufia: Mum! Can I go out and play, please?
Mother: Have you done your homework?
Sufia: Yes.
Mother: OK, but don't play for too long.





Rashid: Good morning, teacher. May I come in, please?
Mrs. Alam: Yes, Rashid. Why are you late?
Rashid: My father is ill. We were at the doctor's chamber.
Mrs. Alam: I hope your father gets well soon. Sit down, please.

**B.** Groupwork. Which expressions do Sufia and Rashid use to ask for permission? Write them.

Sufia: ______________________________

Rashid: ______________________________

Which word do they use to make their requests polite? ________

**C.** Pairwork. Act the dialogues from Activity A.

## Attainable Competencies (Unit 16) : Students will be able

**Listening:**

| | |
|---|---|
| 1.3 | to recognize which words in a sentence are stressed. |
| 2.1 | to carry out simple commands and instructions. |
| 2.2 | to carry out a set of commands and instructions. |
| 2.3 | to comply with requests. e.g. Can you….? Could/Would you…..? |
| 3.4 | to understand statements made by the teacher and students. |

**Speaking:**

| | |
|---|---|
| 1.1 | to say words, phrases and sentences with proper sounds, stress and intonation. |
| 2.1 | to exchange greetings, farewells and make introductions. How do you do? Nice to meet you. etc. |
| 3.1 | to ask and answer Wh and Yes/No questions. |
| 7.2 | to make requests and to respond. Giving short answers Could you…? Yes, sure. No, Sorry, thanks. You are welcome.No problem. That's ok etc. |
| 8.1 | to take part in conversations on appropriate topics |

**Reading:**

| | |
|---|---|
| 1.5 | to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| 1.7 | to read paragraphs, dialogues, stories, letters and other texts. |
| 5.1 | to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials. |
| 6.1 | to read instructions and carry them out. |

**Writing:**

| | |
|---|---|
| 3.1 | to write sentences using non- cursive and cursive capital and small. letters. |
| 8.1 | to make sentences using words and phrases, following instructions. |
| 10.2 | to write short compositions on familiar objects, people, places and events. |

**পাঠ বিভাজন :** এই ইউনিটটি পড়তে ৭টি পিরিয়ডের প্রয়োজন হবে।

| | |
|---|---|
| **পিরিয়ড :** ১ **পাঠ্যাংশ :** A<br>**পৃষ্ঠা :** ৬২ | **বিষয়বস্তু :** Listen and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

| | |
|---|---|
| 1.3.1 | recognize which words in a sentence are stressed. |
| 2.3.1 | comply with requests. |
| 3.4.1 | understand statements made by the teacher and students. |

**Speaking:**

| | |
|---|---|
| 1.1.1 | say words, phrases and sentences with proper sounds and stress. |
| 2.1.1 | exchange greetings and farewells. |
| 3.1.2 | ask and answer Yes/No questions. |
| 7.2.1 | make requests and respond. |
| 8.1.1 | take part in conversations on appropriate topics. |

**Reading:**

| | |
|---|---|
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| 1.7.1 | read paragraphs, dialogues stories, letters and other texts. |

**A.Listen and read.**

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের বলুন আজকে তারা শিখবে কীভাবে অনুরোধ করতে হয়। আজকের পাঠের শিরোনাম বলুন এবং বোর্ডে লিখুন। শিক্ষার্থীদের আপনার সাথে পড়তে বলুন।
- শিরোনাম ঘোষণার পর শিক্ষার্থীদের বইয়ের পৃষ্ঠা ৬২ খুলতে বলুন। এখন ছবিগুলো দেখান।
- ছবিগুলো এক এক করে দেখান এবং কিছু প্রশ্নের মধ্য দিয়ে ছবি সম্পর্কে আলোচনা করুন। এটার মাধ্যমে ছবি থেকে তারা পাঠের বিষয়বস্তু সম্পর্কে ধারণা পাবে। ছবি নিয়ে আলোচনার সময় মূল পাঠ আড়াল করে রাখুন যেন আলোচনায় শুধু ছবি গুরুত্ব পায়। সম্ভব হলে বইয়ের মতো ছবি বড় করে দেখান। প্রথম ছবিটি দেখিয়ে নিচের প্রশ্নগুলো করুন;

  -Who are there in the picture?

  -What is the young girl asking for? What is the mother saying?

  -Where do you think the girl is going?

  এবার দ্বিতীয় ছবিটি দেখিয়ে নিচের প্রশ্নগুলো করুন;

  -Who are there in the picture? What is the boy doing in the picture?

  -What is the boy asking for? What is the teacher saying?
- শিক্ষার্থীরা যখন তাদের বই অনুসরণ করবে তখন কথোপকথনটি পড়ুন অথবা অডিও ফাইল C5U16L1-2A প্লে করুন। শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন যেন তারা আপনার ইতিপূর্বে করা প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করতে পারে। প্রথমবার করেই বন্ধ করবেন না। এরপর কথোপকথনটি পড়ুন বা অডিও বাজিয়ে শোনান। একজনের বলার পর একটু থামান যেন শিক্ষার্থীরা সময় নিয়ে বলতে পারে।
- এবার প্রশ্নের উত্তরগুলো শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন। শুধু ছবি দেখে নয়, পাঠটি শুনে এবার তারা উত্তর দেবে।
- নতুন শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। না পারলে তাদেরকে ধারণা দেবেন। অনেক সময় পাঠ বা ছবি থেকেও তারা ধারণা পেতে পারে। এইজন্য পাঠটি আবার পড়লে অথবা ছবি দেখলে তাদের সাহায্য হবে।
- শব্দগুলির অর্থ জিজ্ঞেস করুন *go out, too long, ill, late, get well, soon, sit down* ইত্যাদি। মূকাভিনয়ের মাধ্যমে *too long, ill, get well* and *soon* শব্দগুলোর অর্থ প্রকাশ করুন। ঐ শব্দগুলোর বাংলা অর্থ বোর্ডে লিখুন।
- কথোপকথন থেকে শিক্ষার্থীরা কী বুঝতে পারল তা জিজ্ঞাসা করুন।
- কথোপকথনটি পুনরায় পড়ুন বা প্লে করুন, একটু থামিয়ে আপনার সাথে বলতে বলুন। তারা কী বুঝল তা যাচাই করার জন্য এই প্রশ্নগুলো করুন।

*-Where does Sufia want to go?*

*-Why does Mother let Sufia go out? Why is Rashid late in school?*

- কথোপকথনের মূল বিষয় শিক্ষার্থীরা কী বুঝতে পারল তা যাচাই করুন। সহজ প্রশ্ন, ব্যাখ্যার মাধ্যমে এটা করতে পারেন। শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন, "*What are Sufia and Rashid asking for? (They are asking for permission.)*
- শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন, "*How are Sufia and Rashid asking for permission?*" কথোপকথনের মধ্যে বাক্যটি নির্দেশ করে দেখান। তারপর বলুন, *"May I?"* এবং শিক্ষার্থীরা আপনার সাথে সাথে বলবে।
- কথোপকথনটি জোড়ায় জোড়ায় পড়ার অনুশীলন করতে বলুন। শ্রেণির চারদিকে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহযোগিতা করুন।

- কয়েক জোড়া শিক্ষার্থীকে সামনে ডেকে কথোপকথনটি অভিনয় করে দেখাতে বলুন।
- আরও অনুশীলন করার জন্য শিক্ষার্থীরা তাদের ভূমিকা পরিবর্তন করতে পারে এবং কথোপকথনটি পুনরায় পড়তে পারে।
- শিক্ষার্থীদের বোধগম্যতা ও দক্ষতা মূল্যায়নের জন্য শিক্ষার্থীরা কীভাবে কথোপকথনটি অভিনয় করে দেখাচ্ছে তা পর্যবেক্ষণ করুন।

| | |
|---|---|
| **পিরিয়ড :** ২ **পাঠ্যাংশ :** B & C<br>**পৃষ্ঠা :** ৬২ | **বিষয়বস্তু :** (B) Groupwork. Which expressions do Sufia and Rashid use to ask for permission? Write them. (C) Pairwork. Act the dialogues from Activity A.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

2.3.1 comply with requests.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
2.1.1 exchange greetings and farewells.
3.1.2 ask and answer Yes/No questions.
7.2.1 make requests and respond.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
5.1.3 read silently with understanding dialogues.

**Writing:**

3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.

### শিখন-শেখানো কার্যাবলি

**B. Groupwork. Which expressions do Sufia and Rashid use to ask for permission? Write them.**

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "-Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পাঠ পর্যালোচনার জন্য দুই জোড়া শিক্ষার্থীকে ক্লাসের সামনে আনুন এবং সুফিয়া ও তার মা এবং রশিদ ও শিক্ষকের ভূমিকা অভিনয় করে দেখাতে বলুন। তারা কীভাবে অনুমতি প্রার্থনা করেছিল এবং তাতে সাড়া দিয়েছিল তা দেখাতে বলুন। শিক্ষার্থীদের বইয়ের পৃষ্ঠা ৬২ খুলতে বলুন এবং Activity B দেখতে বলুন।
- শিক্ষার্থীদের দলে বসান। পাঠের Activity A নীরবে পড়তে বলুন যেন তারা মনে করতে পারে *'how to make request and ask for permission'*.

- সুফিয়া ও রশিদ কোন ভঙ্গিতে অনুমতি চেয়েছিল এবং তারা অনুরোধের জন্য কী ধরনের শব্দ ব্যবহার করেছিল দলের অন্য সদস্যদেরকে তা তাদের খাতায় লিখতে বলুন।
- প্রত্যেক দল তাদের খাতায় কী লিখেছে তা শেয়ার করতে বলুন।
- শিক্ষার্থীরা ঠিকভাবে লিখে শেয়ার করতে পারছে কিনা ক্লাসের চারদিকে ঘুরে তা পর্যবেক্ষণ করুন।
- কয়েকজন শিক্ষার্থীকে সামনে ডেকে একজন একজন করে উত্তরগুলো বোর্ডে লিখতে বলুন। অন্যদের তাদের উত্তর যাচাই করে সঠিকভাবে লিখতে বলুন।
- শিক্ষার্থীদের লেখার দক্ষতা বুঝার জন্য এলোমেলোভাবে কয়েকজন শিক্ষার্থীর বই নিয়ে যাচাই করুন এবং প্রয়োজনে ফিডব্যাক দিন।

## C. Pairwork. Act the dialogues from Activity A.

- শিক্ষার্থীদেরকে জোড়ায় বসান এবং পুনরায় কথোপকথনটি নীরবে পড়তে বলুন।
- প্রথম জোড়াকে ১ ডাকতে বলুন এবং পরবর্তী জোড়াকে বলুন ২ বলতে। এভাবে পুরো ক্লাস বলবে। এখন যারা ১ বলেছে তাদের সবাইকে হাত ওঠাতে বলুন এবং যারা ২ বলেছে তাদেরকেও হাত তুলতে বলুন। এবার বলুন যারা ১ বলেছে তারা প্রথম কথোপকথনটি (সুফিয়া ও মা) অভিনয় করে দেখাবে এবং দুই বলা শিক্ষার্থীরা দ্বিতীয় কথোপকথনটি (রশিদ ও মিসেস আলম) অভিনয় করে দেখাবে।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় জোড়ায় অনুশীলন করতে বলুন।
- অনুশীলনের সময় ঘুরে ঘুরে দেখুন। কারও সাহায্য দরকার হলে তা করুন। শিক্ষার্থীদের কথোপকথন, উচ্চারণ এবং স্বরভঙ্গির উপর মনোযোগ দিন।
- শিক্ষার্থীদের শিখনদক্ষতা যাচাইয়ের জন্য এলোমেলোভাবে দুই জোড়াকে ডেকে সামনে আনুন এবং তাদেরকে প্রথম ও দ্বিতীয় কথোপকথনটি অভিনয় করে দেখাতে বলুন।
- শিক্ষার্থীদের আরও অধিক অনুশীলনের জন্য এবার ১ নম্বর জোড়াকে রাশিদের dialogue এবং ২ নম্বর জোড়াকে সুফিয়ার dialogue অভিনয় করতে বলুন।



D. Listen and read.

Mother: Azim, Could you help me?
Azim: Of course, Mum.
Mother: Would you put these dishes in the kitchen?
Azim: Yes, Mum.



E. Groupwork. Which expressions does Mum use to ask for help? Write them.

________________________________________

________________________________________

F. Pairwork. Read and act.

1 You need a pencil to draw a picture. You don't have one. Ask a friend for a pencil.
2 You want to watch TV. Ask permission.
3 Your homework is very difficult. Ask for help.
4 Your school bag is very heavy. You can't carry it. Ask for help.

| পিরিয়ড : ৩ পাঠ্যাংশ : D & E<br>পৃষ্ঠা : ৬৩ | বিষয়বস্তু : (D) Listen and read. (E) Groupwork. Which expressions does Mum use to ask for help? Write them.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

2.3.1 comply with requests.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
3.1.2 ask and answer Yes/No questions.
7.2.1 make requests and respond.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.3 read silently with understanding dialogues.

**Writing:**

3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.

### শিখন-শেখানো কার্যাবলি

### D. Listen and read.

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "-Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পাঠ পর্যালোচনার জন্য শিক্ষার্থীদের মনে করতে বলুন তারা Activity B তে কী লিখেছিল- *'Which word did Sufia and Rashid use to make their request polite?'* সঠিকভাবে উত্তর দিতে না পারলে তাদেরকে বলুন অন্যভাবেও অনুরোধ করা যায়। আজ আমরা সেটাই পড়ব।
- ৬৩ পৃষ্ঠার Activity D'র ছবিগুলো দেখান এবং প্রশ্নের মাধ্যমে ছবি নিয়ে আলোচনা করুন। শিক্ষার্থীদের অনুমান করতে বলুন, *'Who are they? Where are they? What is the boy doing?' 'What is the mother saying? 'What is the boy saying?"* ছবি থেকে কথোপকথন সম্পর্কে কিছু ধারণা পাবে। ছবি নিয়ে আলোচনার সময় মূল পাঠ আড়াল করে রাখুন যেন আলোচনায় শুধু ছবি গুরুত্ব পায়। সম্ভব হলে বইয়ের মতো ছবি বড় করে দেখান।
- শিক্ষার্থীদের বইয়ের পৃষ্ঠা ৬৩ খুলতে বলুন এবং Activity D দেখতে বলুন।
- শিক্ষার্থীরা যখন তাদের বই অনুসরণ করবে তখন কথোপকথনটি পড়ুন অথবা অডিও ফাইল C5U16L3-4D প্লে করুন। শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন যেন তারা আপনার ইতিপূর্বে করা প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করতে পারে। প্রথমবার করেই বন্ধ করবেন না। এরপর কথোপকথনটি পড়ুন বা অডিও বাজিয়ে শোনান। একজনের বলার পর একটু থামান যেন শিক্ষার্থীরা সময় নিয়ে বলতে পারে। এবার প্রশ্নের উত্তরগুলো শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন। শুধু ছবি দেখে নয়, পাঠটি শুনে এবার তারা উত্তর দেবে।

- নতুন শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। না পারলে তাদের ধারণা দেবেন। পাঠ্য অংশ থেকে শব্দগুলোর অর্থ খুঁজতে বলুন। অনেক সময় ছবি থেকেও তারা পেতে পারে। এইজন্য তাদেরকে ছবির দিকে তাকাতে বলুন।
- শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন *could you, of course, dishes and kitchen* ইত্যাদি। শব্দগুলোর বাংলা অর্থ বোর্ডে লিখুন।
- কথোপকথন থেকে শিক্ষার্থীরা কী শিখল বা কী বুঝল তা জিজ্ঞেস করুন।
- কথোপকথনটি পুনরায় পড়ুন বা প্লে করুন, একটু থামিয়ে আপনার সাথে বলতে বলুন। তারা কী বুঝল তা যাচাই করার জন্য এই প্রশ্নগুলো করুন। "*What did Mother ask Azim to do?*" কথোপকথনের মূল বিষয় শিক্ষার্থীরা কী বুঝতে পারল তা যাচাই করুন। সহজ প্রশ্ন, ব্যাখ্যার মাধ্যমে এটা করতে পারেন। শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন, "*What is Mother asking for? (She is asking for help.)*
- কথোপকথনটি জোড়ায় জোড়ায় পড়ার অনুশীলন করতে বলুন। শ্রেণির চারদিকে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহযোগিতা করুন।
- ১/২ জোড়াকে সামনে ডেকে কথোপকথনটি অভিনয় করে দেখাতে বলুন।
- আরও অনুশীলন করার জন্য শিক্ষার্থীরা তাদের ভূমিকা পরিবর্তন করতে পারে এবং কথোপকথনটি পুনরায় পড়তে পারে।
- শিক্ষার্থীদের বোধগম্যতা ও দক্ষতা মূল্যায়নের জন্য শিক্ষার্থীরা কীভাবে কথোপকথনটি অভিনয় করে দেখাচ্ছে তা পর্যবেক্ষণ করুন এবং অনুমতি চাওয়া ও সাড়া দেওয়ার জন্য অভিব্যক্তির পার্থক্য লক্ষ করুন।

**E. Groupwork. Which expressions does Mum use to ask for help? Write them.**

- শিক্ষার্থীদের ছোট দলে বসান। Activity D কথোপকথনটি পুনরায় নীরবে পড়তে বলুন। তাদের নিজেদের মধ্যে আলোচনা করতে বলুন। এরপর বাস্তব কোনো ঘটনার সাথে মিলাতে বলুন যে কীভাবে তারা অনুমতি চাইবে এবং সাড়া প্রদান করবে। সম্ভব হলে বাংলায় উত্তর নিতে পারেন। এতে তারা পরিস্থিতি সহজভাবে বুঝতে পারবে।
- শিক্ষার্থীরা কেমন অনুশীলন করছে তা চারপাশে ঘুরে দেখুন।
- এখন প্রত্যেক সদস্যকে খাতায় লিখতে বলুন যে মা কীভাবে বা কোন অভিব্যক্তিতে সাহায্য চান।
- মায়ের অভিব্যক্তি নিয়ে কী লিখেছে তা প্রত্যেক দলকে আলাদাভাবে শেয়ার করতে বলুন। কেউ বুঝতে না পারলে তাকে সাহায্য করুন।
- প্রত্যেক দলের কাছে যান। শিক্ষার্থীরা তাদের শেয়ারিং থেকে সঠিক অভিব্যক্তি লিখছে কি না তা লক্ষ করুন।
- শিক্ষার্থীদের বোধগম্যতা ও দক্ষতা মূল্যায়নের জন্য প্রত্যেক দল থেকে একজনকে মায়ের অভিব্যক্তি নিয়ে কী লিখেছে তা শেয়ার করতে বলুন। সময় থাকলে আরও কয়েকজনের খাতা যাচাই করুন।

| | |
|---|---|
| **পিরিয়ড : ৪ পাঠ্যাংশ :** F | **বিষয়বস্তু :** Pairwork. Read and act. |
| **পৃষ্ঠা : ৬৩** | **উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

2.3.1 comply with requests.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
3.1.2 ask and answer Yes/No questions.
7.2.1 make requests and respond.
8.1.1 take part in conversations on appropriate topics.

| Reading: | |
|---|---|
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদের "-Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- আগের পাঠে অনুমতি চাওয়া ও সাড়া প্রদানের জন্য তারা কী শিখেছে তা বলুন। এছাড়া কীভাবে অনুরোধ করতে হয় ও তার সাড়া দিতে হয় এবং কীভাবে সাহায্য চাইতে হয় ও তাতে সাড়া দিতে হয় তা শিখেছে। পর্যালোচনার জন্য কিছু বিবৃতি / *statements* তৈরি করতে বলুন -*'Making a request for something', 'Asking permission for doing something', and 'asking for help in any work'*. দুই/তিন জনকে উত্তর দিতে বলুন তবে একজন একটি করে বিবৃতি দিতে পারবে।
- শিক্ষার্থীদেরকে বইয়ের পৃষ্ঠা ৬৩ খুলতে বলুন এবং Activity A দেখতে বলুন। অ্যাকটিভিটিতে বর্ণিত অবস্থাটা জোরে পড়ুন এবং তাদের এটা বুঝান। সহজে বুঝানোর জন্য কিছু বাংলা শব্দও ব্যবহার করতে পারেন।
- শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন *draw, watch, permission, heavy, carry* ইত্যাদি। শিক্ষার্থীদের কাছ থেকে শব্দগুলোর অর্থ বের করার চেষ্টা করবেন, ওই শব্দগুলির অর্থ বাংলায় বোর্ডে লিখবেন।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় বসান। জোড়াগুলোর মধ্যে চারটি অবস্থা বুঝিয়ে দিন এবং প্রত্যেক জোড়াকে একটি অবস্থা / *situation* নিয়ে কাজ করতে বলুন। বিতরণের জন্য সংখ্যা গণনা পদ্ধতি ব্যবহার করুন, তাদের ১,২,৩,৪ ইত্যাদি গণনা করতে বলুন। তাদের এটা জোড়ায় গণনা করতে বলুন। এরপর যে জোড়া ১ গণনা করেছে তাদের অবস্থা ১, যারা ২ গণনা করেছে তাদের অবস্থা ২ এবং এভাবে অন্যগুলোকে কাজ নির্ধারণ করে দিন।
- ক্লাসের সবাইকে তাদের নির্ধারিত বিষয় মনোযোগ দিয়ে পড়তে বলুন এবং জোড়ায় আলোচনা করতে বলুন। তাদের নির্ধারিত বিষয়ের উপর একটি খসড়া কথোপকথন তৈরি করতে বলুন। শিক্ষার্থীদের থেকে বের করার চেষ্টা করুন কীভাবে অনুমতি ও সাহায্য চাইতে হয় এবং কীভাবে অনুরোধ করতে হয়। খসড়া কথোপকথনের জন্য সময় নির্ধারণ করে দিন।
- খসড়া কথোপকথন খাতায় লিখছে কিনা ক্লাসের চারদিকে ঘুরে তা দেখুন। কেউ সাহায্য চাইলে তা করুন।
- ১/২ জোড়াকে ক্লাসের সামনে ডাকুন এবং তাদের কথোপকথন করে দেখাতে বলুন। প্রয়োজনে ক্লাসের সবার জন্য feedback দিন।
- এখন প্রত্যেক জোড়াকে তাদের কথোপকথন অভিনয় করে দেখাতে বলুন এবং পাশের জোড়াকে তা পর্যবেক্ষণ করতে বলুন এবং এটার বিপরীতক্রমে কাজটি করতে বলুন। এতে ক্লাসের সবাই তাদের কথোপকথন অভিনয় করে দেখাতে পারবে।
- মূল্যায়নের জন্য, কীভাবে শিক্ষার্থীরা অনুরোধ করছে, অনুমতি প্রার্থনা করছে তা চারদিকে ঘুরে মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করুন।
- পরের পাঠের জন্য কয়েকজন শিক্ষার্থীদের দড়ি, পোস্টার পেপার, কাচি, গ্লু ইত্যাদি সম্ভব হলে আনতে বলুন।

G. Look, listen, read and do.

Make birds on strings! You will need: a hanger, 3 pieces of string, 3 pieces of coloured paper, scissors and glue.




1 Trace this bird twice on each piece of paper. Cut out the birds. Draw an eye on each.



2 Put glue on one side of a bird. Lay a piece of string across it. Place another bird on top, so the string is inside. Repeat with the other paper birds and pieces of string.




3 Tie the strings to the hanger.



| | |
|---|---|
| **পিরিয়ড : ৫ পাঠ্যাংশ :** G<br>**পৃষ্ঠা : ৬৪** | **বিষয়বস্তু :** Look, listen, read and do.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি, হ্যাঙ্গার, কাঁচি, পোস্টার পেপার, গ্লু। |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

2.1.1 carry out simple commands and instructions.
2.2.1 carry out a set of commands and instructions.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.
6.1.1 read instructions and carry them out.

### শিখন-শেখানো কার্যাবলি

**G. Look, listen, read and do.**

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "-Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পাঠ প্রস্তুতির জন্য শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন কাগজ দিয়ে তারা কী বানাতে পারে। যেমন- *paper boat, paper flower, airplane,* ইত্যাদি। যদি তারা এটা করতে পারে তবে জিজ্ঞেস করুন কীভাবে তারা এটা করে। ১/২ জন শিক্ষার্থীকে সামনে ডেকে কাজটি করে দেখাতে বলুন।
- শিক্ষার্থীদের বলুন আজকে তারা শিখবে কীভাবে তারের/সুতার মাধ্যমে পাখি বানাতে হয়। এরপর বলুন শিক্ষার্থীরা পাখি তৈরির বিভিন্ন ধাপ পড়বে এবং হাতে-কলমে করবে।
- উদ্দেশ্য ঘোষণার পর শিক্ষার্থীদের পৃষ্ঠা ৬৪ খুলতে বলুন এবং ছবিগুলো দেখান।
- পাখি তৈরি করতে কী কী উপাদান লাগবে এবং কী ধরনের ধাপ অনুসরণ করতে হবে তা বলুন। অর্থসহ ধাপগুলো জোরে পড়ুন অথবা অডিও ফাইল C5U16L5G প্লে করুন। আরও ভালোভাবে বুঝার জন্য বাংলা শব্দ ব্যবহার করতে পারেন।
- নতুন শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। না পারলে তাদেরকে ধারণা দেবেন। পাঠ্য অংশ থেকে শব্দগুলোর অর্থ খুঁজতে বলুন। অনেক সময় ছবি থেকেও তারা পেতে পারে। এজন্য তাদের ছবির দিকে তাকাতে বলুন।
- শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন *strings, hanger, scissors, glue, trace, twice, across and tie* ইত্যাদি। বাস্তব নমুনার দ্বারা নতুন শব্দগুলো বুঝান। যেমন- hanger, scissors, string, and glue. এই শব্দগুলো করে দেখান- trace, across and tie. শব্দগুলোর অর্থ বাংলায় বোর্ডে লিখবেন।
- শিক্ষার্থীদের দলে ভাগ করে বসান। ধাপগুলো নীরবে পড়ে আলোচনা করতে বলুন। প্রত্যেক দলে প্রয়োজনীয় উপকরণ প্রদান করুন। নির্দেশনা অনুসরণ করে সুতা/তারের পাখি বানাতে বলুন। গ্রাম অঞ্চলে উপকরণ পাওয়া না গেলে বিকল্প চিন্তা করুন, যেমন- paper flowers, paper boat ইত্যাদি। কোনো দলের সাহায্য লাগলে তা করুন।
- প্রত্যেক দল নির্দেশনা অনুসরণ করে সঠিকভাবে কাজটি করছে কিনা চারপাশে হেঁটে হেঁটে পর্যবেক্ষণ করে মূল্যায়ন করুন।

H. Read and find the action words from the directions on page 64. Underline them.

*Example:* Make birds on strings!

I. Complete the sentences with the correct word from the box.



crush
drink
drop
pour
stir

1 __________ some fruit syrup and water into a glass.

2 __________ the fruit syrup and water together.

3 __________ some ice into small pieces.

4 __________ the pieces of ice into the glass.

5 __________ your sherbet!

J. Groupwork. Say and write the steps to make something. Choose one of the things below or use your own idea. Share your idea with the class.

a sandwich a cup of tea a salad

| পিরিয়ড : ৬ পাঠ্যাংশ : H & I<br>পৃষ্ঠা : ৬৫ | বিষয়বস্তু : (H) Read and find the action words from the directions on page 64. Underline them. (I) Complete the sentences with the correct word from the box.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio. |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

**Writing:**

8.1.1 make sentences using words and phrases given in the textbook.

### শিখন-শেখানো কার্যাবলি

**H. Read and find the action words from the directions on page 64. Underline them.**

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পাঠ পর্যালোচনার জন্য আগের activity তে কী করেছিল তা জিজ্ঞাসা করুন। শিক্ষার্থীদের কাছ থেকে action words-এর একটি তালিকা নেওয়ার চেষ্টা করুন। তাড়াতাড়ি উত্তর পেতে তাদের ধারণা দিন, যেমন- *draw, cut.* শব্দগুলো বোর্ডে লিখুন।
- শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন শব্দগুলো কী ধরনের। তারা সঠিকভাবে উত্তর দিতে না পারলে action words সনাক্ত করতে সাহায্য করুন। প্রথমে বুঝান action অর্থ কী (কিছু করা), যেমন- *do, eat, sleep, and go.* উদাহরণ এবং মূকাভিনয় ও অভিনয়ের মাধ্যমে action words ব্যাখ্যা করুন, যেমন- *draw a circle.* এখানে *draw* হলো action word. *Open at page 64.* এখানে *Open* হলো action word. শিক্ষার্থীদের থেকে আরও কিছু action word জানার চেষ্টা করুন। এটা তাদেরকে ভালোভাবে বুঝতে সাহায্য করবে।
- শিক্ষার্থীদের পৃষ্ঠা ৬৪ খুলে Activity G পড়তে বলুন। নীরবে activity পড়ে action words খুঁজে নিচে দাগ দিতে বলুন। Activity H এ দেওয়া উদাহরণটি দেখতে বলুন। তাদের পাঠ্যবইয়ে কাজটি করতে বলুন।
- Activity G তে দেওয়া action word গুলো বোর্ডে লিখুন।
- এখন শিক্ষার্থীদের প্রত্যেককে তাদের পাশের জনের সাথে বই বিনিময় করে যাচাই করতে বলুন। বোর্ডের শব্দগুলো অনুসরণ করে কাজটি করতে বলুন।
- যারা সবগুলো action word এর নিচে দাগ দিতে পেরেছে তাদের হাত ওঠাতে বলুন।
- মূল্যায়নের জন্য কয়েকজন শিক্ষার্থীকে ক্লাসের সামনে এনে তাদের দাগ দেওয়া action wordগুলো পড়ে শুনাতে বলুন।

**I. Complete the sentences with the correct word from the box.**

- শিক্ষার্থীদেরকে Activity I তে মনোযোগ দিতে বলুন। তাদের ছবিটি দেখান। ছবিকে তারা কী দেখতে পাচ্ছে তা জিজ্ঞাসা করুন। ইংরেজিতে উত্তর দিতে উৎসাহ দিন তবে আরও ভালোভাবে বর্ণনার জন্য বাংলায় বলার অনুমতি দিন।
- ধারণাসূচক শব্দগুলো বোর্ডে লিখুন। মূকাভিনয়ের মাধ্যমে লিখিত শব্দগুলোর অর্থ প্রকাশ করার চেষ্টা করুন,

যেমন- *drink, drop, pour, stir and crush.* শব্দগুলোর বাংলা অর্থসহ বোর্ডে লিখুন।

- প্রদত্ত অসম্পূর্ণ বাক্যগুলো শিক্ষার্থীদের উদ্দেশে জোরে পড়ুন অথবা অডিও ফাইল C5U16L6-7I প্লে করুন।
- এখন বাক্স থেকে সঠিক শব্দ নিয়ে বাক্যগুলো সম্পূর্ণ করতে বলুন।
- ক্লাসের চারদিকে হাঁটুন এবং শিক্ষার্থীরা সঠিকভাবে বাক্যগুলো সম্পূর্ণ করছে কি না তা পর্যবেক্ষণ করুন। শিক্ষার্থীরা পাঠ্যবইয়ের ফাঁকা জায়গায় লিখতে পারে।
- সকল শিক্ষার্থীকে সংযুক্ত করতে একজনকে একটি সম্পূর্ণ বাক্য বলতে বলুন এবং তার পরের জন পরবর্তী সম্পূর্ণ বাক্য বলবে। কোনো একটি সারির কোনা থেকে এই ভাবে শুরু করুন, বেশিরভাগ শিক্ষার্থী এতে যুক্ত হবে। যদি কেউ ভুল করে, আগে অন্য শিক্ষার্থীর থেকে জানার চেষ্টা করুন তারপর সঠিক উত্তর বলুন।
- যারা সঠিকভাবে সবগুলো বাক্য সম্পূর্ণ করতে পেরেছে, মূল্যায়নের জন্য তাদেরকে হাত তুলতে বলুন। ২/৩ জন শিক্ষার্থীকে ক্লাসের সামনে ডেকে উত্তরগুলো বলতে বলুন।
- সঠিক উত্তরগুলো বোর্ডে লিখুন যেন সবাই দেখতে পারে।
- পরের পাঠের জন্য কিছু শিক্ষার্থীদের প্রয়োজনীয় উপকরণ আনতে বলুন।

| | |
|---|---|
| **পিরিয়ড : ৭ পাঠ্যাংশ : J**<br>**পৃষ্ঠা : ৬৫** | **বিষয়বস্তু :** Groupwork. Say and write the steps to make something. Choose one of the things below or use your own idea. Share your idea with the class.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. প্রয়োজনীয় উপকরণ। |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

2.1.1 carry out simple commands and instructions.
2.2.1 carry out a set of commands and instructions.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
7.2.1 make requests and respond.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

**Writing:**

8.1.1 make sentences using words and phrases given in the textbook.
10.2.1 write short and simple composition on familiar objects such as people, place and events .

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, “Good morning/afternoon” এবং তাদের “Good morning/afternoon” বলতে সহায়তা করুন।
- সবাইকে পূর্বের Activity G পর্যালোচনা করতে বলুন। সেখানে ধাপগুলো কীভাবে লেখা আছে তার উপর গুরুত্ব দিন, কিছু সময় নীরবে পড়তে দিন যাতে তারা বুঝতে পারে একটি পদ্ধতির মধ্য দিয়ে কীভাবে ধাপগুলো লিখতে হয়।
- পৃষ্ঠা নং ৬৫ খুলে Activity J তে মনোনিবেশ করতে বলুন। সম্ভব হলে, অডিও ফাইল C5U16L6-7J প্লে করে শব্দগুলো শিক্ষার্থীদের শোনান।
- শিক্ষার্থীদের ছোট দলে বসান। বই থেকে অথবা নিজের ধারণা থেকে একটি বিষয় ঠিক করতে বলুন। আপনিও কিছু বিষয়ের নাম দিতে পারেন, যেমন- *roti, cake, fruit juice, lemon juice* ইত্যাদি।
- দলে আলোচনা করে ধাপগুলো লিখতে বলুন, যেমন-কী ধরনের উপকরণ দরকার, পদ্ধতিগুলো কী ধরনের, কীভাবে চূড়ান্ত বস্তু বানাতে হয়। চারপাশে ঘুরেফিরে দেখুন দলের সবাই অংশগ্রহণ করছে কি না।
- প্রত্যেক দলকে ডেকে তারা কী তৈরির পরিকল্পনা করেছে তার ধাপসহ ক্লাসে শেয়ার করতে বলুন। ক্লাসের সবাইকে সতর্কতার সাথে শুনতে বলুন প্রত্যেক দল সঠিকভাবে ধাপগুলো লিখেছে কি না। যদি কোনো দল ভুল করে তবে অন্য দলকে বলুন ঠিক করে দিতে।
- প্রত্যেক দল সঠিকভাবে ধাপগুলো লিখে স্বতঃস্ফূর্তভাবে ক্লাসে শেয়ার করছে কি না, মূল্যায়নের জন্য সতর্কতার সাথে তা পর্যবেক্ষণ করুন।






A. Look, listen and say.


kabadi


cycling


weightlifting


badminton


volleyball


cricket


swimming


football

B. Listen and say.

Baichong: Do you play or do any sports?
Anousha: I love badminton. I play with my family on weekends. I also go swimming and cycling a lot.
Baichong: I play cricket, and I do weightlifting.
Anousha: Weightlifting! Are you strong?
Baichong: Not very, but I want to get stronger. My brother is very strong.
Anousha: My brother is strong, too. He plays kabadi and volleyball. He's good at sports.
Baichong: I'd like to try kabadi. I'd also like to learn how to play volleyball.
Anousha: Volleyball is exciting, but I like playing football more.
Baichong: I love football too, but not as much as cricket. That's my favourite sport.

C. Pairwork. Act the dialogue.

## Attainable Competencies (Unit 17) : Students will be able

**Listening:**

1.2 to recognize which syllable in a word is stressed.
1.3 to recognize which words in a sentence are stressed.
1.4 to recognize and use intonation patterns for Wh and Yes/No questions, greetings and statements.
3.2 to understand questions about family and friends of students.
3.3 to understand questions about objects around them.
3.4 to understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation.
3.1 to ask and answer Wh and Yes/No questions.
6.2 to talk about people, objects, events etc.
8.1 to take part in conversations on appropriate topics

**Reading:**

1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7 to read paragraphs, dialogues, stories, letters and other texts.
2.2 to recognize and read ordinal numbers up to 20th.
5.1 to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials.

**Writing:**

2.1 to write cardinal numbers 1-500 in figures.
2.2 to write ordinal numbers up to 20th.
3.1 to write sentences using non- cursive and cursive capital and small. letters.
4.2 to write ordinal numbers up to 20th both in figures and in words.
8.1 to make sentences using words and phrases, following instructions.
9.1 to take dictation of short and simple paragraphs.

**পাঠ বিভাজন : এই ইউনিটটি পড়তে ৮টি পিরিয়ডের প্রয়োজন হবে।**

**পিরিয়ড : ১ পাঠ্যাংশ :** A & B
**পৃষ্ঠা : ৬৬**

**বিষয়বস্তু :** (A) Look, listen and say. (B) Listen and say.
**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি।

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.2.1 recognize which syllable in a word is stressed.
1.3.1 recognize which words in a sentence are stressed.
1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.
3.2.1 understand questions about family and friends of students.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
3.1.2 ask and answer Yes/No questions.
6.2.1 talk about people, objects, events etc.
8.1.1 take part in conversations on appropriate topics.

শিখন-শেখানো কার্যাবলি

## A.Look, listen and say.

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন, *'Do you like games and sports?' 'Can you name some of the games and sports?' 'Have you ever participated in the sports competition in your school?'* তারা যে নামগুলো বলে তা বোর্ডে লিখুন। এবং জিজ্ঞাসা করুন, *'What is your most favorite game?'* ৫/৬ জন শিক্ষার্থীদের জবাব দিতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের বলুন যে আজ আমরা খেলাধুলা সম্পর্কে আলোচনা করবো। আজকের পাঠের শিরোনাম বলুন *Sports* এবং বোর্ডে লিখুন।
- সম্ভব হলে শিক্ষার্থীদের ম্যাগাজিন থেকে বিভিন্ন খেলাধুলার ছবি দেখান। শিক্ষার্থীদের খেলাধুলার নামগুলো সম্ভব হলে ইংরেজিতে বলতে বলুন অথবা বাংলায় বলতে বলুন।
- পাঠ্যপুস্তক খুলে পৃষ্ঠা 66 বের করুন Activity A দেখতে বলুন। প্রত্যেকটি ছবি দেখান এবং খেলাগুলোর নাম সঠিক উচ্চারণে বলুন। সম্ভব হলে, অডিও ফাইল C5U17L1-2A প্লে করুন। যদি পারেন খেলাগুলোর নাম বলার সময় অভিনয় করে দেখান। শিক্ষার্থীরা আপনি বলার পর পুনরায় নামগুলো সঠিক উচ্চারণে বলবে।
- খেলাগুলোর নাম বোর্ডে লিখুন। নামগুলো বলার সময় আঙুল দিয়ে দেখাবেন।
- খেলাগুলোর নাম উল্টোপাল্টা করে দেখান এবং শিক্ষার্থীদের নামগুলো জিজ্ঞেস করুন এবং তা অভিনয় বা খেলাটি করে দেখাতে বলুন।

## B. Listen and say.

- শিক্ষার্থীদের বলুন যে, তারা আজ একটি dialogue শুনবে। শিক্ষার্থীদের বলুন যে, Activity A এর ছবিটি দেখতে। সম্ভব হলে পাঠ্যপুস্তকের মতো বড় ছবি দেখান। এতে তারা এ সম্পর্কে ধারণা পেতে পারে।
- যখন তারা পাঠ্যপুস্তক অনুসরণ করতে থাকবে তখন dialogueটি পড়ুন অথবা অডিও ফাইল C5U17L1-2B প্লে করুন। তারপর আবার dialogueটি পড়ুন অথবা অডিওটি আবারও প্লে করুন। প্রতিটি উক্তির পর থামবেন যাতে শিক্ষার্থীরা তাল ঠিক রাখতে পারে। এতে করে শিক্ষার্থীরা যতিচিহ্ন, প্রশ্নবোধক চিহ্ন, বিস্ময়বোধক চিহ্ন এবং যেসব অভিব্যক্তিগুলো রয়েছে তা অনুধাবন করতে পারবে।
- শিক্ষার্থীদের বলুন তাদের পাঠ্যপুস্তক বন্ধ করতে। অডিওটি আবারও প্লে করুন/আপনি Baichong এবং একজন শিক্ষার্থীকে দিয়ে Anousha-এর ভূমিকাভিনয় করে dialogueটি সরবে পড়ুন। শিক্ষার্থীরা পাঠ শুনে খুঁজে বের করবে Activity A-এর কোন কোন sports-এর কথা এখানে উল্লেখ করা হয়েছে।
- *play, sports, weekends, strong, try, exciting, favourite* ইত্যাদি শব্দগুলোর মানে অর্থ জিজ্ঞাসা করুন। অভিনয়ের মাধ্যমে শিক্ষার্থীদের ভেতর থেকে *play, strong, and exciting* এর অর্থগুলো বের করুন।
- শিক্ষার্থীরা *dialogue*টি থেকে কী বুঝেছে তা নিজের ভাষায় ইংরেজিতে বলতে বলুন। যদি তারা ইংরেজিতে বলতে পারে সেক্ষেত্রে তাদের বাংলা উত্তর শুনুন।
- Dialogueটি আবার পড়ুন এবং শোনান, থামুন এবং শিক্ষার্থীদের আপনার পর পরই পুনরায় বলতে বলুন। Dialogueটি সম্পর্কে শিক্ষার্থীদের প্রশ্ন করুন এবং দেখুন যে তারা বুঝেছে কি না। যেমন, Who loves badminton? What does someone need for weightlifting? What is Baichong's favorite sport? Who like to go swimming? ইত্যাদি।
- সহজ প্রশ্ন এবং ব্যাখ্যা দ্বারা লক্ষ করুন যে, তারা মূল conversation বুঝতে পারছে কি না? শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, *What do Baichong and Anousha like to do? (They like games and sports.)* সময় থাকলে *Audio*টি আবার শোনান এবং কিছু প্রশ্ন বোর্ডে লিখে দিন ও উত্তর খাতায় লিখতে বলুন। প্রয়োজনে

সাহায্য করুন।

- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, *"How are Baichong and Anousha expressing their emotions and feelings?"* শিক্ষার্থীদের বলতে সহায়তা করুন *"I love", "I would like to", "I want to".*

| | |
|---|---|
| **পিরিয়ড : ২ পাঠ্যাংশ :** C<br>**পৃষ্ঠা : ৬৬** | **বিষয়বস্তু :** Pairwork. Act the dialogue.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

| | |
|---|---|
| 1.2.1 | recognize which syllable in a word is stressed. |
| 1.3.1 | recognize which words in a sentence are stressed. |
| 3.2.1 | understand questions about family and friends of students. |
| 3.4.1 | understand statements made by the teacher and students. |

**Speaking:**

| | |
|---|---|
| 1.1.1 | say words, phrases and sentences with proper sounds and stress. |
| 3.1.2 | ask and answer Yes/No questions. |
| 6.2.1 | talk about people, objects, events etc. |
| 8.1.1 | take part in conversations on appropriate topics. |

**Reading:**

| | |
|---|---|
| 1.7.1 | read paragraphs, dialogues stories, letters and other texts. |

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরকে "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- আগের পাঠ পুনরালোচনার জন্য শিক্ষার্থীদের প্রশ্ন করুন - কয়েকজন বিখ্যাত খেলোয়াড় এবং নিজ নিজ খেলাধুলা সম্পর্কে প্রশ্ন করুন। *Who is famous for which sports? Which games and sports does Baichong like? Which games and sports does Arousha like? Who goes cycling a lot? Who loves football?*
- একজন শিক্ষার্থীকে সামনে আসতে বলুন। এখন যেকোনো একটি ভূমিকায় আপনি এবং অপরটিতে শিক্ষার্থীটিকে অভিনয় করতে বলুন।
- শিক্ষার্থীদের জোড়ায় জোড়ায় একজন Arousha এবং একজন Baichong-এর অভিনয় করতে বলুন। ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন এবং তাদের সহায়তা করুন।
- ক্লাসে ঘুরে ঘুরে দেখুন যে তারা জোড়ায় জোড়ায় স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করছে কি না। তাদের উচ্চারণ, যতিচিহ্ন এবং স্বরভঙ্গির দিকে লক্ষ করুন। প্রয়োজনে সাহায্য করুন।
- মূল্যায়নের জন্য কয়েকটি জোড়াকে সামনে ডেকে dialogueগুলো অভিনয় করে দেখাতে বলুন। প্রয়োজন বোধে সহায়তা করুন।
- বাড়তি অনুশীলনের জন্য, শিক্ষার্থীরা ভূমিকা বদল করে অভিনয় করতে পারে।

D. Read and circle.

1 Anousha plays badminton / volleyball / cricket with her family.

2 Anousha / Baichong / Anousha's brother likes to swim.

3 Anousha / Baichong / Anousha's brother plays kabadi.

4 Baichong doesn't know how to play badminton / football / volleyball.

5 Anousha likes football / cricket / cycling more than volleyball.

6 Football / Cricket / Weightlifting is Baichong's favourite sport.

E. Pairwork. Ask and answer the questions.

1 What games or sports do you like?
2 How often do you play or watch that sport?
3 When do you play or watch it?
4 Who do you play or watch the sport with?

F. Read the dialogue again. Write *go, play* or *do* before each of the sports. Then write a sentence about each sport.

1 _____ badminton

2 _____ cricket

3 _____ cycling

4 _____ football

5 _____ kabadi

6 _____ swimming

7 _____ volleyball

8 _____ weightlifting

G. Write in your exercise book the paragraph your teacher dictates. The paragraph is about cricket in Bangladesh.

| পিরিয়ড : ৩ পাঠ্যাংশ : D & E<br>পৃষ্ঠা : ৬৭ | বিষয়বস্তু : (D) Read and circle. (E) Pairwork. Ask and answer the questions.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio. |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.4.1 recognize and use intonation patterns for Yes/No and Wh questions.
3.2.1 understand questions about family and friends of students.
3.3.1 understand questions about objects around them.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
3.1.1 ask and answer Wh questions.
6.2.1 talk about people, objects, events etc.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.3 read silently with understanding dialogues.

### শিখন-শেখানো কার্যাবলি

### D. Read and circle.

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- আগের পাঠ পুনরালোচনার জন্য শিক্ষার্থীদের প্রশ্ন করুন *'Which games and sports does Arousha play or do?, 'Which games and sports does Baichong play or do?'*etc.
- শিক্ষার্থীদের Activity D এর প্রতি মনোযোগ দিতে বলুন এবং Activity D উত্তরগুলো গোল করে দাগ দিতে বলুন। এজন্য শিক্ষার্থীদের Page 66-এর Activity B-এর dialogue দেখতে বলুন। শিক্ষার্থীদের নীরবে পড়তে বলুন এবং এজন্য প্রয়োজনীয় সময় দিন।
- প্রথমটি শিক্ষার্থীদের সহায়তা নিয়ে করুন। যেমন- প্রথম বাক্যটি লিখুন এভাবে 'Arousha plays **badminton/volleyball/cricket** with her family' এবং গোল দাগ দিন **'badminton'**.
- শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের সঠিক নাম এবং খেলাধুলা ওপরে গোল দাগ দিতে বলুন।
- ক্লাস ঘুরে ঘুরে দেখুন যে তারা সবাই অংশগ্রহণ করছে কি না। প্রয়োজনবোধে সহায়তা করুন।
- Reading comprehension যাচাই করার জন্য পড়ার সময় কিছু শিক্ষার্থীদের ক্লাসের সামনে এসে বলতে বলুন যে তারা কীসে গোল দাগ দিয়েছে। যখন তারা পড়বে, তখন লক্ষ করুন যে তারা সঠিক উচ্চারণ করছে কিনা। প্রয়োজন বোধে পাঠ্যবইয়ের অন্যান্য জায়গায় শিক্ষার্থীরা কী করেছে তাও দেখতে পারেন।

### E. Pairwork. Ask and answer the questions.

- পূর্বের পাঠ পুনরালোচনার জন্য শিক্ষার্থীদের প্রশ্ন করুন *Do you like the same sports as shown in the pictures of Activity A? What other sports do you like? Which sport you can play or do?* শিক্ষার্থীরা উত্তর দিবে। লক্ষ করুন সবাই যেন অংশগ্রহণ করে।

- শিক্ষার্থীদের Page 67-এর Activity E দেখতে বলুন। শিক্ষার্থীদের বলুন যে তারা এখন একটি জোড়ায় কাজ করবে।
- পাঠ্যবইয়ের প্রশ্নের দিকে শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করুন এবং প্রশ্নগুলো সরবে পড়ুন অথবা সম্ভব হলে অডিও ফাইল C5U17L3-4E প্লে করুন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন যে সেখানে কোন অজানা শব্দ আছে কিনা। যদি থাকে, তাহলে আপনি বলার আগে অন্যান্য শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন যে তারা জানে কিনা। ব্যাখ্যার জন্য শিক্ষার্থীদের বাংলায় কথা বলতে অনুমতি দিতে পারেন ।
- শিক্ষার্থীদের জোড়ায় জোড়ায় প্রশ্ন জিজ্ঞেস এবং উত্তর দিতে বলুন।
- ক্লাসে ঘুরে ঘুরে দেখুন যে তারা জোড়ায় জোড়ায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করছে কি না। উত্তরগুলো শিক্ষার্থীদের খাতায় লিখতে বলুন। প্রয়োজনে সাহায্য করুন।
- ২/৩ জোড়া শিক্ষার্থীদের সামনে এসে প্রশ্ন করতে এবং উত্তর দিতে বলুন।
- যদি বাড়তি সময় থাকে, তাহলে শিক্ষার্থীদের ভূমিকা বদল করে dialogue পড়তে দিতে পারেন।
- মূল্যায়নের জন্য, শিক্ষার্থীদের অংশগ্রহণ এবং প্রশ্ন উত্তর উপস্থাপন লক্ষ করুন। আরো লক্ষ করুন যে, শিক্ষার্থীরা প্রশ্ন এবং উত্তর সঠিকভাবে দিতে পারছে কি না।

| | |
|---|---|
| **পিরিয়ড : ৪ পাঠ্যাংশ :** F & G<br>**পৃষ্ঠা : ৬৭** | **বিষয়বস্তু :** (F) Read the dialogue again. Write go, play or do before each of the sports. Then write a sentence about each sport. (G) Write in your exercise book the paragraph your teacher dictates. The paragraph is about cricket in Bangladesh.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.

**Reading:**

1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.3 read silently with understanding dialogues.

**Writing:**

3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.
8.1.1 make sentences using words and phrases given in the textbook.
9.1.1 take dictation of short and simple paragraphs.

### শিখন-শেখানো কার্যাবলি

**F. Read the dialogue again. Write go, play or do before each of the sports. Then write a sentence about each sport.**

- শিক্ষার্থীদের page 66-এর Activity B-এর dialogue দেখতে বলুন। শিক্ষার্থীদের নীরবে পড়তে বলুন এবং এজন্য প্রয়োজনানুযায়ী সময় দিন।
- শিক্ষার্থীদের পড়ার সময় যেসব খেলাধুলার নাম উল্লেখ করা আছে তার নিচে দাগ দিতে বলুন। go,

play এবং do শব্দগুলো বোর্ডে লিখুন। খেলার নামগুলো বলার আগে শিক্ষার্থীদের আবার dialogue দেখে শব্দগুলো পড়তে বলুন। কোন শব্দগুলো কোন খেলার নামের আগে বসবে সেগুলো লক্ষ করতে বলুন।

- শিক্ষার্থীদের সহজে বোঝার জন্য তাদের উদাহারণ দিতে পারেন, যেমন - *Baichong plays cricket, , Arousha goes swimming* etc.
- বোর্ডে খেলাধুলার নামগুলো লিখুন। ধীরে ধীরে নামগুলো বলুন এবং শিক্ষার্থীদের জিজ্ঞাস করুন যে প্রত্যেকটি খেলার আগে কোন ক্রিয়া পদটি বসতে পারে। সবকটি খেলার আগে go play অথবা do লিখুন।
- এখন শিক্ষার্থীদের পাঠ্যবইয়ে খেলাধুলার নামের আগের খালি জায়গায় সঠিক ক্রিয়াপদটির নাম জিজ্ঞাসা করুন। শিক্ষার্থীদের reference হিসেবে নামগুলো বোর্ড লিখতে বলুন reference হিসেবে। কয়েকজনের বই দেখুন যে তারা ক্রিয়া পদের ব্যবহার সম্পর্কে বুঝতে পেরেছে কি না।
- এখন শিক্ষার্থীদের বোর্ডের লেখা নামগুলো দেখতে বলুন। শিক্ষার্থীদের প্রত্যেকটি খেলা নিয়ে একটি করে বাক্য তৈরি করতে বলুন। যেমন - *I go swimming on the weekend. I want to do weight lifting but I need training for that etc.* শিক্ষার্থীদের একটি করে খেলা নিয়ে একটি করে বাক্য চিন্তা করে ক্লাসে বলতে বলুন। সর্বোচ্চ অংশগ্রহণের জন্য প্রত্যেক শিক্ষার্থীকে একটি করে বাক্য বলতে বলুন। ক্লাসে ঘুরে দেখুন এবং তাদের শুনুন। শিক্ষক ক্লাসের যেকোনো কোনা থেকেও শুরু করতে পারেন।
- শিক্ষার্থীদের খেলাধুলা নিয়ে একটি করে বাক্য খাতায় লিখতে বলুন। প্রয়োজনানুযায়ী কিছু সময় দিন। ক্লাসে ঘুরে দেখুন যে তারা লিখছে কি না। প্রয়োজনানুযায়ী সাহায্য করুন।
- মূল্যায়নের জন্য, কিছু খাতা দেখতে পারেন যাতে করে বুঝতে পারেন, তারা বাক্যে খেলার আগে সঠিক ক্রিয়া পদটি বসাতে পেরেছে কি না।

**G. Write in your exercise book the paragraph your teacher dictates. The para graph is about cricket in Bangladesh.**

- শিক্ষার্থীদের খাতা বের করতে বলুন। তাদের একটি ছোট অনুচ্ছেদ dictation লিখতে দিন। শিক্ষার্থীদের বলুন আপনি যা বলবেন তা পুরোটুকু লিখতে এবং punctuation তারা যেন সর্বোচ্চ চেষ্টা করে সঠিক বানান এবং উচ্চারণ লিখতে। তাদের আরোও বলুন প্রথমবার শোনার পর সঠিক বানান এবং punctuation এর জন্য চিন্তিত না হতে। অনুচ্ছেদটি dictation দেওয়ার পরে তাদের বানান এবং punctuation নিয়ে চিন্তা করার জন্য পর্যাপ্ত সময় দিন।
- কিছু সহজ বাক্য দিতে পারেন, যেমন - বাক্যটি খুব আস্তে আস্তে বলুন, slash এর পরে থামুন, ***Sports are / a lot of fun***. বাক্যটি দুই কি তিনবার বলুন, slash এর জায়গায় থামুন এবং একবার না থেমে স্বাভাবিক গতিতে বলুন।
- একজন শিক্ষার্থীকে বাক্যটি পড়তে বলুন। তারপর একজন শিক্ষার্থীকে বোর্ডে বাক্যটি লিখতে বলুন। এরপর একজন শিক্ষার্থীকে দিয়ে বাক্যটি বোর্ডে লেখাতে পারেন।
- সময় স্বল্পতার কারণে পুরো ক্লাসের সঠিক বানান এবং punctuation উচ্চারণ এভাবে দেখতে পারেন। শিক্ষার্থীদের বলুন আপনি অনুচ্ছেদটি বলবেন। অনুচ্ছেদটি বলুন অথবা audioটি শুনাবো। তোমরা তা শুনে খাতায় লিখবে। Cricket is / a wonderful sport. Many people / in Bangladesh / play cricket. The cricket teams / in Bangladesh / are very good. People / all over the world / know this. বলার সময় যেখানে slash আছে সেখানে থামুন।
- Audio টি পুনরায় বাজান অথবা পুনরায় অনুচ্ছেদটি বলুন, দরকার অনুযায়ী থামুন এবং শিক্ষার্থীদের লেখার জন্য সময় দিন। শেষবারের মতো অনুচ্ছেদটি স্বভাবিক গতিতে বলুন অথবা বাজান।
- শিক্ষার্থীরা তাদের খাতায় Paragraphটি সঠিকভাবে লিখতে পেরেছে কি না তা ঘুরে ঘুরে মূল্যায়ন করুন। প্রয়োজনে feedback দিন।
- এবার অনুচ্ছেদটি বোর্ডে লিখুন এবং শিক্ষার্থীদের বলুন একে অপরের সাথে খাতা বদল করে যাচাই করতে।

**H.** Listen and read.



The Olympic Games is the biggest sports competition in the world. The Olympics are held every four years in a different host city. More than 200 nations send a total of about13,000 athlet es to compete in more than 30 different sports.

The first Olympic Games were held in Greece almost 3,000 years ago. The modern Olympic Games started in 1896, and there have been 31 Olympic competitions since then.

**I.** Read again. Answer the questions.

1 How often are the Olympics held?
2 How many countries compete in the Olympics?
3 How many athletes compete in the Olympics?
4 How many sports are there in the Olympics?
5 When was the first Olympics?
6 When did the modern Olympic Games begin?

| | |
|---|---|
| **পিরিয়ড : ৫** **পাঠ্যাংশ :** H<br>**পৃষ্ঠা : ৬৮** | **বিষয়বস্তু :** Listen and read.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, Olympic সংক্রান্ত বিভিন্ন ছবি/video. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
3.3.1 understand questions about objects around them.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
2.2.1 recognize and read ordinal numbers up to 20th.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পুনরালোচনার জন্য, কয়েকজন শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন যা তারা কোন খেলা পছন্দ করে এবং তারা কোন কোন খেলা খেলে।
- পাঠের শুরুতে শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন *'What do you know about international sports competition?' 'Has any of you watched any international sports competition on television?' 'Have you heard of the Olympic Games?'*
- যদি শিক্ষার্থীদের ইংরেজিতে উত্তর বা আলোচনা না করতে পারে তাহলে তাদের বাংলায় বলতে দিন এবং অলিম্পিক, ক্রিকেট বিশ্বকাপ, ফুটবল বিশ্বকাপ ইত্যাদি সম্পর্কে বলুন। যদি সম্ভব হয় তাদের অলিম্পিক নিয়ে একটি video দেখাতে পারেন।
- শিক্ষার্থীদের বলুন যে, তারা আজকে *Olympic Games* সম্বন্ধে পড়বে এবং বোর্ডে *Olympic Games* লিখুন। আবার বলুন আজকের পাঠের নাম *Olympic Games* এবং আপনাকে অনুসরণ করে শিক্ষার্থীরা পাঠের নামটি পুনরায় বলবে।
- শিক্ষার্থীদের পাঠ্যবইয়ের page 68 খুলতে বলুন এবং Activity H দেখতে বলুন। শিক্ষার্থীদের পতাকার ছবিটি দেখতে বলুন। যদি সম্ভব হয়, পাঠ্যপুস্তকের অনুরূপ একটি বড় ছবি নিন। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন যে তারা আগে কখনো এরকম পতাকা দেখেছে কিনা? যদি দেখে থাকে তাহলে উৎসাহ দিন বলার জন্য যে তারা কোথায় এটা দেখেছে। বলুন যে এই পতাকাটি Olympic Games-এ ব্যবহার করা হয়। প্রয়োজনবোধে বাংলায় বলুন যে পতাকায় যে রঙগুলো আছে সেগুলো হচ্ছে প্রথমবার Olympic Games অনুষ্ঠিত হওয়ার সময় যেসব দেশসমূহ অংশগ্রহণ করেছে তাদের পতাকার রঙ থেকে নেওয়া হয়েছে এবং বৃত্তগুলো বোঝায় সবাই একসাথে সংঘবদ্ধ। এবং বলুন যে তারা এখন Olympic Games সম্পর্কে পড়বে।
- লেখাটি সঠিক উচ্চারণে সরবে পড়ুন অথবা অডিও ফাইল C5U17L5-6H প্লে করুন। শিক্ষার্থীদের আপনার সাথে সাথে সরবে পড়তে বলুন। শিক্ষার্থীদের আপনাকে বলতে বলুন যে তারা কী বুঝেছে, প্রয়োজনবোধে তারা বাংলা বা ইংরেজি ব্যবহার করতে পারে। যদি শিক্ষার্থীরা না বুঝতে পারে, পাঠটি আবার

পড়ুন কিন্তু কয়েকটি বাক্য পর থেমে থেমে পড়ুন এবং তাদের বুঝিয়ে বলুন। তারা কী বুঝেছে যাচাই করতে প্রশ্ন করুন: *'What do we mean by Olympic Games? Where were the first Olympic Games held?' 'How many Olympic Games have been held so far?' etc.*

- বোর্ডে : 30, 200, 1896, 3,000, 13,000 সংখ্যাগুলো লিখুন। প্রয়োজনে গণিত বই এর সাহায্য নিন কারণ ইংরেজিতে ১০০০ এর বেশি শিক্ষাক্রমে নেই।
- এখন শিক্ষার্থীদের সরবে সঠিক উচ্চারণে পাঠটি পড়তে বলুন এবং বোর্ডে লেখা সংখ্যাগুলোর গুরুত্ব খুঁজে বের করতে বলুন। শিক্ষার্থীদের বলুন যে কোনো সমস্যা হলে যেন সাহায্য চায়। এরপর তাদের কাছ থেকে উত্তরগুলো জানতে চান।
- ক্লাসে ঘুরে দেখুন এনং লক্ষ করুন যে শিক্ষার্থীরা ঠিকমতো পড়ছে কি না।

| | |
|---|---|
| **পিরিয়ড : ৬ পাঠ্যাংশ :** I<br>**পৃষ্ঠা : ৬৮** | **বিষয়বস্তু :** Read again. Answer the questions.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |

## Learning outcomes : Students will be able to

**Reading:**

2.2.1 recognize and read ordinal numbers up to 20th.
5.1.1 read silently with understanding paragraph.

**Writing:**

2.1.1 write cardinal numbers 1-500 in figures.
2.2.1 write ordinal numbers up to 20th.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.
4.2.1 write ordinal numbers up to 20th in figures and in words.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পুনরালোচনার জন্য, শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন যে তারা Olympic games সম্পর্কে কী শিখেছে। শিক্ষার্থীদের বলুন যে অনুচ্ছেদটি থেকে তাদের কিছু প্রশ্নের উত্তর দিতে হবে।
- শিক্ষার্থীদের Page 68-এর Activity H নীরবে পড়তে বলুন।
- শিক্ষার্থীদের বলুন যে তাদের পাঠ্যবই থেকে কিছু প্রশ্নের উত্তর দিতে হবে।
- প্রশ্নগুলো পড়ুন অথবা অডিও ফাইল C5U17L5-6I প্লে করুন এবং শিক্ষার্থীদের অর্থ বুঝিয়ে বলুন। প্রয়োজনবোধে বাংলা ব্যবহার করুন।
- শিক্ষার্থীদের দলে ভাগ করুন এবং প্রশ্নগুলো দলে আলোচনা করতে বলুন। আলোচনা শেষে, দলের প্রত্যেকে পাঠ্যবইয়ে উত্তরের নিচে দাগ দেবে এবং উত্তরগুলো খাতায় লিখবে।
- ক্লাস ঘুরে দেখুন এবং লক্ষ করুন যে সবাই খাতায় লিখছে কি না।
- সবাই বুঝতে পারছে কি না তার জন্য প্রত্যেক দল থেকে উত্তর শুনুন।
- শিক্ষার্থীদের লেখার দক্ষতা বোঝার জন্য কয়েকজনের খাতা দেখুন। প্রয়োজনে Feedback দিন।

**J.** Read the table.

| Olympics | Year | Host city / country | |
|---|---|---|---|
| 1 | 1896 | Athens, Greece |  |
| 5 | 1912 | Stockholm, Sweden |  |
| 8 | 1924 | Paris, France |  |
| 10 | 1932 | Los Angeles, United States |  |
| 14 | 1948 | London, United Kingdom |  |
| 17 | 1960 | Rome, Italy |  |
| 19 | 1968 | Mexico City, Mexico |  |
| 20 | 1972 | Munich, Germany |  |

**K.** Read the table again. Complete the sentences.

1 The ____first____ Olympics was held in Athens, Greece.

2 The United States was the host country of the ________ Olympics.

3 ______________________ was the host of the 17th Olympics.

4 The twentieth Olympics was held in ____________________.

5 The host country of the __________________ Olympics has a blue and yellow flag.

6 The ________________ Olympics was hosted by Mexico City.

7 The fourteenth Olympics was held in ____________________.

8 Paris was the host of the ______________________ Olympics.

| | |
|---|---|
| পিরিয়ড : ৭ পাঠ্যাংশ : J<br>পৃষ্ঠা : ৬৯ | বিষয়বস্তু : Read the table.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবিসহ টেবিল। |

## Learning outcomes : Students will be able to

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
2.2.1 recognize and read ordinal numbers up to 20th.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পুনরালোচনার জন্য, আগের পাঠে শিক্ষার্থীরা যে তথ্যগুলো শিখেছে, সেগুলো বোর্ডে লিখুন এবং তখন শিক্ষার্থীদের বলুন নীরবে পাঠটি পড়তে এবং তথ্যগুলো মনে করতে বলুন।
- শিক্ষার্থীদেরকে তাদের বই বন্ধ করতে বলুন। আপনি পুনরায় পাঠটি সরবে পড়ুন। কিছু কিছু জায়গায় থামুন- শিক্ষার্থীরা বাদ দেয়া তথ্যগুলো বলবে। যেমন,
  The Olympic Games is the biggest sports competition in... [the world]. The Olympics are held every... [four years] in a different... [host city]. More than 200... [nations] send a total of about 13,000... [athletes] to compete in more than 30 different... [sports].
  The first Olympic Games were held in Greece almost... [3,000 years ago]. The modern Olympic Games started in... [1896], and there have been... [31] Olympic competitions since then.
- ক্লাস শুরু হওয়ার আগে 1st to 20th পর্যন্ত ordinal numbers একটি চার্ট ঝুলিয়ে দিন অথবা বোর্ডে লিখুন। সংখ্যাগুলোকে সঠিক উচ্চারণ করুন এবং আপনাকে অনুসরণ করে তাদের পুনরায় বলতে বলুন। তারপর শিক্ষার্থীরা নিজে নিজে সংখ্যাগুলো চর্চা করবে। এজন্য কিছু সময় দিন। কয়েকজন শিক্ষার্থীকে বোর্ডে লেখা সংখ্যাগুলো পড়তে বলবেন।
- Tableটি শিক্ষার্থীদের দেখান এবং বলুন যে তারা আজ tableটি সরবে/নীরবে পড়বে এবং শিখবে কখন এবং কোথায় Olympic Games অনুষ্ঠিত হয়েছিল। বোর্ডে table-এর শিরোনাম লিখুন। প্রত্যেক শিরোনাম দেখান এবং বলুন। শিক্ষার্থীদের আপনাকে অনুসরণ করে পুনরায় বলতে বলুন।
- Table-এর প্রথম সারি থেকে সাল, স্বাগতিক শহর এবং দেশ সঠিক উচ্চারণ করে বাক্যের সাথে পড়ুন। শিক্ষার্থীদের পুনরায় বলতে বলুন। যেমন- বলুন **The first Olympic Games were held in eighteen eighty six and the host city and country was Athens, Greece.**পুনরায় শিক্ষার্থীদের সাথে আরো দুটি লাইন পড়ুন। তারপর যেকোনো একজন শিক্ষার্থীকে table-এর অবশিষ্ট অংশটুকু সরবে পড়তে বলুন। যখন আপনি বা কোনো শিক্ষার্থী কোনো ordinal number উচ্চারণ করবেন তখন তা বোর্ডে লিখবেন। শিক্ষার্থীদের আপনাকে অনুসরণ করে পুনরায় সংখ্যাটি বলতে বলুন।
- শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কি না তা বোঝার জন্য কিছু প্রশ্ন করুন, যেমন -'When were the 5th Olympic Games held?' 'When were the 10th Olympic Games held?'etc.

- প্রত্যেক শিক্ষার্থীকে একটি করে সারি ধারাবাহিকভাবে পড়তে বলুন। এবং আপনি যেভাবে পড়েছেন সেভাবেই পড়তে বলুন।
- মূল্যায়নের জন্য, শিক্ষার্থীদের লক্ষ করুন যে তারা সঠিকভাবে ordinal numbers বলতে পারছে কি না এবং স্বাগতিক দেশ এবং শহরের সাথে সালের উচ্চারণ ঠিক করে করতে পারছে কিনা।

| | |
|---|---|
| **পিরিয়ড : ৮ পাঠ্যাংশ :** K<br>**পৃষ্ঠা : ৬৯** | **বিষয়বস্তু :** Read the table again. Complete the sentences.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবিসহ টেবিল। |

## Learning outcomes : Students will be able to

**Reading:**

2.2.1 recognize and read ordinal numbers up to 20th.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

**Writing:**

2.2.1 write ordinal numbers up to 20th.
3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.
4.2.1. write ordinal numbers up to 20th in figures and in words.
8.1.1 make sentences using words and phrases given in the textbook.

### শিখন-শেখানো কার্যাবলি

- প্রথম থেকে বিংশ পর্যন্ত ordinal numbers পুনরালোচনা করুন। বোর্ডে সংখ্যাগুলো লিখুন এবং শিক্ষার্থীরা যে সংখ্যাগুলো কথায় বলবে তাও লিখুন। বোর্ডে সংখ্যাগুলো reference হিসেবে রেখে দিন।
- শিক্ষার্থীদের tableটি নীরবে পড়তে বলুন এবং তাদের Page 69-এর Activity K পড়তে বলুন।
- শিক্ষার্থীদের বলে দিন কীভাবে Activity K এর বাক্যগুলো পূরণ করবে। প্রথমটি উদাহারণস্বরুপ করে দিন। তাদের table এর বাক্যগুলোর key information দেখতে বলুন। যেমন - Athens, তাদের জিজ্ঞেস করুন table-এর কোথায় Athens, Greece খুঁজে পাবে। (in the first row under host city / country). শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন বাক্যে কী অনুপস্থিত (the number of the Olympic games )। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন তারা কোথায় information টি খুঁজে পাবে (in the first column)। শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন তারা শুন্যস্থানে কী লিখবে (first)।
- শিক্ষার্থীদের দলে ভাগ করুন এবং তাদের Activity K আলোচনা করতে বলুন। এখন শিক্ষার্থীদের বলুন দলে আলোচনার পরে, প্রত্যেক দলের সদস্য পাঠ্যবই থেকে একটি করে বাক্য সম্পূর্ণ করে তাদের খাতায় লিখবেন।
- ক্লাস ঘুরে দেখুন এবং লক্ষ করুন যে, সকল শিক্ষার্থী উত্তর খাতায় লিখছে কি না। প্রয়োজনে প্রতিটি বাক্য শিক্ষার্থীদের শোনানোর জন্য অডিও ফাইল C5U17L7-8K প্লে করুন।
- সর্বোচ্চ অংশগ্রহণের জন্য, প্রত্যেক দল থেকে একটি করে বাক্য বলতে বলুন। যখন শিক্ষার্থীরা উত্তর দিবেন তখন প্রত্যেক দলের কাছে যাবেন। প্রয়োজনে সাহায্য করবেন।
- শিক্ষার্থীদের লেখার দক্ষতা বোঝার জন্য কয়েকটি খাতা নিয়ে দেখুন।

**A.** Listen, read and say.

City streets and country roads
by *Eleanor Farjeon*



The city has streets–
    But the country has roads.
In the country one meets
    Blue carts with their loads
Of sweet-smelling hay,
    And mangolds, and grain.
Oh, take me away
    To the country again!



In the city one sees
    Big trams rattle by,
And the breath of the chimneys
    That blot out the sky.
And all down the pavements
    Stiff lamp-posts one sees–
But the country has hedgerows,
    The country has trees.
As sweet as the sun
    In the country is rain:
Oh, take me away
    To the country again!

## Attainable Competencies (Unit 18): Students will be able

**Listening:**

1.3 to recognize which words in a sentence are stressed.
4.3 to enjoy and understand simple poems.

**Speaking:**

1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation.
3.1 to ask and answer Wh and Yes/No questions.
4.1 to recite poems.
6.2 to talk about people, objects, events etc.
8.1 to take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6 to recognize and read statements, commands, greetings, questions and answers.
4.1 to read aloud poems with proper sounds, stress and intonation.

**Writing:**

3.1 to write sentences using non- cursive and cursive capital and small. letters.
8.1 to make sentences using words and phrases, following instructions.

**পাঠ বিভাজন :** এই ইউনিটটি পড়তে ৮টি পিরিয়ডের প্রয়োজন হবে।

| | |
|---|---|
| **পিরিয়ড :** ১ **পাঠ্যাংশ :** A (১ম ৮ লাইন)<br>**পৃষ্ঠা :** ৭০ | **বিষয়বস্তু :** Listen, read and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
4.3.1 understand and enjoy simple poems.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
4.1.1 recite poems.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
4.1.1 read aloud poems with proper sounds, stress and intonation.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদেরকে বোর্ডে *'city'* এবং *'country'* শব্দ ২টি লিখতে বলুন। তাদের প্রশ্ন করুন এই দুটি স্থানে তারা কী কী দেখতে পায়? শিক্ষার্থীদের যত বেশি সম্ভব শব্দ বলতে উৎসাহিত করবেন। শব্দগুলো বোর্ডে যেখানে প্রযোজ্য *'city'* অথবা *'country'*-এর নিচে লিখুন। কোনো শিক্ষার্থী যদি বাংলায় বলে, শব্দটি

ইংরেজিতে কী হবে তা জানতে চান, “How do I say (Bangla word) in English?” শিক্ষার্থী না পারলে শব্দটি বলে দেবেন এবং ঠিক কলামে লিখতে সাহায্য করবেন।

- শিক্ষার্থীদেরকে বলুন আজকে তারা ***Eleanor Farjeon*** এর লেখা ***“City streets and country roads”*** কবিতাটি আবৃত্তি করবে। কবিতাটির নাম স্পষ্ট করে আবার বলুন এবং বোর্ডে লিখুন। শিক্ষার্থীদের কবিতাটির নামটি বলতে বলুন ।
- পাঠ্যপুস্তক খুলে পৃষ্ঠা ৭০ বের করতে বলুন। Activity A-এর ছবিটি দেখান।
- তাদের পাঠ্যপুস্তকের অনুরূপ একটি বড় ছবি দেখান। শিক্ষার্থীদের ছবিটি লক্ষ করতে বলুন, জিজ্ঞাসা করুন, *‘What are the pictures about?’ ‘What can you see in the pictures?* তাদের ইংরেজিতে বলতে উৎসাহিত করুন, কেউ বাংলায় বললে তাকে নিরুৎসাহিত করবেন না। তারা যেই শব্দগুলো বলবে সেগুলো আগে থেকেই বোর্ডে ২ কলামে লেখা শব্দগুলোর সাথে মেলাবেন। তাহলে এই বিষয়বস্তুটিকে তারা তাদের জীবনের সাথে মেলাতে পারবে।
- কবিতাটির প্রথম ৮ লাইন আবৃত্তি করবেন অথবা অডিও ফাইল C5U18L1-2A শোনাবেন। প্রথমে ধীরে ধীরে আবৃত্তি করবেন যাতে শিক্ষার্থীরা বুঝতে পারে কোথায় থামতে হবে, কোথায় বিস্ময়, প্রশ্ন বা যেখানে যেমন প্রয়োজন তেমন অভিব্যক্তি দিতে হবে।
- নতুন শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। না পারলে তাদেরকে ধারণা দেবেন। অনেক সময় কবিতা বা ছবি থেকেও তারা ধারণা পেতে পারে। এইজন্য কবিতাটি আবার পড়লে অথবা ছবি দেখলে তাদের সাহায্য হবে।
- শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন : *city, street, country, roads, meet, carts, sweet-smelling, hay, mangolds* (মাটির নীচে হয় এমন *vegetables*), *grain, away and again* ইত্যাদি।
- শিক্ষার্থীদের কাছ থেকে শব্দগুলোর অর্থ বের করার চেষ্টা করবেন, শব্দগুলোর অর্থ বাংলায় বোর্ডে লিখবেন।
- কবিতাটি অর্থসহ পড়বেন। আরও একবার পড়ার পর শিক্ষার্থীদের সমস্বরে আবৃত্তি করতে বলবেন।
- একজন শিক্ষার্থীকে প্রথম লাইনটি দেখে আবৃত্তি করতে বলুন। এরপর শ্রেণিকক্ষের অন্য দিক থেকে আরেকজন শিক্ষার্থীকে তার পরের লাইনটি আবৃত্তি করতে বলুন। এভাবে কবিতাটির প্রথম অংশ আবৃত্তি সম্পূর্ণ করবেন।
- তাদের আবৃত্তি লক্ষ করবেন। উচ্চারণ, স্বরের ওঠানামা লক্ষ করবেন, প্রয়োজনীয় ফলাবর্তন দেবেন। সকল শিক্ষার্থী এতে উপকৃত হবে।

| | |
|---|---|
| **পিরিয়ড : ২ পাঠ্যাংশ :** A (শেষ ১২ লাইন)<br>**পৃষ্ঠা :** ৭০ | **বিষয়বস্তু :** Listen, read and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
4.3.1 understand and enjoy simple poems.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
4.1.1 recite poems.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
4.1.1 read aloud poems with proper sounds, stress and intonation.

A. **Listen, read and say.**

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদেরকে বলুন আজকে তারা পূর্বদিনের মতো ***"City streets and country roads" by Eleanor Farjeon*** কবিতাটি পড়বে। কবিতাটির শিরোনাম বোর্ডে লিখুন এবং পড়ুন। শিক্ষার্থীদের আপনার সাথে পড়তে বলুন। পাঠের পুনরালোচনার জন্য আগের দিনে শেখা শব্দগুলোর *'city, street, country, roads, meet, cart, sweet-smelling, hay, grain, away* অর্থ জিজ্ঞেস করবেন। কয়েকজন শিক্ষার্থীকে বলতে বলবেন। কবিতার প্রথম ৮ লাইন ৮ জনকে প্রত্যেকে ১ লাইন করে সরবে পড়তে বলবেন। শিক্ষার্থীদের প্রশ্ন করবেন *'Which life these first eight lines is about?' 'What did they understand from the poem?'*
- শিক্ষার্থীদের বইয়ের পৃষ্ঠা ৭০ খুলতে বলুন এবং Activity A-এর শেষের ১২ লাইন দেখতে বলুন।
- তাদের পাঠ্যপুস্তকের অনুরূপ একটি বড় ছবি দেখান। তাদের দ্বিতীয় ছবিটি সম্পর্কে বলতে বলুন, *'What is the picture about?' 'What can you see in the picture?* তাদের ইংরেজিতে বলতে উৎসাহিত করুন, বাংলাতে বললেও গ্রহণ করবেন। তাদের বলা শব্দগুলো বোর্ডে লিখুন।
- কবিতাটির শেষ ১২ লাইন আবৃত্তি করবেন স্পষ্ট স্বরে, সঠিক উচ্চারণে। শিক্ষার্থীদের খেয়াল করতে বলবেন (সম্ভব হলে অডিও শোনাবেন)। প্রথমে ধীরে ধীরে আবৃত্তি করবেন যাতে শিক্ষার্থীরা বুঝতে পারে কোথায় থামতে হবে, কোথায় বিস্ময়, প্রশ্ন বা যেখানে যেমন প্রয়োজন তেমন অভিব্যক্তি দিতে হবে।
- নতুন শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। না পারলে তাদের ধারণা দেবেন। অনেক সময় কবিতা বা ছবি থেকেও তারা পেতে পারে। এইজন্য কবিতাটি আবার পড়লে অথবা ছবি দেখলে তাদের সাহায্য হবে।
- শব্দগুলির অর্থ জিজ্ঞেস করুন *trams, rattle by, chimneys, blot out, sky, pavements, lamp-posts, hedgerows, rain* ইত্যাদি।
- শিক্ষার্থীদের কাছ থেকে শব্দগুলোর অর্থ জানার চেষ্টা করুন, ওই শব্দগুলোর অর্থ বাংলায় বোর্ডে লিখুন।
- কবিতাটি অর্থসহ পড়ুন। আরও একবার পড়ার পর শিক্ষার্থীদের সমস্বরে আবৃত্তি করতে বলুন।
- ১২ জন শিক্ষার্থীকে শ্রেণীকক্ষের সামনে ডাকুন, একজন একজন করে কবিতাটি আবৃত্তি করতে বলুন। একজন শিক্ষার্থীকে প্রথম লাইনটি আবৃত্তি করতে বলুন। এরপর শ্রেণিকক্ষের অন্য দিক থেকে আরেকজন শিক্ষার্থীকে তার পরের লাইনটি আবৃত্তি করতে বলুন।
- তাদের আবৃত্তি লক্ষ করুন। উচ্চারণ, স্বরের ওঠানামা লক্ষ করুন, প্রয়োজনে ফলাবর্তন দেবেন সকল শিক্ষার্থী এতে উপকৃত হবে।
- মূল্যায়নের উদ্দেশ্যে শিক্ষার্থীদের প্রশ্নগুলো করবেন, *'Where can you see hay and grains?' 'Where can you find hedgerows?' 'Where can you see carts?' 'Where can you see the chimneys?' 'Where can you see trams? 'Where can you see lamp-posts?' etc.*

**B.** Read the poem aloud. Use correct stress and intonation.

**C.** Groupwork. Read the poem again. Answer the questions.

1 Does the author of the poem prefer the country or the city? How do you know? Underline the lines in the poem that tells you the answer.

2 Do you prefer the city or the country? Why?

**D.** Read the poem again. Make two lists, one of things you can see in the country and the other of the things you can see in the city.

| List 1: Things in the country | List 2: Things in the city |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |

| | |
|---|---|
| **পিরিয়ড : ৩ পাঠ্যাংশ :** B & C<br>**পৃষ্ঠা : ৭১** | **বিষয়বস্তু :** (B) Read the poem aloud. Use correct stress and intonation.<br>(C) Groupwork. Read the poem again. Answer the questions.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |

## Learning outcomes : Students will be able to

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.
3.1.2 ask and answer Yes/No questions.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
4.1.1 read aloud poems with proper sounds, stress and intonation.

**Writing:**

8.1.1 make sentences using words and phrases given in the textbook.

### শিখন-শেখানো কার্যাবলি

**B. Read the poem aloud. Use correct stress and intonation.**

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পাঠের পুনরালোচনার জন্য আগেরদিনে শেখা শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন, *trams, rattle by, blot out, chimneys, pavements, lamp-posts, hedgerows* ইত্যাদি এবং জানতে চান, '*Which life attracts you most and why?* কবিতার প্রথম ৮ লাইন ২/৩ জনকে জোরে পড়তে বলবেন। শিক্ষার্থীদেরকে প্রশ্ন করবেন '*Which life these first eight lines is about?*' '*What did they understand from the poem?*'
- শিক্ষার্থীদেরকে বলুন আজ তারা আগের দিনের মতো ***"City streets and country roads" by Eleanor Farjeon*** কবিতাটি পড়বে। কবিতাটির শিরোনাম বোর্ডে লিখুন এবং পড়ুন। শিক্ষার্থীদের আপনার সাথে পড়তে বলুন। শিক্ষার্থীদেরকে ইংরেজিতে বলতে উৎসাহিত করুন।
- শিক্ষার্থীদের বইয়ের পৃষ্ঠা ৭১ খুলতে বলুন এবং Activity B দেখতে বলুন।
জোরে কবিতাটি আবৃত্তি করবেন, সম্ভব হলে কবিতাটির অডিও বাজাবেন। স্বরের ওঠানামা ঠিক রাখবেন। শিক্ষার্থীদের আপনার সাথে আবৃত্তি করতে বলবেন। ধীরে ধীরে বলবেন যাতে শিক্ষার্থীরা বইয়ের সাথে মেলাতে পারে।
- শিক্ষার্থীদের দলে কবিতাটি নিয়ে আলোচনা করতে বলুন, বাক্যের যে শব্দগুলোতে জোর দেওয়া হয়েছে সেগুলোর নিচে লাইন টানতে বলুন। প্রত্যেক শিক্ষার্থীকে বলুন তাদের খাতায় শব্দগুলো লিখতে। কয়েকজন শিক্ষার্থীকে শব্দগুলো বলতে বলুন এবং কয়েকজনকে শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদের দেখাবেন কীভাবে এই শব্দগুলো উচ্চারণ করতে হয়।
- প্রত্যেক দলে শিক্ষার্থীদেরকে সঠিক উচ্চারণে কবিতাটি আবৃত্তির চর্চা করতে বলুন।
- শ্রেণিকক্ষে ঘুরে ঘুরে দেখুন শিক্ষার্থীরা সঠিকভাবে চর্চা করছে কি না তাদের উচ্চারণের প্রতি লক্ষ করুন। প্রয়োজনে তাদের সাহায্য করুন।
- মূল্যায়নের জন্য প্রতিটি দল থেকে একজন শিক্ষার্থীকে কবিতাটি সঠিক উচ্চারণে আবৃত্তি করতে বলুন।

**C. Groupwork. Read the poem again. Answer the questions.**

- শিক্ষার্থীদের পৃষ্ঠা ৭১-এর Activity C দেখতে বলুন।
- পৃষ্ঠা ৭০-এর কবিতাটি মনে মনে পড়তে বলুন।
- প্রথম প্রশ্নটি সরবে পড়ুন। শিক্ষার্থীদের প্রশ্নের মধ্যে কোনো শব্দ বুঝতে না পারলে জিজ্ঞেস করতে বলুন।
- শিক্ষার্থীদের ছোট দলে ভাগ করুন এবং তাদের দলীয়কাজের নির্দেশনা দিন। তাদের প্রথম প্রশ্নটি দলের মধ্যে আলোচনা করতে বলুন। কবিতার যে অংশে প্রশ্নের উত্তরটি আছে সেই অংশটিতে দাগ দিতে বলুন।
- দলীয়ভাবে প্রশ্নটির উত্তর শ্রেণিকক্ষে বলতে বলুন। (The poet prefers the country because she uses words like sweet to describe things in the country. The poet says 'take me away to the country again.')
- দ্বিতীয় প্রশ্নটি সরবে পড়ুন। শিক্ষার্থীদের বলুন কী কারণে তারা city অথবা country life পছন্দ করেছে দলে আলোচনা করতে।
- শিক্ষার্থীদের তাদের উত্তর খাতায় লিখতে বলুন। প্রতি দলে যেয়ে একজনের কাছ থেকে উত্তর শুনুন।
- কী কারণে তারা city অথবা country life পছন্দ করেছে সেই কারণ সঠিকভাবে লিখেছে কি না তা মূল্যায়ন করে Feedback দিন।

| | |
|---|---|
| **পিরিয়ড : ৪ পাঠ্যাংশ :** D<br>**পৃষ্ঠা :** ৭১ | **বিষয়বস্তু :** Read the poem again. Make two lists, one of things you can see in the country and the other of the things you can see in the city.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |

## Learning outcomes : Students will be able to

**Reading:**

4.1.1 read aloud poems with proper sounds, stress and intonation.

**Writing:**

3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পূর্বপাঠ যাচাইয়ের উদ্দেশ্যে শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন, *'Do you remember the things what you can see in the city and country streets?'* কিছু শিক্ষার্থীকে প্রশ্নের উত্তর বলতে বলুন।
- **খেলা: Is the word in the poem?**

একটি শব্দ বলুন। যেসব শিক্ষার্থীরা মনে করে শব্দটি কবিতাটি থেকে নেয়া হয়েছে তারা হাত তুলবে। যে শব্দগুলো আপনি বলবেন তার অর্ধেক শব্দই কবিতাটি থেকে নেবেন, এবং বাকি অর্ধেক শব্দ কবিতার শব্দগুলোর অনুরূপ হবে কিন্তু কবিতায় নেই। যেমন,

কবিতায় আছেঃ *meet, cart, hay, crops, trucks, smoke, factories*

কবিতায় নেইঃ *meal, car, drops, trains, broke, electricity*

- শিক্ষার্থীদের পৃষ্ঠা ৭১-এর Activity D দেখতে বলুন। শিক্ষার্থীদের বলুন আজকে তারা city এবং country তে কী কী পাওয়া যায় তার ওপর ভিত্তি করে দুটি তালিকা করবে।
- পৃষ্ঠা ৭০ এ কবিতাটি আবার পড়তে বলুন।
- তালিকা ২টির শিরোনাম বোর্ডে লিখুন। একটি অথবা দুইটি শব্দ শিক্ষার্থীদের জিজ্ঞেস করে তালিকা ২টিতে লিখুন। তাদের জিজ্ঞেস করুন কবিতাটির কোথায় তারা এই তথ্যটি পেয়েছে?
- তাদের বইতে তালিকাটি সম্পূর্ণ করতে বলুন।
- ঘুরে ঘুরে দেখুন শিক্ষার্থীরা তালিকাটি ঠিকভাবে তৈরি করছে কি না।
- শিক্ষার্থীদের মধ্যে থেকে আগ্রহী কয়েকজনকে বলবেন তালিকার শব্দগুলো বোর্ডে লিখতে।
- মূল্যায়নের উদ্দেশ্যে কয়েকজন শিক্ষার্থীকে ডাকুন এবং বোর্ডে লেখা শব্দগুলো সঠিক উচ্চারণে বলতে বলুন।

E. Listen, read and say.



I meant to do my work today
*Richard Le Gallienne*

I meant to do my work today–
But a brown bird sang in the apple-tree,
And a butterfly flitted across the field,
And all the leaves were calling me.

And the wind went sighing over the land,
Tossing the grasses to and fro,
And a rainbow held out its shining hand–
So what could I do but laugh and go?

| | |
|---|---|
| **পিরিয়ড : ৫-৬ পাঠ্যাংশ :** E<br>**পৃষ্ঠা :** ৭২ | **বিষয়বস্তু :** Listen, read and say.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
4.3.1 understand and enjoy simple poems.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
4.1.1 recite poems.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
4.1.1 read aloud poems with proper sounds, stress and intonation.

### শিখন-শেখানো কার্যাবলি

**E. Listen, read and say.**

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পূর্বপাঠের মূল্যায়নের উদ্দেশ্যে শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, *'What do you do every day?' 'What do you do in your free time?'* প্রশ্নগুলো করার সময় গ্রাম ও শহরের বিষয়টি মাথায় রাখবেন। কয়েকজন শিক্ষর্থীকে বলতে বলুন ।
- শিক্ষার্থীদের বলুন, আজকে আমরা ***"I meant to do my work today" by Richard Le Gallienne***-এর কবিতাটি আবৃত্তি করব। কবিতার শিরোনামটি আবার বলুন এবং বোর্ডে লিখুন। শিক্ষার্থীদের কবিতার শিরোনামটি বলতে বলুন।
- শিরোনামের 'meant' শব্দটি ব্যাখ্যা করুন। কবি কিছু করতে চেয়েছিলেন কিন্তু কোনো কারণে তা করতে পারেননি, তাই 'meant' শব্দটি ব্যবহার করেছেন।
- শিক্ষার্থীদের পৃষ্ঠা ৭২-এর Activity E দেখতে বলুন।
- শিক্ষার্থীদের ছবিটি দেখান। সম্ভব হলে পাঠ্যপুস্তকের অনুরূপ একটি বড় ছবি দেখান। শিক্ষার্থীদের ছবিটি লক্ষ করতে বলুন, প্রশ্ন করুন, *'How does the picture make you feel?' 'What can you see in the pictures?'* শিক্ষার্থীদের ইংরেজিতে বলতে উৎসাহিত করুন, বাংলায় বললে নিরুৎসাহিত করবেন না। তারা ছবিতে কী কী দেখছে বলতে বলুন এবং আপনি তা বোর্ডে লিখুন।
- কবিতাটি স্পষ্ট স্বরে, সঠিক উচ্চারণে আবৃত্তি করুন। শিক্ষার্থীদের খেয়াল করতে বলুন (সম্ভব হলে অডিও ফাইল C5U18L5-6E শোনাবেন)। প্রথমে ধীরে ধীরে আবৃত্তি করুন যাতে শিক্ষার্থীরা বুঝতে পারে কোথায় থামতে হবে, কোথায় বিস্ময়, প্রশ্ন বা যেখানে যেমন প্রয়োজন তেমন অভিব্যক্তি দিতে হবে।
- নতুন শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। না পারলে তাদের ধারণা দেবেন। অনেক সময় কবিতা বা ছবি থেকেও তারা ধারণা পেতে পারে। এই জন্য কবিতাটি আবার পড়লে অথবা ছবি দেখলে তাদের সাহায্য হবে।
- শিক্ষার্থীদেরকে *meant, brown, bird, sang, butterfly, flitted, across, leaves, calling,*

*wind, went, sighing, over, land, tossing, grasses, to and fro, rainbow, held out, shining, laugh* শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। শিক্ষার্থীদেরকে *mean, sang, flitted, went, could* এই শব্দগুলোর দিকে খেয়াল করতে বলুন। তাদের কাছ থেকে শব্দগুলোর অর্থ জানার চেষ্টা করুন। শিক্ষার্থীদের বলুন এই শব্দগুলো verb এর past form। শব্দগুলোর present form শিক্ষার্থীদের বলুন এবং বোর্ডে লিখুন। বোর্ডে বাংলা অর্থসহ শব্দগুলো লিখুন।

- অর্থসহ কবিতাটি আবৃত্তি করুন। আরেকবার আবৃত্তি করার পর শিক্ষার্থীদের সমস্বরে আবৃত্তি করতে বলুন।
- তারা বুঝতে পেরেছে কি না তা বোঝার জন্য এই প্রশ্নগুলো করুন,' What do you understand by reading the poem?' শিক্ষার্থীরা বুঝতে পেরেছে কি না তা বোঝার জন্য শ্রেণিকক্ষে সবার সামনে বলতে বলুন।
- ৮জন শিক্ষার্থীকে শ্রেণিকক্ষের সামনে ডাকুন, প্রত্যেকে ১টি করে লাইন ধারাবাহিকভাবে আবৃত্তি করবে।
- তাদের আবৃত্তি মনোযোগ সহকারে খেয়াল করুন। তাদের উচ্চারণ, স্বরের ওঠানামা, বিরতি চিহ্নের ব্যবহারের ওপর ফলাবর্তন দেবেন। তাতে পুরো ক্লাস উপকৃত হবে। প্রয়োজনে আবার অডিওটি বাজান।
- মূল্যায়নের জন্য এই প্রশ্নগুলো করুন, 'Who was singing in the apple tree?' 'Who was holding out shining hand?' 'Who flitted across the field?' ইত্যাদি।
- শিক্ষার্থীদের বলুন কবিতাটি বাড়ি থেকে ভালো করে আবৃত্তি করে ও বুঝে আসতে। আমরা আগামীকাল আবারও একইভাবে পড়ব।

F. Read the poem aloud. Use correct stress and intonation.

G. Read the poem again. Answer the questions.

1 What was the bird doing?
2 What was the butterfly doing?
3 What were the leaves doing?
4 What did the rainbow do?

H. Groupwork. Read the poem again. Discuss the questions.

1 What did the poet want to do?
2 What did the poet actually do in the end? Why do you think he did this?
3 Think about the poem on page 70 and this poem. Do the poets have similar or different opinions about the country? Why do you think so?

| | |
|---|---|
| **পিরিয়ড : ৭ পাঠ্যাংশ :** F ও G<br>**পৃষ্ঠা : ৭৩** | **বিষয়বস্তু :** (F) Read the poem aloud. Use correct stress and intonation.<br>(G) Read the poem again. Answer the questions.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |

## Learning outcomes : Students will be able to

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
3.1.1 ask and answer Wh questions.
4.1.1 recite poems.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6.1 recognize and read statements, commands, greetings, questions and answers.
4.1.1 read aloud poems with proper sounds, stress and intonation.

**Writing:**

8.1.1 make sentences using words and phrases given in the textbook.

### শিখন-শেখানো কার্যাবলি

### F. Read the poem aloud. Use correct stress and intonation.

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- ক্লাসে ঘুরে ঘুরে দেখুন তারা সঠিকভাবে কাজগুলো করছে কি না। প্রয়োজনে Feedback দিন। সম্ভব হলে, পূরণকৃত অনুশীলনীটি অডিও ফাইল C5U22L5-6G বাজিয়ে/শোনাতে পারেন।
- কয়েকজন শিক্ষার্থীকে ডেকে প্রত্যেককে বোর্ডে একটি করে বাক্য সম্পূর্ণ করতে বলুন। ক্লাসের অন্য শিক্ষার্থীরা মতামত দেবে।

**H.** Listen and read.

Rokeya Khan is Laila's friend. She is also Bangladeshi. She also goes to Naogaon Primary School, but she is in Class 4. Her birthday is 18 September, 2007. Her father's name is Anowar Khan and her mother's name is Aisha Haider. They live at Hospital Road in Naogaon. In her free time, Rokeya enjoys drawing and reading. She signed her English Language Club application on 12 November, 2015.

**I.** Read the paragraph again. Complete the application form with Rokeya's information.

ENGLISH LANGUAGE CLUB

Naogaon



Name: ______________________

Date of Birth: ______________________

Nationality: ______________________

Mother's name: ______________________

Father's name: ______________________

Home address: ______________________

School: ______________________

Class: ______________________

Hobbies: ______________________

Date: ____________

Rokeya Khan

Signature

| | |
|---|---|
| **পিরিয়ড : ৭ পাঠ্যাংশ :** H<br>**পৃষ্ঠা : ৮৯** | **বিষয়বস্তু :** Listen and read.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পূর্বের পাঠটি পুনরালোচনা করতে শিক্ষার্থীদেরকে কিছু বলতে বলুন। ৩/৪ জন শিক্ষার্থীকে সুযোগ দিন।
- শিক্ষার্থীদেরকে বইয়ের ৮৯ নং পৃষ্ঠা খুলতে বলুন এবং তাদের বলুন যে, তারা আজ একজন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী Rokeya Khan সম্পর্কে জানবে।
- অনুচ্ছেদটি পড়ে শোনান/অডিও ফাইল C5U22L7-8H প্লে করুন, সাথে সাথে শিক্ষার্থীদের বই মিলিয়ে পড়তে বলুন। পড়া শুনে শিক্ষার্থীরা কী বুঝল তা জিজ্ঞেস করুন। এরপর অনুচ্ছেদটি আবার পড়ে শোনান/ অডিও থাকলে প্লে করুন। কয়েক লাইন পর পর থেমে শিক্ষার্থীদের প্রশ্ন করে অনুচ্ছেদটির তথ্যসমূহের বোধগম্যতা যাচাই করুন।
- এরপর শিক্ষার্থীদের অনুচ্ছেদটি নিজে নিজে সঠিক Pronunciation, Stress ও Intonation সহ পড়তে বলুন এবং ঘুরে ঘুরে দেখুন তারা সঠিকভাবে পড়তে পারছে কি না। অনুচ্ছেদটি থেকে নতুন শব্দগুলো লিখতে বলুন। এরপর প্রত্যেক শিক্ষার্থীকে একটি করে শব্দ বলতে বলুন এবং শব্দগুলো বোর্ডে লিখুন। অপর শিক্ষার্থীদেরকে শব্দের অর্থ জিজ্ঞেস করুন, না পারলে আপনি বলে দিন।
- শিক্ষার্থীদের মনে করতে বলুন যে তারা সকলে Rokeya। প্রত্যেক শিক্ষার্থীকে প্রশ্ন করুনঃ "*Which class are you in? What is your mother's name? What do you enjoy doing in your free time?* ইত্যাদি।
- শিক্ষার্থীদের নিয়ে জোড় গঠন করুন। তাদের একজন Rokeya এবং অপরজন একজন সাক্ষাৎকার গ্রহণকারী। সাক্ষাৎকার গ্রহণকারী বিদ্যালয়, পরিবার, অবসর সময় সংক্রান্ত ইত্যাদি প্রশ্ন করবে।
- হাতে সময় থাকলে শিক্ষার্থীরা নিজেদের মধ্যে ভূমিকা বদল করে অনুশীলন করবে।
- ঘুরে ঘুরে দেখুন তারা সঠিক তথ্য ব্যবহার করে উত্তর দিতে পারছে কি না। প্রয়োজনে সহায়তা করুন।

| | |
|---|---|
| পিরিয়ড : ৮ পাঠ্যাংশ : I<br>পৃষ্ঠা : ৮৯ | বিষয়বস্তু : Read the paragraph again. Complete the application form with Rokeya's information.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Reading:**

1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.1 read silently with understanding paragraph.

**Writing:**

3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.
6.1.2 use capital letters for proper nouns.
12.1.1 fill in simple forms about oneself and others.

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদেরকে বইয়ের ৮৯ নং পৃষ্ঠা খুলে Activity I-এর প্রতি মনোযোগ দিতে বলুন।
- তাদের বলুন যে আজ তারা নিজেরাই English Language Club-এর একটি application form পূরণ করবে।
- শিক্ষার্থীদেরকে ভালোভাবে আবার Activity H দেখতে বলুন এবং নিজে নিজে পড়ার জন্য তাদের কিছুটা সময় দিন।
- এখন English Language Club এর application form পূরণের জন্য requirement গুলো পড়ুন এবং প্রয়োজনে বাংলায় বুঝিয়ে দিন। আবার Activity F দেখতে বলুন এবং requirement গুলোর মধ্যে সাদৃশ্য তুলে ধরুন।
- শিক্ষার্থীদের নিয়ে জোড় গঠন করুন। এরপর তাদের Activity H এর পাঠটি আবার দেখতে বলুন এবং application form পূরণ করার জন্য প্রয়োজনীয় তথ্যগুলোর নিচে দাগ টেনে দিতে বলুন। শিক্ষার্থীদের তাদের খাতায় formটি সম্পূর্ণ করতে বলুন।
- ক্লাসে ঘুরে ঘুরে দেখুন তারা সঠিকভাবে কাজগুলো করছে কি না।
- কয়েকজন শিক্ষার্থীকে ডেকে প্রত্যেককে পূরণকৃত form পড়ে শোনাতে বলুন। ক্লাসের অন্য শিক্ষার্থীরা মতামত দেবে।

A. Look at the pictures and talk about them.

1



2



3



4



B. Read and say. Write the number of the picture from Activity A next to the correct word.

_____cyclone

_____river erosion

_____earthquake

_____tsunami

## Attainable Competencies (Unit 23) : Students will be able

**Listening:**

1.1 to recognize sound differences in the context of words.
1.2 to recognize which syllable ina word is stressed.
1.3 to recognize which words ina sentence are stressed.
1.4 to recognize and use intonation patterns for Wh and Yes/No questions, greetings and statements.
3.3 to understand questions about objects around them.
3.4 to understand statements made by the teacher and students

**Speaking:**

1.1 to say words, phrases and sentences with proper sounds, stress and intonation .
3.1 to ask and answer Wh and Yes/No questions.
6.2 to talk about people, objects, events etc.
8.1 to take part in conversationson appropriate topics

**Reading:**

1.5 to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.6 to recognize and read statements, commands, greetings, questions and answers.
1.7 to read paragraphs, dialogues, stories, letters and other texts.
5.1 to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials.

**Writing:**

3.1 to write sentences using non- cursive and cursive capital and small. letters.
8.1 to make sentences using words and phrases, following instructions.
9.1 to take dictation of short and simple paragraphs.

**পাঠ বিভাজন :** এই ইউনিটটি পড়তে ৮টি পিরিয়ডের প্রয়োজন হবে।

**পিরিয়ড :** ১ **পাঠ্যাংশ :** A & B

**পৃষ্ঠা :** ৯০

**বিষয়বস্তু :** (A) Look at the pictures and talk about them. (B) Read and say. Write the number of the picture from Activity A next to the correct word.

**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, Flash card.

## Learning outcomes : Students will be able to

**Listening:**

3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদেরকে পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৯০-এর নতুন পাঠ "Stay safe!" বের করতে বলুন। তাদের section A-এর ছবিগুলো দেখতে বলুন। তারা ছবিগুলোতে কী দেখতে পাচ্ছে তা প্রশ্ন করে জানুন।
- ছবিগুলোতে কী পরিস্থিতি তুলে ধরা হয়েছে তা অনুমান করতে বলুন। বাংলাদেশে এমন কোনো পরিস্থিতির সাথে তারা পরিচিত কি না জানতে চান । তাদের থেকে প্রশ্ন করে জানুন যে, এই সব ছবিগুলোই natural disaster বা প্রাকৃতিক দুর্যোগের ছবি।
- শিক্ষার্থীদের ছবিগুলোতে কী দেখতে পাচ্ছে, ছবিগুলোর মধ্যে কী মিল আছে এবং ছবিগুলোর caption কী হতে পারত—ছোট দলে আলোচনা করতে বলুন। সম্ভব হলে ছবিগুলোর ফ্ল্যাশ কার্ড দেখান এবং কোনটি কোন দুর্যোগের ছবি হতে পারে তা অনুমান করতে বলুন।
- ঘুরে ঘুরে খেয়াল করুন শিক্ষার্থীরা ঠিকভাবে ছোট দলে কাজ করতে পারছে কি না এবং প্রয়োজনে সহায়তা করুন।
- কয়েকজন শিক্ষার্থীর কাছে জানতে চান কোন ছবির caption কী হতে পারে। কেউ বলতে না পারলে সহায়তা করুন।
- এবার শিক্ষার্থীদের Activity B মনোযোগ দিয়ে পড়তে বলুন এবং Activity A-এর ছবির সাথে মিলিয়ে সংশ্লিষ্ট নম্বরটি লিখতে বলুন। ঘুরে ঘুরে দেখুন ও সহায়তা করুন।

**A.Listen and read.**

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদের "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের বলুন আজকে তারা শিখবে কীভাবে অনুরোধ করতে হয়। আজকের পাঠের শিরোনাম বলুন এবং বোর্ডে লিখুন। শিক্ষার্থীদের আপনার সাথে পড়তে বলুন।
- শিরোনাম ঘোষণার পর শিক্ষার্থীদের বইয়ের পৃষ্ঠা ৬২ খুলতে বলুন। এখন ছবিগুলো দেখান।
- ছবিগুলো এক এক করে দেখান এবং কিছু প্রশ্নের মধ্য দিয়ে ছবি সম্পর্কে আলোচনা করুন। এটার মাধ্যমে ছবি থেকে তারা পাঠের বিষয়বস্তু সম্পর্কে ধারণা পাবে। ছবি নিয়ে আলোচনার সময় মূল পাঠ আড়াল করে রাখুন যেন আলোচনায় শুধু ছবি গুরুত্ব পায়। সম্ভব হলে বইয়ের মতো ছবি বড় করে দেখান। প্রথম ছবিটি দেখিয়ে নিচের প্রশ্নগুলো করুন;

  -Who are there in the picture?

  -What is the young girl asking for? What is the mother saying?

  -Where do you think the girl is going?

  এবার দ্বিতীয় ছবিটি দেখিয়ে নিচের প্রশ্নগুলো করুন;

  -Who are there in the picture? What is the boy doing in the picture?

  -What is the boy asking for? What is the teacher saying?
- শিক্ষার্থীরা যখন তাদের বই অনুসরণ করবে তখন কথোপকথনটি পড়ুন অথবা অডিও ফাইল C5U16L1-2A প্লে করুন। শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন যেন তারা আপনার ইতিপূর্বে করা প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করতে পারে। প্রথমবার করেই বন্ধ করবেন না। এরপর কথোপকথনটি পড়ুন বা অডিও বাজিয়ে শোনান। একজনের বলার পর একটু থামান যেন শিক্ষার্থীরা সময় নিয়ে বলতে পারে।
- এবার প্রশ্নের উত্তরগুলো শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন। শুধু ছবি দেখে নয়, পাঠটি শুনে এবার তারা উত্তর দেবে।
- নতুন শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। না পারলে তাদেরকে ধারণা দেবেন। অনেক সময় পাঠ বা ছবি থেকেও তারা ধারণা পেতে পারে। এইজন্য পাঠটি আবার পড়লে অথবা ছবি দেখলে তাদের সাহায্য হবে।
- শব্দগুলির অর্থ জিজ্ঞেস করুন *go out, too long, ill, late, get well, soon, sit down* ইত্যাদি। মূকাভিনয়ের মাধ্যমে *too long, ill, get well* and *soon* শব্দগুলোর অর্থ প্রকাশ করুন। ঐ শব্দগুলোর বাংলা অর্থ বোর্ডে লিখুন।
- কথোপকথন থেকে শিক্ষার্থীরা কী বুঝতে পারল তা জিজ্ঞাসা করুন।
- কথোপকথনটি পুনরায় পড়ুন বা প্লে করুন, একটু থামিয়ে আপনার সাথে বলতে বলুন। তারা কী বুঝল তা যাচাই করার জন্য এই প্রশ্নগুলো করুন।

  *-Where does Sufia want to go?*

  *-Why does Mother let Sufia go out? Why is Rashid late in school?*
- কথোপকথনের মূল বিষয় শিক্ষার্থীরা কী বুঝতে পারল তা যাচাই করুন। সহজ প্রশ্ন, ব্যাখ্যার মাধ্যমে এটা করতে পারেন। শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন, "*What are Sufia and Rashid asking for? (They are asking for permission.)*
- শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন, "*How are Sufia and Rashid asking for permission?*" কথোপকথনের মধ্যে বাক্যটি নির্দেশ করে দেখান। তারপর বলুন, *"May I?"* এবং শিক্ষার্থীরা আপনার সাথে সাথে বলবে।
- কথোপকথনটি জোড়ায় জোড়ায় পড়ার অনুশীলন করতে বলুন। শ্রেণির চারদিকে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহযোগিতা করুন।

- কয়েক জোড়া শিক্ষার্থীকে সামনে ডেকে কথোপকথনটি অভিনয় করে দেখাতে বলুন।
- আরও অনুশীলন করার জন্য শিক্ষার্থীরা তাদের ভূমিকা পরিবর্তন করতে পারে এবং কথোপকথনটি পুনরায় পড়তে পারে।
- শিক্ষার্থীদের বোধগম্যতা ও দক্ষতা মূল্যায়নের জন্য শিক্ষার্থীরা কীভাবে কথোপকথনটি অভিনয় করে দেখাচ্ছে তা পর্যবেক্ষণ করুন।

| | |
|---|---|
| **পিরিয়ড :** ২ **পাঠ্যাংশ :** B & C<br>**পৃষ্ঠা :** ৬২ | **বিষয়বস্তু :** (B) Groupwork. Which expressions do Sufia and Rashid use to ask for permission? Write them. (C) Pairwork. Act the dialogues from Activity A.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

2.3.1 comply with requests.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
2.1.1 exchange greetings and farewells.
3.1.2 ask and answer Yes/No questions.
7.2.1 make requests and respond.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
5.1.3 read silently with understanding dialogues.

**Writing:**

3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.

### শিখন-শেখানো কার্যাবলি

**B. Groupwork. Which expressions do Sufia and Rashid use to ask for permission? Write them.**

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "-Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পাঠ পর্যালোচনার জন্য দুই জোড়া শিক্ষার্থীকে ক্লাসের সামনে আনুন এবং সুফিয়া ও তার মা এবং রশিদ ও শিক্ষকের ভূমিকা অভিনয় করে দেখাতে বলুন। তারা কীভাবে অনুমতি প্রার্থনা করেছিল এবং তাতে সাড়া দিয়েছিল তা দেখাতে বলুন। শিক্ষার্থীদের বইয়ের পৃষ্ঠা ৬২ খুলতে বলুন এবং Activity B দেখতে বলুন।
- শিক্ষার্থীদের দলে বসান। পাঠের Activity A নীরবে পড়তে বলুন যেন তারা মনে করতে পারে *'how to make request and ask for permission'*.

- সুফিয়া ও রশিদ কোন ভঙ্গিতে অনুমতি চেয়েছিল এবং তারা অনুরোধের জন্য কী ধরনের শব্দ ব্যবহার করেছিল দলের অন্য সদস্যদেরকে তা তাদের খাতায় লিখতে বলুন।
- প্রত্যেক দল তাদের খাতায় কী লিখেছে তা শেয়ার করতে বলুন।
- শিক্ষার্থীরা ঠিকভাবে লিখে শেয়ার করতে পারছে কিনা ক্লাসের চারদিকে ঘুরে তা পর্যবেক্ষণ করুন।
- কয়েকজন শিক্ষার্থীকে সামনে ডেকে একজন একজন করে উত্তরগুলো বোর্ডে লিখতে বলুন। অন্যদের তাদের উত্তর যাচাই করে সঠিকভাবে লিখতে বলুন।
- শিক্ষার্থীদের লেখার দক্ষতা বুঝার জন্য এলোমেলোভাবে কয়েকজন শিক্ষার্থীর বই নিয়ে যাচাই করুন এবং প্রয়োজনে ফিডব্যাক দিন।

## C. Pairwork. Act the dialogues from Activity A.

- শিক্ষার্থীদেরকে জোড়ায় বসান এবং পুনরায় কথোপকথনটি নীরবে পড়তে বলুন।
- প্রথম জোড়াকে ১ ডাকতে বলুন এবং পরবর্তী জোড়াকে বলুন ২ বলতে। এভাবে পুরো ক্লাস বলবে। এখন যারা ১ বলেছে তাদের সবাইকে হাত ওঠাতে বলুন এবং যারা ২ বলেছে তাদেরকেও হাত তুলতে বলুন। এবার বলুন যারা ১ বলেছে তারা প্রথম কথোপকথনটি (সুফিয়া ও মা) অভিনয় করে দেখাবে এবং দুই বলা শিক্ষার্থীরা দ্বিতীয় কথোপকথনটি (রশিদ ও মিসেস আলম) অভিনয় করে দেখাবে।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় জোড়ায় অনুশীলন করতে বলুন।
- অনুশীলনের সময় ঘুরে ঘুরে দেখুন। কারও সাহায্য দরকার হলে তা করুন। শিক্ষার্থীদের কথোপকথন, উচ্চারণ এবং স্বরভঙ্গির উপর মনোযোগ দিন।
- শিক্ষার্থীদের শিখনদক্ষতা যাচাইয়ের জন্য এলোমেলোভাবে দুই জোড়াকে ডেকে সামনে আনুন এবং তাদেরকে প্রথম ও দ্বিতীয় কথোপকথনটি অভিনয় করে দেখাতে বলুন।
- শিক্ষার্থীদের আরও অধিক অনুশীলনের জন্য এবার ১ নম্বর জোড়াকে রাশিদের dialogue এবং ২ নম্বর জোড়াকে সুফিয়ার dialogue অভিনয় করতে বলুন।



D. Listen and read.

Mother: Azim, Could you help me?
Azim: Of course, Mum.
Mother: Would you put these dishes in the kitchen?
Azim: Yes, Mum.



E. Groupwork. Which expressions does Mum use to ask for help? Write them.

________________________________________

________________________________________

F. Pairwork. Read and act.

1 You need a pencil to draw a picture. You don't have one. Ask a friend for a pencil.
2 You want to watch TV. Ask permission.
3 Your homework is very difficult. Ask for help.
4 Your school bag is very heavy. You can't carry it. Ask for help.

| | |
|---|---|
| **পিরিয়ড : ৩ পাঠ্যাংশ :** D & E<br>**পৃষ্ঠা :** ৬৩ | **বিষয়বস্তু :** (D) Listen and read. (E) Groupwork. Which expressions does Mum use to ask for help? Write them.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি। |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

2.3.1 comply with requests.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
3.1.2 ask and answer Yes/No questions.
7.2.1 make requests and respond.
8.1.1 take part in conversations on appropriate topics.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.3 read silently with understanding dialogues.

**Writing:**

3.1.1 write words, phrases and sentences using non-cursive capital letters.
3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.

### শিখন-শেখানো কার্যাবলি

## D. Listen and read.

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদেরও "-Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- পাঠ পর্যালোচনার জন্য শিক্ষার্থীদের মনে করতে বলুন তারা Activity B তে কী লিখেছিল- *'Which word did Sufia and Rashid use to make their request polite?'* সঠিকভাবে উত্তর দিতে না পারলে তাদেরকে বলুন অন্যভাবেও অনুরোধ করা যায়। আজ আমরা সেটাই পড়ব।
- ৬৩ পৃষ্ঠার Activity D'র ছবিগুলো দেখান এবং প্রশ্নের মাধ্যমে ছবি নিয়ে আলোচনা করুন। শিক্ষার্থীদের অনুমান করতে বলুন, *'Who are they? Where are they? What is the boy doing?' 'What is the mother saying? 'What is the boy saying?"* ছবি থেকে কথোপকথন সম্পর্কে কিছু ধারণা পাবে। ছবি নিয়ে আলোচনার সময় মূল পাঠ আড়াল করে রাখুন যেন আলোচনায় শুধু ছবি গুরুত্ব পায়। সম্ভব হলে বইয়ের মতো ছবি বড় করে দেখান।
- শিক্ষার্থীদের বইয়ের পৃষ্ঠা ৬৩ খুলতে বলুন এবং Activity D দেখতে বলুন।
- শিক্ষার্থীরা যখন তাদের বই অনুসরণ করবে তখন কথোপকথনটি পড়ুন অথবা অডিও ফাইল C5U16L3-4D প্লে করুন। শিক্ষার্থীদের মনোযোগ দিয়ে শুনতে বলুন যেন তারা আপনার ইতিপূর্বে করা প্রশ্নগুলোর উত্তর খুঁজে বের করতে পারে। প্রথমবার করেই বন্ধ করবেন না। এরপর কথোপকথনটি পড়ুন বা অডিও বাজিয়ে শোনান। একজনের বলার পর একটু থামান যেন শিক্ষার্থীরা সময় নিয়ে বলতে পারে। এবার প্রশ্নের উত্তরগুলো শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন। শুধু ছবি দেখে নয়, পাঠটি শুনে এবার তারা উত্তর দেবে।

- নতুন শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন। না পারলে তাদের ধারণা দেবেন। পাঠ্য অংশ থেকে শব্দগুলোর অর্থ খুঁজতে বলুন। অনেক সময় ছবি থেকেও তারা পেতে পারে। এইজন্য তাদেরকে ছবির দিকে তাকাতে বলুন।
- শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন *could you, of course, dishes and kitchen* ইত্যাদি। শব্দগুলোর বাংলা অর্থ বোর্ডে লিখুন।
- কথোপকথন থেকে শিক্ষার্থীরা কী শিখল বা কী বুঝল তা জিজ্ঞেস করুন।
- কথোপকথনটি পুনরায় পড়ুন বা প্লে করুন, একটু থামিয়ে আপনার সাথে বলতে বলুন। তারা কী বুঝল তা যাচাই করার জন্য এই প্রশ্নগুলো করুন। *"What did Mother ask Azim to do?"* কথোপকথনের মূল বিষয় শিক্ষার্থীরা কী বুঝতে পারল তা যাচাই করুন। সহজ প্রশ্ন, ব্যাখ্যার মাধ্যমে এটা করতে পারেন। শিক্ষার্থীদের জিজ্ঞাসা করুন, *"What is Mother asking for? (She is asking for help.)*
- কথোপকথনটি জোড়ায় জোড়ায় পড়ার অনুশীলন করতে বলুন। শ্রেণির চারদিকে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহযোগিতা করুন।
- ১/২ জোড়াকে সামনে ডেকে কথোপকথনটি অভিনয় করে দেখাতে বলুন।
- আরও অনুশীলন করার জন্য শিক্ষার্থীরা তাদের ভূমিকা পরিবর্তন করতে পারে এবং কথোপকথনটি পুনরায় পড়তে পারে।
- শিক্ষার্থীদের বোধগম্যতা ও দক্ষতা মূল্যায়নের জন্য শিক্ষার্থীরা কীভাবে কথোপকথনটি অভিনয় করে দেখাচ্ছে তা পর্যবেক্ষণ করুন এবং অনুমতি চাওয়া ও সাড়া দেওয়ার জন্য অভিব্যক্তির পার্থক্য লক্ষ করুন।

**E. Groupwork. Which expressions does Mum use to ask for help? Write them.**

- শিক্ষার্থীদের ছোট দলে বসান। Activity D কথোপকথনটি পুনরায় নীরবে পড়তে বলুন। তাদের নিজেদের মধ্যে আলোচনা করতে বলুন। এরপর বাস্তব কোনো ঘটনার সাথে মিলাতে বলুন যে কীভাবে তারা অনুমতি চাইবে এবং সাড়া প্রদান করবে। সম্ভব হলে বাংলায় উত্তর নিতে পারেন। এতে তারা পরিস্থিতি সহজভাবে বুঝতে পারবে।
- শিক্ষার্থীরা কেমন অনুশীলন করছে তা চারপাশে ঘুরে দেখুন।
- এখন প্রত্যেক সদস্যকে খাতায় লিখতে বলুন যে মা কীভাবে বা কোন অভিব্যক্তিতে সাহায্য চান।
- মায়ের অভিব্যক্তি নিয়ে কী লিখেছে তা প্রত্যেক দলকে আলাদাভাবে শেয়ার করতে বলুন। কেউ বুঝতে না পারলে তাকে সাহায্য করুন।
- প্রত্যেক দলের কাছে যান। শিক্ষার্থীরা তাদের শেয়ারিং থেকে সঠিক অভিব্যক্তি লিখছে কি না তা লক্ষ করুন।
- শিক্ষার্থীদের বোধগম্যতা ও দক্ষতা মূল্যায়নের জন্য প্রত্যেক দল থেকে একজনকে মায়ের অভিব্যক্তি নিয়ে কী লিখেছে তা শেয়ার করতে বলুন। সময় থাকলে আরও কয়েকজনের খাতা যাচাই করুন।

| | |
|---|---|
| **পিরিয়ড : ৪ পাঠ্যাংশ :** F<br>**পৃষ্ঠা : ৬৩** | **বিষয়বস্তু :** Pairwork. Read and act.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

2.3.1 comply with requests.
3.4.1 understand statements made by the teacher and students.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
3.1.2 ask and answer Yes/No questions.
7.2.1 make requests and respond.
8.1.1 take part in conversations on appropriate topics.

| Reading: | |
|---|---|
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |

## শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সাথে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন, "Good morning/afternoon" এবং তাদের "-Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- আগের পাঠে অনুমতি চাওয়া ও সাড়া প্রদানের জন্য তারা কী শিখেছে তা বলুন। এছাড়া কীভাবে অনুরোধ করতে হয় ও তার সাড়া দিতে হয় এবং কীভাবে সাহায্য চাইতে হয় ও তাতে সাড়া দিতে হয় তা শিখেছে। পর্যালোচনার জন্য কিছু বিবৃতি / *statements* তৈরি করতে বলুন -*'Making a request for something', 'Asking permission for doing something', and 'asking for help in any work'*. দুই/তিন জনকে উত্তর দিতে বলুন তবে একজন একটি করে বিবৃতি দিতে পারবে।
- শিক্ষার্থীদেরকে বইয়ের পৃষ্ঠা ৬৩ খুলতে বলুন এবং Activity A দেখতে বলুন। অ্যাকটিভিটিতে বর্ণিত অবস্থাটা জোরে পড়ুন এবং তাদের এটা বুঝান। সহজে বুঝানোর জন্য কিছু বাংলা শব্দও ব্যবহার করতে পারেন।
- শব্দগুলোর অর্থ জিজ্ঞেস করুন *draw, watch, permission, heavy, carry* ইত্যাদি। শিক্ষার্থীদের কাছ থেকে শব্দগুলোর অর্থ বের করার চেষ্টা করবেন, ওই শব্দগুলির অর্থ বাংলায় বোর্ডে লিখবেন।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় বসান। জোড়াগুলোর মধ্যে চারটি অবস্থা বুঝিয়ে দিন এবং প্রত্যেক জোড়াকে একটি অবস্থা / *situation* নিয়ে কাজ করতে বলুন। বিতরণের জন্য সংখ্যা গণনা পদ্ধতি ব্যবহার করুন, তাদের ১,২,৩,৪ ইত্যাদি গণনা করতে বলুন। তাদের এটা জোড়ায় গণনা করতে বলুন। এরপর যে জোড়া ১ গণনা করেছে তাদের অবস্থা ১, যারা ২ গণনা করেছে তাদের অবস্থা ২ এবং এভাবে অন্যগুলোকে কাজ নির্ধারণ করে দিন।
- ক্লাসের সবাইকে তাদের নির্ধারিত বিষয় মনোযোগ দিয়ে পড়তে বলুন এবং জোড়ায় আলোচনা করতে বলুন। তাদের নির্ধারিত বিষয়ের উপর একটি খসড়া কথোপকথন তৈরি করতে বলুন। শিক্ষার্থীদের থেকে বের করার চেষ্টা করুন কীভাবে অনুমতি ও সাহায্য চাইতে হয় এবং কীভাবে অনুরোধ করতে হয়। খসড়া কথোপকথনের জন্য সময় নির্ধারণ করে দিন।
- খসড়া কথোপকথন খাতায় লিখছে কিনা ক্লাসের চারদিকে ঘুরে তা দেখুন। কেউ সাহায্য চাইলে তা করুন।
- ১/২ জোড়াকে ক্লাসের সামনে ডাকুন এবং তাদের কথোপকথন করে দেখাতে বলুন। প্রয়োজনে ক্লাসের সবার জন্য feedback দিন।
- এখন প্রত্যেক জোড়াকে তাদের কথোপকথন অভিনয় করে দেখাতে বলুন এবং পাশের জোড়াকে তা পর্যবেক্ষণ করতে বলুন এবং এটার বিপরীতক্রমে কাজটি করতে বলুন। এতে ক্লাসের সবাই তাদের কথোপকথন অভিনয় করে দেখাতে পারবে।
- মূল্যায়নের জন্য, কীভাবে শিক্ষার্থীরা অনুরোধ করছে, অনুমতি প্রার্থনা করছে তা চারদিকে ঘুরে মনোযোগ সহকারে পর্যবেক্ষণ করুন।
- পরের পাঠের জন্য কয়েকজন শিক্ষার্থীদের দড়ি, পোস্টার পেপার, কাচি, গ্লু ইত্যাদি সম্ভব হলে আনতে বলুন।

G. Look, listen, read and do.

Make birds on strings! You will need: a hanger, 3 pieces of string, 3 pieces of coloured paper, scissors and glue.




1 Trace this bird twice on each piece of paper. Cut out the birds. Draw an eye on each.



2 Put glue on one side of a bird. Lay a piece of string across it. Place another bird on top, so the string is inside. Repeat with the other paper birds and pieces of string.




3 Tie the strings to the hanger.



| | |
|---|---|
| **পিরিয়ড : ৬ পাঠ্যাংশ : I**<br>**পৃষ্ঠা : ৯৩** | **বিষয়বস্তু :** Listen. Complete the leaflet with the words you hear.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. নমুনা Leaflet. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.1.1 recognize sound differences in the context of words.
3.4.1 understand statements made by the teacher and students.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.
5.1.4 read silently with understanding personal letters and other texts materials.

**Writing:**

8.1.1 make sentences using words and phrases given in the textbook.
9.1.1 take dictation of short and simple paragraphs.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদেরকে পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৯৩ বের করতে বলুন। এবার Activity I-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। Activity I-এর নির্দেশনাটি পড়ুন এবং বুঝিয়ে বলুন। প্রয়োজনে বাংলায় বলুন যে আজকে তারা একটি পাঠ শুনবে এবং পাঠটি শুনে একটি leaflet পূরণ করবে।
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক থেকে অসম্পূর্ণ বাক্যগুলো পড়ে শোনান। এরপর তাদের নিজে নিজে নীরবে পড়তে বলুন। তারপর তাদের অনুমান করতে বলুন শূন্যস্থানে কোন কোন শব্দ দেয়া যেতে পারে।
- এবার তাদের মনোযোগ দিয়ে পরের পৃষ্ঠার audio script শুনতে বলুন বা আপনি স্পষ্টভাবে পড়ে শোনান। তারা শুনবে প্রাকৃতিক দুর্যোগের সময় আমাদের কী ধরনের সাবধানতা অবলম্বন করতে হবে।
- একটি করে বাক্য বাজিয়ে শোনান এবং বিরতি দিন। এরপর শিক্ষার্থীদের সঠিক শব্দ শুনে শূন্যস্থানটি পূরণ করতে বলুন।
- একই নিয়মে তাদেরকে পুরো leafletটি শোনান এবং পূরণ করতে বলুন। সম্ভব হলে, অডিও ফাইল C5U23L6-8I প্লে করে leafletটি শিক্ষার্থীদের শোনাতে পারেন।
- এবার শিক্ষার্থীরা সঠিকভাবে পূরণ করতে পেরেছে কি না তা যাচাই করুন। কেউ ভুল করলে প্রয়োজনে ঐ বাক্যটি আবার শোনান ও পূরণ করতে বলুন। তবে কেউ সঠিক শব্দটি লিখতে গিয়ে বানান ভুল করলে তা সংশোধন করে দিন।
- ২ /৩ জন শিক্ষার্থীকে সামনে এসে সম্পূর্ণ leaflet পড়ে শোনাতে বলুন এবং অন্যদের মিলাতে বলুন।

## Audio Script

## Stay Safe

Be prepared for **natural disasters**. They can happen at any time.

- Before an earthquake

Keep some food and **water** in your home. You will also need a **torch** because there may not be any electricity for a few days. You should have some **batteries** for your torch, too.

- During an earthquake:

If you are in a building, get under a strong **desk or table**. Do not run down the **stairs**. If you are outside, stay away from buildings or **power lines**.

- After an earthquake:

Do not go inside a **building** unless it is safe. If you have any cuts, get your **first-aid kit** and cover the cut with a clean bandage. Sometimes there are after-shocks after an earthquake.

| পিরিয়ড : ৭ পাঠ্যাংশ : J<br>পৃষ্ঠা : ৯৩ | বিষয়বস্তু : Read the completed leaflet from Activity I.<br>উপকরণ : পাঠ্যপুস্তক, CD/Audio. |
|---|---|

## Learning outcomes : Students will be able to

**Listening:**

3.4.1 understand statements made by the teacher and students.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৯৩ বের করতে বলুন। এবার Activity J-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। Activity J-এর নির্দেশনাটি পড়ুন এবং বুঝিয়ে বলুন। তাদের বলুন যে, আজকে তারা তাদের গত ক্লাসে সম্পূর্ণ করা leafletটি পড়বে।
- তাদেরকে নিজ নিজ জায়গায় বসে পাঠ্যপুস্তক থেকে leafletটি সরবে পড়তে বলুন। ঘুরে ঘুরে দেখুন সঠিকভাবে পড়তে পারছে কি না। প্রয়োজনে সাহায্য করুন।
- ২ /৩ জন শিক্ষার্থী সামনে এসে সম্পূর্ণ leaflet পড়ে শোনাতে বলুন। অন্যদেরকে মন দিয়ে শুনতে বলুন। লক্ষ করুন শিক্ষার্থীরা শুনে leafletটি সঠিকভাবে পূরণ করতে পেরেছে কিনা।
- Role play: শিক্ষার্থীদেরকে ছোট দলে ভাগ করুন। তাদের ভূমিকম্পকেন্দ্রিক একটি Role play পরিকল্পনা করতে বলুন। একটি পরিবার যখন রাতের খাবার খাচ্ছিল তখন ভূমিকম্প শুরু হলো। পিতা-মাতা leaflet -এর নির্দেশনা মনে করে তাদের সন্তানদের নির্দেশ দিলেন তাদের কী করতে হবে।
- দলগুলোর কাছে গিয়ে তাদের Role play পরিকল্পনায় সাহায্য করুন। শিক্ষার্থীদের বলুন কে কী বলবে তা তাদেরকে অবশ্যই নোট রাখতে হবে।
- এখন দলগুলো পরিকল্পনা অনুযায়ী Role play করবে। ঘুরে ঘুরে দলের কাছে যান এবং প্রয়োজনীয় সাহায্য করুন ও উৎসাহ দিন। যখন এটি করবেন তখন তাদের ইংরেজি উচ্চারণের প্রতি মনোযোগ দিন।
- যখন Role play শেষ হবে তখন কোনো গুরুত্বপূর্ণ ভুল থাকলে সে ব্যাপারে কথা বলুন। একই কথা আরোও কীভাবে বলা যায় সে ব্যাপারে তাদের বুঝিয়ে বলুন।
- যদি সময় পাওয়া যায় তাহলে সবচেয়ে ভালো এবং সবচেয়ে বেশি কল্পনাপ্রবণ দলকে ক্লাসের সামনে এসে আবার Role play করতে বলুন।

| | |
|---|---|
| **পিরিয়ড : ৮ পাঠ্যাংশ :** K<br>**পৃষ্ঠা : ৯৩** | **বিষয়বস্তু :** Answer the questions.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

| | |
|---|---|
| 1.4.1 | recognize and use intonation patterns for Yes/No and Wh questions. |
| 3.3.1 | understand questions about objects around them. |
| 3.4.1 | understand statements made by the teacher and students. |

**Speaking:**

| | |
|---|---|
| 1.1.1 | say words, phrases and sentences with proper sounds and stress. |
| 1.1.2 | say sentences with proper intonation. |
| 3.1.1 | ask and answer Wh questions. |
| 6.2.1 | talk about people, objects, events etc. |

**Reading:**

| | |
|---|---|
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| 1.7.1 | read paragraphs, dialogues stories, letters and other texts. |
| 5.1.4 | read silently with understanding personal letters and other texts materials. |

**Writing:**

| | |
|---|---|
| 3.1.1 | write words, phrases and sentences using non-cursive capital letters. |
| 3.1.2 | write, words, phrases and sentences using non-cursive small letters. |
| 8.1.1 | make sentences using words and phrases given in the textbook. |

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন। সম্ভব হলে (অডিও থাকলে প্লে করুন) শিক্ষার্থীদের নিয়ে একটি "Greeting song" করুন।
- শিক্ষার্থীদের নিয়ে আগের পাঠটি পুনরালোচনা করতে প্রশ্ন করুন: *Name the things we need to take precaution for natural disasters? What should you do after an earthquake?*
- শিক্ষার্থীদেরকে পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৯৩ বের করতে বলুন। এবার Activity K-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ দিতে বলুন। Activity K-এর নির্দেশনাটি পড়ুন এবং বুঝিয়ে বলুন। তাদের বলুন যে, আজকে তারা কিছু প্রশ্ন-উত্তর আলোচনা করবে।
- শিক্ষার্থীদেরকে Activity I-এর সম্পূর্ণ leafletটি পুনরায় নিজে নিজে পড়তে বলুন।
- Activity K-এর প্রশ্নগুলো পড়ে শোনান। প্রয়োজনে বাংলায় বুঝিয়ে দিন।
- তাদেরকে Activity I-তে উত্তরগুলো খুঁজে বের করে তার নিচে দাগ দিতে বলুন।
- এরপর শিক্ষার্থীদের প্রশ্নগুলো জোড়ায় আলোচনা করতে বলুন। একজন প্রশ্ন করবে অপরজন উত্তর দেবে। পুনরায় পালা বদল করে দ্বিতীয়জন প্রশ্ন করবে, প্রথমজন উত্তর দেবে।
- শিক্ষার্থীরা একে অপরকে প্রশ্ন করতে এবং উত্তর দিতে পারছে কি না তা পর্যবেক্ষণের মাধ্যমে যাচাই করুন। ঘুরে ঘুরে দেখুন এবং প্রয়োজনে সহায়তা করুন।
- এবার শিক্ষার্থীদের নিজ নিজ খাতায় প্রশ্নগুলোর উত্তর লিখতে বলুন এবং ঘুরে ঘুরে দেখুন তার সঠিকভাবে লিখতে পারছে কি না। প্রয়োজনে Feedback দিন।



**A.** Look, listen and say.



The river is rising.



The river flooded the field.



The wind is blowing the roof away.



The workers are repairing the bridge.

**B.** Read the sentences. Number them in the correct order from 1 to 4.

_____ The workers are repairing the huts and the fields.
_____ The river is rising and the winds are blowing.
_____ The storm starts.
_____ The wind is blowing the roofs away and the river is flooding the fields.

**C.** Rewrite the sentences in Activity B in the past tense and in the correct order.

_______________________________________________

_______________________________________________

_______________________________________________

## Attainable Competencies (Unit 24) : Students will be able

**Listening:**

| | |
|---|---|
| 1.3 | to recognize which words in a sentence are stressed. |
| 3.3 | to understand questions about objects around them. |
| 3.4 | to understand statements made by the teacher and students |
| 4.2 | to enjoy and understand simple stories. |

**Speaking:**

| | |
|---|---|
| 1.1 | to say words, phrases and sentences with proper sounds, stress and intonation . |
| 6.2 | to talk about people, objects, events etc. |

**Reading:**

| | |
|---|---|
| 1.5 | to read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| 1.6 | to recognize and read statements, commands, greetings, questions and answers. |
| 1.7 | to read paragraphs, dialogues, stories, letters and other texts. |
| 5.1 | to read silently with understanding paragraphs, stories, dialogues, personal letters and others texts materials. |

**Writing:**

| | |
|---|---|
| 3.1 | to write sentences using non- cursive and cursive capital and small letters. |
| 8.1 | to make sentences using words and phrases, following instructions. |

**পাঠ বিভাজন : এই ইউনিটটি পড়তে ৭টি পিরিয়ডের প্রয়োজন হবে।**

| | |
|---|---|
| **পিরিয়ড : ১ পাঠ্যাংশ :** A, B & C<br>**পৃষ্ঠা : ৯৪** | **বিষয়বস্তু :** (A) Look, Listen and say. (B) Read the sentences. Number them in the correct order from 1 to 4. (C) Rewrite the sentences in Activity B in the past tense and in the correct order.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, video. |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

| | |
|---|---|
| 1.3.1 | recognize which words in a sentence are stressed. |
| 3.4.1 | understand statements made by the teacher and students. |

**Speaking:**

| | |
|---|---|
| 1.1.1 | say words, phrases and sentences with proper sounds and stress. |
| 1.1.2 | say sentences with proper intonation. |
| 6.2.1 | talk about people, objects, events etc. |

**Reading:**

| | |
|---|---|
| 1.5.1 | read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation. |
| 1.6.1 | recognize and read statements, commands, greetings, questions and answers. |
| 1.7.1 | read paragraphs, dialogues stories, letters and other texts. |
| 5.1.4 | read silently with understanding personal letters and other texts materials. |

**Writing:**

| | |
|---|---|
| 3.1.1 | write words, phrases and sentences using non-cursive capital letters. |

3.1.2 write, words, phrases and sentences using non-cursive small letters.
8.1.1 make sentences using words and phrases given in the textbook.

## শিখন-শেখানো কার্যাবলি

**A. Look, listen and say.**

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- শিক্ষার্থীদের warm up বা জড়তা কাটানোর জন্য প্রশ্ন করুন – *'Have you ever experienced any kind of natural disaster?* If yes, what kind of. *'How was the experience?'* কয়েকজন শিক্ষার্থীকে তাদের অভিজ্ঞতা বর্ণনা করার সুযোগ দিন।
- শিক্ষার্থীদের বলুন যে আজকে আমরা প্রাকৃতিক দুর্যোগ (natural disaster) সম্পর্কে জানবে। বলুন : গল্পের titleটি *'Cyclone Aila'* এবং শিরোনামটি বোর্ডে লিখুন। আপনি বলার পর শিক্ষার্থীদের titleটি পুনরায় বলতে বলুন।
- এরপর শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৯৪ বের করতে বলুন এবং তাদের Activity A-এর প্রতি তাদের মনোযোগ আকর্ষণ করুন।
- শিক্ষার্থীদের পৃষ্ঠার ছবিগুলো দেখতে বলুন। প্রশ্ন করুন: *What can you see in the pictures?'* যদি সম্ভব হয় বইয়ের ছবির মতো বড় আকারের ছবি প্রদর্শন করুন/Video ব্যবহার করুন। কয়েকজন শিক্ষার্থীকে ছবিটি সম্পর্কে তাদের মতামত ব্যক্ত করতে বলুন।
- শিক্ষার্থীদের জন্য ছবির শিরোনামগুলো (caption) সরবে পড়ুন অথবা অডিও ফাইল C5U24L1A প্লে করুন। ভালোভাবে বোঝার জন্য বাংলা বুঝিয়ে বলুন।
- কত গুলো নতুন শব্দ বোর্ডে লিখুন ও শিক্ষার্থীদের কাছে অর্থ জিজ্ঞাসা করুন যেমন rising, flooded, blowing, roof, away, repairing ইত্যাদি। শব্দগুলোর অর্থ লিখে দিন এবং শিক্ষার্থীদের তাদের খাতায় তুলে নিতে বলুন।
- কিছুক্ষণ শিক্ষার্থীদের বইয়ের ছবিগুলো ভালোভাবে দেখতে বলুন এবং নিজে নিজে ছবিগুলোর শিরোনাম (caption) পড়তে বলুন। তাদের কাছে জানতে চান ছবির ঘটনাগুলোর মধ্যে কোনটি আগে ও কোনটি পরে ঘটেছে।
- ঘুরে ঘুরে শুনুন, প্রয়োজনে সহায়তা করুন।
- মূল্যায়নের জন্য কয়েকজন শিক্ষার্থীকে সামনে ডাকুন এবং ছবিগুলোর শিরোনাম (caption) পড়তে বলুন।

**B. Read the sentences. Number them in the correct order from 1 to 4.**

- একই পৃষ্ঠায় Activity B-এর প্রতি শিক্ষার্থীদের মনোযোগ আকর্ষণ করুন।
- Activity -এর বাক্যগুলো পড়ুন।
- তাদেরকে ছবিগুলোর ঘটনা বা অবস্থার ক্রমানুসারে বাক্যগুলোতে সঠিক নম্বর দিতে বলুন যেন ছবির ক্রমের সঙ্গে বাক্যের ক্রমে মিল থাকে। শিক্ষার্থীদের জোড়ায় ভাগ করুন। তাদের Activity A-এর ছবিগুলোর শিরোনাম (caption) গুলো দেখতে বলুন। তাদেরকে ছবিগুলোর সঙ্গে শিরোনাম মিলাতে বলুন।
- তাদেরকে জোড়ায় আলোচনা করতে এবং বাক্য অনুযায়ী বইতে ছবিগুলোর নম্বর লিখতে বলুন।
- ঘুরে ঘুরে দেখুন তারা কাজটি যথাযথভাবে করতে পারছে কি না।
- অধিকাংশ জোড়াকে ক্লাসের সামনে ডাকুন ও তাদের কাজ share করতে বলুন। অন্যদের তাদের কাজের feedback দিতে বলুন।

- মূল্যায়নের জন্য কয়েকজনের বই check করুন এবং দেখুন যে তারা সঠিকভাবে বাক্যগুলোতে নম্বর দিতে পেরেছে কি না।

  __4__ The workers are repairing the huts and the fields.
  __2__ The river is rising and the winds are blowing.
  __1__ The storm starts.
  __3__ The wind is blowing the roofs away and the river is flooding the fields.

**C. Rewrite the sentences in Activity B in the past tense and in the correct order.**

- এরপর শিক্ষার্থীদেরকে Activity C -এর প্রতি তাদের মনোযোগ আকর্ষণ করুন এবং Activity B-এর বাক্যগুলোকে past tense -এ পরিবর্তন করে পুনরায় সঠিক ক্রমানুসারে লিখতে বলুন।
- শিক্ষার্থীদেরকে জোড়ায় ভাগ করুন। তাদের Activity B -এর বাক্যগুলোরকে past tense -এ পরিবর্তন করে পুনরায় সঠিক ক্রমানুসারে লেখার জন্য জোড়ায় আলোচনা করতে বলুন ।
- শিক্ষার্থীদের তাদের exercise খাতায় বাক্যগুলোকে past tense -এ পরিবর্তন করে পুনরায় সঠিক ক্রমানুসারে লিখতে বলুন।
- ঘুরে ঘুরে দেখুন তারা কাজটি যথাযথভাবে করতে পারছে কি না।
- কয়েকজন শিক্ষার্থীকে বাক্যগুলো লিখতে বোর্ডে ডাকুন। এক্ষেত্রে নিয়ম করুন, প্রথমজন ১ম বাক্যটি past tense এ পরিবর্তন করে সঠিক ক্রমানুসারে লিখবে। তারপর পরবর্তীজন ২য় বাক্যটি একইভাবে লিখবে। অন্যরা feedback প্রদান করবে।
- মূল্যায়নের জন্য শিক্ষার্থীদের খাতা check করুন এবং দেখুন যে, তারা সঠিকভাবে বাক্যগুলো past tense -এ পরিবর্তন করে সঠিক ক্রমানুসারে লিখতে পেরেছে কি না।




D. Look, listen and read.

Cyclone Aila

Babul and his family live on the island of Dublar Char. Life is good for the family now, but that wasn't true after Cyclone Aila. Babul doesn't remember Cyclone Aila, but his parents often talk about that terrible night in 2009.

Babul's father had a grocery shop and his mother worked in a fish farm. They had a small house that they shared with Babul's grandparents. Babul was just a baby, but his sister Nipa was six years old.



Babul's father told him what happened that day. There was light rain in the morning on 25 May. In the afternoon, the wind started to blow and people began to run for their homes. Babul's father closed his shop and his mother came home. His grandparents checked the family's emergency kit. Their torch was working and they had extra batteries. They put the torch, batteries and first aid kit in plastic box.



By the evening, the river was rising. The winds of Cyclone Aila shook the walls of the house as if there was an earthquake. Everyone was afraid. Nipa began to cry. Suddenly, there was an awful noise and the family's roof blew away! The sky was dark, but the family could see trees flying over their heads. Grandmother still says she saw fish flying through the sky.

| | |
|---|---|
| **পিরিয়ড : ২ পাঠ্যাংশ :** D (১ম দুটি অনুচ্ছেদ)<br>**পৃষ্ঠা : ৯৫** | **বিষয়বস্তু :** Look, Listen and read.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

1.3.1 recognize which words in a sentence are stressed.
3.3.1 understand questions about objects around them.
3.4.1 understand statements made by the teacher and students.
4.2.1 understand and enjoy simple stories.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন "Good morning/afternoon" এবং তাদেরও "Good morning/afternoon" বলতে সহায়তা করুন।
- এরপর শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৯৫ বের করতে বলুন এবং তাদেরকে Activity D-এর প্রতি তাদের মনোযোগ আকর্ষণ করুন। বলুন: আজকে আমরা "Cyclone Aila' নামক প্রাকৃতিক দুর্যোগ সংক্রান্ত গল্পটি পড়ব।
- শিক্ষার্থীদের পৃষ্ঠার ১ম ছবিটি দেখতে বলুন। যদি সম্ভব হয় বইয়ের ছবির মতো বড় আকারের ছবি প্রদর্শন করুন/ ব্যবহার করুন। প্রশ্ন করুন: *'What can you see in the picture?' 'Why are these people running?'* সাইক্লোন ( cyclone) কী তা ব্যাখ্যা করুন। কখন এবং বাংলাদেশের কোন অঞ্চলে এটা আঘাত হানে সেই সম্পর্কে তাদের সাথে আলোচনা করুন । আপনি এর ভয়াবহতা নিয়েও আলোকপাত করতে পারেন। তাদের বলুন আমরা যে গল্পটি পড়ব, সেখানে cyclone Aila -এর পর বাবুল ও তার পরিবারের অভিজ্ঞতার বর্ণনা করা হয়েছে।
- প্রথম ও দ্বিতীয় paragraph টি পড়ে শোনান/অডিও ফাইল C5U24L2-3D প্লে করুন, সাথে সাথে শিক্ষার্থীদের বই মিলিয়ে পড়তে বলুন। শিক্ষার্থীরা পড়ে কী বুঝতে পেরেছে তা বলতে বলুন। এরপর পুনরায় পড়ে শোনান/অডিও থাকলে প্লে করুন। এক্ষেত্রে প্রতিটি উক্তির পর থামবেন যাতে শিক্ষার্থীরা ভালোভাবে বুঝতে পারে। এক্ষেত্রে প্রশ্ন করে জানুন তারা তথ্যগুলো পড়ে ঠিকমতো বুঝতে পারছে কি না।
- শিক্ষার্থীদের সরবে পড়তে বলুন এবং প্রথম ও দ্বিতীয় paragraph টি পড়ে তারা বুঝতে পারেনি এমন ৪টি নতুন শব্দ খুঁজে বের করে list করতে বলুন। শিক্ষার্থীদের যার যার শব্দগুলোর বলার জন্য আহ্বান করুন। শিক্ষার্থীদের শব্দগুলো বোর্ডে লিখুন। শিক্ষার্থীদের শব্দের অর্থগুলো বলতে বলুন অথবা আপনি নিজে বলে দিন।
- এবার শিক্ষার্থীদের অনুচ্ছেদ দুটি সঠিক Pronunciation, Stress ও Intonation সহ পড়তে বলুন।

ঘুরে ঘুরে শুনুন ও প্রয়োজনে সাহায্য করুন।

- আপনার বই বন্ধ করে শিক্ষার্থীদের বলুন paragraphs সম্পর্কে আপনার memory পরীক্ষা করতে। প্রথম দুইটি paragraph থেকে শিক্ষার্থীদের প্রশ্ন করতে বলুন। সম্ভব হলে আপনি প্রশ্নের উত্তর দিন অথবা তাদেরকে বলুন আপনাকে উত্তর মনে করিয়ে দিতে। এই Activity শিক্ষার্থীদের কাছে আনন্দদায়ক হবে কারন এখানে শিক্ষার্থীরা শিক্ষককে প্রশ্ন করার সুযোগ পাচ্ছে যা তাদের কাছে নতুন।
- শিক্ষার্থীদেরকে পরের দুটি অনুচ্ছেদ বাড়ি থেকে পড়ে আসতে বলুন।

| | |
|---|---|
| **পিরিয়ড : ৩ পাঠ্যাংশ :** D (৩য় ও ৪র্থ অনুচ্ছেদ)<br>**পৃষ্ঠা : ৯৫** | **বিষয়বস্তু :** Look, Listen and read.<br>**উপকরণ :** পাঠ্যপুস্তক, CD/Audio, পোস্টার পেপার এ পাঠ্যপুস্তকের অনুরূপ বড় ছবি |

## Learning outcomes : Students will be able to

**Listening:**

3.3.1 understand questions about objects around them.
3.4.1 understand statements made by the teacher and students.
4.2.1 understand and enjoy simple stories.

**Speaking:**

1.1.1 say words, phrases and sentences with proper sounds and stress.
1.1.2 say sentences with proper intonation.
6.2.1 talk about people, objects, events etc.

**Reading:**

1.5.1 read words, phrases and sentences in the text with proper pronunciation, stress and intonation.
1.7.1 read paragraphs, dialogues stories, letters and other texts.

### শিখন-শেখানো কার্যাবলি

- শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করুন। বলুন “Good morning/afternoon” এবং তাদেরও “Good morning/afternoon” বলতে সহায়তা করুন।
- পাঠটি পুনরালাচনা করতে শিক্ষার্থীদের জিজ্ঞসা করুন আগের পাঠে তারা কী জেনেছিল। কয়েকজনকে বলতে উৎসাহিত করুন। জানতে চান বাড়ি থেকে তারা পড়ে এসেছে কি না।
- শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৯৫ বের করতে বলুন এবং Activity D -এর প্রতি তাদের মনোযোগ দিতে বলুন। বলুন: আজকে আমরা *‘Cyclone Aila’* গল্পটির বাকি অংশ পড়ব।
- শিক্ষার্থীদের পৃষ্ঠার ২য় ছবিটি দেখতে বলুন। যদি সম্ভব হয় বইয়ের ছবির মতো বড় আকারের ছবি প্রদর্শন করুন/ ব্যবহার করুন। প্রশ্ন করুন: *‘What can you see in the second picture?’ ‘What is happening in the picture?’* কয়েকজন শিক্ষার্থীকে তাদের মতামত ব্যক্ত করতে বলুন।
- তৃতীয় ও চতুর্থ paragraph টি পড়ে শুনান/ অডিও থাকলে প্লে করুন, সাথে সাথে শিক্ষার্থীদের বই মিলিয়ে পড়তে বলুন। শিক্ষার্থীরা পড়ে কী বুঝতে পেরেছে তা বলতে বলুন। এরপর পুনরায় পড়ে শোনান/অডিও থাকলে প্লে করুন। এক্ষেত্রে প্রতিটি উক্তির পর থামবেন যাতে শিক্ষার্থীরা ভালোভাবে বুঝতে পারে। প্রশ্ন করে জানুন তারা তথ্যগুলো পড়ে ঠিকমতো বুঝতে পারছে কি না।
- শিক্ষার্থীদের সরবে পড়তে বলুন এবং তৃতীয় ও চতুর্থ paragraph টি পড়ে তারা বুঝতে পারেনি এমন ৭টি নতুন শব্দ খুঁজে বের করে list করতে বলুন। শিক্ষার্থীদের যার যার শব্দগুলোর বলার জন্য আহ্বান করুন।

শিক্ষার্থীদের শব্দগুলো বোর্ডে লিখুন। শিক্ষার্থীদের শব্দের অর্থগুলো বলতে বলুন অথবা আপনি নিজে বলে দিন।

- এবার শিক্ষার্থীদের সঠিক Pronunciation, Stress ও Intonation সহ পড়তে বলুন। ঘুরে ঘুরে তাদের পড়া শোনান, প্রয়োজনে সাহায্য করুন।
- সময় থাকলে Paragraphগুলো পড়ুন এবং ইচ্ছাকৃত কিছু ভুল (under line করা) করুন। শিক্ষার্থীদের নির্দেশ দিন আপনি যখন ভুল করবেন তারা যেন অবশ্যই আপনাকে থামায় এবং ভুল ধরিয়ে দেয় এবং ব্যাখ্যা করে। যেমন-

Babul's father told him what happened that *afternoon*. There was *heavy* rain in the morning on *24th* May. In the afternoon, the wind started to blow and people began to run for their homes. Babul's father *opened* his shop and his mother came home. His *grandmother* checked the family's emergency kit. Their torch was *not working* and they had extra batteries. They put the torch, batteries and *dried food* in plastic.

By the evening, the *lake* was rising. The winds of Cyclone Aila shook the walls of the house as if there was an earthquake. Everyone was afraid. Nipa began to *shout*. Suddenly, there was an awful noise and the family's *house* blew away! The sky was dark, but the family could see *leaves* flying over their heads. Grandmother still says she saw *cats* flying through the sky.



The next day was awful. Babul's family couldn't stop crying. Nipa and grandfather were gone. Babul's father went out to look for them. He found Nipa in a field. She was holding onto a tree and she was covered in mud. She didn't remember anything. He took Nipa at home and began looking for his father. He looked in the fields, the buildings and in the trees. Many people in Bangladesh were missing after Cyclone Aila, and Babul's grandfather was one of them. The family never found him.



